মহাভারতম্

জন্মশতবার্ষিক-সংস্করণম্

মহর্ষি-শ্রীকৃষ্ণদ্বৈপায়নবেদব্যাস-প্রণীতম্

আদিপর্ব্ব

২

দর্শনাচার্য্য-

শ্রীমন্নীলকণ্ঠকৃতয়া ভারতভাবদীপ-

সমাখ্যয়া টীকয়া

মহামহোপাধ্যায়-পদ্মভূষণ-মহাকবি-ভারতাচার্য্যেণ

শ্রীমদ্ হরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যেণ প্রণীতয়া

ভারতকৌমুদীসমাখ্যয়া টীকয়া তৎকৃত-

বঙ্গানুবাদেন চ সহিতম্

বিশ্ববাণী প্রকাশনী

কলিকাতা-৭০০০০৯

প্রথম প্রকাশ · ১৩৩৮ বঙ্গাব্দ

দ্বিতীয় (বিশ্ববাণী) সংস্করণ : অগ্রহায়ণ, ১৩৮৩

প্রকাশক ·

ব্রজকিশোর মণ্ডল

বিশ্ববাণী প্রকাশনী

৭৯/১বি, মহাত্মা গান্ধী রোড,

কলিকাতা-৭০০০০৯

মুদ্রক ·

অনাদিনাথ কুমার

উমাশঙ্কর প্রেস

১২, গৌরমোহন মুখার্জী স্ট্রীট,

কলিকাতা-৭০০০০৬

দাম : ৩০·০০

প্রকাশকের নিবেদন

'মহাভারতম্' মহামহোপাধ্যায়-পদ্মভূষণ-ভারতাচার্য্য-মহাকবি শ্রীমদ্ হরিদাস সিদ্ধান্তবাগীশ মহাশয়ের তপস্যালব্ধ অমৃতময় ফল। সে আশ্চর্য্য তপশ্চর্য্যার কাহিনী আজ সকলেই জানেন। প্রায় একুশ বছর তিনি ছিলেন 'মহাভারতম্'-এর তপস্যায় মগ্ন—এবং সে একক ও দুশ্চর তপস্যায় তাঁর পাণ্ডিত্য ও প্রজ্ঞার সঙ্গে মিলিত হয়েছিল অসীম ধৈর্য্য, অশেষ নিষ্ঠা ও অলৌকিক আয়াস। ফলে তিনি আমাদের জন্য রেখে গেছেন তাঁর 'মহাভারতম্'—এক আশ্চর্য্য ঐশ্বর্য্য। 'মহাভারতম্'-এর দ্বিতীয় সংস্করণ প্রকাশনার মূলে আছে আমাদের সেই জাতীয় ঐশ্বর্য্য সংরক্ষণের এবং জন্মশতবর্ষপূর্ত্তি উপলক্ষে ঋষি হরিদাসের প্রতি শ্রদ্ধাঞ্জলি নিবেদন করার পুণ্য প্রেরণা ও প্রয়াস। সুধীজনের সানন্দ সমর্থনে আমাদের প্রয়াস সার্থক হোক—এইমাত্র কামনা।

অষ্টত্রিংশোঽধ্যায়ঃ।

—ঃ*ঃ—

তক্ষক উবাচ।

যদি দষ্টং ময়েহ ত্বং শক্তঃ কিঞ্চিচ্চিকিৎসিতুম্।
ততো বৃক্ষং ময়া দষ্টমিমং জীবয় কাশ্যপ! ॥১॥
পরং মন্ত্রবলং যত্তে তদ্দর্শয় যতস্ব চ।
ন্যগ্রোধমেনং ধক্ষ্যামি পশ্যতস্তে দ্বিজোত্তম! ॥২॥

কাশ্যপ উবাচ।

দশ নাগেন্দ্র! বৃক্ষং ত্বং যদ্যেতদভিমন্যসে।
অহমেনং ত্বয়া দষ্টং জীবয়িষ্যে ভুজঙ্গম! ॥৩॥

সৌতিরুবাচ।

এবমুক্তঃ স নাগেন্দ্রঃ কাশ্যপেন মহাত্মনা।
অদশদ্বৃক্ষমভ্যেত্য ন্যগ্রোধং পন্নগোত্তমঃ ॥৪॥

ভাবতকৌমুদী

যদীতি। হে কাশ্যপ! ময়া দষ্টং কিঞ্চিদপি বস্তু, যদি ত্বমিহ চিকিৎসিতুং শক্তঃ; ততস্তদা, ময়া দষ্টং দশ্যমানম্ ইমং বৃক্ষম্, জীবয় ॥১॥

পরমিতি। হে দ্বিজোত্তম! তে তব, যৎ, পরম্ উৎকৃষ্টম্, মন্ত্রবলম্ অস্তি; তৎ দর্শয়, অত্রার্থে যতস্ব চ। পশ্যতঃ তে তব সমীপ এব, এনং ন্যগ্রোধং বটবৃক্ষম্, ধক্ষ্যামি দংশনেন দগ্ধীকরিষ্যামি ॥২॥

দশেতি। হে নাগেন্দ্র! যদি ত্বম্ এতৎ দংশনমেব, অভিমন্যসে মৎপরীক্ষার্থমিচ্ছসি; তদা এনং বৃক্ষম্, দশ দষ্টং কুরু। হে ভুজঙ্গম! অহং ত্বয়া দষ্টম্ এনং বৃক্ষম্, জীবয়িষ্যে ॥৩॥

এবমিতি। মহাত্মনা কাশ্যপেন, এবমুক্তঃ, শরীরোৎকর্ষান্নাগেন্দ্রঃ, বিষোৎকর্ষাচ্চ পন্নগোত্তমঃ, স তক্ষকঃ, অভ্যেত্য আসন্নীভূয়, তং ন্যগ্রোধং বটং বৃক্ষম্, অদশদ্দষ্টবান্ ॥৪॥

তক্ষক বলিল—'কাশ্যপ! আমি যাহা কিছু দংশন করিব, আপনি যদি তাহারই চিকিৎসা করিতে পারেন, তবে আমি এই বৃক্ষটাকে দংশন করিতেছি, আপনি বাঁচাইয়া দিন দেখি ॥১॥

ব্রাহ্মণ! আপনার যে উৎকৃষ্ট মন্ত্রশক্তি আছে, তাহা দেখান, এ বিষয়ে চেষ্টা করুন; আপনার সাক্ষাতেই আমি এই বটবৃক্ষটাকে দগ্ধ করিব' ॥২॥

কাশ্যপ বলিলেন—'নাগরাজ! তুমি যদি ইহাই ইচ্ছা কর, তবে বৃক্ষটাকে দংশন কর, তুমি দংশন করিলে, আমি উহাকে বাঁচাইয়া দিব' ॥৩॥

---

৩ শ্লোক এব 'পশ্য মন্ত্রবলং মেঽদ্য ন্যগ্রোধং দশ পন্নগ!' ইত্যর্দ্ধমধিকং ক্বচিদ্দৃশ্যতে।

স বৃক্ষস্তেন দষ্টস্তু পন্নগেন মহাত্মনা।
আশীবিষবিষোপেতঃ প্রজজ্বাল সমন্ততঃ ॥৫॥
তং দগ্ধ্বা স নগং নাগঃ কাশ্যপং পুনরব্রবীৎ।
কুরু যত্নং দ্বিজশ্রেষ্ঠ। জীবয়ৈনং বনস্পতিম্ ॥৬॥

সৌতিরুবাচ।

ভস্মীভূতং ততো বৃক্ষং পন্নগেন্দ্রস্য তেজসা।
ভস্ম সর্বং সমাহৃত্য কাশ্যপো বাক্যমব্রবীৎ ॥৭॥
বিদ্যাবলং পন্নগেন্দ্র। পশ্য মেঽদ্য বনস্পতৌ।
অহং সঞ্জীবয়াম্যেনং পশ্যতস্তে ভুজঙ্গম। ॥৮॥
ততঃ স ভগবান্ বিদ্বান্ কাশ্যপো দ্বিজসত্তমঃ।
ভস্মরাশীকৃতং বৃক্ষং বিদ্যয়া সমজীবয়ৎ ॥৯॥

ভারতকৌমুদী

স ইতি। মহাত্মনা তেন পন্নগেন তক্ষকেণ, দষ্টস্তু স বৃক্ষঃ, আশীবিষস্য অতিতীক্ষ্ণবিষস্য তস্য বিষেণ উপেতঃ সন্, সমন্ততঃ সর্ব্বেষ্বয়বেষু, প্রজজ্বাল ॥৫॥

তমিতি। স তক্ষকো নাগঃ, তং নগং বটবৃক্ষম্, দগ্ধ্বা, পুনঃ কাশ্যপম্, অব্রবীৎ। হে দ্বিজশ্রেষ্ঠ। যত্নং কুরু, এনং বনস্পতিং বটবৃক্ষম্, জীবয়। "শৈলবৃক্ষৌ নগাবগৌ" ইত্যমরঃ ॥৬॥

ভস্মীতি। ততঃ পরম্, কাশ্যপঃ, পন্নগেন্দ্রস্য, তক্ষকস্য, তেজসা বিষপ্রভাবেণ, তং বৃক্ষং ভস্মীভূতং দৃষ্ট্বেতি শেষঃ, তৎ সর্ব্বং ভস্ম, সমাহৃত্য একীকৃত্য, বাক্যমব্রবীৎ ॥৭॥

বিদ্যেতি। হে পন্নগেন্দ্র। অদ্য বনস্পতৌ অস্মিন্ দগ্ধীকৃতে বটবৃক্ষে, মে মম, বিদ্যাবলং পশ্য। হে ভুজঙ্গম। পশ্যত এব তে তব সমীপে, অহমেনং বৃক্ষম্, সঞ্জীবয়ামি ॥৮॥

সৌতি বলিলেন—মহাত্মা কাশ্যপ এই কথা বলিলে, নাগশ্রেষ্ঠ তক্ষক নিকটে যাইয়া সেই বটবৃক্ষটাকে দংশন করিল ॥৪॥

মহাশক্তিশালী তক্ষক দংশন করিবামাত্র সেই বটবৃক্ষ তীক্ষ্ণ বিষের তেজে সমস্ত অংশেই জ্বলিয়া উঠিল ॥৫॥

তক্ষকনাগ সেই বৃক্ষটাকে দগ্ধ করিয়া পুনরায় কাশ্যপকে বলিল—'ব্রাহ্মণ! আপনি চেষ্টা করুন, বৃক্ষটাকে বাঁচাইয়া দিন' ॥৬॥

সৌতি বলিলেন—নাগরাজ তক্ষকের বিষের প্রভাবে সেই বৃক্ষটাকে ভস্মীভূত দেখিয়া, কাশ্যপ সেই সমস্ত ভস্মগুলিকে একত্র করিয়া, এই কথা বলিলেন—॥৭॥

'নাগশ্রেষ্ঠ তক্ষক! আজ এই বৃক্ষেই আমার মন্ত্রের শক্তি দেখ, তোমার সাক্ষাতেই আমি ইহাকে বাঁচাইয়া দিতেছি' ॥৮॥

অঙ্কুরং কৃতবাংস্তত্র ততঃ পর্ণদ্বয়ান্বিতম্।
পলাশিনং শাখিনঞ্চ ততো বিটপিনং পুনঃ ॥১০॥
তং দৃষ্ট্বা জীবিতং বৃক্ষং কাশ্যপেন মহাত্মনা।
উবাচ তক্ষকো ব্রহ্মন্! নৈতদত্যদ্ভুতং ত্বয়ি ॥১১॥
দ্বিজেন্দ্র! যদ্বিষং হন্যা মম বা মদ্বিধস্য বা।
কং ত্বমর্থমভিপ্রেপ্সুর্যাসি তত্র তপোধন! ॥১২॥

ভাবতকৌমুদী

তত ইতি। ততঃ পরম্, ভগবান্ মন্ত্রমাহাত্ম্যবান্, বিদ্বান্ বিষচিকিৎসায়াং জ্ঞানবাংশ্চ, দ্বিজসত্তমঃ স কাশ্যপঃ, ভস্মরাশীকৃতং তং বৃক্ষম্, বিদ্যয়া মন্ত্রপ্রভাবেণ, সমজীবয়ৎ ॥৯॥

নন্থ হঠাদেব কিং সাবয়বঃ স বৃক্ষো জীবিতঃ, উত বা অবয়বক্রমেণেত্যাহ অঙ্কুরমিতি। তত্র তদানীম্, আদৌ অঙ্কুরং কৃতবান্, ততঃ পর্ণদ্বয়ান্বিতম্, ততঃ পলাশিনং বহুপর্ণবন্তম্, ততশ্চ শাখিনম্, ততঃ পুনশ্চ বিটপিনং বৃহদ্বিটপবন্তং কৃতবান্ ॥১০॥

তমিতি। মহাত্মনা কাশ্যপেন, তং বৃক্ষং জীবিতং দৃষ্ট্বা, তক্ষক উবাচ। হে ব্রহ্মন্! বিধাতৃতুল্যব্রাহ্মণ! ত্বয়ি, এতৎ বৃক্ষস্য জীবনম্, অত্যদ্ভুতং ন, ব্রহ্মতুল্যত্বেন ত্বয়ি জগৎ-স্রষ্টৃত্বৈরেব যোগ্যত্বাদিতি ভাবঃ ॥১১॥

এতৎ কিমিত্যাহ দ্বিজেন্দ্রেতি। হে দ্বিজেন্দ্র! ত্বং যৎ, মম বা মদ্বিধস্য অন্যস্য সর্পস্য বা বিষং হন্যাঃ, এতৎ ত্বয়ি অত্যদ্ভুতং নেতি পূর্ব্বেণ সম্বন্ধঃ। হে তপোধন! ত্বং কম্ অর্থং বিষয়ম্, অভিপ্রেপ্সুঃ সন্, তত্র পরীক্ষিৎসন্নিধানে, যাসি? ॥১২॥

ভাবতভাবদীপঃ

যদীতি ॥১—২॥ দশ দংশনং কুরু ॥১—৫॥ নগং বৃক্ষম্ ॥৬— ৭॥ নৈতদিতি। হে ব্রহ্মন্! ত্বয়ি সর্ব্বশক্তিমতি ব্রহ্মীভূতে এতদত্যদ্ভুতং ন। এতদিতি পাঠে যথাশ্রুতোঽর্থঃ ॥১১—১২॥

তাহাব পব, মন্ত্রমাহাত্ম্যশালী ও বিষচিকিৎসাভিজ্ঞ সেই ব্রাহ্মণশ্রেষ্ঠ কাশ্যপ ভস্মরাশীকৃত সেই বৃক্ষটাকে আপন মন্ত্রের প্রভাবে বাঁচাইয়া দিলেন ॥৯॥

তখনই প্রথমে অঙ্কুর করিলেন, তাহার পবে দুইটী পত্র যুক্ত কবিলেন, তৎপরে বহুতব পত্রশালী কবিলেন, তদনন্তব ক্ষুদ্র ক্ষুদ্র শাখাযুক্ত করিলেন, তাহার পবে আবার বৃহৎ বৃহৎ শাখাযুক্ত কবিয়া ফেলিলেন ॥১০॥

মহাত্মা কাশ্যপ সেই বৃক্ষটাকে বাঁচাইয়া উঠাইয়াছেন দেখিযা তক্ষক বলিল—'ব্রাহ্মণ! আপনি সৃষ্টিকর্ত্তা ব্রহ্মারই তুল্য; সুতবাং আপনাতে এই ব্যাপারটা অধিক আশ্চর্য্য নহে ॥১১॥

ব্রাহ্মণ! আপনি যে আমাব বিষ, বা আমাব মত অন্য সাপের বিষ নষ্ট কবিবেন; ইহা আপনাব পক্ষে অধিক আশ্চর্য্য নহে। হে তপোধন! আপনি কি লাভ কবিবাব ইচ্ছায় সেখানে যাইতেছেন? ॥১২॥

যত্তেঽভিলষিতং প্রাপ্তুং ফলং তস্মান্নৃপোত্তমাৎ ।
অহমেব প্রদাস্যামি তত্তে যদ্যপি দুর্ল্লভম্ ॥১৩॥
বিপ্রশাপাভিভূতে চ ক্ষীণায়ুষি নরাধিপে ।
ঘটমানস্য তে বিপ্র । সিদ্ধিঃ সংশয়িতা ভবেৎ ॥১৪॥
ততো যশঃ প্রদীপ্তং তে ত্রিষু লোকেষু বিশ্রুতম্ ।
নিরংশুরিব ঘর্ম্মাংশুরন্তর্ধানমিতো ব্রজেৎ ॥১৫॥

কাশ্যপ উবাচ ।

ধনার্থী যাম্যহং তত্র তন্মে দেহি ভুজঙ্গম ! ।
ততোঽহং বিনিবর্ত্তিষ্যে স্বাপতেয়ং প্রগৃহ্য বৈ ॥১৬॥

ভারতকৌমুদী

যদিতি । হে তপোধন ! তে ত্বয়া, তস্মান্নৃপোত্তমাৎ পরীক্ষিতঃ সকাশাৎ, যৎ ফলং প্রাপ্তুম্ অভিলষিতম্ ; যদ্যপি দুর্লভং স্যাত্তথাপি, তৎ ফলম্, তে তুভ্যম্, অহমেব প্রদাস্যামি ॥১৩॥

বিপ্রেতি । হে বিপ্র । বিপ্রস্য শৃঙ্গিণঃ শাপেন অভিভূতে, অতএব ক্ষীণায়ুষি, নরাধিপে পরীক্ষিতি, ঘটমানস্য তচ্চিকিৎসার্থমেব সংযুজ্যমানস্য, তে তব, সিদ্ধিঃ তৎসঞ্জীবননিষ্পত্তিঃ, সংশয়িতা ভবেৎ ॥১৪॥

তত ইতি । ততঃ পক্ষান্তরে তজ্জীবনানিষ্পত্তেরিত্যর্থঃ, প্রদীপ্তম্ উজ্জ্বলম্, ত্রিষু লোকেষু বিশ্রুতং বিখ্যাতম্, তে তব যশঃ, নিরংশুঃ অস্তগমনবেলায়াং কিরণহীনঃ, ঘর্ম্মাংশুঃ সূর্য্য ইব, ইতো লোকাৎ, অন্তর্ধানং ব্রজেৎ ॥১৫॥

ধনেতি । হে ভুজঙ্গম ! অহং তত্র পরীক্ষিৎসন্নিধানে, ধনার্থী সন্, যামি । মে মহ্যম্, তৎ ধনং দেহি । ততঃ পরম্, অহম্, স্বাপতেয়ং ধনম্, প্রগৃহ্য বিনিবর্ত্তিষ্যে । "দ্রব্যং বিত্তং স্বাপতেয়ং রিক্থমৃক্থং ধনং বসু" ইত্যমরঃ ॥১৬॥

ভারতভাবদীপঃ

প্রাপ্তুমভিলষিতং ফলমিত্যন্বয়ঃ ॥১৩॥ ঘটমানস্য সজ্জমানস্য ॥১৪॥ নিরংশুঃ রাহ্বাদিনা হতপ্রভঃ ॥১৫॥ স্বাপতেয়ং হিরণ্যম্, স্বং ধনং তস্য পতিঃ "অগ্নির্ভূর্বদ্রয়িপতীরয়ীণাম্" ইতি লিঙ্গাৎ রয়িরিতি ধননাম, স্বপতেরিদং স্বাপতেয়ম্ । "আগ্নেয়ং বৈ হিরণ্যম্" ইতি শ্রুতেশ্চ ।

আপনি সে রাজার নিকট হইতে যাহা লাভ করিবার ইচ্ছা করিয়াছেন, তাহা যদি দুষ্প্রাপ্যও হয়, তথাপি আমিই আপনাকে তাহা দিব ॥১৩॥

ব্রাহ্মণের অভিসম্পাতে পরীক্ষিতের আয়ু ক্ষয় পাইয়া গিয়াছে ; সুতরাং আপনি সেখানে গেলে আপনার উদ্দেশ্য সিদ্ধি হইবে কি না সন্দেহ ॥১৪॥

তাহাতে, আপনার ত্রিভুবনবিখ্যাত উজ্জ্বল যশ অস্ত যাইবার কালে কিরণহীন সূর্য্যের ন্যায় এ জগৎ হইতে লোপ পাইয়া যাইবে' ॥১৫॥

কাশ্যপ বলিলেন—'নাগরাজ ! আমি ধনের জন্যই সেখানে যাইতেছি ,

তক্ষক উবাচ।

যাবদ্ধনং প্রার্থয়সে তস্মাদ্রাজ্ঞস্ততোঽধিকম্।
অহমেব প্রদাস্যামি নিবর্ত্তস্ব দ্বিজোত্তম ॥১৭॥

সৌতিরুবাচ।

তক্ষকস্য বচঃ শ্রুত্বা কাশ্যপো দ্বিজসত্তমঃ।
প্রদধ্যৌ সুমহাতেজা রাজানং প্রতি বুদ্ধিমান্ ॥১৮॥
দিব্যজ্ঞানঃ স তেজস্বী জ্ঞাত্বা তং নৃপতিং তদা।
ক্ষীণায়ুষং পাণ্ডবেয়মপাবর্ত্তত কাশ্যপঃ।
লব্ধ্বা বিত্তং মুনিবরস্তক্ষকাদ্‌যাবদীপ্সিতম্ ॥১৯॥
নিবৃত্তে কাশ্যপে তস্মিন্ সময়েন মহাত্মনি।
জগাম তক্ষকস্তূর্ণং নগরং নাগসাহ্বয়ম্ ॥২০॥

ভারতকৌমুদী

যাবদিতি। হে দ্বিজোত্তম! ত্বং তস্মাৎ রাজ্ঞঃ সকাশাৎ, যাবদ্ যৎপরিমাণং ধনং প্রার্থয়সে, ততোঽধিকম্, ধনম্, অহমেব তুভ্যং প্রদাস্যামি, ত্বং নিবর্ত্তস্ব ॥১৭॥

তক্ষকস্যেতি। সুমহাতেজাঃ, বুদ্ধিমান্, দ্বিজসত্তমঃ কাশ্যপঃ, তক্ষকস্য বচঃ শ্রুত্বা, রাজানং প্রতি পরীক্ষিত আয়ুঃক্ষয়বিষয় ইত্যর্থঃ, প্রদধ্যৌ ধ্যানং চকার ॥১৮॥

দিব্যেতি। মুনিবরঃ, অতএব দিব্যজ্ঞানঃ, তেজস্বী চ, স কাশ্যপঃ, তদা তং পাণ্ডবেয়ং নৃপতিং পরীক্ষিতম্, ক্ষীণায়ুষং জ্ঞাত্বা, যাবদীপ্সিতং তাবদেব বিত্তং ধনম্, তক্ষকাৎ লব্ধ্বা অপাবর্ত্তত নিবৃত্তবান্। ষট্‌পদমিদং পদ্যম্ ॥১৯॥

ভারতভাবদীপঃ

"দ্রব্যং বিত্তং স্বাপতেয়ম্" ইত্যমরঃ ॥১৬—১৭॥ প্রদধ্যৌ ধ্যানং চক্রে। রাজানং প্রতি রাজ্ঞো মৃত্যুমুদ্দিশ্যেত্যর্থঃ ॥১৮—১৯॥ সময়েন কালেন সঙ্কেতবিশেষেণ, গুপ্তবেশেনেতি

তুমি আমাকে তাহা দাও, তাহার পরে আমি সেই ধন পাইয়া ফিরিয়া যাইব' ॥১৬॥

তক্ষক বলিল—'আপনি সে রাজার নিকটে যত ধন চাহিবেন, আমিই তাহা হইতে অধিক ধন আপনাকে দিব; অতএব ব্রাহ্মণ! আপনি ফিরিয়া যান' ॥১৭॥

সৌতি বলিলেন—মহাতেজস্বী ও বুদ্ধিমান্ ব্রাহ্মণশ্রেষ্ঠ কাশ্যপ তক্ষকের কথা শুনিয়া, পরীক্ষিতের আয়ু আছে কি না ইহা বুঝিবার জন্য ধ্যানস্থ হইলেন ॥১৮॥

দিব্যজ্ঞানী ও তেজস্বী মুনিশ্রেষ্ঠ কাশ্যপ তখন পাণ্ডববংশধর রাজা পরীক্ষিতের আয়ুঃ শেষ হইয়াছে ইহা ধ্যানে জানিতে পারিয়া, তক্ষকের নিকট হইতে ইচ্ছানুরূপ ধন লাভ করিয়া, সে স্থান হইতে ফিরিয়া গেলেন ॥১৯॥

অথ শুশ্রাব গচ্ছন্ স তক্ষকো জগতীপতিম্।
মন্ত্রৈর্বিষহরৈর্দিব্যৈ রক্ষ্যমাণং প্রযত্নতঃ ॥২১॥

সৌতিরুবাচ।

স চিন্তযামাস তদা মায়াযোগেন পার্থিবঃ।
ময়া বঞ্চয়িতব্যোঽসৌ ক উপায়ো ভবেদিতি ॥২২॥
ততস্তাপসরূপেণ প্রাহিণোৎ স ভুজঙ্গমান্।
ফলদর্ভোদকং গৃহ্য রাজ্ঞে নাগোঽথ তক্ষকঃ ॥২৩॥

তক্ষক উবাচ।

গচ্ছধ্বং যূযমব্যগ্রা রাজানং কার্য্যবত্তয়া।
ফলপুষ্পোদকং নাম প্রতিগ্রাহয়িতুং নৃপম্ ॥২৪॥

ভারতকৌমুদী

নিবৃত্ত ইতি। তস্মিন্ মহাত্মনি কাশ্যপে, সময়েন পরীক্ষিতঃ ক্ষীণায়ুষ্ট্বসিদ্ধান্তেন হেতুনা, নিবৃত্তে সতি, তক্ষকঃ, তূর্ণম্, নাগসাহ্বযং হাস্তনাখ্যং নগরম্, জগাম। "সময়ঃ শপথাচারকাল-সিদ্ধান্তসংবিদঃ" ইত্যমরঃ ॥২০॥

অথেতি। অথানন্তরম্, গচ্ছন্ স তক্ষকঃ, জগতীপতিং ভূপতিং পরীক্ষিতম্, দিব্যৈ-র্বিষহরৈর্মন্ত্রৈঃ, প্রযত্নতো রক্ষ্যমাণম্, লোকমুখাৎ শুশ্রাব ॥২১॥

স ইতি। স তক্ষকঃ, তদা ইতি চিন্তয়ামাস। কিমিতি—ময়া তক্ষকেণ, অসৌ পার্থিবো রাজা পরীক্ষিৎ, মায়াযোগেন ছলাবলম্বনেন, বঞ্চয়িতব্যঃ, তত্র চ ক উপায়ো ভবেৎ ॥২২॥

তত ইতি। অথেতি কার্য্যান্তরারম্ভে। ততঃ পরম্, স তক্ষকো নাগঃ, তাপসরূপেণ, ফলঞ্চ দর্ভঃ কুশশ্চ উদকং জলঞ্চেতি তৎ, গৃহ্য গৃহীত্বা স্থিতান্, ভুজঙ্গমান্ স্বজ্ঞাতীন্ অপরসর্পান্, রাজ্ঞে পরীক্ষিতে, প্রাহিণোৎ প্রেরিতবান্ ॥২৩॥

ভারতভাবদীপঃ

রা ॥২০-২১॥ গদৈর্দংশস্থানে ক্ষুরেণোৎকীর্ণে মর্দ্যমানৈরৌষধবিশেষৈঃ ॥২২—২৪॥ আপঃ

পরীক্ষিতের আয়ুঃ শেষ হইয়াছে ইহা ধ্যানদ্বারা সিদ্ধান্ত করিয়া, মহাত্মা কাশ্যপ ফিরিয়া গেলে তক্ষক সত্বর হস্তিনানগরের দিকে চলিল ॥২০॥

তাহার পর, তক্ষক যাইতে যাইতে লোকমুখে শুনিল যে, অনেক লোক বিষনাশক দিব্য মন্ত্রদ্বারা রাজা পরীক্ষিৎকে সাবধানে রক্ষা করিতেছে' ॥২১॥

সৌতি বলিলেন—তখন তক্ষকনাগ এইরূপ চিন্তা করিল যে, ছল করিয়াই আমার রাজা পরীক্ষিৎকে বঞ্চিত করিতে হইবে; সুতরাং এখন কি উপায় করা যায়? ॥২২॥

তাহার পর, তক্ষকনাগ ফল, কুশ ও জল দিয়া, কতকগুলি নাগকে তপস্বী সাজাইয়া তাহাদিগকে রাজা পরীক্ষিতের নিকট পাঠাইয়া দিল ॥২৩॥

সৌতিরুবাচ।

তে তক্ষকসমাদিষ্টাস্তথা চক্রুর্ভুজঙ্গমাঃ।
উপনিন্যুস্তথা রাজ্ঞে দর্ভানম্ভঃ ফলানি চ ॥২৫॥
তচ্চ সর্ব্বং স রাজেন্দ্রঃ প্রতিজগ্রাহ বীর্য্যবান্।
কৃত্বা তেষাঞ্চ কার্য্যাণি গম্যতামিত্যুবাচ তান্ ॥২৬॥
গতেষু তেষু নাগেষু তাপসচ্ছদ্মরূপিষু।
অমাত্যান্ সুহৃদশ্চৈব প্রোবাচ স নরাধিপঃ ॥২৭॥
ভক্ষয়ন্তু ভবন্তো বৈ স্বাদূনীমানি সর্ব্বশঃ।
তাপসৈরুপনীতানি ফলানি সহিতা ময়া ॥২৮॥

ভাবতকৌমুদী

গচ্ছধ্বমিতি। হে সর্পাঃ। যূয়ম্, কার্য্যবত্তয়া প্রয়োজনবিশেষেণ, নৃপং পরীক্ষিতম্, ফলপুষ্পোদকম্, প্রতিগ্রাহয়িতুম্, নামেত্যলীকে, অব্যগ্রা নিজশাঠ্যসম্ভবেঽপি অচকিতাঃ সন্ত এব, তং রাজানম্, গচ্ছধ্বম্ ॥২৪॥

ত ইতি। তক্ষকেণ সমাদিষ্টাস্তে ভুজঙ্গমাঃ তথৈব চক্রুঃ। রাজ্ঞে পরীক্ষিতে, দর্ভান্ কুশান্, অম্ভো জলম্, স্বাদূনি ফলানি চ, তথা তাপসচ্ছদ্মনা, উপনিন্যুঃ ॥২৫॥

তদিতি। বীর্য্যবান্ স রাজেন্দ্রঃ পরীক্ষিৎ, ফলাদিকং তৎ সর্ব্বং প্রতিজগ্রাহ চ, তেষাং তাপসরূপিণাং সর্পাণাম্, কার্য্যাণি কৃত্বা, তান্ 'গম্যতাম্' ইতি উবাচ চ ॥২৬॥

গতেষ্বিতি। তাপসচ্ছদ্মরূপিষু তেষু নাগেষু গতেষু সৎসু, স নরাধিপঃ পরীক্ষিৎ, অমাত্যান্ সুহৃদশ্চ, বক্ষ্যমাণং প্রোবাচ ॥২৭॥

ভক্ষয়ন্ত্বিতি। ময়া সহিতা ভবন্তঃ, তাপসৈরুপনীতানি ইমানি সর্ব্বশঃ সর্ব্বাণি স্বাদূনি ফলানি ভক্ষয়ন্তু ॥২৮॥

তক্ষক বলিল—'নাগগণ। আমার কোন প্রয়োজন সাধন করিবার জন্য, রাজা পরীক্ষিৎকে ফল, ফুল ও জল দিবার নিমিত্ত, তোমরা ধীর-স্থিরভাবে সেই রাজার নিকট যাও' ॥২৪॥

সৌতি বলিলেন—তক্ষকের আদেশ অনুসারে নাগগণ তাহাই করিল; তাহারা তপস্বী সাজিয়া কুশ, জল ও ফল নিয়া রাজার নিকট উপস্থিত করিল ॥২৫॥

বলবান্ রাজা সে সমস্তই গ্রহণ করিলেন এবং তাহাদের কার্য্য সম্পাদন করিয়া তাহাদিগকে বলিলেন—'আপনারা যাইতে পারেন' ॥২৬॥

ছলপূর্ব্বক তাপসরূপধারী নাগগণ চলিয়া গেলে, রাজা মন্ত্রিবর্গ ও বন্ধুবর্গকে বলিলেন— ॥২৭॥

---

(২৫)···দর্ভানাপঃ ফলানি চ।

ততো রাজা সসচিবঃ ফলান্যাদাতুমৈচ্ছত।
বিধিনা সম্প্রযুক্তো বৈ ঋষিবাক্যেন তেন তু ॥২৯॥
যস্মিন্নেব ফলে নাগস্তমেবাভক্ষয়ৎ স্বয়ম্।
ততো ভক্ষয়তস্তস্য ফলাৎ কৃমিরভূদণুঃ ॥৩০॥
হ্রস্বকঃ কৃষ্ণনয়নস্তাম্রবর্ণোঽথ শৌনক।।
স তং গৃহ্য নৃপশ্রেষ্ঠঃ সচিবানিদমব্রবীৎ ॥৩১॥ (যুগ্মকম্)
অস্তমভ্যেতি সবিতা বিষাদশ্চ ন মে ভয়ম্।
সত্যবাগস্তু স মুনিঃ কৃমির্মাং দশতাময়ম্ ॥৩২॥

ভারতকৌমুদী

তত ইতি। ততঃ পরম্, সসচিবো রাজা পরীক্ষিৎ, বিধিনা, দৈবেন, সম্প্রযুক্তঃ প্রেরিতঃ সন্, তেন ঋষিবাক্যেন তদ্বাক্যানাম্ ঋষিবাক্যত্ববিশ্বাসেনেত্যর্থঃ, তানি ফলানি আদাতুং গ্রহীতুম্, ঐচ্ছত ॥২৯॥

যস্মিন্নিতি। হে শৌনক! যস্মিন্নেব ফলে যস্য ফলস্য ছিদ্র ইত্যর্থঃ, তক্ষকো নাগঃ, সূক্ষ্মরূপেণাবসদিতি শেষঃ, স্বয়ং রাজা, তমেব তদেব ফলম্, পুংস্ত্বমার্ষম্, অভক্ষয়ৎ ভক্ষয়িতুমুদ্যতবান্। ততঃ পরম্, ভক্ষয়তস্তস্য রাজ্ঞঃ ফলাৎ ফলচ্ছিদ্রাৎ, অণুঃ কৃশঃ, হ্রস্বকঃ কুৎসিতঃ ক্ষুদ্রঃ, কৃষ্ণনয়নঃ, তাম্রবর্ণশ্চ, কশ্চিৎ কৃমিঃ, অভূৎ আবির্বভূব। স নৃপশ্রেষ্ঠঃ পরীক্ষিৎ, তৎ কৃমিম্, গৃহ্য হস্তে গৃহীত্বা, সচিবান্ ইদম্ অব্রবীৎ ॥৩০—৩১॥

অস্তমিতি। সবিতা সূর্য্যঃ অস্তমভ্যেতি; মরণাচ্চ মে মম ন বিষাদঃ, ন বা ভয়ঞ্চ বর্ত্ততে। স মুনিঃ শৃঙ্গী, সত্যবাক্, অস্তু। অয়মেব কৃমিঃ, তক্ষকো ভূত্বা, মাম্, দশতাং

ভারতভাবদীপঃ

অপঃ ॥২৫॥ তেষাং কার্য্যাণি পারিতোষিকদানানি ॥২৬—২৮॥ আদাতুং ভক্ষিতুম্ ॥২৯॥

'আমার সহিত আপনারা তপস্বীদের আনীত এই সকল সুস্বাদু ফল ভক্ষণ করুন' ॥২৮॥

তাহার পর রাজা দৈবপ্রেরিত হইয়া, নাগদিগের বাক্যকেই ঋষিবাক্য মনে করিয়া মন্ত্রী ও বন্ধুদিগের সহিত সেই সকল ফল গ্রহণ করিবার ইচ্ছা করিলেন ॥২৯॥

যে ফলের ছিদ্রের ভিতরে তক্ষকনাগ সূক্ষ্মরূপে অবস্থান করিতেছিল, রাজা নিজে সেই ফলটাকেই ভক্ষণ করিতে উদ্যত হইলেন। মহর্ষি শৌনক! তাহার পর, রাজার সেই ফলের ছিদ্র হইতে কৃশ, ক্ষুদ্র, কৃষ্ণবর্ণনয়ন এবং তাম্রবর্ণ শরীর একটা কৃমি আবির্ভূত হইল; রাজা ফলের সহিত সেই কৃমিটাকে হাতে ধরিয়া মন্ত্রিগণকে এই কথা বলিলেন—॥৩০—৩১॥

'সূর্য্য অস্ত যাইতেছেন, মৃত্যুতে আমার দুঃখও নাই, ভয়ও নাই; শৃঙ্গী-

তক্ষকো নাম ভূত্বা বৈ তথা পরিহৃতং ভবেৎ।
তে চৈনমন্ববর্ত্তন্ত মন্ত্রিণঃ কালচোদিতাঃ ॥৩৩॥ (যুগ্মকম্)
এবমুক্ত্বা স রাজেন্দ্রো গ্রীবায়াং সন্নিবেশ্য হ।
কৃমিকং প্রাহসত্তূর্ণং মুমূর্ষুর্নষ্টচেতনঃ ॥৩৪॥
প্রহসন্নেব ভোগেন তক্ষকেণ ত্ববেষ্ট্যত।
তস্মাৎ ফলাদ্বিনিষ্ক্রম্য যত্তদ্রাজ্ঞে নিবেদিতম্ ॥৩৫॥
বেষ্টয়িত্বা চ বেগেন বিনদ্য চ মহাস্বনম্।
অদশৎ পৃথিবীপালং তক্ষকঃ পন্নগেশ্বরঃ ॥৩৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি
আস্তীকে তক্ষকদংশো নামাষ্টত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

দশতু। তথা সতি, পরিহৃতং শমীকাপমানদূষণং ময়া পরিমার্জিতং ভবেৎ। তে মন্ত্রিণশ্চ, কালেন চোদিতাঃ প্রেরিতাঃ সন্তঃ, এনং পরীক্ষিতো বচনম্, অন্ববর্ত্তন্ত অন্বমোদন্ত, অন্যথা তং কৃমিং নিহন্যুরিতি ভাবঃ ॥৩২—৩৩॥

এবমিতি। মুমূর্ষুঃ, অতএব নষ্টচেতনঃ কর্ত্তব্যজ্ঞানহীনঃ স রাজেন্দ্রঃ, এবম্ উক্ত্বা, কৃমিকং ফলসহিতমেব তং ক্ষুদ্রকীটম্, গ্রীবায়াং নিজকণ্ঠদেশে, তূর্ণং সন্নিবেশ্য সংস্থাপ্য, প্রাহসৎ ॥৩৪॥

প্রহসন্নিতি। কীটরূপধারিণা তক্ষকেণ, তস্মাৎ ফলাৎ বিনিষ্ক্রম্য, গৌরমুখেন রাজ্ঞে প্রাগ্ যন্নিবেদিতম্, তচ্ছ্রাবয়িত্বেতি শেষঃ, ভোগেন আবিষ্কৃতস্বশরীরেণ, প্রহসন্নেবাসৌ রাজা অবেষ্ট্যত ॥৩৫॥

ভারতভাবদীপঃ

বিধিনা দৈবেন। তমেব তদেব ॥৩০॥ হ্রস্বকঃ কুৎসিতো হ্রস্বঃ ॥৩১—৩২॥ পরিহৃতং পরিহারঃ ব্রাহ্মণাবমাননাদোষস্য ভবেৎ ॥৩৪—৩৬॥

ইতি শ্রীমহাভারতে আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে অষ্টত্রিংশোঽধ্যায়ঃ ॥৩৮॥

মুনির বাক্য সত্য হউক, এই কৃমিটাই তক্ষকনাগ হইয়া আমাকে দংশন করুক, তাহা হইলে, আমি যে শমীকমুনির অপমান করিয়াছি, সে অপরাধের পরিহার হইবে।' সেই মন্ত্রীরাও কালপ্রেরিত হইয়া রাজার ঐ কথারই অনুমোদন করিলেন ॥৩২—৩৩॥

মরণোন্মুখ কর্ত্তব্যজ্ঞানশূন্য রাজা পরীক্ষিৎ পূর্ব্বোক্ত কথা বলিয়া, ফলের সহিত সেই কীটটাকে আপন কণ্ঠদেশে স্থাপন করিয়া হাসিতে লাগিলেন ॥৩৪॥

কীটরূপধারী তক্ষক সেই ফল হইতে নির্গত হইয়া, আপন মূর্ত্তি ধারণ করিয়া গৌরমুখনিবেদিত বিষয় রাজাকে শুনাইয়া, হাসিবার সময়েই আপন শরীরদ্বারা বেগে রাজাকে বেষ্টন করিল ॥৩৫॥

---

* '...চত্বারিংশোঽধ্যায়ঃ', '...ত্রিচত্বারিংশোঽধ্যায়ঃ' ইতি পাঠবিশেষৌ।

ঊনচত্বারিংশোঽধ্যায়ঃ।

—:*:—

সৌতিরুবাচ। *

তং তথা মন্ত্রিণো দৃষ্ট্বা ভোগেন পরিবেষ্টিতম্।
বিষণ্ণবদনাঃ সর্ব্বে রুরুদুর্ভৃশদুঃখিতাঃ ॥১॥
তং তু নাদং ততঃ শ্রুত্বা মন্ত্রিণস্তে প্রদুদ্রুবুঃ।
অপশ্যংস্তু তথা যান্তমাকাশে নাগমদ্ভুতম্ ॥২॥
সীমন্তমিব কুর্ব্বাণং নভসঃ পদ্মবর্চ্চসম্।
তক্ষকং পন্নগশ্রেষ্ঠং ভৃশং শোকপরায়ণাঃ ॥৩॥ যুগ্মকম্।

ভারতকৌমুদী

বেষ্টয়িত্বেতি। পন্নগেশ্বরস্তক্ষকঃ, বেগেন বেষ্টয়িত্বা, মহান্ স্বনঃ শব্দো যস্মিন্ কর্ম্মণি তদ্যথা তথা, বিনদ্য গর্জ্জনং কৃত্বা চ, পৃথিবীপালং পরীক্ষিতম্, অদশৎ ॥৩৬॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদ্যাং আদিপর্ব্বণি আস্তীকে অষ্টত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

তমিতি। সর্ব্বে মন্ত্রিণঃ, তং পরীক্ষিতম্, ভোগেন তক্ষকশরীরেণ, তথা পরিবেষ্টিতং দৃষ্ট্বা বিষণ্ণবদনা ভৃশদুঃখিতাশ্চ সন্তঃ, রুরুদুঃ ॥১॥

তমিতি। ততঃ পরম্, তে মন্ত্রিণঃ, তং নাদং তক্ষকস্য গর্জ্জনং শ্রুত্বা, প্রদুদ্রুবুঃ ইতস্ততঃ পলায়াঞ্চক্রিরে। পরঞ্চ তথা ভৃশং শোকপরায়ণাস্তে মন্ত্রিণঃ, পদ্মস্যেব বর্চ্চো রক্তকান্তির্যস্য তম্, আকাশে যান্তং রাজানং বিদশ্য গচ্ছন্তম্, অতএব নভসস্তু আকাশস্য, সীমন্তং সীমন্ত-গতসিন্দূররেখাম্, কুর্ব্বাণমিব স্থিতম্, আকাশস্য কৃষ্ণবর্ণতয়া কেশসাম্যাৎ তদ্দেহস্য চ পদ্মতুল্য-রক্তবর্ণতয়া তৎসিন্দূররেখাসাদৃশ্যাদিতি ভাবঃ, অদ্ভুতং পন্নগশ্রেষ্ঠং তক্ষকং নাগম্, অপশ্যন্ ॥২—৩॥

নাগরাজ তক্ষক বেগে বেষ্টনপূর্ব্বক ভয়ঙ্কর গর্জ্জন করিয়া পরীক্ষিৎকে দংশন করিল ॥৩৬॥

—:*:—

সৌতি বলিলেন—রাজা পরীক্ষিৎ তক্ষকের শরীরদ্বারা সেইরূপ পরিবেষ্টিত হইয়াছেন, ইহা দেখিয়া মন্ত্রীরা সকলেই বিষণ্ণ বদনে এবং অত্যন্ত দুঃখিত চিত্তে রোদন করিয়া উঠিলেন ॥১॥

তাহার পর সেই মন্ত্রীরা তক্ষকের সেই গর্জ্জন শুনিয়া চারিদিকে পলায়ন করিলেন; পরে অত্যন্ত শোকার্ত্ত হইয়া তাঁহারা আকাশের দিকে দৃষ্টিপাত

* সূত উবাচ। (২) তং তু নাগং ততো দৃষ্ট্বা…।

ততস্তু তে তদ্‌গৃহমগ্নিনা বৃতং প্রদীপ্যমানং বিষজেন ভোগিনঃ।
ভয়াৎ পবিত্যজ্য দিশঃ প্রপেদিবে পপাত বাজাশনিতাড়িতো যথা ॥৪॥
ততো নৃপে তক্ষকতেজসা হতে প্রযুজ্য সর্ব্বাঃ পবলোকসৎক্রিয়াঃ।
শুচির্দ্বিজো বাজপুরোহিতস্তদা তথৈব তে তস্য নৃপস্য মন্ত্রিণঃ ॥৫॥
নৃপং শিশুং তস্য সুতং প্রচক্রিবে সমেত্য সর্ব্বে পুববাসিনো জনাঃ।
নৃপং যমাহুস্তমমিত্রঘাতিনং কুরুপ্রবীবং জনমেজয়ং জনাঃ ॥৬॥ (যুগ্মকম্)
স বাল এবার্য্যমতির্নৃপোত্তমঃ সহৈব তৈর্মন্ত্রিপুবোহিতৈস্তদা।
শশাস রাজ্যং কুরুপুঙ্গবাগ্রজো যথাস্য বীবঃ প্রপিতামহস্তথা ॥৭॥

ভাবতকৌমুদী

তত ইতি। ততঃ পবস্ত তে মন্ত্রিণঃ, ভোগিনস্তক্ষকনাগস্য, বিষজেন অগ্নিনা বৃতং সম্বদ্ধম্, অতএব প্রদীপ্যমানম্, উদ্ভাসমানম, তদ্‌গৃহম্, পবিত্যজ্য, ভযাৎ, দিশঃ প্রপেদিরে গতাঃ। রাজা পবীক্ষিচ্চ, যথা অশনিনা বজ্রেণ তাডিতঃ, তথা ভূতলে পপাত ॥৪॥

তত ইতি। ততঃ পরম্, নৃপে পরীক্ষিতি তক্ষকস্য তেজসা বিষপ্রভাবেণ, হতে সতি, তদা শুচিঃ পবিত্রঃ, দ্বিজো ব্রাহ্মণঃ, বাজপুরোহিতঃ, তথৈব তস্য নৃপস্য তে মন্ত্রিণঃ, সর্ব্বে পুরবাসিনো জনাশ্চ, সমেত্য মিলিত্বা, সর্ব্বাঃ পরলোকসৎক্রিযা ঔর্দ্ধ্বদেহিককার্য্যাণি, প্রযুজ্য বিধায, তস্য পবীক্ষিত এব, শিশুং সুতম্, নৃপং রাজানম্, প্রচক্রিবে। জনাঃ অমিত্রঘাতিনং শত্রুহন্তারম্, কুরুপ্রবীবং তদানীন্তনকুরুবংশমধ্যে প্রধানবীবং যং নৃপম্, জনমেজযম্, আহুঃ স্ম ॥৫—৬॥

ভাবতভাবদীপঃ

তে তথেতি ॥১—২॥ সীমন্তঃ স্ত্রীণাং দ্বিবালবন্ধেষু কেশেষু মধ্যে সিন্দুররেখা, তং কুর্ব্বাণম্, পদ্মবৎ রক্তবর্ণত্বাৎ, আকাশস্য চ নীলত্বাৎ ॥৩॥ অশনিতাডিতো বজ্রাহতঃ ॥৪—৬॥ প্রপিতামহো

কবিয়া দেখিলেন—পদ্মেব ন্যায রক্তবর্ণ অদ্ভুতদৃশ্য তক্ষক নাগ আপন শবীর-দ্বাবা আকাশে সীমন্তসিন্দূবের বেখা করিতে কবিতেই যেন গমন কবিতেছে ॥২—৩॥

তাহাব পব তক্ষকেব বিষবহ্নিব আলোকে সেই ঘবখানা আলোকিত হইয়াছে ইহা দেখিয়া মন্ত্রীরা ভয়ে সে ঘব পরিত্যাগ কবিযা চাবিদিকে পলায়ন কবিলেন; আব, বাজা বজ্রাহতেব ন্যায পড়িয়া গেলেন ॥৪॥

তদনন্তব বাজা পরীক্ষিৎ তক্ষকের বিষেব প্রভাবে মৃত্যুমুখে পতিত হইলে, তখন পবিত্র ব্রাহ্মণগণ, বাজপুবোহিত, পরীক্ষিতেব সেই মন্ত্রিগণ এবং সমস্ত পুববাসিগণ ইহাবা সম্মিলিত হইয়া, পবীক্ষিতেব সমস্ত পাবলৌকিক কার্য্য কবিযা, পবীক্ষিতেবই শিশুপুত্রকে রাজা কবিলেন; শত্রুহন্তা ও কুরুবংশপ্রধান যে বাজাকে সকলে 'জনমেজয়' বলিযা থাকে ॥৫—৬॥

ততস্তু রাজানমমিত্রতাপনং সমীক্ষ্য তে তস্য নৃপস্য মন্ত্রিণঃ।
সুবর্ণবর্ম্মাণমুপেত্য কাশিপং বপুষ্টমার্থং বরয়াং প্রচক্রমুঃ ॥৮॥
ততঃ স রাজা প্রদদৌ বপুষ্টমাং কুরুপ্রবীরায় পরীক্ষ্য ধর্ম্মতঃ।
স চাপি তাং প্রাপ্য মুদাযুতোঽভবন্ন চান্যনারীষু মনো দধে ক্বচিৎ ॥৯॥
সরঃসু ফুল্লেষু বনেষু চৈব প্রসন্নচেতা বিজহার বীর্য্যবান্।
তথা স রাজন্যবরো বিজহ্রিবান্ যথোর্বশীং প্রাপ্য পুরা পুরূরবাঃ ॥১০॥

ভারতকৌমুদী

স ইতি। বাল এব আর্য্যমতিঃ সদ্বুদ্ধিঃ স নৃপোত্তমো জনমেজয়ঃ, তদা তৈর্মন্ত্রি-পুরোহিতৈঃ সহৈব, কুরুপুঙ্গবানাং ভীমাদীনাম্, অগ্রজো জ্যেষ্ঠো বীরঃ, অস্য জনমেজয়স্যৈব, প্রপিতামহো যুধিষ্ঠিরো যথা, তথা রাজ্যং শশাস ॥৭॥

তত ইতি। ততঃ পরন্তু, তস্য নৃপস্য পরীক্ষিতঃ, তে প্রাচীনা মন্ত্রিণঃ, রাজানং জনমেজয়ম্, অমিত্রতাপনং যৌবনে শত্রুবিজয়িনম্, সমীক্ষ্য দৃষ্ট্বা, কাশিপং কাশীরাজম্, হ্রস্বান্তোঽপি কাশিশব্দঃ "কিমর্থং কাশিরিষ্যতে" ইত্থমন্যত্রাপি দর্শনাৎ, সুবর্ণবর্ম্মাণম্, উপেত্য গত্বা, বপুষ্টমা তদাখ্যা কাশীরাজস্যৈব কন্যা তদর্থম্, বরণং বরয়া প্রার্থনা তাম্, চৌরাদিকবৃধাতোরঙি রূপম্, প্রচক্রমুঃ কৃতবন্তঃ ॥৮॥

ততঃ ইতি। ততশ্চ স রাজা সুবর্ণবর্ম্মা, পরীক্ষ্য চারিত্রে শৌর্য্যাদৌ চ জনমেজয়ং পর্য্যালোচ্য, ধর্ম্মতো ধর্ম্মানুসারেণ, কুরুপ্রবীরায় জনমেজয়ায়, নিজকন্যাং বপুষ্টমাং প্রদদৌ। স জনমেজয়োঽপি চ, তাং বপুষ্টমাং প্রাপ্য, মুদা আনন্দেন যুতঃ অভবৎ, অতএবাসৌ ক্বচিদপি অন্যনারীষু মনো ন দধে অর্পয়ামাস ॥৯॥

সরঃস্বিতি। বীর্য্যবান্, প্রসন্নচেতা নির্ম্মলমনাশ্চ জনমেজয়ঃ, সরঃসু দীর্ঘিকাসু, ফুল্লেষু প্রস্ফুটিতপুষ্পেষু, বনেষু উদ্যানেষু চ, পত্ন্যা বপুষ্টময়া সহ বিজহার। পুরা পুরূরবাঃ, উর্ব্বশীং প্রাপ্য যথা, তথৈব স রাজন্যবরো জনমেজয়ঃ, বিজহ্রিবান্ বিহারং কৃতবান্ ॥১০॥

বাল্যকালেই জনমেজয়ের বুদ্ধি সৎপথে চলিয়াছিল, তাই তিনি তৎকালেই রাজগণের মধ্যে শ্রেষ্ঠ বলিয়া গণ্য হইয়াছিলেন; এই অবস্থায় তিনি আপন প্রপিতামহ ভীমপ্রভৃতির অগ্রজ মহাবীর যুধিষ্ঠিরের ন্যায় পুরোহিত ও মন্ত্রিগণের সহিত পরামর্শ করিয়া রাজ্য শাসন করিতে লাগিলেন ॥৭॥

তাহার পর, সেই প্রাচীন মন্ত্রিগণ জনমেজয়কে শত্রুবিজয়ী দেখিয়া, কাশীরাজ সুবর্ণবর্ম্মার নিকট যাইয়া, তাঁহার কন্যা বপুষ্টমাকে জনমেজয়ের জন্য প্রার্থনা করেন ॥৮॥

তৎপরে কাশীরাজ জনমেজয়কে পরীক্ষা করিয়া, তাঁহার হস্তে আপন কন্যা বপুষ্টমাকে ধর্ম্মানুসারে দান করেন। জনমেজয়ও পত্নীরূপে সেই বপুষ্টমাকে লাভ করিয়া আনন্দিত হন। তাই তিনি অন্য রমণীর প্রতি কোন সময়েই মন দেন নাই ॥৯॥

বপুষ্টমা চাপি বরং পতিব্রতা প্রতীতরূপা সমবাপ্য ভূপতিম্ ।
ভাবেন রামা রময়াম্বভূব তং বিহারকালেষ্ববরোধসুন্দরী ॥১১॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি আস্তীকে
জনমেজয়রাজ্যাভিষেকো নামোনচত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

চত্বারিংশোঽধ্যায়ঃ ।

—:*:—

সৌতিরুবাচ ।
এতস্মিন্নেব কালে তু জরৎকারুর্ম্মহাতপাঃ ।
চচার পৃথিবীং কৃৎস্নাং যত্র সায়ংগৃহো মুনিঃ ॥১॥

ভারতকৌমুদী

বপুষ্টমেতি । রামা সর্ব্বাঙ্গসুন্দরী, অতএব প্রতীতং বিখ্যাতং রূপং সৌন্দর্য্যং যস্যাঃ সা, কিঞ্চ অবরোধেষু সমস্তরাজান্তঃপুরেষু সুন্দরী, পতিব্রতা, বপুষ্টমাপি চ, ভূপতিং জনমেজয়ম্, বরং পতিম্, সমবাপ্য প্রাপ্য, তেন সহ বিহারকালেষু, ভাবেন ধৃষ্টতয়া, তং বরম্, রময়াম্বভূব নিতরাং সন্তোষয়ামাস । অতএবোক্তং মাঘেন—"পরাক্রমঃ পরিভবে বৈয়াত্যং সুরতেষ্বিব ।" ॥১১॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাদিপর্ব্বণি আস্তীকে উনচত্বারিংশোঽধ্যায়ঃ ॥ ॥

—:*:—

ভারতভাবদীপঃ

যুধিষ্ঠিরঃ ॥৭॥ বপুষ্টমা কাশীরাজকন্যা ॥৮—১০॥ বরং বরণীয়ম্ । প্রতীতরূপা হৃষ্টরূপা । প্রতীতং প্রখ্যাতং রূপং সৌন্দর্য্যং যস্যা ইতি বা । ভাবেনানুরাগাতিশয়েন । "অনুভূত-মিহাকৃতং মৃগয়া পদমাপদাম্ । বিজুরাতোঽপি যদ্রাগাদগাত্তক্ষকভঙ্গ্যতাম্ ।" ইতি রত্নগর্ভঃ ॥ :॥
ইতি শ্রীমহাভারতে আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে উনচত্বারিংশোঽধ্যায়ঃ ॥৩৯॥

—:*:—

বলবান্ ও নির্ম্মলহৃদয় জনমেজয় বপুষ্টমার সহিত কখনও সরোবরে, কখনও বা পুষ্পশোভিত উদ্যানে বিহার করিতেন । পূর্ব্বকালে পুরূরবা যেমন উর্ব্বশীকে পাইয়া বিহার করিয়াছিলেন, তেমন ক্ষত্রিয়প্রধান জনমেজয়ও বপুষ্টমাকে পাইয়া বিহার করিয়াছিলেন ॥১০॥

সর্ব্বাঙ্গসুন্দরী, বিখ্যাতরূপা এবং সকল রাজান্তঃপুরের মধ্যে সর্ব্বোত্তমা পতিব্রতা বপুষ্টমাও পতিরূপে রাজা জনমেজয়কে লাভ করিয়া, বিহারের সময় ধৃষ্টতা দেখাইয়া পতিকে পরম আনন্দিত করিতেন ॥১১॥

* '...একচত্বারিংশোঽধ্যায়ঃ', '...চতুশ্চত্বারিংশোঽধ্যায়ঃ' ইতি পাঠভেদঃ ।

চরন্ দীক্ষাং মহাতেজা দুশ্চরামকৃতাত্মভিঃ।
তীর্থেষ্বাপ্লবনং কৃত্বা পুণ্যেষু বিচচার হ ॥২॥
বায়ুভক্ষো নিরাহারঃ শুষ্যন্নহরহর্মুনিঃ।
স দদর্শ পিতৄন্ গর্ত্তে লম্বমানানধোমুখান্ ॥৩॥
একতন্ত্ববশিষ্টং বৈ বীরণস্তম্বমাশ্রিতান্।
তং তন্তুঞ্চ শনৈরাখুমাদদানং বিলেশয়ম্ ॥৪॥ (যুগ্মকম্)
নিরাহারান্ কৃশান্ দীনান্ গর্ত্তে স্বত্রাণমিচ্ছতঃ।
উপসৃত্য স তান্ দীনান্ দীনরূপোঽভ্যভাষত ॥৫॥

ভারতকৌমুদী

এতস্মিন্নিতি। এতস্মিন্নেব কালে জনমেজয়রাজত্বসময এব, যত্র স্থানে সায়ং সন্ধ্যাকাল উপস্থিতঃ তদেব গৃহম্ অবস্থিতিস্থানং যস্য স যত্র সায়ংগৃহঃ, মহাতপা জরৎকারুর্মুনিঃ, পরিব্রাজকভাবেন কৃৎস্নাং সর্ব্বাং পৃথিবীং চচার ॥১॥

চরন্নিতি। মহাতেজা জরৎকারুঃ, অকৃতাত্মভিঃ তপঃক্লেশে অশিক্ষিতশরীরৈর্জনৈঃ, দুশ্চরাং দীক্ষাং তপস্যাম্, চরন্ সন্, পুণ্যেষু তীর্থেষু, আপ্লবনং স্নানং কৃত্বা বিচচার ॥২॥

বায়্বিতি। নিরাহারঃ অন্নাদিভোজনরহিতঃ কেবলবায়ুভক্ষঃ, অতএব অহরহঃ শুষ্যন্, স জরৎকারুর্মুনিঃ, কস্মিংশ্চিদ্ গর্ত্তে, একস্তন্তুঃ শিখরমেব অবশিষ্টো যস্য তৎ তাদৃশম্, বীরণ-স্তম্বম্, আশ্রিতান্ চরণৈরবলম্বিতবতঃ, অতএব অধোমুখান্ লম্বমানান্ পিতৄন্, তম্ অবশিষ্ট-তন্তুঞ্চ, শনৈর্মন্দং মন্দম্, আদদানং মুখেন গৃহ্ণন্তং ছিন্দন্তমিত্যর্থঃ, তস্মিন্নেব বিলে গর্ত্তে শেতে তিষ্ঠতীতি তং তাদৃশম্, আখুং কঞ্চিন্মূষিকঞ্চ দদর্শ ॥৩—৪॥

ভারতভাবদীপঃ

এতস্মিন্নিতি ॥১—৭॥ স্বত্রাণং স্বরক্ষাম্। দীনরূপঃ করুণাপীড়িতত্বাৎ ॥৫—৭॥ পতিতারঃ

সৌতি বলিলেন—এই সময়েই মহাতপস্বী জরৎকারুমুনি পরিব্রাজকভাবে পৃথিবীর সর্ব্বত্র পর্য্যটন করিতেছিলেন, যেখানে সন্ধ্যা হইত, তিনি সেইখানেই রাত্রি যাপন করিতেন ॥১॥

মহাতেজস্বী জরৎকারু অন্যের দুষ্কর তপস্যা করিতে থাকিয়া এবং পবিত্র তীর্থে স্নান করিয়া বিচরণ করিতেন ॥২॥

তিনি অন্য কিছু আহার করিতেন না, কেবল বায়ুমাত্র আহার করিতেন, তাহাতে দিন দিন তাঁহার শরীর শুকাইয়া যাইতেছিল, এই অবস্থায় একদা তিনি দেখিলেন—একটা গর্ত্তের ভিতরে একটা বিণার গোছা ঝুলিতেছে, তাহার একটা মাত্র শিকড় আছে, তাহাও সেই গর্ত্তবাসী একটা ইঁদুর আস্তে আস্তে কাটিতেছে; আর কতকগুলি লোক সেই বিণার গোছাটাকেই ধরিয়া অধোমুখ হইয়া ঝুলিতেছে ॥৩—৪॥

কে ভবন্তোঽবলম্বন্তে বীরণস্তম্বমাশ্রিতাঃ।
দুর্ব্বলং খাদিতৈর্মূলৈরাখুনা বিলবাসিনা ॥৬॥
বীরণস্তম্বকে মূলং যদপ্যেকমিহ স্থিতম্।
তদপ্যয়ং শনৈরাখুরাদত্তে দশনৈঃ সিতৈঃ ॥৭॥
ছেৎস্যতেঽল্পাবশিষ্টত্বাদেতদপ্যচিরাদিব।
ততস্তু পতিতারোঽত্র গর্ত্তে ব্যক্তমধোমুখাঃ ॥৮॥
তস্য মে দুঃখমুৎপন্নং দৃষ্ট্বা যুষ্মানধোমুখান্।
কৃচ্ছ্রমাপদমাপন্নান্ প্রিয়ং কিং করবাণি বঃ ॥৯॥

ভারতকৌমুদী

নিরাহারানিতি। স জরৎকারুঃ, উপসৃত্য গর্ত্তসমীপং গত্বা, দীনরূপঃ সন্, নিরাহারান্ অতএব কৃশান্ দীনাংশ্চ, গর্ত্তে, স্বত্রাণম্ আত্মরক্ষাম্, ইচ্ছতঃ, দীনান্ দুঃখেন কাতরান্, তান্ পিতৄন্ অভ্যভাষত ॥৫॥

ক ইতি। কে ভবন্তঃ, বিলবাসিনা আখুনা মূষিকেণ, খাদিতৈর্মূলৈর্বিশিষ্টম্, অতএব দুর্ব্বলং বীরণস্তম্বম্, আশ্রিতাঃ সন্তঃ, অবলম্বন্তে? ॥৬॥

বীরণেতি। ইহ অস্মিন্ বীরণস্তম্বকে, যদপি একং মূলং শিখরং স্থিতম্; তদপি, অয়ম্ আখুর্মূষিকঃ, সিতৈঃ শুভ্রৈ, দশনৈর্দন্তৈঃ, শনৈর্মন্দং মন্দম্, আদত্তে ছিত্ত্বা গৃহ্ণাতি ॥৭॥

ছেৎস্যত ইতি। অল্পাবশিষ্টত্বাৎ এতদপি মূলম্, অচিরাদিব শীঘ্রমেব, ছেৎস্যতে। ততঃ পরন্তু ভবন্তঃ অধোমুখাঃ সন্তঃ, অত্র গর্ত্তে, ব্যক্তং ধ্রুবম্, পতিতারঃ পতিষ্যন্তি ॥৮॥

তস্যেতি। যুষ্মান্, অধোমুখান্, অতএব কৃচ্ছ্রং কষ্টম্, আপদং ভাবিনীং মৃত্যুবিপদঞ্চ, আপন্নান্ প্রাপ্তান্ দৃষ্ট্বা স্থিতস্য তস্য মে দুঃখম্ উৎপন্নম্। অতএবাহং বো যুষ্মাকম্, কিং প্রিয়ং করবাণি? ॥৯॥

সেই লোকগুলি কিছু আহার পাইত না বলিয়া কৃশ ও কাতর হইয়া গিয়াছিল এবং গর্ত্তের ভিতরে পড়িয়া যাইবার ভয়ে আত্মরক্ষার কামনা করিতেছিল; এই অবস্থায় জরৎকারু সেই গর্ত্তের নিকটে যাইয়া কাতর হইয়া, সেই লোকগুলিকে বলিলেন—॥৫॥

'আপনারা কে এই বিণার গোছাটা ধরিয়া ঝুলিতেছেন? এই গর্ত্তবাসী ইঁদুর ইহার মূল খাইয়া দেওয়ায় ইহাও যে দুর্ব্বল হইয়া গিয়াছে! ॥৬॥

এই বিণার গোছাটায় একটীমাত্রও যে শিকড় আছে, তাহাও এই ইঁদুরটা সাদা দাঁত দিয়া আস্তে আস্তে কাটিয়া নিতেছে ॥৭॥

অল্পমাত্র অবশিষ্ট রহিয়াছে বলিয়া এই শিকড়টাকেও অচিরকালমধ্যেই এই ইঁদুর কাটিয়া ফেলিবে, তাহার পরে নিশ্চয়ই আপনারা অধোমুখ হইয়া এই গর্ত্তের ভিতরে পড়িয়া যাইবেন ॥৮॥

তপসোঽস্য চতুর্থেন তৃতীয়েনাথবা পুনঃ।
অর্দ্ধেন বাপি নিস্তর্ত্তুমাপদং ব্রূত মা চিরম্ ॥১০॥
অথবাপি সমগ্রেণ তরন্তু তপসা মম।
ভবন্তঃ সর্ব্ব এবেহ কামমেবং বিধীয়তাম্ ॥১১॥

পিতর ঊচুঃ।

বৃদ্ধো ভবান্ ব্রহ্মচারী যো নস্ত্রাতুমিহেচ্ছসি।
ন তু বিপ্রাগ্র্য! তপসা শক্যতে তদ্ব্যপোহিতুম্ ॥১২॥
অস্তি নস্তাত! তপসঃ ফলং প্রবদতাং বর!।
সন্তানপ্রক্ষয়াদ্‌ব্রহ্মন্! পতামো নিরয়েঽশুচৌ ॥১৩॥

ভারতকৌমুদী

তপস ইতি। অস্য মম তপসঃ অন্যধনাভাবাত্তপস্যায়াঃ চতুর্থেন ভাগেন, অথবা তৃতীয়েন ভাগেন, পুনর্ব্বাপি অর্দ্ধেন ভাগেন তত্তদ্‌গ্রহণেনেত্যর্থঃ, ইমামাপদম্, নিস্তর্ত্তুম্ উত্তরীতুম্, ব্রূত, চিরং বিলম্বং মা কুরুত ॥১০॥

অথবেতি। অথবা, মম সমগ্রেণাপি তপসা সর্ব্ব এব ভবন্তঃ, ইহ ইদানীমেব, ইমামাপদং তরন্তু। কামং যথেষ্টমেব, ভবদ্ভিরেবং বিধীয়তাম্ ॥১১॥

বৃদ্ধ ইতি। হে বিপ্রাগ্র্য! ব্রাহ্মণপ্রধান! যস্ত্বম্ ইহ ইদানীম্, নঃ অস্মান্ ত্রাতুমিচ্ছসি, স ভবান্ বৃদ্ধো ব্রহ্মচারী চ, অতএবাস্মাকমেতৎকষ্টনিবারণে অল্পৈব সম্ভাবনেতি ভাবঃ। বিশেষতস্তু তপসা তৎ কষ্টম্, ব্যপোহিতুং নিবারয়িতুম্, ভবতা ন শক্যতে ॥১২॥

ভারতভাবদীপঃ

পতিষ্যথ ॥৮॥ কৃচ্ছ্রং দুস্তরং যথা স্যাত্তথা আপদমাপন্নান্ প্রাপ্তান্ ॥৯—১১॥ তৎ ব্যপোহিতুম্

আপনারা অধোমুখে থাকায় এই কষ্ট পাইতেছেন, পরে ইহা অপেক্ষাও গুরুতর বিপদে পড়িবেন ইহা দেখিয়া আমার বড়ই দুঃখ উপস্থিত হইয়াছে; অতএব বলুন—আমি আপনাদের কি প্রীতিকর কার্য্য করিব ॥৯॥

আমার এই তপস্যার চতুর্থভাগ, কিংবা তৃতীয়ভাগ অথবা অর্দ্ধভাগ গ্রহণ করিয়া আপনারা এই বিপদ হইতে উদ্ধার পাইতে পারেন; কি করিবেন বলুন, বিলম্ব করিবেন না ॥১০॥

অথবা আমার সমগ্র তপস্যাই গ্রহণ করিয়া আপনারা সকলেই বিপদ হইতে উদ্ধার লাভ করুন; ইচ্ছানুসারে ইহাই করুন' ॥১১॥

পিতৃলোকেরা বলিলেন—'হে ব্রাহ্মণশ্রেষ্ঠ! যে আপনি আমাদিগকে রক্ষা করিবার ইচ্ছা করিতেছেন, সে আপনি ত বৃদ্ধ হইয়াছেন, বিশেষতঃ আপনি ব্রহ্মচারী; আর তপস্যা দ্বারা আপনি আমাদের এ কষ্ট দূর করিতে পারিবেন না ॥১২॥

সন্তানং হি পরো ধর্ম্ম এবমাহ পিতামহঃ।
লম্বতামিহ নস্তাত! ন জ্ঞানং প্রতিভাতি বৈ ॥১৪॥
যেন ত্বাং নাভিজানীমো লোকে বিখ্যাতপৌরুষম্।
বৃদ্ধো ভবান্ মহাভাগো যো নঃ শোচ্যান্ সুদুঃখিতান্ ॥১৫॥
শোচতে চৈব কারুণ্যাচ্ছৃণু যে বৈ বয়ং দ্বিজ।।
যাযাবরা নাম বয়মৃষয়ঃ সংশিতব্রতাঃ ॥১৬॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

নমু "তপোভিঃ প্রাপ্যতেঽভীষ্টং নাসাধ্যং হি তপস্যতঃ" ইতি স্মৃতেঃ তপসা সর্ব্বমেব কর্ত্তুং শক্যত ইত্যাহ—অস্তীতি। হে তাত! বৎস। হে প্রবদতাংবর! বক্তৃশ্রেষ্ঠ! নঃ অস্মাকমপি, তপসঃ ফলম্ অস্তি। কিন্তু তথাপি হে ব্রহ্মন্! সন্তানপ্রক্ষয়াৎ বংশলোপসম্ভবাৎ, বয়ম্, অশুচৌ অপবিত্রে নিরয়ে নরকে পতামঃ। যদুদ্দেশ্যকং যত্তপঃ, তদেব তৎ সাধয়তি। তেন অস্মাকমিব তবাপি তপসো মুক্ত্যুদ্দেশ্যকত্বান্ন তেনাস্মাকং পতননিবারণমিতি ভাবঃ ॥১৩॥

সন্তানমিতি। সন্তানং হি পুত্রোৎপাদনেন বংশরক্ষণমেব, পর উৎকৃষ্টো ধর্ম্মঃ, এবং পিতামহো ব্রহ্মা, আহ ব্রবীতি। তদভাবসম্ভবাচ্চাস্মাকং পতনসম্ভাবনেত্যাশয়ঃ। হে তাত! ইহ বীরণস্তম্বে, লম্বতাং লম্বমানানাম্, নঃ অস্মাকম্, জ্ঞানং প্রতিভাতি ন স্ফুরতি, লম্বনেন মূর্চ্ছিতপ্রায়ত্বাদিতি ভাবঃ ॥১৪॥

যেনেতি। যেন জ্ঞানাস্ফুরণেন হেতুনা, লোকে বিখ্যাতপৌরুষং ত্বাম্, ন অভিজানীমঃ ন পরিচিনুমঃ। যো বৃদ্ধো ভবান্, সুদুঃখিতান্, অতএব শোচ্যান্, নঃ অস্মান্, কারুণ্যাৎ দয়াতঃ, শোচতে, স ভবান্ মহাভাগ এব। হে দ্বিজ! বয়ং যে, তৎ শৃণু। বয়ং সংশিতব্রতা যথাবদনুষ্ঠিততপোনিয়মাঃ, যাযাবরা নাম ঋষয়ঃ। পুনঃ পুনর্যান্তীতি যাযাবরাঃ পরিব্রাজকাঃ ॥১৫—১৬॥

ভারতভাবদীপঃ

অস্মদীয়ং কৃচ্ছ্রমপনেতুম্ ॥১২॥ প্রবদতাং প্রবক্তৃণামধ্যাপকানাম্ ॥১৩॥ জ্ঞানং সংজ্ঞা, যথা

বক্তৃশ্রেষ্ঠ! বৎস! আমাদেরও তপস্যার ফল আছে; কিন্তু ব্রাহ্মণ! আমাদের বংশলোপ হওয়ার সম্ভব হওয়ায় আমরা অপবিত্র নরকে পড়িয়া যাইতেছি ॥১৩॥

কারণ, 'বংশরক্ষা করাই উৎকৃষ্ট ধর্ম্ম' ইহা স্বয়ং ব্রহ্মা বলিয়াছেন। বৎস! আমরা এইভাবে ঝুলিতেছি বলিয়া আমাদের সম্যক্ জ্ঞান প্রকাশ পাইতেছে না ॥১৪॥

যে হেতু, তোমার পুরুষকার জগতে বিখ্যাত হইলেও তোমাকে আমরা চিনিতে পারিতেছি না। আমরা বড়ই দুঃখ ভোগ করিতেছি; তাই শোচনীয় হইয়া পড়িয়াছি; এই অবস্থায় যে তুমি বৃদ্ধ হইয়াও দয়াবশতঃ

লোকাৎ পুণ্যাদিহ ভ্রষ্টাঃ সন্তানপ্রক্ষয়ান্মুনে ! ।
প্রনষ্টং নস্তপস্তীব্রং ন হি নস্তন্তুরস্তি বৈ ॥১৭॥
অস্তি ত্বেকোঽদ্য নস্তন্তুঃ সোঽপি নাস্তি যথা তথা ।
মন্দভাগ্যোঽল্পভাগ্যানাং তপ একং সমাস্থিতঃ ॥১৮॥
জরৎকারুরিতি খ্যাতো বেদবেদাঙ্গপারগঃ ।
নিয়তাত্মা মহাত্মা চ সুব্রতঃ সুমহাতপাঃ ॥১৯॥
তেন স্ম তপসো লোভাৎ কৃচ্ছ্রমাপাদিতা বয়ম্ ।
ন তস্য ভার্য্যা পুত্রো বা বান্ধবো বাস্তি কশ্চন ॥২০॥

ভারতকৌমুদী

লোকাদিতি। হে মুনে। বয়ম্, সন্তানপ্রক্ষয়াৎ বংশলোপসম্ভবাৎ, পুণ্যাৎ লোকাৎ লোকাখ্যস্বর্গাৎ ইহ ভ্রষ্টাঃ; "পুত্রেণ লোকান্ জয়তি" ইতি শ্রুতেরিতি ভাবঃ। নঃ অস্মাকং তীব্রমপি তপঃ, প্রনষ্টঃ প্রনষ্টমিব স্থিতম্, পতননিবারণাশক্তত্বাদিত্যাশয়ঃ। হি যস্মাৎ, নঃ অস্মাকম্, তন্তুঃ বংশরক্ষকঃ সন্তানঃ, ন অস্তি ॥১৭॥

অস্তীতি। তু কিন্তু অদ্যাপি, নঃ অস্মাকম্, একস্তন্তুঃ সন্তানঃ অস্তি, সোঽপি যথা নাস্তি, তথা অস্তি। যেন হি, অল্পভাগ্যানামপি মধ্যে মন্দভাগ্যঃ সঃ, একং তপ এব, সমাস্থিত আশ্রিতঃ; ন পুনঃ পুত্রার্থং যততে ॥১৮॥

নন্বু কোঽসৌ যুষ্মাকং তন্তুরিত্যাহ জরদিতি। বেদবেদাঙ্গপারগঃ সাকল্যেন বেদবেদাঙ্গবেত্তা, নিয়তাত্মা সংযতচিত্তঃ, মহাত্মা উদারহৃদয়ঃ, সুব্রতো যথানুষ্ঠিতনিয়মঃ ॥১৯॥

তেনেতি। তেন জরৎকারুণা, তপসো লোভাৎ, বয়ম্, কৃচ্ছ্রম্ ঈদৃশং, কষ্টম্, আপাদিতাঃ প্রাপিতাঃ। স্মেতি পাদপূরণে। বান্ধবো ভ্রাত্রাদিঃ ॥২০॥

ভারতভাবদীপঃ

সংজ্ঞয়া ত্বাং জানীমঃ, মূর্চ্ছিতকল্পাঃ স্ম ইত্যর্থঃ ॥১৪—১৮॥ নিয়তাত্মা জিতচিত্তঃ। মহাত্মা

আমাদের জন্য শোক করিতেছ, সে তুমি মহাত্মাই বট। ব্রাহ্মণ! আমরা যাহারা, তাহা তুমি শোন; আমরা যথানিয়মে ব্রতচারী যাযাবর নামক ঋষি ॥১৫—১৬॥

মুনি! বংশলোপ হওয়ার সম্ভব হওয়ায় আমরা পবিত্র 'লোক' নামক স্বর্গ হইতে বিচ্যুত হইতে বসিয়াছি। আমাদের তীব্র তপস্যাও যেন লুপ্ত হওয়ার মতই হইয়াছে। কারণ, আমাদের সে রকম সন্তান নাই ॥১৭॥

কিন্তু অদ্যাপি আমাদের একটী সন্তান আছে বটে, সেও না থাকার মতই আছে। কেন না, সে অতিমন্দভাগ্য বলিয়াই একমাত্র তপস্যাই অবলম্বন করিয়া রহিয়াছে ॥১৮॥

সে জরৎকারুনামে প্রসিদ্ধ, বেদ ও বেদাঙ্গশাস্ত্রে পারদর্শী, সংযতচিত্ত, উদারহৃদয়, যথানিয়মে ব্রতচারী এবং মহাতপস্বী ॥১৯॥

তস্মাল্লম্বামহে গর্ত্তে নষ্টসংজ্ঞা হ্যনাথবৎ।
স বক্তব্যস্ত্বয়া দৃষ্টো হ্যস্মাকং নাথবত্তয়া ॥২১॥
পিতরস্তেঽবলম্বন্তে গর্ত্তে দীনা অধোমুখাঃ।
সাধু দারান্ কুরুষ্বেতি প্রজামুৎপাদয়েতি চ ॥২২॥
কুলতন্তুর্হি নঃ শিষ্টঃ স এবৈকস্তপোধন!।
যং তু পশ্যসি নো ব্রহ্মন্! বীরণস্তম্বমাশ্রয়ম্ ॥২৩॥
এষোঽস্মাকং কুলস্তম্ব আস্তে স্বকুলবর্দ্ধনঃ।
যানি পশ্যসি বৈ ব্রহ্মন্! মূলানীহাস্য বীরুধঃ ॥২৪॥

ভাবতকৌমুদী

তস্মাদিতি। তস্মাৎ জরৎকারোঃ পুত্রাদ্যভাবাৎ, অনাথবৎ রক্ষকহীনলোকবৎ, নষ্টসংজ্ঞা অধোমুখতয়া প্রায়েণ লুপ্তচৈতন্যা বয়ম্, অস্মিন্ গর্ত্তে লম্বামহে। অস্মাকং নাথবত্তয়া কালাধীনতয়া হেতুনা, ত্বযা দৃষ্টঃ স জরৎকারুর্বক্তব্যঃ ॥২১॥

কিং বক্তব্য ইত্যাহ—পিতর ইতি। হে জরৎকারো। দীনা নিরাহারত্বাৎ কাতরাঃ, তে তব পিতরঃ, অধোমুখাঃ সন্তঃ, গর্ত্তে অবলম্বন্তে। অতএব ত্বং সাধু সম্যগ্ যথাশাস্ত্রমিত্যর্থঃ, দারান্ কুরুষ্ব পরিণয ইতি প্রজাং পুত্রম্, উৎপাদয ইতি চ বক্তব্য ইত্যনুকর্ষঃ ॥২২॥

কুলেতি। হে তপোধন! এক এব স জরৎকারুঃ, নঃ অস্মাকম্, কুলতন্তুর্বংশসূত্রম্, শিষ্টঃ অবশিষ্টঃ, কালেনান্যেষাং নাশাদিতি ভাবঃ। হে ব্রহ্মন্! নঃ অস্মাকম্ আশ্রয়ং যমিমং বীরণস্তম্বং পশ্যসি, স্বকুলবর্দ্ধনঃ পরত্রাপি কুলবৃদ্ধিযোগ্যঃ, এষঃ অস্মাকং কুলস্তম্বঃ। হে ব্রহ্মন্। ইহ অস্মিন্ স্থানে, অস্য অস্যাঃ, পুংস্ত্বমার্ষম্, বীরুধো লতায়াঃ, যানি মূলানি পশ্যসি, হে তাত! বৎস! নঃ

সেই জরৎকারুই তপস্যার লোভে আমাদিগকে এই কষ্ট ভোগ করাইতেছে। কেন না, তাহার স্ত্রী, পুত্র বা কোন বন্ধু (ভ্রাতৃপ্রভৃতি) নাই ॥২০॥

সেই জন্যই আমবা অনাথেব ন্যায প্রায সংজ্ঞাশূন্য অবস্থায এই গর্ত্তেব ভিতবে ঝুলিতেছি। আমরা পবাধীন হইয়া বহিয়াছি বলিয়া, আপনার সঙ্গে জবৎকারুর দেখা হইলে, আপনি তাহাকে বলিবেন—॥২১॥

'জবৎকারু! তোমাব পিতৃগণ কাতব অবস্থায় অধোমুখ হইয়া গর্ত্তের ভিতরে ঝুলিতেছেন; অতএব তুমি যথানিযমে বিবাহ কর এবং পুত্র উৎপাদন কব ॥২২॥

হে তপোধন! একমাত্র সেই জবৎকারুই আমাদেব বংশাঙ্কুব অবশিষ্ট আছে। ব্রাহ্মণ! আমাদেব আশ্রয় যে বীবণস্তম্ব (বিন্নার গোছা) দেখিতেছেন, ইহাই আমাদেব কুলস্তম্ব, ইহা হইতেই বংশ বৃদ্ধি হইবাব সম্ভব আছে। আর, এই লতাব যে সকল মূল এখানে দেখিতেছেন, এইগুলিই আমাদেব বংশেব

(২৩)…ত্বমেবৈকস্তপোধন!…।

এতে নস্তন্তবস্তাত ! কালেন পরিভক্ষিতাঃ ।
যত্ত্বেতৎ পশ্যসি ব্রহ্মন্ ! মূলমস্যার্দ্ধভক্ষিতম্ ॥২৫॥
যত্র লম্বামহে গর্ত্তে সোঽপ্যেকস্তপ আস্থিতঃ ।
যমাখুং পশ্যসি ব্রহ্মন্ ! কাল এষ মহাবলঃ ॥২৬॥ (কলাপকম্)
স তং তপোরতং মন্দং শনৈঃ ক্ষপয়তে তুদন্ ।
জরৎকারুং তপোলুব্ধং মন্দাত্মানমচেতসম্ ॥২৭॥
নহি নস্তত্তপস্তস্য তারয়িষ্যতি সত্তম ! ।
ছিন্নমূলান্ পবিভ্রষ্টান্ কালোপহতচেতসঃ ॥২৮॥

ভারতকৌমুদী

অস্মাকম্, এতে তন্তবো বংশসূত্রাণি বংশরক্ষকাঃ পুরুষা আসন্নিত্যর্থঃ, কিন্তিদানীং কালেন পরিভক্ষিতাঃ। হে ব্রহ্মন্! কালেন অর্দ্ধভক্ষিতং যদেতৎ অস্য বীরণস্তম্বস্য মূলং পশ্যসি, যত্র চ বয়ং গর্ত্তে লম্বামহে, সোঽপ্যস্মাকমেকঃ কুলতন্তুঃ, কেবলং তপ আস্থিত আশ্রিতঃ। হে ব্রহ্মন্! যম্ আখুং মূষিকং পশ্যসি, সোঽপ্যেষ মহাবলঃ কালঃ ॥২৩—২৬॥

স ইতি। স চ কালাত্মক আখুঃ, মন্দং শরীরব্যাপারে জড়ম্, মন্দাত্মানং মানসব্যাপারেঽপি জড়ম্, অতএব অচেতসং চিত্তশূন্যমিব স্থিতম্, তপোলুব্ধম্, তেনৈব চ তপোরতম্, তং জরৎকারুম্, শনৈস্তুদন্ সন্তক্ষন্, ক্ষপয়তে ॥২৭॥

নহীতি। হে সত্তম! মহাসাধো! তস্য জরৎকারোঃ, তৎ তপঃ কর্ত্তৃ, ছিন্নমূলান্ ক্রমেণ নির্বংশান্, অতএব পরিভ্রষ্টান্ পরিভ্রংশোন্মুখান্ কালেন উপহতচেতসো নাশিতচৈতন্যান্, নঃ অস্মান্, নহি তারয়িষ্যতি ॥২৮॥

ভারতভাবদীপঃ

মহামতিঃ ॥১৯॥ কৃচ্ছ্রং সঙ্কটম্, আপাদিতাঃ প্রাপিতাঃ ॥২০॥ নাথবত্তয়া দয়য়া পরবশতয়া

তন্তু (রক্ষকপুরুষ) ছিল ; কিন্তু কাল এখন তাহাদিগকে ভক্ষণ করিয়া ফেলিয়াছে। ব্রাহ্মণ ! এই বীরণস্তম্বের অর্দ্ধভক্ষিত এই যে মূলটী দেখিতেছেন—যাহা ধরিয়া আমরা গর্ত্তের ভিতরে ঝুলিতেছি, সে একটীমাত্রই তন্তু আছে, সেও কেবল তপস্যা অবলম্বন করিয়াই রহিয়াছে। ব্রাহ্মণ ! আপনি যে ইঁদুরটাকে দেখিতেছেন, এ-ই মহাবলশালী কাল ॥২৩—২৬॥

জরৎকারু শারীরিক কার্য্যেও কুণ্ঠিত, মানসিক কার্য্যেও কুণ্ঠিত ; সুতরাং তাহার হৃদয় নাই ; তাই সে তপস্যাতে লুব্ধ হইয়া তপস্যাই করিতেছে ; এদিকে কিন্তু কাল তাহাকে আস্তে আস্তে কাটিয়া ক্ষীণ করিতেছে ॥২৭॥

হে সাধুশ্রেষ্ঠ ! কাল আমাদের বুদ্ধি নষ্ট করিয়া দিয়াছে এবং বংশও প্রায় লুপ্ত করিয়া তুলিয়াছে ; তাই আমরা পতনোন্মুখ হইয়াছি ; এ অবস্থায় জরৎকারুর সে তপস্যা আমাদিগকে রক্ষা করিতে পারিবে না ॥২৮॥

অধঃ প্রবিষ্টান্ পশ্যাস্মান্ যথা দুষ্কৃতিনস্তথা।
অস্মাসু পতিতেষ্বত্র সহ সর্ব্বৈঃ সবান্ধবৈঃ ॥২৯॥
ছিন্নঃ কালেন সোঽপ্যত্র গন্তা বৈ নবকং ততঃ।
তপো বাপ্যথবা যজ্ঞো যচ্চান্যৎ পাবনং মহৎ ॥৩০॥
তৎ সর্ব্বং ন সমং তাত! সন্তত্যেতি সতাং মতম্।
স তাত! দৃষ্ট্বা ব্রূয়াস্তং জরৎকারুং তপোধনম্ ॥৩১॥ (বিশেষকম্)
যথা দৃষ্টমিদঞ্চাত্র ত্বযাখ্যেয়মশেষতঃ।
যথা দাবান্ প্রকুর্য্যাৎ স পুত্রানুৎপাদয়েদ্‌যথা ॥৩২॥

ভারতকৌমুদী

অধ ইতি। যথা দুষ্কৃতিনঃ পাপিষ্ঠান্, তথৈব অস্মান্, অধঃপ্রবিষ্টান্ পতিতান্ পশ্য বান্ধবৈর্ভ্রাত্রাদিভিঃ সহেতি সবান্ধবাস্তৈঃ, সর্ব্বৈঃ পূর্ব্বপুরুষৈঃ সহ, অস্মাসু, অত্র গর্ত্তে পতিতেষু সৎসু, স জরৎকারুরপি কালেন, ছিন্নো নাশিতঃ সন্, ততো বংশলোপাদেব, অত্র গর্ত্তে পতিত্বৈব নরকং গন্তা গমিষ্যতি। তপো বা, অথবা যজ্ঞঃ, অন্যদ্‌যচ্চ মহৎ পাবনং তীর্থস্নানাদিকম্, হে তাত। বৎস! তৎ সর্ব্বমপি, সন্তত্যা সন্তানোৎপাদনেন, স সমম্; ইতি সতাং মতম্। হে তাত। স ত্বম্, তপোধনং তং জরৎকারুম্ দৃষ্ট্বা অস্মাকমিমাং দশাং ব্রূয়াঃ ॥২৯—৩১॥

যথেতি। ত্বয়া অত্র স্থানে, ইদমস্মাকং দুঃখম্ যথা দৃষ্টম্, তথৈব অশেষতঃ সাকল্যেন, আখ্যেয়ং তস্মৈ বক্তব্যম্। স জবৎকারুঃ, যথা দাবান্ প্রকুর্য্যাৎ পরিণযেৎ, যথা চ পুত্রান্

ভারতভাবদীপঃ

॥২১—২৬॥ মন্দাত্মানমদীর্ঘদর্শিনম্। অচেতনং পাষাণতুল্যম্ ॥২৭—৩০॥ অপরং জ্ঞানা-দর্ব্বাচীনম্। "কিং প্রজয়া করিষ্যামো যেষাং নোঽয়মাত্মা লোকঃ" ইতি শ্রুতেঃ, "কিমর্থা বযমধ্যেষ্যমহে কিমর্থা বয়ং যক্ষ্যামহে বাচি হি প্রাণং জুহুমঃ" ইত্যাদিশ্রুতেশ্চ পিত্রাদ্যৃণমজ্ঞানা-

পাপী লোকদেব মতই আমবা নীচে পড়িযা যাইতেছি—দেখুন। বন্ধু, বান্ধব ও পূর্ব্বপুরুষদিগেব সহিত আমরা এই গর্ত্তে পড়িয়া গেলে, বংশ না থাকায় জবৎকারুও কালের প্রভাবে মৃত্যুব পবে নবকেই যাইবে। তপস্যাই হউক, কিংবা যজ্ঞই হউক, অথবা তীর্থস্নানপ্রভৃতি অন্য যে কিছু পবিত্রতাজনক মহৎ কার্য্য হউক, সে সমস্তই এক সন্তান উৎপাদনেব তুল্য নহে, ইহা সাধুদিগের মত। অতএব বৎস! আপনি, তপোধন সেই জরৎকারুকে দেখিলে বলিবেন ॥২৯—৩১॥

আপনি এখানে আমাদেব এই দুঃখ যে ভাবে দেখিলেন, সেই ভাবেই সে সমস্ত তাহাব নিকট বলিবেন। সে যাহাতে বিবাহ কবে এবং পুত্র

(৩১) তৎ সর্ব্বমপরং তাত! ...ন সন্তত্যা সমং মতম্...। ...তপোধন।...।

তথা ব্রহ্মংস্ত্বয়া বাচ্যঃ সোঽস্মাকং নাথবত্তয়া।
বান্ধবানাং হি তস্যেহ যথা চাত্মকুলং তথা ॥৩৩॥ (যুগ্মকম্)
কস্ত্বং বন্ধুরিবাস্মাকমনুশোচসি সত্তম!।
শ্রোতুমিচ্ছামঃ সর্ব্বেষাং কো ভবানিহ তিষ্ঠতি ॥৩৪॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি
আস্তীকে জরৎকারুপিতৃদর্শনং নাম চত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

ভারতকৌমুদী

উৎপাদয়েৎ; হে ব্রহ্মন্! ত্বয়া, তস্য জরৎকারোঃ, বান্ধবানাম্ অস্মাকং নাথবত্তয়া ইহ ইদানীং রক্ষকত্বেন প্রভুতুল্যতয়া হেতুনা, স জরৎকারুঃ, তথৈব বাচ্যো বক্তব্যঃ। যথা চ লোকৈরাত্মকুলং নিজবংশীয়ং প্রতি উচ্যতে, তথৈব ত্বয়া স বাচ্য ইত্যর্থঃ ॥৩২—৩৩॥

ক ইতি। হে সত্তম! সাধুশ্রেষ্ঠ! সর্ব্বেষামস্মাকং বন্ধুরিব কস্ত্বম্, ঈদৃক্, অনুশোচসি। ইহ গর্ত্ততীরে, কো ভবান্, তিষ্ঠতি, ইতি চ বয়ং শ্রোতুমিচ্ছামঃ ॥৩৪॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাদিপর্ব্বণি আস্তীকে চত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

ভারতভাবদীপঃ

মেবেতি ভাবঃ ॥৩১—৩২॥ বান্ধবানামিত্যাদি সার্দ্ধঃ শ্লোকঃ। তস্য বান্ধবানামস্মাকম্, সর্বেষাং মধ্যে কস্ত্বং যথা আত্মকুলং তথা বন্ধুমিব বা অস্মান্ অনুশোচসি, তত্তস্মাচ্ছ্রোতুমিচ্ছামঃ, কো ভবানিহ তিষ্ঠতীতি যোজনা ॥৩৩—৩৪॥

ইতি শ্রীমহাভারতে আদিপর্ব্বণি নৈলকণ্ঠীযে ভারতভাবদীপে চত্বারিংশোধ্যায়ঃ ॥৪০॥

—:*:—

উৎপাদন করে, ব্রাহ্মণ। আপনি সেইভাবে তাহাকে বলিবেন। কেন না, আমরা তাহার বন্ধু (পিতৃপুরুষ); আর, বর্ত্তমানে সে-ই আমাদের একমাত্র অবলম্বন; অতএব লোক যেমন নিজবংশীয় লোকের নিকট বলে, আপনিও তেমনই তাহাব নিকট বলিবেন ॥৩২—৩৩॥

সাধুশ্রেষ্ঠ! আমাদেব সকলেবই বন্ধুব ন্যায় আপনি কে এইরূপ শোক কবিতেছেন? এই গর্ত্তেব তীবে আপনি কে দাঁড়াইয়া আছেন? আমবা তাহা শুনিতে ইচ্ছা কবি' ॥৩৪॥

—:*:—

* '…পঞ্চচত্বারিংশোঽধ্যায়ঃ' ইতি ক্বচিৎ পাঠঃ, '… দ্বিচত্বারিংশোঽধ্যায়ঃ' ইতি চ ক্বচিৎ পাঠঃ।

একচত্বারিংশোঽধ্যায়ঃ।

—:*:—

সৌতিরুবাচ।

এতচ্ছ্রুত্বা জরৎকারুর্ভৃশং শোকপরায়ণঃ।
উবাচ তান্ পিতৄন্ দুঃখাৎ বাষ্পসন্দিগ্ধয়া গিরা ॥১॥

জরৎকারুরুবাচ।

মম পূর্ব্বে ভবন্তো বৈ পিতরঃ সপিতামহাঃ।
তদ্‌ব্রূত যন্ময়া কার্য্যং ভবতাং প্রিয়কাম্যয়া ॥২॥
অহমেব জরৎকারুঃ কিল্বিষী ভবতাং সুতঃ।
তে দণ্ডং ধারয়ত মে দুষ্কৃতেরকৃতাত্মনঃ ॥৩॥

পিতর ঊচুঃ।

পুত্র! দিষ্ট্যাসি সংপ্রাপ্ত ইমং দেশং যদৃচ্ছয়া।
কিমর্থঞ্চ ত্বয়া ব্রহ্মন্! ন কৃতো দারসংগ্রহঃ ॥৪॥

ভারতকৌমুদী

এতদিতি। জরৎকারুঃ, এতৎ পিতৃবাক্যং শ্রুত্বা, ভৃশং শোকপরায়ণঃ সন্, দুঃখাৎ, বাষ্পসন্দিগ্ধয়া অশ্রুলিপ্তয়া, গিরা বাচা, তান্ পিতৄন্, উবাচ ॥১॥

মমেতি। হে পুরুষাঃ! ভবন্তঃ, মমৈব পূর্ব্বে পূর্ব্বপুরুষাঃ সপিতামহাঃ পিতরঃ। তেন ভবতাং প্রিয়কাম্যয়া ময়া যৎ কার্য্যং কর্ত্তব্যম্, তৎ, যূযং ব্রূত ॥২॥

অহমিতি। অহমেব ভবতাং সুতঃ, কিল্বিষী যুষ্মাকং কষ্টহেতুত্বাৎ পাপী, স জরৎকারুঃ। তে যূয়ম্, অকৃতাত্মনঃ অশিক্ষিতচিত্তস্য, মে মম, দুষ্কৃতের্যুষ্মৎকষ্টদাননিবন্ধনপাপস্য, দণ্ডম্, ধারয়ত কুরুত ॥৩॥

পুত্রেতি। হে পুত্র! ত্বম্, দিষ্ট্যা অস্মাকং ভাগ্যেন, যদৃচ্ছয়া ঈশ্বরেচ্ছয়া, ইমং দেশং স্থানম্, সংপ্রাপ্ত আগতঃ। হে ব্রহ্মন্! ত্বয়া চ কিমর্থং দারসংগ্রহো বিবাহঃ, ন কৃতঃ? ॥৪॥

সৌতি বলিলেন—জরৎকারু পিতৃগণের এই কথা শুনিয়া, অত্যন্ত শোকার্ত্ত হইয়া, দুঃখবশতঃ অশ্রুসিক্ত বাক্যে সেই পিতৃগণকে বলিলেন ॥১॥

জরৎকারু কহিলেন—'আপনারা আমারই পূর্ব্বপুরুষ পিতৃ-পিতামহগণ; অতএব আপনাদের প্রীতির জন্য আমার যাহা করিতে হইবে, তাহা বলুন ॥২॥

আমিই আপনাদের সন্তান সেই পাপিষ্ঠ জরৎকারু; আমি অশিক্ষিত; সুতরাং আমার পাপের দণ্ড আপনারাই বিধান করুন' ॥৩॥

পিতৃগণ বলিলেন—'পুত্র! আমাদের ভাগ্যবশতই তুমি ঈশ্বরেচ্ছাক্রমে এই

জরৎকারুরুবাচ।

মমায়ং পিতরো নিত্যং হৃদ্যর্থঃ পরিবর্ত্ততে।
ঊর্দ্ধরেতাঃ শরীরং বৈ প্রাপয়েয়মমুত্র বৈ ॥৫॥
ন দারান্ বৈ করিষ্যেঽহমিতি মে ভাবিতং মনঃ।
এবং দৃষ্ট্বা তু ভবতঃ শকুন্তানিব লম্বতঃ।
ময়া নিবর্ত্তিতা বুদ্ধির্ব্রহ্মচর্য্যাৎ পিতামহাঃ! ॥৬॥
করিষ্যে বঃ প্রিয়ং কামং নিবেক্ষ্যেঽহমসংশয়ম্।
সনাম্নীং যদ্যহং কন্যামুপলপ্স্যে কদাচন ॥৭॥
ভবিষ্যতি চ যা কাচিদ্ভৈক্ষ্যবৎ স্বয়মুদ্যতা।
প্রতিগ্রহীতা তামস্মি ন ভরেয়ঞ্চ যামহম্ ॥৮॥

ভারতকৌমুদী

মমেতি। হে পিতরঃ! অয়ম্ অর্থো বিষয়ঃ, মম হৃদি, নিত্যং চিরম্, পরিবর্ত্ততে সর্ব্বতো ভাবেন বিদ্যতে; যৎ ঊর্দ্ধ্বরেতাঃ স্ত্রীসংসর্গশূন্যঃ সন্নেব, শরীরং শরীরস্থজীবম্, অমুত্র পরলোকে, প্রাপয়েয়ং নয়েয়ম্ ॥৫॥

নেতি। হে পিতামহাঃ। অহং দারান্ ন করিষ্যে ইতি মে মনঃ, ভাবঃ অভিপ্রায়োঽস্য সঞ্জাত ইতি ভাবিতমাসীৎ। ইদানীন্তু ভবতঃ, শকুন্তান্ খগানিব, এবং লম্বতো লম্বমানান্ দৃষ্ট্বা, ময়া ব্রহ্মচর্য্যাৎ বুদ্ধির্নিবর্ত্তিতা। অযং শ্লোকঃ ষট্চরণঃ ॥৬॥

করিষ্য ইতি। অহম্, বো যুষ্মাকম্, কামং পর্য্যাপ্তমেব প্রিয়ং করিষ্যে; অসংশয়মেব, নিবেক্ষ্যে পরিণেষ্যে; যদি কদাচন অহম্, সমানং নাম যস্যাস্তাং সনাম্নীং কন্যাম্, উপলপ্স্যে প্রাপ্স্যামি ॥৭॥

ভারতভাবদীপঃ

এতদিতি ॥১—২॥ তুষ্টা কৃতির্যস্য তস্য তুষ্কৃতেঃ ॥৩॥ দিষ্ট্যা ভাগ্যেন ॥৪—৫॥ ভাবিতং

স্থানে উপস্থিত হইয়াছ। তোমাকে জিজ্ঞাসা করিতেছি—তুমি কি জন্য দার-পরিগ্রহ কর নাই?' ॥৪॥

জরৎকারু বলিলেন—'পিতৃগণ! আমার মনে এই বিষয়টী চিরদিনই রহিয়াছে যে, আমি ঊর্দ্ধ্বরেতা থাকিয়াই এই শরীরকে পরলোকে পাঠাইব ॥৫॥

হে পিতৃগণ! 'আমি বিবাহ করিব না' এইরূপই আমার মন প্রথমে ভাবিয়াছিল; কিন্তু এখন আপনাদিগকে এইরূপ পক্ষীর ন্যায় ঝুলিতে দেখিয়া আমি সে মনকে ব্রহ্মচর্য্য হইতে ফিরাইলাম ॥৬॥

আমি আপনাদের ইচ্ছানুরূপ প্রীতিকর কার্য্য করিব; যদি কখনও আমারই নামের অনুরূপ-নামযুক্ত কন্যা পাই, তবে আমি নিশ্চয়ই বিবাহ করিব ॥৭॥

এবংবিধমহং কুর্য্যাং নিবেশং প্রাপ্নুয়াং যদি।
অন্যথা ন করিষ্যেঽহং সত্যমেতৎ পিতামহাঃ! ॥৯॥
অত্র চোৎপৎস্যতে জন্তুর্ভবতাং তারণায় বৈ।
শাশ্বতাশ্চাব্যয়াশ্চৈব তিষ্ঠন্তু পিতরো মম ॥১০॥

সৌতিরুবাচ।

এবমুক্ত্বা তু স পিতৃংশ্চচার পৃথিবীং মুনিঃ।
ন চ স্ম লভতে ভার্য্যাং বৃদ্ধোঽয়মিতি শৌনক! ॥১১॥
যদা নির্ব্বেদমাপন্নং পিতৃভিশ্চোদিতস্তথা।
তদারণ্যং স গত্বোচ্চৈশ্চুক্রোশ ভৃশদুঃখিতঃ ॥১২॥

ভারতকৌমুদী

ভবিষ্যতীতি। যা কাচিৎ কন্যা, ভৈক্ষ্যবৎ ভিক্ষাদ্রব্যবৎ স্বয়ম্ আত্মানং দাতুমুদ্যতা ভবিষ্যতি, যাঞ্চ অহং ন ভরেয়ম্ অন্নবস্ত্রাদিনা ন পরিপালয়েয়ম্, তাং প্রতিগ্রহীতা অস্মি ॥৮॥

এবমিতি। যদি তথাবিধাং কন্যাং প্রাপ্নুয়াম্, তদৈব এবংবিধং নিবেশং বিবাহং কুর্য্যাম্। অন্যথা অহং নিবেশং ন করিষ্যে, হে পিতামহাঃ! এতৎ সত্যং ব্রবীমি ॥৯॥

তত্রেতি। তত্র তস্যাং কন্যায়াঞ্চ, ভবতাং তারণায়, জন্তুঃ প্রাণী পুত্র ইত্যর্থঃ উৎপৎস্যতে। তেন চ মম পিতরো ভবন্তঃ, শাশ্বতা বৈকুণ্ঠাদিনিত্যলোকস্থাঃ, অব্যয়াঃ তস্মাদ্বিচ্যুতিশূন্যাশ্চ তিষ্ঠন্তু ॥১০॥

এবমিতি। স মুনির্জরৎকারুঃ, পিতৄন্ এবম্ উক্ত্বা, পৃথিবীং চচার। কিন্তু হে শৌনক! অযং বৃদ্ধ ইতি হেতোঃ, ভার্য্যাং ন লভতে স্ম ॥১১॥

যদেতি। যদা পিতৃভিঃ তথা তাদৃক্ চোদিতো বিবাহায় প্রণোদিতঃ, অতএব পিতৃ-

ভারতভাবদীপঃ

ভাবযুক্তম্ ॥৬॥ নিবেক্ষ্যে নিবেশং বিবাহং করিষ্যে ॥৭—৮॥ ন ভরেয়ং ধারণপোষণে ন

যে কন্যা ভিক্ষাদ্রব্যের ন্যায় নিজে উপস্থিত হইবে এবং যে কন্যাকে আমার ভরণপোষণ করিতে হইবে না; আমি সেই কন্যাকেই বিবাহ করিব ॥৮॥

যদি পাই, তবে এইরূপ বিবাহই করিব, না পাইলে বিবাহ করিব না; পিতৃগণ! এ কথা আমি সত্য বলিতেছি ॥৯॥

আপনাদের উদ্ধারের জন্য সেই কন্যার গর্ভে পুত্র জন্মিবে; তাহার পর আপনারা নিত্যধামে যাইয়া থাকিবেন; কিন্তু তথা হইতে আর পতিত হইবেন না' ॥১০॥

সৌতি বলিলেন—জরৎকারুমুনি পিতৃগণকে এইরূপ বলিয়া পৃথিবী বিচরণ করিতে লাগিলেন; কিন্তু মহর্ষি শৌনক! তিনি বৃদ্ধ বলিয়া কোথাও কন্যা পাইলেন না ॥১১॥

স ত্বরণ্যগতঃ প্রাজ্ঞঃ পিতৄণাং হিতকাম্যয়া।
উবাচ কন্যাং যাচামি তিস্রো বাচঃ শনৈরিমাঃ ॥১৩॥
যানি ভূতানি সন্তীহ স্থাবরাণি চরাণি চ।
অন্তর্হিতানি বা যানি তানি শৃণ্বন্তু মে বচঃ ॥১৪॥
উগ্রে তপসি বর্ত্তন্তং পিতরশ্চোদয়ন্তি মাম্।
নিবিশস্বেতি দুঃখার্ত্তাঃ সন্তানস্য চিকীর্ষয়া ॥১৫॥
নিবেশায়াখিলাং ভূমিং কন্যাভৈক্ষ্যং চরামি ভোঃ।।
দরিদ্রো দুঃখশীলশ্চ পিতৃভিঃ সন্নিযোজিতঃ ॥১৬॥

ভারতকৌমুদী

কষ্টহেতুত্বাৎ নির্ব্বেদম্, আত্মাবমাননাম্, আপন্নঃ প্রাপ্তঃ, তদা স জরৎকারুঃ, ভৃশদুঃখিতঃ সন্, অরণ্যং গত্বা, উচ্চৈঃ, চুক্রোশ শব্দিতবান্ ॥১২॥

স ইতি। প্রাজ্ঞঃ স জরৎকারুঃ, অরণ্যগতঃ সন্, পিতৄণাং হিতকাম্যয়া, 'কন্যাং যাচামি' ইমাস্তিস্রো বাচঃ, শনৈঃ উবাচ ॥১৩॥

যানীতি। ইহ অরণ্যে, স্থাবরাণি স্থিতিশীলানি বৃহৎসর্পাদীনি, চরাণি হরিণাদীনি জঙ্গমানি যানি ভূতানি প্রাণিনঃ সন্তি; যানি বা ভূতানি বনদেবতাদীনি অন্তর্হিতানি সন্তি, তানি ভূতানি মে বচঃ শৃণ্বন্তু ॥১৪॥

উগ্র ইতি। দুঃখার্ত্তাঃ পিতরঃ, সন্তানস্য চিকীর্ষয়া কর্ত্তুমিচ্ছয়া, উগ্রে তপসি বর্ত্তন্তং বর্ত্তমানমপি মাম্, নিবিশস্ব 'পরিণয়' ইতি চোদয়ন্তি প্রণোদয়ন্তি ॥১৫॥

নিবেশায়েতি। ভোঃ প্রাণিনঃ! দরিদ্রো দুঃখশীলশ্চাহম্, পিতৃভিঃ সন্নিযোজিতঃ সন্, নিবেশায় বিবাহায়, কন্যৈব ভৈক্ষ্যং ভিক্ষাদ্রব্যং তদ্‌গ্রহীতুমিতি শেষঃ, অখিলাং ভূমিং পৃথিবীম্, চরামি ॥১৬॥

পিতৃলোকের প্রেরণায় জরৎকারুর যখন আত্মধিক্কার উপস্থিত হইল, তখন তিনি অত্যন্ত দুঃখিত হইয়া বনে যাইয়া উচ্চস্বরে বলিতে লাগিলেন ॥১২॥

জ্ঞানবান্ জরৎকারু বনে যাইয়া পিতৃলোকের হিতকামনায় এই কথা তিন বার ধীরে ধীরে বলিলেন—'আমি কন্যা প্রার্থনা করি', 'আমি কন্যা প্রার্থনা করি', 'আমি কন্যা প্রার্থনা করি' ॥১৩॥

স্থাবর ও জঙ্গম যত প্রাণী এই বনের ভিতরে আছে, অথবা যে সকল প্রাণী অন্তর্হিত হইয়া রহিয়াছে, তাহারা সকলেই আমার কথা শ্রবণ করুক ॥১৪॥

আমি ভয়ঙ্কর তপস্যায় প্রবৃত্ত রহিয়াছি, তথাপি আমার পিতৃগণ দুঃখার্ত্ত হইয়া, আমার সন্তান কামনায় 'বিবাহ কর' বলিয়া আমাকে প্রণোদিত করিতেছেন ॥১৫॥

যস্য কন্যাস্তি ভূতস্য যে ময়েহ প্রকীর্ত্তিতাঃ।
তে মে কন্যাং প্রযচ্ছন্তু চরতঃ সর্ব্বতো দিশম্ ॥১৭॥
মম কন্যা সনাম্নী যা ভৈক্ষ্যবচ্চোদ্যতা ভবেৎ।
ভবেয়ঞ্চৈব যাং নাহং তাং মে কন্যাং প্রযচ্ছত ॥১৮॥
ততস্তে পন্নগা যে বৈ জরৎকারৌ সমাহিতাঃ।
তামাদায় প্রবৃত্তিং তে বাসুকেঃ প্রত্যবেদয়ন্ ॥১৯॥
তেষাং শ্রুত্বা স নাগেন্দ্রস্তাং কন্যাং সমলঙ্কৃতাম্।
প্রগৃহ্যারণ্যমগমৎ সমীপং তস্য পন্নগঃ ॥২০॥

ভারতকৌমুদী

যস্যেতি। ইহ অরণ্যে, যস্য ভূতস্য প্রাণিনঃ, কন্যা অস্তি, ময়া যে প্রাণিনশ্চ প্রকীর্ত্তিতাঃ স্থাবরাণীত্যাদিনা উল্লিখিতাঃ, তে প্রকীর্ত্তিতাঃ প্রাণিনঃ, সর্ব্বতো দিশং চরতঃ মে মম, তৎকন্যাং প্রযচ্ছন্তু দদতু ॥১৭॥

মমেতি। যা কন্যা মম সনাম্নী সমাননামিকা, ভৈক্ষ্যবৎ ভিক্ষাদ্রব্যবৎ, উদ্যতা আত্মানং দাতুমুদ্যুক্তা চ ভবেৎ, যাঞ্চ কন্যাম্ অহং ন ভরেয়ম্, যূয়ং তাং কন্যাম্, মে মহ্যম্, প্রযচ্ছত অর্পয়ত ॥১৮॥

তত ইতি। ততঃ পরম্, তে প্রসিদ্ধাঃ, যে পন্নগাঃ, জরৎকারৌ জরৎকারোরন্বেষণে, সমাহিতাঃ কৃতমনোযোগা আসন্; তে পন্নগাঃ, তাং প্রবৃত্তিং জরৎকারোঃ কন্যাপ্রার্থনাবৃত্তান্তম্, আদায়, বাসুকেঃ সমীপে, প্রত্যবেদয়ন্ জ্ঞাপিতবন্তঃ ॥১৯॥

তেষামিতি। নাগেন্দ্রঃ স পন্নগো বাসুকিঃ, তেষাং পন্নগানাং মুখাৎ, তং বৃত্তান্তং শ্রুত্বা, সমলঙ্কৃতাং তাং কন্যাম্, প্রগৃহ্য, তস্য জরৎকারোঃ, সমীপম্ অরণ্যম্, অগমৎ ॥২০॥

ভারতভাবদীপঃ

কুর্য্যাম্ ॥৯॥ শাশ্বতা নিত্যাঃ, অব্যয়া অপক্ষয়শূন্যাঃ ॥১০—১২॥ যাচামি যাচে ॥১৩—১৮॥

হে প্রাণিগণ! আমি দরিদ্র ও দুঃখী হইয়াও পিতৃলোকের প্রেরণায় বিবাহোপযোগী কন্যা ভিক্ষা করিবার জন্য সমস্ত পৃথিবী পর্য্যটন করিতেছি ॥১৬॥

আমি যাহাদের নাম করিলাম, তাহাদের মধ্যে যাহার কন্যা আছে, সে আমাকে কন্যা দান করুক; কেন না, আমি কন্যালাভের জন্যই সকল দিকে বিচরণ করিতেছি ॥১৭॥

যে কন্যার নাম আমার নামেরই অনুরূপ হইবে, যে কন্যা ভিক্ষাদ্রব্যের ন্যায় নিজেই উপস্থিত হইবে এবং যে কন্যাকে আমার ভরণপোষণ করিতে হইবে না; সেই কন্যাই আমাকে দান কর' ॥১৮॥

তাহার পর, যে সকল নাগ জরৎকারুর অন্বেষণের জন্য যত্নবান্ ছিল, তাহারা জরৎকারুর সেই কন্যা প্রার্থনার বৃত্তান্ত নিয়া বাসুকিকে জানাইল ॥১৯॥

তত্র তাং ভৈক্ষ্যবৎ কন্যাং প্রাদাত্তস্মৈ মহাত্মনে।
নাগেন্দ্রো বাসুকির্ব্রহ্মন্! ন স তাং প্রত্যগৃহ্লত ॥২১॥
অসনামেতি বৈ মত্বা ভরণে চাবিচারিতে।
মোক্ষভাবে স্থিতশ্চাপি মন্দীভূতঃ পরিগ্রহে ॥২২॥ (যুগ্মকম্)
ততো নাম স কন্যায়াঃ পপ্রচ্ছ ভৃগুনন্দন!।
বাসুকিং ভরণঞ্চাস্যা ন কুর্য্যামিত্যুবাচ হ ॥২৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি আস্তীকে বাসুকিজরৎকারুসমাগমো নামৈকচত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

তত্রেতি। হে ব্রহ্মন্! শৌনক! নাগেন্দ্রঃ স বাসুকিঃ, তত্র অরণ্যে, ভৈক্ষ্যবৎ ভিক্ষাদ্রব্যবৎ, তাং কন্যাম্, তস্মৈ মহাত্মনে জরৎকারবে, প্রাদাৎ প্রদাতুমৈষীৎ, কিন্তু মোক্ষভাবে মুক্তিমার্গে স্থিতশ্চ স জরৎকারুঃ, সা কন্যা অসনামা বিভিন্ননাম্নী ইতি মত্বা, তস্যাঃ কন্যায়া ভরণে চ, অবিচারিতে বিচারেণ অনির্দ্দিষ্টে সতি, পরিগ্রহে তৎকন্যাবিবাহে, মন্দীভূতঃ কুণ্ঠিতঃ সন্, তাং কন্যাম্, ন প্রত্যগৃহ্লত ন প্রতিগ্রহীতুমৈচ্ছৎ ॥২১—২২॥

তত ইতি। হে ভৃগুনন্দন! শৌনক! ততঃ পরম্, স জরৎকারুঃ, তস্যাঃ কন্যায়া নাম বাসুকিং পপ্রচ্ছ, তথা অহম্ অস্যাঃ কন্যায়া ভরণং ন কুর্য্যামিতি চ, বাসুকিম্ উবাচ ॥২৩॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাদিপর্ব্বণি আস্তীকে একচত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

জরৎকারৌ সমাহিতাঃ জরৎকারোরন্বেষণে যত্তাঃ ॥১৯—২১॥ অসনামেতি। মোক্ষে স্থিতস্থ পরিগ্রহো দুঃখায়েতি পিতৃপ্রয়োজনমাত্রং কার্য্যমিত্যাশয়ঃ ॥২২ ২৩॥

ইতি শ্রীমহাভারতে নৈলকণ্ঠীয়ে আদিপর্ব্বণি ভারতভাবদীপে একচত্বারিংশোঽধ্যায়ঃ ॥৪১॥

নাগরাজ বাসুকি তাহাদের মুখে সেই বৃত্তান্ত শুনিয়া, কন্যাটীকে অলঙ্কারে সজ্জিত করিয়া, তাহাকে নিয়া, বনের ভিতরে জরৎকারুর নিকট গেলেন ॥০॥

মহর্ষি শৌনক! নাগরাজ বাসুকি বনে যাইয়া সেই কন্যাটী মহাত্মা জরৎকারুকে দান করিবার ইচ্ছা জানাইলেন; তাহাতে একে জরৎকারু মুক্তিকামী ছিলেন, দ্বিতীয়তঃ কন্যার নাম নিজের নামের অনুরূপ হইবে না বলিয়া মনে করিলেন, তৃতীয়তঃ কন্যাটীর ভরণপোষণ কে করিবে, তাহার কোন্ নিশ্চয় হইয়াছিল না; এই সকল কারণে জরৎকারু প্রথমে কন্যাটীকে গ্রহণ করিতে ইচ্ছা করিলেন না ॥২১—২২॥

---

(২২)…দ্বন্দ্বীভূতঃ পরিগ্রহে। * '…ষট্চত্বারিংশোঽধ্যায়ঃ' '…দ্বাচত্বারিংশোঽধ্যায়ঃ' ইতি পাঠভেদৌ।

দ্বিচত্বারিংশোঽধ্যায়ঃ।

—ঃ*ঃ—

সৌতিরুবাচ।

বাসুকিস্ত্বব্রবীদ্বাক্যং জরৎকারুমৃষিং তদা।
সনাম্নী তব কন্যেয়ং স্বসা মে তপসান্বিতা ॥১॥
ভবিষ্যামি চ তে ভার্য্যাং প্রতীচ্ছেমাং দ্বিজোত্তম!।
রক্ষণঞ্চ করিষ্যেঽস্যাঃ সর্ব্বশক্ত্যা তপোধন!।
ত্বদর্থং রক্ষ্যতে চৈষা ময়া মুনিবরোত্তম। ॥২॥

জরৎকারুরুবাচ।

ন ভরিষ্যেঽহমেতাং বৈ এষ মে সময়ঃ কৃতঃ।
অপ্রিয়ঞ্চ ন কর্ত্তব্যং কৃতে চৈনাং ত্যজাম্যহম্ ॥৩॥

ভাবতকৌমুদী

বাসুকিরিতি। তদা বাসুকিস্তু, জরৎকারুম্ ঋষিম্, ইদং বাক্যম্ অব্রবীৎ। হে ঋষে! ইয়ং কন্যা তব সনাম্নী সমাননামিকা, মে মম, স্বসা ভগিনী, তপসা অন্বিতা চ। অতস্তবেয়ং যোগ্যেতি ভাবঃ ॥১॥

ভবিষ্যামীতি। হে দ্বিজোত্তম! অহং তব ভার্য্যাং ভবিষ্যামি; অতএব ত্বমিমাং প্রতীচ্ছ প্রতিগৃহাণ। হে তপোধন! অহং সর্ব্বশক্ত্যা অস্যা রক্ষণঞ্চ করিষ্যে। হে মুনিবরোত্তম! ময়া ত্বদর্থঞ্চ এষা রক্ষ্যতে। ষট্‌পদমিদং পদ্যম্ ॥২॥

নেতি। অহম্ এতাং মম ভার্য্যাং ন ভরিষ্যে, মে ময়া, এষ সময়ো নিয়মঃ, কৃতঃ।

মহর্ষি শৌনক! তাহাব পব জবৎকাক বাসুকির নিকট কন্যাটীব নাম জিজ্ঞাসা কবিলেন এবং আমি ইহাব ভবণপোষণ কবিতে পাবিব না—এ কথাও বাসুকিকে বলিলেন ॥২৩॥

——ঃ*ঃ——

সৌতি কহিলেন—তখন বাসুকি জরৎকাকমুনিকে এই কথা বলিলেন—'এই কন্যাটীব নাম আপনাব নামেবই অনুরূপ, এ আমারই ভগিনী, তপস্যাও কবিতেছে ॥১॥

আমি আপনার ভার্য্যাব ভবণপোষণ করিব; অতএব ব্রাহ্মণ! আপনি ইহাকে গ্রহণ করুন। হে তপোধন! আমি সমস্ত শক্তি প্রয়োগ করিয়া ইহার বক্ষণাবেক্ষণ কবিব; বিশেষতঃ, মুনিশ্রেষ্ঠ! আমি ইহাকে আপনার জন্যই এতকাল বক্ষা কবিযা আসিতেছি ॥২॥

সৌতিরুবাচ।

প্রতিশ্রুতে তু নাগেন ভরিষ্যে ভগিনীমিতি।
জরৎকারুস্তদা বেশ্ম ভুজগস্য জগাম হ ॥৪॥
তন্ত্রমন্ত্রবিদাং শ্রেষ্ঠস্তপোবৃদ্ধো মহাব্রতঃ।
জগ্রাহ পাণিং ধর্ম্মাত্মা বিধিমন্ত্রপুরস্কৃতম্ ॥৫॥
ততো বাসগৃহং রম্যং পন্নগেন্দ্রস্য সম্মতম্।
জগাম ভার্য্যামাদায় স্তূয়মানো মহর্ষিভিঃ ॥৬॥
শয়নং তত্র সংক্লৃপ্তং স্পার্দ্ধ্যাস্তরণসংবৃতম্।
তত্র ভার্য্যাসহায়ো বৈ জরৎকারুরুবাস হ ॥৭॥

ভারতকৌমুদী

অনযা চ মম অপ্রিয়ং কার্য্যং ন কর্ত্তব্যম্, অপ্রিয়ে কৃতে চ, অহম্ এনাং ত্যজামি। এষোঽপি মে সময় ইত্যাশয়ঃ ॥৩॥

প্রতীতি। নাগেন বাসুকিনা, 'ভগিনীং ভরিষ্যে' ইত্যাদিনা প্রতিশ্রুতে সতি, তদা জরৎকারুঃ, ভুজগস্য বাসুকিনাগস্য, বেশ্ম ভবনম্, জগাম ॥৪॥

তন্ত্রেতি। মন্ত্রবিদাং শ্রেষ্ঠঃ, তপসাপি বৃদ্ধঃ, মহাব্রতঃ, ধর্ম্মাত্মা চ জরৎকারুঃ, তত্র বাসুকিভবনে, বিধিমন্ত্রৌ পুরস্কৃতৌ প্রথমবিহিতৌ যস্মিন্ কর্ম্মণি তদ্‌যথা তথা বাসুকিভগিন্যাঃ পাণিং জগ্রাহ ॥৫॥

তত ইতি। ততঃ পাণিগ্রহণাৎ পরম্, মহর্ষিভিঃ স্তূয়মানো জরৎকারুঃ, ভার্য্যাম্ আদায়, রম্যাম্, অতএব পন্নগেন্দ্রস্য সম্মতং প্রিয়ং বাসগৃহম্, জগাম ॥৬॥

শয়নমিতি। তত্র বাসগৃহে, দুগ্ধফেনং স্পর্দ্ধত ইতি স্পর্দ্ধি বহুমূল্যং বা যৎ আস্তরণং তেন সংবৃতম্ আবৃতম্, শয়নং শয্যা, সংক্লৃপ্তং রচিতমাসীৎ; জরৎকারুঃ, ভার্য্যাসহায়ঃ সন্, তত্র উবাস ॥৭॥

জরৎকারু বলিলেন—'আমি নিয়ম করিয়াছি যে, আমি আমার ভার্য্যার ভরণপোষণ করিব না; আমার ভার্য্যা কখনও আমার অপ্রিয় কার্য্য করিতে পারিবে না, তাহা করিলে, আমি তাহাকে ত্যাগ করিব' ॥৩॥

সৌতি বলিলেন—'আমি আমার ভগিনীর ভরণপোষণ করিব' এই কথা বলিয়া বাসুকি শপথ করিলে, জরৎকারুমুনি বাসুকির বাড়ী গেলেন ॥৪॥

মন্ত্রজ্ঞশ্রেষ্ঠ তপোবৃদ্ধ মহাব্রতশালী ধর্ম্মাত্মা জরৎকারু বাসুকির বাড়ী যাইয়া, মন্ত্রপাঠপূর্ব্বক যথাবিধানে বাসুকিভগিনীর পাণিগ্রহণ করিলেন ॥৫॥

তাহার পর, জরৎকারু ভার্য্যাকে নিয়া, নাগরাজ বাসুকির অতিপ্রিয় ও পরম সুন্দর বাসগৃহে গেলেন, তৎকালে অন্যান্য মহর্ষিরা জরৎকারুর স্তব করিতে লাগিলেন ॥৬॥

স তত্র সময়ং চক্রে ভার্য্যয়া সহ সত্তমঃ।
বিপ্রিয়ং মে ন কর্ত্তব্যং ন চ বাচ্যং কদাচন ॥৮॥
ত্যজেয়ং বিপ্রিয়ে চ ত্বাং কৃতে বাসঞ্চ তে গৃহে।
এতদ্‌গৃহাণ বচনং ময়া যৎ সমুদীরিতম্ ॥৯॥
ততঃ পরমসংবিগ্না স্বসা নাগপতেস্তদা।
অতিদুঃখান্বিতা বাক্যং তমুবাচৈবমস্ত্বিতি ॥১০॥
তথৈব সা চ ভর্ত্তারং দুঃখশীলমুপাচরৎ।
উপায়ৈঃ শ্বেতকাকীয়ৈঃ প্রিয়কামা যশস্বিনী ॥১১॥

ভারতকৌমুদী

স ইতি। সত্তমঃ সাধুশ্রেষ্ঠঃ, স জরৎকারুঃ, তত্র বাসগৃহে স্থিত্বা, ভার্য্যয়া সহ, সময়ং নিয়মং চক্রে। কিং নিয়মমিত্যাহ—ত্বয়া কদাচনাপি মে মম বিপ্রিয়ং অপ্রিয়ম্, ন কর্ত্তব্যম্, ন চ বাচ্যং ন বা বক্তব্যম্ ॥৮॥

ত্যজেয়মিতি। ত্বয়া মম বিপ্রিয়ে কৃতে, অহং ত্বাং তে তব গৃহে বাসঞ্চ, ত্যজেয়ম্। ময়া যদেতদ্বচনং সমুদীরিতম্ উক্তম্, এতৎ গৃহাণ স্বীকুরু ॥৯॥

তত ইতি। ততঃ পরম্, তদা নাগপতের্ব্বাসুকেঃ, স্বসা ভগিনী পরমসংবিগ্না অতীবসন্ত্রস্তা, অতিদুঃখান্বিতা চ সতী, 'এবম্ অস্তু' ইতি বাক্যং তং জরৎকারুম্ উবাচ ॥১০॥

তথেতি। ভর্ত্তুঃ প্রিয়কামা, অতএব যশস্বিনী, সা বাসুকের্ভগিনী, শ্বেতকাকীয়ৈঃ শ্বেতকাকী বকপক্ষিণী তৎসম্বন্ধিভিঃ তত্তুল্যৈরিত্যর্থঃ, বকপক্ষিণী হি বর্ষাকালে সর্ব্বথা বকমুপচরতি; উপায়ৈঃ তথৈব ভর্ত্তুরাদেশক্রমেণৈব, দারিদ্র্যাদ্‌দুঃখশীলং ভর্ত্তারম্, উপাচরৎ সেবিতবতী ॥১১॥

ভারতভাবদীপঃ

বাসুকিরিতি ॥১॥ প্রতীচ্ছ প্রতিগৃহাণ ॥২—৬॥ স্পর্দ্ধ্যং বহুমূল্যং তুলিকাছাস্তরণং তেন

সেই বাসগৃহে দুগ্ধফেনতুল্য আস্তরণে আবৃত একখানি শয্যা নির্ম্মিত ছিল, জরৎকারু ভার্য্যার সহিত সেই শয্যায় অবস্থান করিলেন ॥৭॥

সাধুশ্রেষ্ঠ জরৎকারু সেই ঘরে থাকিয়া ভার্য্যার সহিত এই নিয়ম করিলেন যে, তুমি কখনও আমার অপ্রিয় কার্য্য করিতে পারিবে না ॥৮॥

তুমি আমার অপ্রিয় কার্য্য করিলে কিংবা অপ্রিয় কথা বলিলে, আমি তোমাকে এবং তোমার এই বাসগৃহকে পরিত্যাগ করিব। আমার এ কথাই স্বীকার কর' ॥৯॥

তাহার পর, বাসুকির ভগিনী অতি ভীত ও দুঃখিত হইয়া জরৎকারুকে বলিলেন—'ইহাই হইবে' ॥১০॥

বর্ষাকালে বকপক্ষিণী যেমন বকপক্ষীর পরিচর্য্যা করে, তেমন ভাবেই

ঋতুকালে ততঃ স্নাতা কদাচিদ্বাসুকেঃ স্বসা।
ভর্ত্তারং বৈ যথান্যায়মুপতস্থে মহামুনিম্ ॥১২॥
তত্র তস্যাঃ সমভবদ্‌গর্ভো জ্বলনসন্নিভঃ।
অতীবতেজসা যুক্তো বৈশ্বানরসমদ্যুতিঃ ॥১৩॥
শুক্লপক্ষে যথা সোমো ব্যবৰ্দ্ধত তথৈব সঃ।
ততঃ কতিপয়াহঃসু জরৎকারুর্মহাযশাঃ ॥১৪॥
উৎসঙ্গেঽস্যাঃ শিরঃ কৃত্বা সুষ্বাপ পরিখিন্নবৎ।
তস্মিংস্তু সুপ্তে বিপ্রেন্দ্রে সবিতাস্তমিয়াদ্‌গিরিম্ ॥১৫॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

ঋত্বিতি। ততঃ কদাচিৎ, সা বাসুকেঃ স্বসা ভগিনী ঋতুকালে তচ্চতুর্থদিনে স্নাতা সতী, যথান্যায়ং মহামুনিং ভর্ত্তারম্, উপতস্থে উপাসাঞ্চক্রে ॥১২॥

তত্রেতি। তত্র ঋতুকালে, তস্যা বাসুকিভগিন্যাঃ, অতীবতেজসা যুক্তঃ, অতএব জ্বলন-সন্নিভো ব্রাহ্মতেজসি অগ্নিতুল্যঃ, বৈশ্বানরসমদ্যুতিঃ শরীরেঽপি অগ্নিকান্তিঃ, গর্ভঃ সমভবৎ ॥১৩॥

শুক্লেতি। শুক্লপক্ষে সোমশ্চন্দ্রো যথা বিবৰ্দ্ধতে; তথৈব স গর্ভো ব্যবৰ্দ্ধত। ততঃ পরং কতিপয়াহঃসু গতেষু মহাযশা জরৎকারুঃ, অস্যা বাসুকিভগিন্যাঃ, উৎসঙ্গে ক্রোড়ে, শিরঃ কৃত্বা মস্তকং স্থাপয়িত্বা, পরিখিন্নবৎ পরিশ্রান্তবৎ, সুষ্বাপ গাঢ়ং নিদদ্রৌ। তস্মিন্ বিপ্রেন্দ্রে সুপ্তে সতি, সবিতা সূর্য্যঃ, অস্তং গিরিম্, ইয়াৎ যাতুমুদ্যতোঽভূৎ ॥১৪—১৫॥

ভারতভাবদীপঃ

সংতযুম্ ॥৭—৮॥ বিপ্রিয়ে কৃতে ত্বাং তব গৃহে বাসঞ্চ ত্যজেয়ম্ ॥৯—১০॥ দুঃখশীলং দুঃখ-প্রদস্বভাবম্। শ্বেতকাকীয়ৈঃ শ্বা চ এতশ্চ কাকশ্চ তেষামিমে শ্বেতকাকীয়াস্তৈঃ, নিত্যজাগ-রূকত্বভয়চকিতত্বেঙ্গিতত্বজ্ঞৈঃ। উপাচরৎ আরাধিতবতী। "এতঃ কর্ব্বুর আগতে" ইতি মেদিনীকোষাদ্বর্ণবাচ্যপি এতশব্দস্তদ্বতি মৃগে বর্ত্ততে শোণাদিপদবৎ। শ্বেত ইত্যত্র "ওমাঙোশ্চ" ইতি পররূপম্। অন্যে তু শ্বেতকাকো বকস্তদীয়ৈঃ, তং হি বর্ষাসু নীড়স্থং বক্যেব

সেই নাগভগিনী ভর্ত্তা জরৎকারুর প্রীতিকামনায় পরিচর্য্যা করিতে থাকিয়া যশস্বিনী হইলেন ॥১১॥

তাহার পর কোন সময়ে বাসুকির ভগিনী ঋতুস্নান করিয়া, যথানিয়মে ভর্ত্তার উপাসনা করিলেন ॥১২॥

তাহাতেই তাঁহার গর্ভ হইল; সে গর্ভ ব্রাহ্মণ্যতেজেও অগ্নির তুল্যই হইয়াছিল, আবার শরীরকান্তিতেও অগ্নির তুল্যই হইয়াছিল ॥১৩॥

শুক্লপক্ষে চন্দ্র যেমন বৃদ্ধি পায়, সে গর্ভও তেমনই বৃদ্ধি পাইতে লাগিল। তাহার পর, কয়েক দিন অতীত হইলে, মহাযশস্বী জরৎকারু বাসুকিভগিনীর

---

(১৪)···ততঃ কতিপয়াহস্য···।

অহ্নঃ পরিক্ষয়ে ব্রহ্মন্! ততঃ সাচিন্তয়ত্তদা।
বাসুকের্ভগিনী ভীতা ধর্ম্মলোপান্মনস্বিনী ॥১৬॥
কিন্নু মে সুকৃতং ভূয়াদ্ভর্ত্তুরুত্থাপনং ন বা।
দুঃখশীলো হি ধর্ম্মাত্মা কথং নাস্যাপরাধ্নুয়াম্ ॥১৭॥
কোপো বা ধর্ম্মশীলস্য ধর্ম্মলোপোঽথবা পুনঃ।
ধর্ম্মলোপো গরীয়ান্ বৈ স্যাদিত্যত্রাকরোন্মতিম্ ॥১৮॥
উত্থাপয়িষ্যে যদ্যেনং ধ্রুবং কোপং করিষ্যতি।
ধর্ম্মলোপো ভবেদস্য সন্ধ্যাতিক্রমণে ধ্রুবম্ ॥১৯॥

ভারতকৌমুদী

অহ্ন ইতি। হে ব্রহ্মন্! শৌনক! ততঃ পরম্, অহ্নো দিবসস্য, পরিক্ষয়ে অবসানে সতি, তদা মনস্বিনী বুদ্ধিমতী, সা বাসুকের্ভগিনী, ভর্ত্তুঃ সায়ংসন্ধ্যাতিক্রমেণ ধর্ম্মলোপাৎ ভীতা সতী, অচিন্তযৎ ॥১৬॥

কিমিতি। ভর্ত্তুঃ উত্থাপনং নিদ্রাতো জাগরণম্, মে মম, সুকৃতং ন্যায্যকরণং ভূয়াৎ কিন্নু ন বা। হি যস্মাৎ, অযং ধর্ম্মাত্মা, দুঃখশীলঃ শ্রমদুঃখার্ত্তঃ, অতএব উত্থাপনে অস্য সম্বন্ধে কথং ন অপরাধ্নুয়াম্? ॥১৭॥

কোপ ইতি। মুনেঃ কোপো বা, অথবা পুনর্ধর্ম্মশীলস্য তস্য ধর্ম্মলোপঃ, অনযোর্মধ্যে ধর্ম্মলোপ এব গরীযান্ দোষঃ স্যাৎ; ইতি হেতোঃ, অত্র ধর্ম্মলোপনিবর্ত্তনে মতিম্ অকরোৎ ॥১৮॥

ভাবতভাবদীপঃ

পুষ্পাতি, তদ্বদিতি ॥১১—১৪॥ উৎসঙ্গে অঙ্কে ॥১৫—১৬॥ দুঃখশীলো দুঃখপ্রদশীলো ধর্ম্মাত্মা চ। কথং কেন প্রকারেণাপরাধিনী ন ভবেযমিত্যর্থঃ ॥১৭॥ কর্ত্তব্যকোটিদ্বযমুপন্যস্য ধর্ম্মলোপমেব

ক্রোড়ে মস্তক স্থাপন করিয়া, পরিশ্রান্তের ন্যায় গাঢ়ভাবে নিদ্রিত হইলেন; সেই ব্রাহ্মণ নিদ্রিত হইলে, সূর্য্য অস্তাচলে যাইবার উপক্রম করিলেন ॥১৪—১৫॥

মহর্ষি শৌনক! তাহার পর দিবসের অবসান হইয়া আসিলে, তখন সেই বুদ্ধিমতী বাসুকির ভগিনী ভর্ত্তার সন্ধ্যার সময় অতীত হইবার সম্ভাবনায় ধর্ম্মলোপের ভয়ে ভীত হইয়া চিন্তা করিতে লাগিলেন—॥১৬॥

স্বামীকে নিদ্রা হইতে জাগান আমার উচিত হইবে কি না? উনি পরিশ্রান্ত হইয়া নিদ্রা যাইতেছেন, এ অবস্থায় জাগাইলে আমার অপরাধ না হইবে কেন? ॥১৭॥

একদিকে মুনির ক্রোধ, অন্য দিকে ধার্ম্মিকের ধর্ম্মলোপ; এই দু'য়ের মধ্যে ধার্ম্মিকের ধর্ম্মলোপই গুরুতর দোষ হইবে, এই জন্যই তিনি ধর্ম্মলোপের নিবৃত্তির দিকেই মতি স্থির করিলেন ॥১৮॥

ইতি নিশ্চিত্য মনসা জরৎকারুর্ভুজঙ্গমা।
তমৃষিং দীপ্ততপসং শয়ানমনলোপমম্ ॥২০॥
উবাচেদং বচঃ শ্লক্ষ্ণং ততো মধুরভাষিণী।
উত্তিষ্ঠ ত্বং মহাভাগ! সূর্য্যোঽস্তমুপগচ্ছতি ॥২১॥ (যুগ্মকম্)
সন্ধ্যামুপাস্স্ব ভগবন্! অপঃ স্পৃষ্ট্বা যতব্রতঃ।
প্রাদুষ্কৃতাগ্নিহোত্রোঽয়ং মুহূর্ত্তো রম্যদারুণঃ ॥২২॥
সন্ধ্যা প্রবর্ত্ততে চেয়ং পশ্চিমায়াং দিশি প্রভো!।
এবমুক্তঃ স ভগবান্ জরৎকারুর্মহাতপাঃ ॥২৩॥

ভারতকৌমুদী

নন্থ কোপো বা কথং ধর্ম্মলোপো বা কথমিত্যাহ উত্থাপয়িষ্য ইতি। যদি এনং মুনিং নিদ্রাত উত্থাপয়িষ্যে, তদা এষ ধ্রুবং নিশ্চিতমেব কোপং করিষ্যতি। সন্ধ্যায়া অতিক্রমণে চাস্য ধ্রুবং ধর্ম্মলোপো ভবেৎ ॥১৯॥

ইতীতি। মধুরভাষিণী, ভুজঙ্গমা নাগজাতীয়া, জরৎকারুস্তদাখ্যা বাসুকিভগিনী, মনসা, ইতি ধর্ম্মলোপ এব গরীয়ান্ দোষ ইত্থম্, নিশ্চিত্য, ততো দীপ্ততপসম্, তেজসা চ অনলোপমম্, শয়ানং নিদ্রিতম্, তম্ ঋষিং জরৎকারুম্, ইদং শ্লক্ষ্ণং কোমলং বচঃ, উবাচ। হে মহাভাগ! ত্বং নিদ্রাত উত্তিষ্ঠ, যেন হি সূর্য্যঃ অস্তম্ উপগচ্ছতি ॥২০—২১॥

সন্ধ্যামিতি। হে ভগবন্! ত্বম্, অপো জলানি, চরণাদৌ স্পৃষ্ট্বা, যতব্রতোঽবলম্বিত-চিত্তৈকাগ্র্যঃ সন্, সন্ধ্যাম্, উপাস্স্ব আরাধয়। "সায়ং প্রাতর্জুহোতি" ইতি শ্রুতেঃ প্রাদুষ্কৃতম্ আরব্ধম্ অগ্নিহোত্রং যাগো যস্মিন্ স তাদৃশঃ, অয়ং মুহূর্ত্তঃ, রম্যঃ সন্ধ্যারাগশীতলবায়ুপ্রচারাদি-হেতোর্মনোহরশ্চাসৌ দারুণো দস্যুতস্করাদ্যাবির্ভাবাদ্ভয়ঙ্করশ্চেতি স তাদৃশো বর্ত্ততে ॥২২॥

সন্ধ্যেতি। হে প্রভো! পশ্চিমায়াং দিশি চ, ইয়ং সন্ধ্যা সন্ধ্যারাগঃ প্রবর্ত্ততে। এবমুক্তঃ

ভারতভাবদীপঃ

গুরুকরোতি, কোপো বেতি ॥১৮—২১॥ প্রাদুষ্কৃতোঽগ্নিহোত্রো বহ্নির্যস্মিন্ স প্রাদুষ্কৃতাগ্নি-

---

যদি ইঁহাকে উঠাই, তবে নিশ্চয়ই ইনি ক্রোধ করিবেন, আবার যদি সন্ধ্যার সময় অতীত হইয়া যায়, তাহা হইলে ইঁহার ধর্ম্ম নষ্ট হইবে ॥১৯॥

মধুরভাষিণী নাগকন্যা জরৎকারু মনে মনে এইরূপ স্থির করিয়া, তাহার পর মহাতপস্বী, অগ্নিতুল্য তেজীয়ান্, নিদ্রিত মহর্ষি জরৎকারুকে এইরূপ কোমল বাক্য বলিলেন—'মহাশয়! আপনি উঠুন, সূর্য্য অস্ত যাইতেছেন ॥২০—২১॥

ভগবন্! আপনি হস্ত-পদাদি প্রক্ষালন করিয়া সংযতচিত্তে সন্ধ্যার উপাসনা করুন। ঋষিরা অগ্নিহোত্র আরম্ভ করিয়াছেন; এই মুহূর্ত্তটি সুন্দরও বটে, ভয়ঙ্করও বটে ॥২২॥

প্রভু! পশ্চিমদিকে সন্ধ্যার রক্তিমা প্রকাশ পাইতেছে।' এইরূপ বলিলে

ভার্য্যাং প্রস্ফুরমাণৌষ্ঠ ইদং বচনমব্রবীৎ।
অবমানঃ প্রযুক্তোঽয়ং ত্বয়া মম ভুজঙ্গমে! ॥২৪॥ (যুগ্মকম্)
সমীপে তে ন বৎস্যামি গমিষ্যামি যথাগতম্।
শক্তিরস্তি ন বামোরু! ময়ি সুপ্তে বিভাবসোঃ ॥২৫॥
অস্তং গন্তুং যথাকালমিতি মে হৃদি বর্ত্ততে।
ন চাপ্যবমতস্যেহ বাসো রোচেত কস্যচিৎ ॥২৬॥ (যুগ্মকম্)
কিং পুনর্ধর্ম্মশীলস্য মম বা মদ্বিধস্য বা।
এবমুক্তা জরৎকারুর্ভর্ত্রা হৃদয়কম্পনম্ ॥২৭॥

ভারতকৌমুদী

স ভগবান্ মহাতপা জরৎকারুঃ, প্রস্ফুরমাণঃ কোপেন স্পন্দমান ওষ্ঠৌ যস্য স তাদৃশঃ সন্, ভার্য্যাম্, ইদং বচনম্ অব্রবীৎ। হে ভুজঙ্গমে! ত্বয়া, অয়ং নিদ্রাভঙ্গ এব মম অবমানঃ, প্রযুক্তঃ কৃতঃ; নিকৃষ্টস্যৈব নিদ্রাভঙ্গদর্শনাদিতি ভাবঃ ॥২৩—২৪॥

সমীপ ইতি। বামৌ সুন্দরৌ ঊরূ যস্যাস্তৎসম্বোধনম্। হে বামোরু! তে তব সমীপে, ন বৎস্যামি স্থাস্যামি; যথা আগতং তথৈব গমিষ্যামি। ময়ি সুপ্তে নিদ্রিতে সতি, বিভাবসোঃ সূর্য্যস্য, যথাকালম্ অস্তং গন্তুং ন শক্তিরস্তি, ইতি বিশ্বাসো মে মম হৃদি বর্ত্ততে। অতএব ইহ ভবনে, অবমতস্য অবজ্ঞাতস্য কস্যচিদপি জনস্য, বাসো ন রোচেত ॥২৫—২৬॥

কিমিতি। ধর্ম্মশীলস্য মম বা, মদ্বিধস্য ধর্ম্মশীলস্য অন্যস্য বা, কিং পুনর্বাসো রোচেত, অপি তু কথমপি নেত্যর্থঃ। বাসুকের্ভগিনী জরৎকারুঃ, ভর্ত্রা পত্যা জরৎকারুণা, এবম্ উক্তা সতী,

ভারতভাবদীপঃ

হোত্রঃ, "অগ্নিহোত্রোঽগ্নিহবিষো"রিতি মেদিনী। বয়্যো ধর্ম্মসাধনত্বাৎ দারুণো ভূতাদিপ্রচারাৎ

মহাতপস্বী ও মাহাত্ম্যশালী জরৎকারুর ওষ্ঠ কাঁপিয়া উঠিল; তিনি ভার্য্যাকে এই কথা বলিলেন—'নাগকন্যে! তুমি নিদ্রাভঙ্গ করিয়া আমার প্রতি অবজ্ঞা করিয়াছ ॥২৩—২৪॥

অতএব সুন্দরি। আমি আর তোমার নিকটে থাকিব না, আমি যেমন আসিয়াছিলাম, তেমনই যাইব। দেখ—আমি নিদ্রিত থাকিতে, যথাসময়ে সূর্য্যের অস্ত যাইবার ক্ষমতাই নাই; এই বিশ্বাসই আমার মনে রহিয়াছে। অবজ্ঞার পাত্র হইয়া কাহারও এইখানে বাস করিবার ইচ্ছা থাকিতে পারে না ॥২৫—২৬॥

তাহাতে আমি ত ধার্ম্মিক; সুতরাং আমার বা আমার মত অন্য ধার্ম্মিক লোকের বাস করিবার ইচ্ছা ত কোন রকমেই থাকিতে পারে না।' স্বামী এই কথা বলিলে, বাসুকিভগিনী জরৎকারুর হৃদয় কাঁপিয়া উঠিল; তখন

অব্রবীদ্ভগিনী তত্র বাসুকেঃ সন্নিবেশনে।
নাবমানাৎ কৃতবতী তবাহং বিপ্র ! বোধনম্ ॥২৮॥ (যুগ্মকম্)
ধর্ম্মলোপো ন তে বিপ্র ! স্যাদিত্যেতন্ময়া কৃতম্।
উবাচ ভার্য্যামিত্যুক্তো জরৎকারুর্মহাতপাঃ ॥২৯॥
ঋষিঃ কোপসমাবিষ্টস্ত্যক্তুকামো ভুজঙ্গমাম্।
ন মে বাগনৃতং প্রাহ গমিষ্যেঽহং ভুজঙ্গমে ! ॥৩০॥ (যুগ্মকম্)
সময়ো হ্যেষ মে পূর্ব্বং ত্বয়া সহ মিথঃ কৃতঃ।
সুখমস্ম্যুষিতো ভদ্রে ! ব্রুয়াস্ত্বং ভ্রাতরং শুভে ! ॥৩১॥
ইতো ময়ি গতে ভীরু ! গতঃ স ভগবানিতি।
ত্বঞ্চাপি ময়ি নিষ্ক্রান্তে ন শোকং কর্ত্তুমর্হসি ॥৩২॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তত্র সন্নিবেশনে গৃহে, হৃদয়স্য, কম্পনং যস্মিন্ কর্ম্মণি তদ্‌যথা তথা, অব্রবীৎ। কিং তদিত্যাহ—হে বিপ্র ! অহম্, অবমানাৎ অবজ্ঞানাৎ, তব বোধনং জাগরণং ন কৃতবতী ॥২৭—২৮॥

তর্হি কথং মম বোধনং কৃতবতীত্যাহ—ধর্ম্মেতি। হে বিপ্র ! সন্ধ্যাতিক্রমেণ তে তব ধর্ম্মলোপো ন স্যাৎ, ইতি হেতোঃ, ময়া এতত্তব বোধনং কৃতম্। ভার্য্যয়া ইত্যুক্ত এব কোপসমাবিষ্টো মহাতপা জরৎকারুঃ ঋষিঃ, ভার্য্যাং ভুজঙ্গমাং নাগকন্যাম্, ত্যক্তুকামঃ সন্, ইদমুবাচ—হে ভুজঙ্গমে ! নাগজাতীয়ে ! মে মম বাক্, অনৃতং মিথ্যা, ন প্রাহ ন ব্রবীতি। অতএব গমিষ্যামীতি প্রাগুক্তত্বাদেব অহং গমিষ্যে ॥২৯—৩০॥

সময় ইতি। হে ভদ্রে ! মে ময়া, পূর্ব্বং ত্বয়া সহ মিথঃ পরস্পরম্, এষ হি উক্তরূপ এব, সময়ো নিয়মঃ কৃতঃ। অতএব হে শুভে ! অহং ত্বয়া সহ সুখম্, উষিতঃ কৃতবাসঃ অস্মি। ময়ি ইতো গতে সতি, হে ভীরু ! ভয়শীলে ! স ভগবান্ জরৎকারুর্গত ইতি ত্বং ভ্রাতরং বাসুকিং ব্রূয়াঃ। ময়ি নিষ্ক্রান্তে সতি, ত্বমপি চ শোকং ন কর্ত্তুমর্হসি, পূর্ব্বনিয়মাদেবেতি ভাবঃ ॥৩১—৩২॥

তিনি সেই ঘরে থাকিয়া বলিলেন—'ব্রাহ্মণ ! আমি অবজ্ঞা করিয়া আপনার নিদ্রা ভঙ্গ করি নাই ॥২৭—২৮॥

কিন্তু ব্রাহ্মণ ! আপনার ধর্ম্ম নষ্ট না হয়, এই জন্যই আমি আপনার নিদ্রাভঙ্গ করিয়াছি'। এই কথা বলিবামাত্রই জরৎকারুমুনির ক্রোধ হইল, তখন তিনি সেই নাগজাতীয়া ভার্য্যাকে পরিত্যাগ করিবার ইচ্ছায় বলিলেন—'নাগকন্যে। আমার বাক্য কখনও মিথ্যা বলে না ; অতএব আমি নিশ্চয়ই চলিয়া যাইব ॥২৯—৩০॥

ভদ্রে ! পূর্ব্বে আমি তোমার সহিত পরস্পর এইরূপ নিয়মই করিয়াছিলাম। অতএব কল্যাণি ! আমি এত কাল যাবৎ তোমার সহিত সুখেই বাস করিয়াছি ;

ইত্যুক্তা সাঽনবদ্যাঙ্গী প্রত্যুবাচ মুনিং তদা।
জবৎকারুং জবৎকারুশ্চিন্তাশোকপবায়ণা ॥৩৩॥
বাষ্পগদ্গদয়া বাচা মুখেন পবিশুষ্যতা।
কৃতাঞ্জলির্ববাবোহা পর্য্যশ্রুনয়না ততঃ ॥৩৪॥
ধৈর্য্যমালম্ব্য বামোরুর্হৃদয়েন প্রবেপতা।
ন মামর্হসি ধর্ম্মজ্ঞ! পবিত্যক্তুমনাগসম্ ॥৩৫॥
ধর্ম্মে স্থিতাং স্থিতো ধর্ম্মে সদা প্রিয়হিতে রতাম্।
প্রদানে কাবণং যচ্চ মম তুভ্যং দ্বিজোত্তম। ॥৩৬॥
তদলব্ধবতীং মন্দাং কিং মাং বক্ষ্যতি বাসুকিঃ।
মাতৃশাপাভিভূতানাং জ্ঞাতীনাং মম সত্তম! ॥৩৭॥

ভাবতকৌমুদী

ইতীতি। জরৎকারুণা ইতি উক্তা, ততঃ অনবদ্যাঙ্গী অনিন্দ্যাঙ্গী, বামোরুঃ সুন্দরোরু-যুগলা, চিন্তাশোকপরায়ণা নাগবক্ষাবিষয়িণী চিন্তা ভর্তৃবিরহেণ চ শোকস্তদুভযযুক্তা পর্য্যশ্রু-নয়না নয়নয়োরাগতাশ্রুজলা, পবিশুষ্যতা মুখেন, প্রবেপতা কম্পমানেন হৃদয়েন চ বিশিষ্টা, বরারোহা উত্তমা, সা জবৎকারুস্তদাখ্যা বাসুকিভগিনী, ধৈর্য্যম্ আলম্ব্য কৃতাঞ্জলিঃ সতী, তদা, বাষ্পগদ্গদযা বাচা, মুনিং জরৎকারুম্, প্রত্যুবাচ—হে ধর্ম্মজ্ঞ! ধর্ম্মে স্থিতস্ত্বম্, অনাগসং নিরপরাধাম্, বিশেষতশ্চ ধর্ম্মে স্থিতাম্, সদৈব প্রিয়হিতে রতাঞ্চ মাম্, পরিত্যক্তুং ন অর্হসি। হে দ্বিজোত্তম। তুভ্যং মম প্রদানে, যচ্চ কারণং প্রযোজনমাসীৎ, তৎ কাবণং পুত্ত্রমিত্যর্থঃ, লঅব্ধবতীম্, অতএব মন্দাং ভাগ্যহীনাং মাম্, বাসুকিঃ কিং বক্ষ্যতি। নন্থ কিং তৎ কারণ-

ভাবতভাবদীপঃ

॥২২—২৪॥ বিভাবসোঃ সূর্য্যস্য ॥২৫—৩০॥ মিথোঽন্যোন্যম্ ॥৩১—৩২॥ চিন্তা ভ্রাতৃকার্য্য-

এখন আমি এখান হইতে চলিযা গেলে, তুমি তোমাব ভ্রাতা বাসুকিকে বলিবে যে, সে মহর্ষি চলিয়া গিয়াছেন। হে ভযশীলে! আমি চলিয়া গেলে, তুমিও শোক কবিও না' ॥৩১—৩২॥

মহর্ষি জবৎকারু এইরূপ বলিলে, অনিন্দ্যসুন্দবী জবৎকারুর (মনসাদেবীব) চিন্তা ও শোক উপস্থিত হইল, নয়নে অশ্রুজল আসিল, মুখ শুকাইয়া গেল এবং বুক কাঁপিতে লাগিল; তখন তিনি ধৈর্য্য অবলম্বন কবিয়া, কৃতাঞ্জলি হইয়া বাষ্পগদ্গদ বাক্যে মহর্ষি জবৎকারুকে বলিলেন—'হে ধর্ম্মজ্ঞ! আপনি ধর্ম্মে রহিয়াছেন, আমিও ধর্ম্মেই আছি, আর সর্ব্বদাই আপনাব প্রিয়কার্য্যেবই অনুষ্ঠান করিতেছি এবং হিতসাধনে ব্যাপৃত আছি; বিশেষতঃ, আমাব কোনই অপবাধ নাই; এ অবস্থায় আপনি আমাকে ত্যাগ করিতে পারেন না। হে ব্রাহ্মণশ্রেষ্ঠ! আপনাকে আমায় দান কবিবাব যে প্রয়োজন ছিল, তাহা

অপত্যমীপ্সিতং ত্বত্তস্তচ্চ তাবন্ন দৃশ্যতে।
ত্বত্তো হ্যপত্যলাভেন জ্ঞাতীনাং মে শিবং ভবেৎ ॥৩৮॥ (কুলকম্)
সম্প্রয়োগো ভবেন্নায়ং মম মোঘস্ত্বয়া দ্বিজ!।
জ্ঞাতীনাং হিতমিচ্ছন্তী ভগবংস্ত্বাং প্রসাদয়ে ॥৩৯॥
ইমমব্যক্তরূপং মে গর্ভমাধায় সত্তম!।
কথং ত্যক্ত্বা মহাত্মা সন্ গন্তুমিচ্ছস্যনাগসম্ ॥৪০॥
এবমুক্তস্তু স মুনির্ভার্য্যাং বচনমব্রবীৎ।
যদ্‌যুক্তমনুরূপঞ্চ জরৎকারুং তপোধনঃ ॥৪১॥

ভারতকৌমুদী

মিত্যাহ—মাতৃশাপেন অভিভূতানাং মম জ্ঞাতীনাং জ্ঞাতিভিরিত্যর্থঃ, ত্বত্তস্তব সকাশাৎ, মম অপত্যং পুত্রঃ, ঈপ্সিতং প্রাপ্তুমিষ্টম্, কিন্তু তৎ অপত্যম্, ইদানীমপি তাবন্ন দৃশ্যতে। হি যস্মাৎ, ত্বত্তস্তব সকাশাৎ, অপত্যলাভেন, মে মম, জ্ঞাতীনাং সর্পাণাম্, শিবং মঙ্গলং ভবেৎ। ষড়্‌ভিঃ শ্লোকৈঃ কুলকমিদম্ ॥৩৩—৩৮॥

ননু মমেমং সংসর্গং কিং নিষ্ফলং মন্যসে যেনৈবং ব্রবীষীত্যাহ—সম্প্রযোগ ইতি। হে দ্বিজ। ত্বয়া সহ অয়ং মম সম্প্রযোগো মৈথুনসংসর্গঃ, মোঘো নিষ্ফলঃ, ন ভবেৎ, ইতি মন্য এবেতি ভাবঃ। হে ভগবন্! তথাপি জ্ঞাতীনাং সর্পাণাং হিতমিচ্ছন্তী অহম্, ত্বাং প্রসাদয়ে প্রসাদায় অভ্যর্থয়ে ॥৩৯॥

ইমমিতি। হে সত্তম। সাধুশ্রেষ্ঠ! মে মম, ইমম্, অব্যক্তং স্ত্রীপুরুষান্যতরতয়া ইদানীমপি অস্পষ্টং রূপং লক্ষণং যস্য তং তাদৃশম্, গর্ভম্, আধায় জনয়িত্বা, ত্বং মহাত্মা সন্, অনাগসং নিরপরাধাং মাম্, ত্যক্ত্বা, কথং গন্তুমিচ্ছসি, তথা চ সতি কন্যোৎপত্তৌ জ্ঞাতীনামিচ্ছাব্যাঘাতঃ, নিরপরাধায়া ধর্ম্মপত্ন্যাস্ত্যাগেন চ তব মহাত্মত্বহানিরিত্যাশয়ঃ ॥৪০॥

আমি অদ্যাপি লাভ করিতে পারি নাই; সুতরাং আমি দুর্ভগা, এ অবস্থায় বাসুকি আমাকে কি বলিবেন। মাতৃশাপে অভিভূত জ্ঞাতিবর্গ আপনা হইতে আমার পুত্র কামনা করিয়াছিলেন; কিন্তু সে পুত্র অদ্যাপি দেখা যাইতেছে না। আপনা হইতে আমার পুত্র হইলে, তাহা দ্বারা আমার জ্ঞাতিবর্গের মঙ্গল হইত ॥৩৩—৩৮॥

ব্রাহ্মণ! আপনার সহিত আমার এই সংসর্গ নিষ্ফল হইবে না, ইহা আমি স্বীকার করি; কিন্তু তথাপি ভগবন্! আমি জ্ঞাতিদিগের হিত কামনা করিয়াই আপনার অনুগ্রহ প্রার্থনা করি ॥৩৯॥

হে সাধুশ্রেষ্ঠ! আপনি মহাত্মা, আমিও আপনার নিরপরাধা ধর্ম্মপত্নী, এ অবস্থায় আপনি আমার এই অস্পষ্টলক্ষণ গর্ভ উৎপাদন করিয়া, কি প্রকারে আমাকে পরিত্যাগ করিয়া চলিয়া যাইবার ইচ্ছা করিতেছেন!' ॥৪০॥

অস্ত্যয়ং সুভগে! গর্ভস্তব বৈশ্বানবোপমঃ।
ঋষিঃ পবমধর্ম্মাত্মাবেদবেদাঙ্গপারগঃ ॥৪২॥
এবমুক্ত্বা স ধর্ম্মাত্মা জরৎকারুর্মহানৃষিঃ।
উগ্রায় তপসে ভূয়ো জগাম কৃতনিশ্চয়ঃ ॥৪৩॥

ইতি শ্রীমহাভাবতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি আস্তীকে জবৎকারুনির্গমো নাম দ্বিচত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

ভাবতকৌমুদী

এবমিতি। ভার্য্যযা এবমুক্তস্তু তপোধনঃ স জরৎকারুর্মুনিঃ, ভার্য্যাং তাং জবৎকারুম্, যৎ বচনম্, যুক্তং ন্যায্যম্, অনুরূপং যোগ্যঞ্চ স্যাৎ, তৎ বচনম্, অব্রবীৎ ॥৪১॥

অস্তীতি। হে সুভগে! বৈশ্বানবোপমঃ তেজসা অগ্নিতুল্যঃ, পবমধর্ম্মাত্মা, বেদবেদাঙ্গপারগশ্চ, কশ্চিৎ ঋষিঃ অয়ং তব গর্ভো গর্ভরূপঃ অস্তি। অতএব তব জ্ঞাতীনামভিলাষঃ পূর্ণ এব ভবেদিতি ভাবঃ ॥৪২॥

এবমিতি। এবম্ উক্ত্বা, ধর্ম্মাত্মা মহান্ ঋষিঃ স জরৎকারুঃ, ভূয়ঃ পুনবপি, উগ্রায় ভযঙ্করায় তপসে কৃতনিশ্চযঃ সন্ জগাম। জরৎকারুঃ খলু তপস্যার্থং পুনর্গমনোদ্দেশেনেব, তাদৃশনিদ্রাচ্ছলং কৃতবানিত্যবধেযম্ ॥৪৩॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতাযাং মহাভাবতটীকাযাং ভাবতকৌমুদীসমাখ্যায়ামাদিপর্ব্বণি আস্তীকে দ্বিচত্বারিংশোঽধ্যাযঃ ॥০॥

—:*:—

ভারতভাবদীপঃ

বিষয়িণী। শোকো ভর্তৃবিয়োগজঃ ॥৩৩—৩৮॥ সম্প্রয়োগঃ সম্বন্ধঃ। মোঘো নিষ্ফলঃ ॥৩৯—৪৩॥

ইতি শ্রীমহাভাবতে নৈলকণ্ঠীযে আদিপর্ব্বণি ভাবতভাবদীপে দ্বিচত্বারিংশোঽধ্যাযঃ ॥৪২॥

—:*:—

মনসাদেবী এইরূপ বলিলে, তপস্বী জবৎকারুমুনি তাঁহাকে ন্যায্য ও উপযুক্ত কথা বলিলেন—॥৪১॥

'ভাগ্যবতি! মহাধার্ম্মিক, বেদ ও বেদাঙ্গপাবদর্শী এবং অগ্নিতুল্য তেজীয়ান্ কোন ঋষি, তোমাব এই গর্ভরূপে বহিযাছেন' ॥৪২॥

এই কথা বলিয়া ধর্ম্মাত্মা মহর্ষি জবৎকারু পুনবায় ভয়ঙ্কর তপস্যাব জন্য কৃতনিশ্চয় হইয়া, সে স্থান হইতে চলিযা গেলেন ॥৪৩॥

—:*:—

---

* '... সপ্তচত্বারিংশোঽধ্যাযঃ', '...চতুশ্চত্বারিংশোঽধ্যাযঃ' ইতি পাঠভেদৌ।

ত্রিচত্বারিংশোঽধ্যায়ঃ।

—ঃ*ঃ—

সৌতিরুবাচ।

গতমাত্রন্তু ভর্ত্তাবং জবৎকারুরবেদয়ৎ।
ভ্রাতুঃ সকাশমাগত্য যাথাতথ্যং তপোধন। ॥১॥
ততঃ স ভুজগশ্রেষ্ঠঃ শ্রুত্বা সুমহদপ্রিয়ম্।
উবাচ ভগিনীং দীনাং তদা দীনতবঃ স্বয়ম্ ॥২॥

বাসুকিরুবাচ।

জানাসি ভদ্রে। যৎ কার্য্যং প্রদানে কাবণঞ্চ যৎ।
পন্নগানাং হিতার্থায় পুত্রস্তে স্যাত্ততো যদি ॥৩॥
স সর্পসত্রাৎ কিল নো মোক্ষযিষ্যতি বীর্য্যবান্।
এবং পিতামহঃ পূর্ব্বমুক্তবাংস্তু সুরৈঃ সহ ॥৪॥ (যুগ্মকম্)

ভাবতকৌমুদী

গতেতি। হে তপোধন। শৌনক। জবৎকারুর্বাসুকিভাগনী, ভ্রাতুর্বাসুকেঃ সকাশম্ আগত্য, যাথাতথ্যং যথাযথং যথা স্যাত্তথা, স্বার্থে যণ্প্রত্যয়াৎ, গতমাত্রমেব ভর্ত্তাবং জবৎ-কারুমুনিম্, অবেদযৎ জ্ঞাপিতবতী ॥১॥

তত ইতি। ততঃ পবম্, স ভুজগশ্রেষ্ঠো বাসুকিঃ, তৎ সুমহৎ অপ্রিযং শ্রুত্বা, তদৈব স্বয়ং দীনতরঃ সর্পকুলনাশাশঙ্কাবশাৎ অতীবকাতবঃ সন্ দীনাং ভর্ত্তৃশোকেন কাতরাম্, ভগিনীম্ উবাচ ॥২॥

জানাসীতি। হে ভদ্রে। যৎ কার্য্যম্ অস্মাকং যৎ উদ্দেশ্যমাসীৎ, যচ্চ জবৎকারুমুনযে তব প্রদানে কাবণম্ অস্মাকং প্রযোজনমাসীৎ, তৎ সর্ব্বমেব ত্বং জানাসি। তথা চ পন্নগানাং হিতার্থায, তে তব, ততো জরৎকারুমুনিতঃ, যদি পুত্রঃ স্যাৎ, তদা স বীর্য্যবান্ তেজস্বী পুত্রঃ নঃ অস্মান্, সর্পসত্রাৎ, মোক্ষয়িষ্যতি। এবং কিল সুবৈর্দেবৈঃ সহ, পিতামহো ব্রহ্মা, পূর্ব্বম্ উক্তবান্ ॥৩—৪॥

সৌতি বলিলেন—মহর্ষি শৌনক! ভর্ত্তা চলিযা যাওযামাত্রই মনসাদেবী বাসুকিব নিকট যাইযা যথাযথভাবে সে সংবাদ জানাইলেন ॥১॥

তাহাব পব, নাগবাজ বাসুকি সেই গুরুতব অপ্রিয় সংবাদ শুনিয়া, তখন নিজে অত্যন্ত কাতব হইয়া, পতিবিবহকাতবা ভগিনীকে বলিলেন ॥২॥

বাসুকি বলিলেন—'ভদ্রে! আমাদেব যে উদ্দেশ্য ছিল এবং জবৎকারু-মুনিব হস্তে তোমাকে দান করিবাব যে প্রয়োজন ছিল, সে সমস্তই তুমি জান। সর্পকুলেব মঙ্গলেব জন্য সেই জবৎকারুমুনি হইতে তোমাব যদি পুত্র হয়, তবে

অপ্যস্তি গর্ভঃ সুভগে! তস্মাত্তে মুনিসত্তমাৎ।
ন চেচ্ছাম্যফলং তস্য দারকর্ম্ম মনীষিণঃ ॥৫॥
কামঞ্চ মম ন ন্যায্যং প্রষ্টুং ত্বাং কার্য্যমীদৃশম্।
কিন্তু কার্য্যগরীয়স্ত্বাত্ততস্ত্বাহমচূচুদম্ ॥৬॥
দুর্বার্য্যতাং বিদিত্বা চ ভর্ত্তুস্তেঽতিতপস্বিনঃ।
নৈনমন্বাগমিষ্যামি কদাচিদ্ধি শপেৎ স মাম্ ॥৭॥
আচক্ষ্ব ভদ্রে। ভর্ত্তুস্ত্বং সর্ব্বমেব বিচেষ্টিতম্।
উদ্ধরস্ব চ শল্যং মে ঘোরং হৃদি চিরস্থিতম্ ॥৮॥

ভারতকৌমুদী

অপীতি। হে সুভগে। তস্মান্মুনিসত্তমাৎ, তে তব, গর্ভঃ; অস্তি অপি কিম্?। তস্য মনীষিণো জ্ঞানিনো জরৎকারোঃ, দারকর্ম্ম পরিণয়ব্যাপারম্, অফলং ত্বদ্‌গর্ভসঞ্চারাভাবেন নিষ্ফলম্, ন চ ইচ্ছামি ন সম্ভাবয়ামি ॥৫॥

কামমিতি। হে ভগিনি! ত্বাম্, ঈদৃশং কার্য্যং লজ্জাকরং ব্যাপারং প্রষ্টুম্, মম কামং পর্য্যাপ্তমেব ন ন্যায্যং নোচিতম্। কিন্তু তথাপি ততস্তস্মাৎ, কার্য্যস্য সর্পকুলরক্ষাব্যাপারস্য গরীয়স্ত্বাদ্ধেতোঃ, অহম্, ত্বা ত্বাম্, অচূচুদং বক্তুং প্রেরিতবান্ ॥৬॥

দুর্বার্য্যতামিতি। অতিতপস্বিনঃ, তে তব, ভর্ত্তুর্জরৎকারুমুনেঃ, দুর্বার্য্যতাং প্রস্থানাৎ দুর্নিবারণীয়তাম্, বিদিত্বা অতিতপস্বিত্বাদেব জ্ঞাত্বা, এনং তব ভর্ত্তারম্, ন অন্বাগমিষ্যামি ন পশ্চাদ্ধাবিষ্যামি। তথাত্বে চ স কদাচিন্মাং শপেৎ ॥৭॥

আচক্ষ্বেতি। হে ভদ্রে। ত্বং ভর্ত্তুঃ সর্ব্বং বিচেষ্টিতং ব্যবহারমেব, আচক্ষ্ব ব্রূহি। মে মম হৃদি চিরস্থিতং ঘোরং শল্যং শল্যমিব উদ্বেগম্, উদ্ধরস্ব উত্তোলয় ॥৮॥

সেই তেজস্বী পুত্র আমাদিগকে সর্পসত্র হইতে রক্ষা করিবে, এই কথা স্বয়ং ব্রহ্মা দেবগণের সহিত পূর্ব্বে বলিয়াছিলেন ॥৩—৪॥

অতএব জিজ্ঞাসা করি, ভাগ্যবতি! মুনিশ্রেষ্ঠ সেই জরৎকারু হইতে তোমার গর্ভ হইয়াছে কি? তাঁহার মত জ্ঞানী লোকের পরিণয় ব্যাপার যে নিষ্ফল হইবে, তাহা আমি মনে করি না ॥৫॥

তোমার নিকট এইরূপ বিষয় জিজ্ঞাসা করা আমার পক্ষে অত্যন্ত অসঙ্গত। তথাপি কার্য্যের গুরুত্ববশতঃ তোমাকে আমার জিজ্ঞাসা করিতে হইল ॥৬॥

তোমার ভর্ত্তা তপস্যার অত্যন্ত অনুরাগী বলিয়া তাঁহাকে ফিরান যাইবে না, ইহা বুঝিয়া আমি তাঁহার পিছনে যাইব না। কেন না, তাহা হইলে হয় ত কখনও তিনি আমাকে অভিসম্পাত করিবেন ॥৭॥

অতএব ভদ্রে! তুমি তোমার ভর্ত্তার সমস্ত ব্যবহারগুলিই আমার নিকট বল; আমার হৃদয়ে চিরকাল যে ভয়ঙ্কর শল্য রহিয়াছে, তাহার উদ্ধার কর' ॥৮॥

জরৎকারুস্ততো বাক্যমিত্যুক্তা প্রত্যভাষত ।
আশ্বাসয়ন্তী সন্তপ্তং বাসুকিং পন্নগেশ্বরম্ ॥৯॥

জরৎকারুরুবাচ ।

পৃষ্টো মযাপত্যহেতোঃ স মহাত্মা মহাতপাঃ ।
অস্তীত্যুত্তরমুদ্দিশ্য মমেদং গতবাংশ্চ সঃ ॥১০॥
স্বৈরেষ্বপি ন তেনাহং স্মরামি বিতথং বচঃ ।
উক্তপূর্ব্বং কুতো রাজন্ ! সাম্পরায়ে স বক্ষ্যতি ॥১১॥
ন সন্তাপস্ত্বয়া কার্য্যঃ কার্য্যং প্রতি ভুজঙ্গমে ! ।
উৎপৎস্যতি চ তে পুত্রো জ্বলনার্কসমপ্রভঃ ॥১২॥

ভারতকৌমুদী

জরদিতি। ততঃ পরম্, বাসুকিনা ইত্যুক্তা জরৎকারুস্তদ্ভগিনী, সন্তপ্তম্ উদ্বেগেন দুঃখিতং পন্নগেশ্বরং বাসুকিম্, বক্ষ্যমাণং বাক্যং প্রত্যভাষত ॥৯॥

পৃষ্ট ইতি। ময়া অপত্যহেতোঃ পুত্ররূপং প্রয়োজনমুদ্দিশ্য, মহাত্মা মহাতপাশ্চ স ভর্ত্তা পৃষ্টঃ। তদানীঞ্চ স ভর্ত্তা, অস্তি তব গর্ভো বর্ত্ততে, ইদমুত্তরং মম সমীপে উদ্দিশ্য অভিধায়, গতবান্ ॥১০॥

ননু তদ্বচনস্য সত্যত্বে কিং মানমিত্যাহ—স্বৈরেষ্বিতি। তেন মুনিনা, স্বৈরেষ্বপি ময়া সহ স্বচ্ছন্দালাপেষ্বপি, বিতথং মিথ্যা বচঃ, উক্তপূর্ব্বম্, ইত্যহং ন স্মরামি, অতএব হে রাজন্! সাম্পরায়ে বিপদি, কুতঃ স বিতথং বচো বক্ষ্যতি ॥১১॥

নেতি। হে ভুজঙ্গমে! নাগকন্যে! কার্য্যং প্রতি নাগানামুদ্দেশ্যবিষয়ে, ত্বয়া সন্তাপো

ভারতভাবদীপঃ

গতমাত্রমিতি ॥১—৫॥ অচুচুদং কার্য্যসিদ্ধিং বক্তুং প্রেরিতবান্ ॥৬—৮॥ জরৎকারুস্ততো বাক্যমিত্যুক্তা প্রত্যভাষতেতি বাক্যং বচনীযম্, মযোচ্যত ইতি শেষঃ। ইত্যুক্তা প্রত্যভাষত গুহ্যবচনাবস্তে হ্যেবং বক্তারো ভবন্তি পশ্চাৎ সন্দেশং বদন্তি। যথোক্তং ব্রহ্মবৈবর্ত্তে—"ইদং বচনমুক্তাগ্রে বাক্যং বাক্যবিশারদঃ। চকারাবশ্যকং কর্ম্ম নর্ম্মদাতীরমাশ্রিতঃ॥" ইতি ॥৯॥ মমেদং কার্য্যমুদ্দিশ্য অস্তীত্যুত্তরং দত্তবানিতি শেষঃ ॥১০॥ বিতথং তেন উক্তপূর্ব্বং ন

বাসুকি এই কথা বলিলে, মনসাদেবী দুঃখিত নাগরাজ বাসুকিকে আশ্বস্ত করতঃ এই কথা বলিলেন ॥৯॥

মনসাদেবী বলিলেন—'আমি আমার পুত্রের বিষয় সেই মহাত্মা মহর্ষির নিকট জিজ্ঞাসা করিয়াছিলাম ; তাহাতে তিনি 'তোমার গর্ভে পুত্র আছে' এই কথা আমার নিকট বলিয়া চলিয়া গেলেন ॥১০॥

তিনি ইচ্ছানুসারে আলাপের সময়েও যে পূর্ব্বে মিথ্যা কথা বলিয়াছেন, ইহা আমার মনে পড়ে না, সুতরাং নাগরাজ! বিপদের বিষয়ে তিনি মিথ্যা কথা বলিবেন কেন ॥১১॥

ইত্যুক্ত্বা স হি মাং ভ্রাতঃ। গতো ভর্ত্তা তপোধনঃ।
তস্মাদ্ব্যেতু পরং দুঃখং তবেদং মনসি স্থিতম্ ॥১৩॥

সৌতিরুবাচ।

এতচ্ছ্রুত্বা স নাগেন্দ্রো বাসুকিঃ পরয়া মুদা।
এবমস্ত্বিতি তদ্বাক্যং ভগিন্যাঃ প্রত্যগৃহ্নত ॥১৪॥
সান্ত্বমানার্থদানৈশ্চ পূজয়া চারুরূপয়া।
সোদর্য্যাং পূজয়ামাস স্বসারং পন্নগোত্তমঃ ॥১৫॥
ততঃ প্রববৃধে গর্ভো মহাতেজা মহাপ্রভঃ।
যথা সোমো দ্বিজশ্রেষ্ঠ। শুক্লপক্ষোদিতো দিবি ॥১৬॥

ভাবতকৌমুদী

ন কার্য্যঃ কর্ত্তব্যঃ। যেন হি তে তব, জ্বলনার্কসমপ্রভঃ অগ্নিসূর্য্যযোস্তুল্য এব তেজস্বী পুত্রঃ, উৎপৎস্যতি উৎপৎস্যতে ॥১২॥

ইতীতি। হে ভ্রাতঃ। তপোধনঃ স মে ভর্ত্তা, মাম্, ইতি পূর্ব্বোক্তরূপম্ উক্ত্বা গতঃ। তস্মাদ্ধেতোঃ, তব মনসি স্থিতম্, ইদং পরম্ অত্যন্তং দুঃখম্, ব্যেতু অপগচ্ছতু ॥১৩॥

এতদিতি। স নাগেন্দ্রো বাসুকিঃ, ভগিনীমুখাৎ এতদ্বাক্যং শ্রুত্বা, পরয়া অত্যন্তয়া, মুদা আনন্দেন, 'এবমস্তু' ইতি উক্ত্বেতি শেষঃ, ভগিন্যাস্তদ্বাক্যম্, প্রত্যগৃহ্নত অঙ্গীকৃতবান্ ॥১৪॥

সান্ত্বেতি। পন্নগোত্তমো বাসুকিঃ, সান্ত্বং মধুরবচনপ্রয়োগঃ, মানো গৌরবকরণম্ অর্থদানঞ্চ তৈঃ, সম্পন্নয়া চারুরূপয়া মনোহরয়া পূজয়া, সোদর্য্যাং সহোদরাম্, স্বসারং ভগিনীম্, পূজয়ামাস ॥১৫॥

তত ইতি। হে দ্বিজশ্রেষ্ঠ! শৌনক! ততঃ পরম্, দিবি আকাশে শুক্লপক্ষোদিতঃ সোমশ্চন্দ্রো যথা বর্দ্ধতে; তথৈব মহাতেজা মহাপ্রভশ্চ স গর্ভঃ, প্রববৃধে বৃদ্ধিং প্রাপ ॥১৬॥

ভাবতভাবদীপঃ

স্মরামি। সাম্পরায়ে সঙ্কটে। "সাম্পরায়ো রণাপদোঃ" ইতি কোষঃ ॥১১—১৬॥ প্রজজ্ঞে

নাগকন্যে! তুমি নাগদিগের উদ্দেশ্যসিদ্ধির বিষয়ে দুঃখ করিও না। কেন না, তোমার গর্ভে অগ্নি ও সূর্য্যতুল্য তেজীয়ান্ পুত্র জন্মিবে ॥১২॥

ভ্রাতঃ! আমার সেই তপস্বী স্বামী আমাকে এই কথা বলিয়াই চলিয়া গেলেন; অতএব আপনার মনে যে গুরুতর দুঃখ আছে, তাহা দূর হউক' ॥১৩॥

সৌতি বলিলেন—নাগরাজ বাসুকি এই কথা শুনিয়া, অত্যন্ত আনন্দে 'ইহাই হউক' এই কথা বলিয়া, ভগিনীর সেই কথাই স্বীকার করিলেন ॥১৪॥

তাহার পর বাসুকি মধুর বাক্য, সম্মান প্রদর্শন ও ধনদান দ্বারা সুন্দরভাবে সেই সহোদর ভগিনীকে সন্তুষ্ট করিলেন ॥১৫॥

হে ব্রাহ্মণশ্রেষ্ঠ শৌনক! তাহার পর, শুক্লপক্ষে আকাশে চন্দ্র যেমন বৃদ্ধি পায়, তেমনই সেই মহাতেজস্বী ও মহোজ্জ্বল গর্ভ বৃদ্ধি পাইতে লাগিল ॥১৬॥

অথ কালে তু সা ব্রহ্মন্ ! প্রজজ্ঞে ভুজগস্বসা ।
কুমারং দেবগর্ভাভং পিতৃমাতৃভয়াপহম্ ॥১৭॥
ববৃধে স তু তত্রৈব নাগরাজনিবেশনে ।
বেদাংশ্চাধিজগে সাঙ্গান্ ভার্গবচ্যবনাত্মজাৎ ॥১৮॥
চীর্ণব্রতো বাল এব বুদ্ধিসত্ত্বগুণান্বিতঃ ।
নাম চাস্যাভবৎ খ্যাতং লোকেষ্বাস্তীক ইত্যুত ॥১৯॥
অস্তীত্যুক্ত্বা গতো যস্মাৎ পিতা গর্ভস্থমেব তম্ ।
বনং তস্মাদিদং তস্য নামাস্তীকেতি বিশ্রুতম্ ॥২০॥

ভাবতকৌমুদী

অথেতি। হে ব্রহ্মন্! শৌনক। অথ অনন্তরম্, সা ভুজগস্বসা বাসুকিভগিনী, কালে যথাসময়ম্, বংশরক্ষয়া পিতৃণাং পিতৃকুলস্য সর্পসত্রনিবারণেন মাতৃণাং মাতৃকুলস্য চ ভয়ম্ অপহন্তীতি তম্, দেবগর্ভাভ' দেবকুমারসদৃশম্, কঞ্চিৎ কুমারং পুত্রম্, প্রজজ্ঞে প্রসুষুবে। জনেঃ সকর্ম্মকত্বমার্ষম্ ॥১৭॥

ববৃধ ইতি। স তু কুমারঃ, তত্রৈব নাগরাজনিবেশনে বাসুকিভবনে, স্থিত্বা ববৃধে, তথা ভার্গবো যশ্চ্যবনস্তস্য আত্মজাৎ পুত্রাৎ প্রমতেঃ সকাশাৎ, সাঙ্গান্, বেদাংশ্চ, অধিজগে অধীতবান্ ॥১৮॥

চীর্ণেতি। বালঃ শিশুরেব সঃ, চীর্ণম্ আচরিতং ব্রতং শাস্ত্রবিহিতো নিয়মো যেন সঃ, বুদ্ধির্জ্ঞানং সত্ত্বম্ অধ্যবসায়শ্চ তাভ্যাং গুণাভ্যামন্বিতশ্চাভবৎ। যথা অস্য বালকস্য আস্তীক ইতি নাম চ লোকেষু খ্যাতমভবৎ ॥১৯॥

নন্বাস্তীক ইতি নামকরণে কো হেতুরিত্যাহ—অস্তীতি। যস্মাৎ, পিতা জরৎকারুমুনিঃ, গর্ভস্থমেব তং লক্ষ্যীকৃত্য 'অস্তি' ইতি উক্ত্বা বনং গতঃ, তস্মাদেব হেতোঃ, তস্য বালকস্য, আস্তীকেতি ইদং নাম বিশ্রুতং প্রথিতমভূৎ ॥২০॥

মহর্ষি শৌনক। তদনন্তর যথাকালে সেই নাগভগিনী দেবকুমারতুল্য একটী পুত্র প্রসব করিলেন, সেই পুত্রই পিতৃকুল ও মাতৃকুলের ভয় দূর করিয়াছিলেন ॥১৭॥

সেই বালকটী নাগরাজ বাসুকির ভবনে থাকিয়াই বৃদ্ধি পাইতে লাগিলেন এবং ভৃগুবংশীয় চ্যবনের পুত্র প্রমতির নিকট অঙ্গশাস্ত্রের সহিত সমস্ত বেদশাস্ত্র অধ্যয়ন করিলেন ॥ ৮॥

জরৎকারুর সেই পুত্রটী বাল্যকালেই সমস্ত ব্রত আরম্ভ করিয়াছিলেন এবং বুদ্ধি ও অধ্যবসায়শালী হইয়াছিলেন। জগতে তাঁহার 'আস্তীক' নাম বিখ্যাত হইয়াছিল ॥১৯॥

---

(১৮)···ভার্গবচ্যবনাত্মনে।

স বাল এব তত্রস্থশ্চরন্নমিতবুদ্ধিমান্।
গৃহে পন্নগবাজস্য প্রযত্নাৎ পবিরক্ষিতঃ ॥২১॥
ভগবানিব দেবেশঃ শূলপাণির্হিরণ্ময়ঃ।
বিবর্দ্ধমানঃ সর্ব্বাংস্তান্ পন্নগানভ্যহর্ষয়ৎ ॥২২॥

ইতি শ্রীমহাভাবতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি
আস্তীকে আস্তীকোৎপত্তির্নাম ত্রিচত্বাবিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

ভাবতকৌমুদী

স ইতি। বাল এব অমিতবুদ্ধিমান্ স আস্তীকঃ, তত্রস্থশ্চরন্, পন্নগবাজস্য বাসুকের্গৃহে, প্রযত্নাৎ সর্ব্বৈঃ পরিবক্ষিতোঽভূৎ ॥২১॥

ভগবানিতি। ভগবান্ দেবেশঃ শূলপাণির্মহাদেব ইব, হিরণ্ময়স্তেজস্বী, আস্তীকঃ, বিবর্দ্ধমানঃ সন্, তান্ সর্ব্বান্ পন্নগান্, অভ্যহর্ষযৎ রক্ষকতযা আনন্দিতবান্ ॥২২॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকাযাং ভারতকৌমুদীসমাখ্যাযামাদিপর্ব্বণি আস্তীকে ত্রিচত্বাবিংশোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

ভারতভাবদীপঃ

জনযামাস ॥১৭—১৮॥ বুদ্ধিঃ কার্য্যনিষ্ঠা, সত্ত্বগুণ ইতি সত্ত্বকার্য্যাণি ধর্ম্মজ্ঞানবৈবাগ্যৈশ্বর্য্যাণি, তৈরন্বিতঃ ॥১৯—২১॥ হিবণ্ময়ঃ দীপ্তিমান্ ॥২২॥

ইতি শ্রীমহাভাবতে আদিপর্ব্বণি নৈলকণ্ঠীযে ভারতভাবদীপে ত্রিচত্বারিংশোঽধ্যায়ঃ ॥৪৩॥

—:*:—

যে হেতু পিতা জবৎকাক সেই গর্ভস্থ বালকটীকেই লক্ষ্য কবিয়া 'অস্তি' এই কথা বলিয়া বনে গিয়াছিলেন ; সেই হেতু বালকটীব 'আস্তীক' এই নাম বিখ্যাত হইয়াছিল ॥২০॥

আস্তীক বাল্য অবস্থাতেই অসাধারণ বুদ্ধিমান্ হইযাছিলেন এবং নাগরাজ বাসুকিব ভবনেই থাকিতেন ; সেই অবস্থায় সকলেই যত্নপূর্ব্বক তাঁহাব বক্ষণাবেক্ষণ কবিত ॥২১॥

দেবদেব ভগবান্ মহাদেবের ন্যায তেজস্বী আস্তীক ক্রমে বৃদ্ধি পাইতে থাকিয়া সেই সমস্ত নাগগণকে আনন্দিত কবিয়াছিলেন ॥২২॥

—:*:—

* '...অষ্টচত্বারিংশোঽধ্যায়ঃ' ইতি ক্বচিৎ পাঠঃ। '...পঞ্চচত্বারিংশোঽধ্যায়ঃ' ইতি চ কুত্রচিৎ পাঠঃ।

চতুশ্চত্বারিংশোঽধ্যায়ঃ।

—ঃ*ঃ—

শৌনক উবাচ।

যদপৃচ্ছত্তদা রাজা মন্ত্রিণো জনমেজয়ঃ।
পিতুঃ স্বর্গগতিং তন্মে বিস্তরেণ পুনর্বদ ॥১॥

সৌতিরুবাচ।

শৃণু ব্রহ্মন্। যথাপৃচ্ছন্মন্ত্রিণো নৃপতিস্তদা।
যথা চাখ্যাতবন্তস্তে নিধনং তৎ পরীক্ষিতঃ ॥২॥

জনমেজয় উবাচ।

জানন্তি স্ম ভবন্তস্তদ্যথা বৃত্তং পিতুর্মম।
আসীদ্যথা স নিধনং গতঃ কালে মহাযশাঃ ॥৩॥

ভারতকৌমুদী

সর্পসত্রং প্রস্তাবয়তি যদিতি। রাজা জনমেজয়ঃ, তদা উতঙ্কমুখাচ্ছ্রবণসময়ে, মন্ত্রিণো যৎ, পিতুঃ পরীক্ষিতঃ, স্বর্গগতিং মৃত্যুবিষয়ম্, অপৃচ্ছৎ, তৎ, মে মম সমীপে, বিস্তরেণ পুনর্বদ ॥১॥

শৃণ্বিতি। হে ব্রহ্মন্। শৌনক। তদা নৃপতির্জনমেজয়ঃ, মন্ত্রিণো যথা অপৃচ্ছৎ, তে মন্ত্রিণশ্চ যথা আখ্যাতবন্ত উক্তবন্তঃ, তৎ, পরীক্ষিতো নিধনং মৃত্যুম্, শৃণু ॥২॥

জানন্তীতি। হে মন্ত্রিণঃ। মম পিতুঃ পরীক্ষিতঃ, যথা বৃত্তং জাতম্, যথা চ মহাযশাঃ মম পিতা, তস্মিন্ কালে নিধনং গত আসীৎ, ভবন্তঃ, তৎ সর্ব্বং জানন্তি স্ম ॥৩॥

ভারতভাবদীপঃ

সর্পসত্রং প্রস্তাবয়ন্ শৌনক উবাচ, যদপৃচ্ছদিতি ॥১॥ নিধনং মরণম্ ॥২—৩॥ কল্যাণং সর্ব্ব-

---

শৌনক বলিলেন—'রাজা জনমেজয় মন্ত্রীদের নিকট পিতার মৃত্যুসম্বন্ধে তখন যাহা জিজ্ঞাসা করিয়াছিলেন, তাহা আমার নিকট বিস্তারক্রমে পুনরায় বলুন' ॥১॥

সৌতি কহিলেন—মহর্ষি শৌনক! রাজা জনমেজয় তখন মন্ত্রীদের নিকট যাহা জিজ্ঞাসা করিয়াছিলেন এবং মন্ত্রীরাও যাহা বলিয়াছিলেন, পরীক্ষিতের সেই মৃত্যুবৃত্তান্ত শ্রবণ করুন ॥২॥

জনমেজয় বলিলেন—'মন্ত্রিগণ! আমার পিতার যাহা ঘটিয়াছিল এবং মহাযশস্বী আমার পিতৃদেব তৎকালে যেভাবে মৃত্যুমুখে পতিত হইয়াছিলেন, সে সমস্তই আপনারা জানিতেন ॥৩॥

শ্রুত্বা ভবৎসকাশাদ্ধি পিতুর্বৃত্তমশেষতঃ।
কল্যাণং প্রতিপৎস্যামি বিপরীতং ন জাতুচিৎ ॥৪॥

সৌতিরুবাচ।

মন্ত্রিণোঽথাব্রুবন্ বাক্যং পৃষ্টস্তেন মহাত্মনা।
সর্ব্বে ধর্ম্মবিদঃ প্রাজ্ঞা রাজানং জনমেজয়ম্ ॥৫॥

মন্ত্রিণ উচুঃ।

শৃণু পার্থিব! যদ্‌ব্রূষে পিতুস্তব মহাত্মনঃ।
চরিতং পার্থিবেন্দ্রস্য যথা নিষ্ঠাং গতশ্চ সঃ ॥৬॥
ধর্ম্মাত্মা চ মহাত্মা চ প্রজাপালঃ পিতা তব।
আসীদিহ যথা বৃত্তঃ স মহাত্মা শৃণুষ্ব তৎ ॥৭॥

ভাবতকৌমুদী

শ্রুত্বেতি। ভবতাং সকাশাৎ, অশেষতঃ সাকল্যেন, পিতুঃ পরীক্ষিতঃ, বৃত্তং বৃত্তান্তম্, শ্রুত্বা, কল্যাণং যথা স্যাত্তথা, প্রতিপৎস্যামি প্রতিবিধাস্যে; জাতুচিৎ কদাচিদপি, বিপরীতং ন করিষ্যে ॥৪॥

মন্ত্রিণ ইতি। অথ মহাত্মনা তেন জনমেজয়েন পৃষ্টাঃ, ধর্ম্মবিদঃ, প্রাজ্ঞা বুদ্ধিমন্তশ্চ মন্ত্রিণঃ, জনমেজয়ং রাজানম্, বক্ষ্যমাণং বাক্যম্, অব্রুবন্ ॥৫॥

শৃণ্বিতি। হে পার্থিব! রাজন্! ত্বং যৎ, ব্রূষে পৃচ্ছসি, পার্থিবেন্দ্রস্য রাজশ্রেষ্ঠস্য মহাত্মনশ্চ তব পিতুঃ, তচ্চরিতম্, যথা চ স তব পিতা নিষ্ঠাং নাশং গতঃ, তদপি শৃণু ॥৬॥

ধর্ম্মাত্মেতি। তব পিতা, ইহ জগতি, ধর্ম্মাত্মা চ মহাত্মা চ প্রজাপালশ্চ আসীৎ। স মহাত্মা, যথা বৃত্তো মৃতঃ, তৎ শৃণুষ্ব ॥৭॥

ভারতভাবদীপঃ

লোকহিতং চেৎ প্রতিপৎস্যামি প্রতীকারং করিষ্যামি, নান্যথেত্যর্থঃ ॥৪—৫॥ ব্রূষে পৃচ্ছসি, নিষ্ঠাং সমাপ্তিম্ ॥৬॥ ধর্ম্মাত্মা উদারচিত্তঃ মহাত্মা মহানুভাবঃ, কলিনিগ্রাহকত্বাৎ ॥৭॥

অতএব আপনাদের নিকট পিতৃদেবের সমস্ত বৃত্তান্ত শুনিয়া যাহাতে মঙ্গল হয়, সেইরূপ প্রতিবিধানই আমি করিব, কখনও তাহার বিপরীত করিব না' ॥৪॥

সৌতি বলিলেন—মহাত্মা জনমেজয় এইরূপ জিজ্ঞাসা করিলে, ধর্ম্মজ্ঞ ও বুদ্ধিমান্ মন্ত্রিগণ রাজা জনমেজয়কে এই কথা বলিলেন ॥৫॥

মন্ত্রিগণ বলিলেন—'মহারাজ! আপনার পিতা রাজাদের মধ্যে শ্রেষ্ঠ ও মহাত্মা ছিলেন; তাঁহার চরিত্রের বিষয়ে আপনি যাহা জিজ্ঞাসা করিতেছেন এবং তিনি যেভাবে মৃত্যুমুখে পতিত হইয়াছিলেন, আপনি তাহা শ্রবণ করুন ॥৬॥

আপনার পিতা এই জগতে ধার্ম্মিক, উদারচেতা ও প্রজাপালক ছিলেন; সেই মহাত্মা যেভাবে মরিয়াছেন, তাহা শুনুন ॥৭॥

চাতুর্ব্বর্ণ্যং স্বধর্ম্মস্থং স কৃত্বা পর্য্যরক্ষত।
ধর্ম্মতো ধর্ম্মবিদ্রাজা ধর্ম্মো বিগ্রহবানিব ॥৮॥
ররক্ষ পৃথিবীং দেবীং শ্রীমানতুলবিক্রমঃ।
দ্বেষ্টারস্তস্য নৈবাসন্ স চ দ্বেষ্টি ন কঞ্চন ॥৯॥
সমঃ সর্বেষু ভূতেষু প্রজাপতিরিবাভবৎ।
ব্রাহ্মণাঃ ক্ষত্রিয়া বৈশ্যাঃ শূদ্রাশ্চৈব স্বকর্ম্মসু ॥১০॥
স্থিতাঃ সুমনসো রাজন্। তেন রাজ্ঞা স্বধিষ্ঠিতাঃ।
বিধবানাথবিকলান্ কৃপণাংশ্চ বভার সঃ ॥১১॥ (যুগ্মকম্)
সুদর্শঃ সর্বভূতানামাসীৎ সোম ইবাপরঃ।
তুষ্টপুষ্টজনঃ শ্রীমান্ সত্যবাগ্ দৃঢ়বিক্রমঃ ॥১২॥

ভারতকৌমুদী

চাতুর্ব্বর্ণ্যমিতি। ধর্ম্মবিৎ স রাজা পরীক্ষিৎ, বিগ্রহবান্ মূর্ত্তিমান্ ধর্ম্ম ইব, চাতুর্ব্বর্ণ্যং ব্রাহ্মণাদিকং বর্ণচতুষ্টয়ম্, স্বধর্ম্মস্থং স্বস্বধর্ম্মনিষ্ঠং কৃত্বা, ধর্ম্মতো ধর্ম্মানুসারেণ, পর্য্যরক্ষত ॥৮॥

ররক্ষেতি। শ্রীমান্ রাজলক্ষ্মীবান্ অতুলবিক্রমশ্চ স রাজা, দেবীং নিজমহিষীমিব পৃথিবীং ররক্ষ। তস্য পরীক্ষিতঃ, দ্বেষ্টারো দ্বেষকারিণঃ, নৈব আসন্, স পরীক্ষিচ্চ, কঞ্চন কঞ্চিদপি জনং ন দ্বেষ্টি স্ম ॥৯॥

সম ইতি। রাজা প্রজাপতির্ব্রহ্মা ইব, সর্ব্বেষু ভূতেষু প্রাণিষু, সমঃ সমানদর্শী অভবৎ। হে রাজন্! জনমেজয়! তেন রাজ্ঞা পরীক্ষিতা, স্বকর্ম্মসু স্থিতাঃ, সুমনস উদারহৃদয়াঃ, ব্রাহ্মণাঃ ক্ষত্রিয়া বৈশ্যাঃ শূদ্রাশ্চ, স্বধিষ্ঠিতাঃ পরিপালনায় সুষ্ঠু অবলম্বিতাঃ। তথা স রাজা বিধবাঃ স্ত্রিয়শ্চ অনাথা রক্ষকহীনা জনাশ্চ বিকলাঃ কাণখঞ্জাদয়ো জনাশ্চ তান্, কৃপণান্ দীনান্ জনাংশ্চ, বভার পরিপালয়ামাস ॥১০—১১॥

ভারতভাবদীপঃ

চাতুর্ব্বর্ণ্যং চতুরো বর্ণান্ ॥৮—১০॥ স্বধিষ্ঠিতাঃ সুষ্ঠু পালিতাঃ। বভার পোষিতবান্ ॥১১—১২॥

ধর্ম্মজ্ঞ রাজা পরীক্ষিৎ মূর্ত্তিমান্ ধর্ম্মের ন্যায় থাকিয়া, ব্রাহ্মণপ্রভৃতি চারিটী বর্ণকে আপন আপন ধর্ম্মে স্থাপিত রাখিয়া, ধর্ম্মানুসারে তাঁহাদিগকে পরিপালন করিতেন ॥৮॥

তাঁহার রাজলক্ষ্মী ছিল, বিক্রমও অতুলনীয় ছিল, তাহাতে তিনি আপন মহিষীর ন্যায় পৃথিবীকে রক্ষা করিতেন। তাঁহার বিদ্বেষী লোক ছিল না, তিনিও কোন ব্যক্তির প্রতি বিদ্বেষ করিতেন না ॥৯॥

তিনি ব্রহ্মার ন্যায় সর্ব্বভূতে সমদর্শী ছিলেন। মহারাজ! সেই রাজা পরীক্ষিৎ স্বধর্ম্মস্থিত এবং উদারচেতা ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্রগণকে যথানিয়মে পরিপালন করিতেন, আর বিধবা, অনাথ, বিকলাঙ্গ ও দরিদ্রদিগের ভরণপোষণ করিতেন ॥১০—১১॥

ধনুর্বেদে তু শিষ্যোঽভূন্নৃপঃ শারদ্বতস্য সঃ।
গোবিন্দস্য প্রিয়শ্চাসীৎ পিতা তে জনমেজয়! ॥১৩॥
লোকস্য চৈব সর্ব্বস্য প্রিয় আসীন্মহাযশাঃ।
পরিক্ষীণেষু কুরুষু সোত্তরায়ামজীজনৎ ॥১৪॥
পরীক্ষিদভবত্তেন সৌভদ্রস্যাত্মজো বলী।
রাজধর্ম্মার্থকুশলো যুক্তঃ সর্ব্বগুণৈর্বৃতঃ ॥১৫॥

ভাবতকৌমুদী

সুদর্শ ইতি। স রাজা অপরঃ সোমশ্চন্দ্র ইব, সর্ব্বভূতানাং সর্ব্বেষাং প্রাণিনাম্, সুদর্শ আকৃত্যা প্রিযদর্শনঃ, তুষ্টাঃ পুষ্টাশ্চ জনা যস্মাৎ সঃ, শ্রীমান্ রাজলক্ষ্মীবান্, সত্যবাক্, দৃঢবিক্রমশ্চ আসীৎ ॥১২॥

ধনুরিতি। স নৃপঃ পরীক্ষিৎ, ধনুর্বেদে শাবদ্বতস্য কৃপাচার্য্যস্য শিষ্যোঽভূৎ। হে জনমেজয়! তে তব পিতা, চরিত্রেণ গোবিন্দস্য কৃষ্ণস্য প্রিয়শ্চাসীৎ ॥১৩॥

লোকস্যেতি। মহাযশাঃ স নৃপঃ সর্বস্যৈব লোকস্য প্রিয আসীৎ। কুরুষু কুরুবংশেষু পরিক্ষীণেষু যুদ্ধেন নষ্টেষু সৎসু, উত্তরাযাং বিরাটকন্যাযাম্, অজীজনৎ জাতবান্। সোত্ত-রাযামিতি সন্ধিঃ, অজীজনদিত্যকর্ম্মকত্বঞ্চ ঋষিপ্রয়োগাৎ ॥১৪॥

পবীক্ষিদিতি। বলী বলবান্, সৌভদ্রস্য অভিমন্যোঃ, আত্মজঃ স পুত্রঃ, তেন কুরুষু পরিক্ষীণেষু জাতত্বেন হেতুনা নাম্না পরীক্ষিদভূৎ। অত্র ক্ষযান্তে জন্ম ক্ষিধাতোরর্থঃ, ক্বিপি পরেরিকারস্য হ্রস্বস্য দীর্ঘতা। রাজধর্ম্মে অর্থে অর্থনীতৌ চ কুশলো নিপুণঃ, যুক্তো রাজকার্য্যে প্রণিধানবান্, দয়াদাক্ষিণ্যাদিভিঃ সর্ব্বগুণৈঃ, বৃতঃ সম্পন্নশ্চাসীৎ ॥১৫॥

ভারতভাবদীপঃ

শারদ্বতস্য কৃপাচার্য্যস্য ॥১৩॥ সোত্তরাযামিতি পাদপূরণার্থঃ সন্ধিঃ। অজীজনজ্জাতঃ ॥১৪॥ রাজধর্ম্মো গ্রন্থস্তস্যার্থঃ ফলম্, তদুক্তানুষ্ঠানম্, শাব্দভাবনাযাং প্রবৃত্তেরেব ভাব্যত্বাৎ, তত্র

আপনাব পিতা দ্বিতীয় চন্দ্রেব ন্যায় সকলেবই প্রিয়দর্শন ছিলেন; সমস্ত লোকই তাঁহাব ব্যবহারে সন্তুষ্ট হইত এবং তাঁহার সাহায্যে উন্নতি লাভ কবিত; আব, তিনি বাজলক্ষ্মীশালী, সত্যবাদী ও মহাবিক্রমী ছিলেন ॥১২॥

মহাবাজ! আপনার পিতা ধনুর্ব্বেদে কৃপাচার্য্যের শিষ্য ছিলেন এবং শ্রীকৃষ্ণেব প্রীতিভাজন হইয়াছিলেন ॥১৩॥

সেই যশস্বী বাজা সমস্ত লোকেরই প্রিয় ছিলেন; আব তিনি কুরুবংশ ক্ষয পাইযা গেলে পব, উত্তরার গর্ভে জন্মিয়াছিলেন ॥১৪॥

সেই জন্যই বলবান্ সেই অভিমন্যুপুত্রের নাম হইযাছিল—'পবীক্ষিৎ'। তিনি বাজধর্ম্ম ও অর্থনীতিতে নিপুণ ছিলেন, মনোযোগেব সহিত রাজ্য পালন কবিতেন এবং সমস্ত গুণে ভূষিত ছিলেন ॥১৫॥

জিতেন্দ্রিয়শ্চাত্মবাংশ্চ মেধাবী ধর্ম্মসেবিতা।
ষড়্‌বর্গজিন্মহাবুদ্ধির্নীতিশাস্ত্রবিদুত্তমঃ ॥১৬॥
প্রজা ইমাস্তব পিতা ষষ্টিবর্ষাণ্যপালয়ৎ।
ততো দিষ্টান্তমাপন্নঃ সর্ব্বেষাং দুঃখমাবহন্‌ ॥১৭॥
ততস্ত্বং পুরুষশ্রেষ্ঠ! ধর্ম্মেণ প্রতিপেদিবান্‌।
ইদং বর্ষসহস্রাণি রাজ্যং কুরুকুলাগতম্‌।
বাল এবাভিষিক্তস্ত্বং সর্ব্বভূতানুপালকঃ ॥১৮॥

জনমেজয় উবাচ।

নাস্মিন্‌ কুলে জাতু বভূব রাজা যো ন প্রজানাং প্রিয়কৃৎ প্রিয়শ্চ।
বিশেষতঃ প্রেক্ষ্য পিতামহানাং বৃত্তং মহদ্‌বৃত্তপরায়ণানাম্‌ ॥১৯॥

ভারতকৌমুদী

জিতেতি। জিতেন্দ্রিয়ঃ, আত্মবান্‌ মনস্বী, মেধাবী, ধর্ম্মসেবিতা, ষণ্ণাং কামক্রোধলোভ-মোহমদমাৎসর্য্যাণাং বর্গং জয়তীতি সঃ, মহাবুদ্ধিঃ, উত্তমো নীতিশাস্ত্রবিচ্চ আসীৎ ॥১৬॥

প্রজা ইতি। তব পিতা পরীক্ষিৎ, ইমাঃ প্রজাঃ, ষষ্টিবর্ষাণি জন্মতঃ ষষ্টিবৎসরপর্য্যন্তম্‌, অপালয়ৎ। ষট্‌ত্রিংশদ্বৎসরবয়ঃসময়ে রাজ্যলাভঃ, ততশ্চতুর্বিংশতিবৎসরান্‌ যাবত্তৎপালন-মিত্যাশয়ঃ। ততঃ পরম্‌, সর্ব্বেষামেব জনানাং দুঃখম্‌, আবহন্‌ জনয়ন্‌, দিষ্টেন ভাগ্যেন, অন্তং নাশম্‌, আপন্নঃ প্রাপ্তঃ। "দৈবং দিষ্টং ভাগধেয়ম্‌" ইত্যমরঃ ॥১৭॥

তত ইতি। হে পুরুষশ্রেষ্ঠ! ততঃ পরীক্ষিতো মরণাৎ, পরম্‌, ত্বম্‌, ধর্ম্মেণ, কুরুকুলা-গতম্‌ ইদং রাজ্যম্‌, এতদ্বর্ষসহস্রাণি যাবৎ, প্রতিপেদিবান্‌ প্রাপ্তবান্‌। সর্ব্বেষাং ভূতানাং প্রাণিনাম্‌ অনুপালকস্ত্বম্‌, বাল এব পৈতৃকরাজ্যে অভিষিক্ত আসীঃ। ষট্‌চরণমিদং পদ্যম্‌ ॥১৮॥

ভারতভাবদীপঃ

কুশলো দক্ষঃ ॥১৫॥ আত্মবান্‌ বুদ্ধিমান্‌। মেধাবী বহুগ্রন্থধারণসমর্থঃ। ষড়্‌বর্গঃ কামাদি-স্তস্য জেতা ষড়্‌বর্গজিৎ। নীতিশাস্ত্রং কামন্দকীয়পালকাপ্যাদি ॥১৬॥ ষষ্টিবর্ষাণি জন্মতঃ ষষ্টিবর্ষপর্য্যন্তম্‌, ন তু রাজ্যলাভাৎ, অপালয়ৎ পালিতবান্‌। ষট্‌ত্রিংশে বর্ষে লব্ধরাজ্যশ্চতু-র্বিংশতিবর্ষপর্য্যন্তং তৎপালনস্য দৃষ্টত্বাদিত্যর্থঃ। দিষ্টং ধর্ম্মাধর্ম্মৌ তয়োরন্তমবসানং বিদেহকৈবল্য-

---

আর, তিনি জিতেন্দ্রিয়, মনস্বী, মেধাবী, ধর্ম্মের সেবক, কামক্রোধাদিজয়ী, মহাবুদ্ধিমান্‌ এবং উৎকৃষ্ট নীতিশাস্ত্রজ্ঞ ছিলেন ॥১৬॥

আপনার পিতা জন্ম হইতে ষাট বৎসর পর্য্যন্ত এই সকল প্রজা পালন করিয়া গিয়াছেন, তাহার পর সকলের দুঃখ জন্মাইয়া, নিয়তিবশতঃ মৃত্যুমুখে পতিত হন ॥১৭॥

হে পুরুষশ্রেষ্ঠ! তাহার পর আপনি কুলক্রমাগত এই কুরুরাজ্যকে এই সহস্র বৎসর যাবৎ প্রতিপালন করিয়া আসিতেছেন। আপনি সমস্ত লোকের প্রতিপালকভাবে বাল্যকালেই এই রাজ্যে অভিষিক্ত হইয়াছিলেন ॥১৮॥

কথং নিধনমাপন্নঃ পিতা মম তথাবিধঃ।
আচক্ষধ্বং যথাবন্মে শ্রোতুমিচ্ছামি তত্ত্বতঃ ॥২০॥

সৌতিরুবাচ।

এবং সঞ্চোদিতা রাজ্ঞা মন্ত্রিণস্তে নরাধিপম্।
ঊচুঃ সর্ব্বে যথাবৃত্তং রাজ্ঞঃ প্রিয়হিতৈষিণঃ ॥২১॥

মন্ত্রিণ ঊচুঃ।

স রাজা পৃথিবীপালঃ সর্ব্বশস্ত্রভৃতাং বরঃ।
বভূব মৃগয়াশীলস্তব রাজন্। পিতা সদা ॥২২॥

ভারতকৌমুদী

নেতি। অস্মিন্ কুলে কুরুবংশে, তাদৃশো রাজা, জাতু কদাচিদপি, ন বভূব; যঃ প্রজানাং প্রিয়কৃৎ প্রিয়শ্চ নাসীৎ। বৃত্তপরায়ণানাং সদ্বৃত্তিনিষ্ঠানাম্, পিতামহানাং পাণ্ডবানাম্, মহৎ প্রশস্তম্, বৃত্তং ব্যবহারম্, সাক্ষাদেব প্রেক্ষ্য, মৎপিতা তু বিশেষত আধিক্যেনৈব প্রজানাং প্রিয়কৃৎ প্রিয়শ্চাসীদিতি শেষঃ ॥১৯॥

কথমিতি। তথাবিধস্তাদৃশসদ্বৃত্তপরায়ণোঽপি মম পিতা, কথং কেন প্রকারেণ, নিধনং মৃত্যুম্, আপন্নঃ প্রাপ্তঃ। মে মম সমীপে, যথাবৎ আচক্ষধ্বং তৎ ব্রূত। অহং তত্ত্বতস্তচ্-শ্রোতুমিচ্ছামি। আচক্ষধ্বমিতি অনোলুগভাব আর্ষঃ ॥২০॥

এবমিতি। রাজ্ঞঃ প্রিয়হিতৈষিণঃ, তে সর্ব্বে মন্ত্রিণঃ, রাজ্ঞা জনমেজয়েন, এবং সঞ্চোদিতা বক্তুং প্রেরিতাঃ সন্তঃ, তং নরাধিপম্, যথাবৃত্তম্, ঊচুঃ ॥২১॥

স ইতি। হে রাজন্। সর্ব্বশস্ত্রভৃতাং বরঃ পৃথিবীপালশ্চ, তব পিতা স রাজা পরীক্ষিৎ, সদৈব মৃগয়াশীলো বভূব ॥২২॥

ভারতভাবদীপঃ

মিত্যর্থঃ ॥১৭—১৮॥ পিতামহানাং পাণ্ডবানাম্ ॥১৯॥ আচক্ষধ্বং ভ্বাদেরাকৃতিগণত্বাচ্ছপো

জনমেজয় বলিলেন—'এই কুরুবংশে এমন কোন রাজা কখনও জন্মগ্রহণ করেন নাই, যিনি প্রজাবর্গের সন্তোষের কার্য্য করেন নাই বা প্রীতিভাজন ছিলেন না। কিন্তু তাহার মধ্যে আমার পিতৃদেব, সদ্বৃত্তিশালী নিজ পিতামহ পাণ্ডবগণের উদার চরিত্র দেখিয়া বিশেষভাবেই প্রজাবর্গের সন্তোষের কার্য্য করিতেন এবং প্রীতির পাত্র ছিলেন ॥১৯॥

আমার তেমন পিতা কি প্রকারে মৃত্যুমুখে পতিত হইলেন, তাহা আপনারা আমার নিকট যথাযথভাবে বলুন; আমিও যথার্থরূপে তাহা শুনিতে ইচ্ছা করি' ॥২০॥

সৌতি বলিলেন—রাজা এইরূপ আদেশ করিলে, রাজার প্রীতিভাজন ও হিতৈষী সেই সকল মন্ত্রী রাজার নিকট যথাযথভাবে বলিতে লাগিলেন ॥২১॥

যথা পাণ্ডুর্মহাবাহুর্ধনুর্দ্ধরবরো যুধি।
অস্মাস্বাসজ্য সর্বাণি রাজকার্য্যাণ্যশেষতঃ ॥২৩॥
স কদাচিদ্বনগতো মৃগং বিব্যাধ পত্রিণা।
বিদ্ধা চান্বসরত্তূর্ণং তং মৃগং গহনে বনে ॥২৪॥ (যুগ্মকম্)
পদাতির্বদ্ধনিস্ত্রিংশস্ততায়ুধকলাপবান্।
ন চাসসাদ গহনে মৃগং নষ্টং পিতা তব ॥২৫॥
পরিশ্রান্তো বয়স্থশ্চ ষষ্টিবর্ষো জরান্বিতঃ।
ক্ষুধিতঃ স মহারণ্যে দদর্শ মুনিসত্তমম্ ॥২৬॥

ভারতকৌমুদী

যথেতি। যুধি যুদ্ধে, ধনুর্দ্ধরবরঃ, মহাবাহুশ্চ পাণ্ডুর্যথা, তথৈব স তব পিতা, কদাচিৎ, অস্মাসু মন্ত্রিষু, সর্ব্বাণি রাজকার্য্যাণি, অশেষতঃ সর্ব্বপ্রকারেণৈব, আসজ্য সংন্যস্য, বনগতঃ সন্, পত্রিণা বাণেন, কঞ্চিন্মৃগং বিব্যাধ। বিদ্ধা চ, গহনে নিবিড়ে বনে, তূর্ণং তং মৃগম্, অন্বসরৎ অনুধাবিতবান্ ॥২৩—২৪॥

পদাতিরিতি। পদাতিঃ পাদচারী, বদ্ধনিস্ত্রিংশো ধৃতকৃপাণঃ, ততানি বিস্তৃতভাবেন স্থাপিতানি আয়ুধানি বাণাদ্যস্ত্রাণি যস্মিন্ স তাদৃশঃ কলাপস্তূণঃ অস্যাস্তীতি স তথোক্তঃ, তব পিতা, গহনে নিবিড়ারণ্যে, নষ্টম্ অদর্শনং গতম্, তং মৃগম্, ন চ আসসাদ ন প্রাপ। "কলাপো ভূষণে বর্হে তূণীরে সংহতাবপি" ইত্যমরঃ ॥২৫॥

পরীতি। ষষ্টিবর্ষঃ, অতএব বয়স্থো যুবা "যে যুবান আসপ্ততেঃ" ইতি হারীতবচনাৎ, পরিশ্রান্তঃ, তত এব চ জরান্বিতো বৃদ্ধবৎ কর্ম্মাক্ষমঃ ক্ষুধিতশ্চ, স তব পিতা, মহারণ্যে, কঞ্চিৎ মুনিসত্তমং দদর্শ ॥২৬॥

ভারতভাবদীপঃ

লুক্ ন ॥২০—২৩॥ গহনে দুর্গমে ॥২৪॥ নিস্ত্রিংশঃ খড্গঃ। ততায়ুধকলাপবান্ ততো

মহারাজ! সকল অস্ত্রধারীদিগের মধ্যে প্রধান এবং পৃথিবীপালক আপনার পিতা রাজা পরীক্ষিৎ সর্ব্বদাই মৃগয়াপরায়ণ ছিলেন ॥২২॥

মহাবাহু পাণ্ডু যেমন যুদ্ধে ধনুর্দ্ধরশ্রেষ্ঠ ছিলেন, আপনার পিতাও তেমনই ছিলেন। তিনি কোন সময়ে আমাদের উপরে সর্ব্বপ্রকার সমস্ত রাজকার্য্য বিন্যস্ত করিয়া, বনে যাইয়া, বাণদ্বারা একটা হরিণকে বিদ্ধ করেন; বিদ্ধ করিয়া, নিবিড় বনমধ্যে সেই হরিণের পিছনে পিছনে ধাবিত হন ॥২৩—২৪॥

তখন তিনি পাদচারী ছিলেন, তরওয়াল সঙ্গে ছিল এবং তূণীরের ভিতরে বাণ-প্রভৃতি নানা অস্ত্র ছিল, ওদিকে হরিণটা নিবিড় বনমধ্যে অদৃশ্য হইয়া গিয়াছিল; তাই আপনার পিতা সে হরিণটাকে পাইয়াছিলেন না ॥২৫॥

তখন তাঁহার বয়স ছিল ষাট বৎসর; সুতরাং তিনি যুবাই ছিলেন; তথাপি তিনি ক্ষুধার্ত্ত ও পরিশ্রান্ত হইয়া পড়িয়াছিলেন বলিয়া বৃদ্ধের ন্যায় অক্ষম

ন চোবাচ স মেধাবী তমথো সাধ্বসাধু বা।
তস্মৈ তথৈব চাক্রুদ্ধঃ সর্পং স্কন্ধেন ধারয়ন্ ॥৩১॥
ইতি শ্রীমহাভাবতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি
আস্তীকে পারীক্ষিতীয়ং নাম চতুশ্চত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

—৹⁂৹—

পঞ্চচত্বারিংশোঽধ্যায়ঃ।

—৹⁂৹—

মন্ত্রিণ ঊচুঃ।

ততঃ স রাজা রাজেন্দ্র! স্কন্ধে তস্য ভুজঙ্গমম্।
মুনেঃ ক্ষুৎক্ষাম আসজ্য স্বপুবং প্রযযৌ পুনঃ ॥১॥

ভাবতকৌমুদী

নেতি। অথো অনন্তরম্, মেধাবী মেধযা বাজ্ঞো গুণগ্রামস্মবণবান্, স মুনিঃ, তং রাজানম্, সাধু অসাধু বা কিঞ্চিদপি ন চোবাচ, কিন্তু স্কন্ধেন সর্পং ধারযন্, অক্রুদ্ধ এব চ তথৈব স্থাণুবদেব, তস্থৌ ॥৩১॥

ইতি মহামহোপাধ্যায-ভাবতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতাযাং মহাভারত-টীকাযাং ভাবতকৌমুদীসমাখ্যায়ামাদিপর্ব্বণি আস্তীকে চতুশ্চত্বাবিংশোঽধ্যাযঃ ॥০॥

—৹⁂৹—

তত ইতি। হে বাজেন্দ্র। জনমেজয। ততঃ পবম্, ক্ষুধা ক্ষামঃ ক্ষীণশক্তিঃ, স বাজা

ভাবতভাবদীপঃ

বিস্তীর্ণঃ আযুধানাং বাণাদীনাং কলাপস্তূণস্তদ্বান্। "কলাপঃ সংহতৌ বর্হে কাঞ্চীভূষণতূণযোঃ" ইতি মেদিনী ॥২৫॥ বযস্থো বৃদ্ধঃ ॥২৬—৩১॥

ইতি শ্রীমহাভারতে আদিপর্ব্বণি নৈলকণ্ঠীযে ভারতভাবদীপে চতুশ্চত্বারিংশোঽধ্যাযঃ ॥৪৪॥

—৹⁂৹—

হে ভবতবংশশ্রেষ্ঠ! আপনাব পিতা ধনুব অগ্রদেশদ্বাবা ভূতল হইতে একটা মৃত সর্প উত্তোলন কবিয়া, তাহা সেই নির্ম্মলচিত্ত মুনিব স্কন্ধে ঝুলাইয়া দিলেন ॥৩০॥

কিন্তু, মেধাবী মুনি তাহাতে ভাল বা মন্দ কোন কথাই বাজাকে বলিলেন না, সর্পটাকে স্কন্ধে ধাবণ করতঃ, ক্রুদ্ধ না হইয়া সেই স্থাণুর মতই অবস্থান করিতে লাগিলেন' ॥৩১॥

—৹⁂৹—

* '…একোনপঞ্চাশত্তমোঽধ্যাযঃ', '…ষট্‌চত্বারিংশোঽধ্যাযঃ' ইতি পুস্তকভেদে পাঠভেদৌ।

ঋষেস্তস্য তু পুত্ত্রোঽভূদ্ভুবি জাতো মহাযশাঃ।
শৃঙ্গী নাম মহাতেজাস্তিগ্মবীর্য্যোঽতিকোপনঃ ॥২॥
ব্রহ্মাণং সমুপাগম্য মুনিঃ পূজাং চকার হ।
সোঽনুজ্ঞাতস্ততস্তত্র শৃঙ্গী শুশ্রাব তং তদা ॥৩॥
সখ্যুঃ সকাশাৎ পিতরং পিত্রা তে ধর্ষিতং পুরা।
মৃতং সর্পং সমাসক্তং স্থাণুভূতস্য তস্য তম্ ॥৪॥
বহন্তং রাজশার্দ্দূল। স্কন্ধেনানপকারিণম্।
তপস্বিনমতীবাথ তং মুনিপ্রবরং নৃপ। ॥৫॥
জিতেন্দ্রিয়ং বিশুদ্ধঞ্চ স্থিতং কর্ম্মণ্যথাদ্ভুতম্।
তপসা দ্যোতিতাত্মানং স্বেষ্বঙ্গেষু যতং তদা ॥৬॥

ভারতকৌমুদী

পরীক্ষিৎ, তস্য শমীকস্য মুনেঃ স্কন্ধে, ভুজঙ্গমং মৃতং সর্পম্, আসজ্য সংলগ্নীকৃত্য, পুনঃ স্বপুরং যযৌ ॥১॥

ঋষেরিতি। তস্য তু শমীকস্য ঋষেঃ, ভুবি মহাযশা জাতঃ, মহাতেজাঃ, তিগ্মবীর্য্যঃ তীক্ষ্ণ-তপোবলঃ, অতিকোপনশ্চ, শৃঙ্গী নাম পুত্ত্রঃ, অভূৎ আসীৎ ॥২॥

ব্রহ্মাণমিতি। স শৃঙ্গী মুনিঃ, ব্রহ্মাণং ব্রহ্মবদেব তেজস্বিনম্ আচার্য্যম্ সমুপাগম্য, তস্য পূজাং শুশ্রূষাম্, চকার। ততঃ পরঞ্চ, অনুজ্ঞাতঃ স্বগৃহগমনায় তেনাচার্য্যেণ অনুমতঃ শৃঙ্গী, তদা, তে তব জনমেজয়স্য, পিত্রা পরীক্ষিতা, পুরা পূর্ব্বম্, ধর্ষিতম্ অপমানিতম্, তং নিজম্, পিতরং শমীকম্, কস্যচিৎ সখ্যুঃ সকাশাৎ শুশ্রাব। কেন প্রকারেণ ধর্ষিতমিত্যাহ—হে রাজশার্দ্দূল! জনমেজয়। স্থাণুভূতস্য স্থাণুবদেব অচলভাবেন স্থিতস্য, তস্য শমীকমুনেঃ স্কন্ধে, সমাসক্তং তং মৃতং সর্পম্, স্কন্ধেন বহন্তম্, অনপকারিণম্, অতীব তপস্বিনম্, জিতেন্দ্রিয়ম্,

ভারতভাবদীপঃ

তত ইতি ॥১—২॥ ব্রহ্মাণমাচার্য্যম্, পূজাং তস্যৈব চকার। তেনাঽনুজ্ঞাতস্তত্রাচার্য্যগৃহে তং সর্পধরং স্বপিতরং সখ্যুঃ সহাধ্যায়িনঃ সকাশাচ্ছ্রুতবেতি সম্বন্ধঃ ॥৩—৫॥ অঙ্গেষু বাগাদিষু

মন্ত্রিগণ বলিলেন—'মহারাজ! ক্ষুধার্ত্ত রাজা পরীক্ষিৎ সেই শমীকমুনির গলদেশে একটা মড়া সাপ ঝুলাইয়া দিয়া পুনরায় নিজ রাজধানীতে চলিয়া গেলেন ॥১॥

সেই শমীকমুনির শৃঙ্গী নামে একটী পুত্র ছিলেন, তাঁহার যশ জগতে বিখ্যাত হইয়া পড়িয়াছিল। কেন না, তিনি মহাতেজস্বী, তীক্ষ্ণ তপোবলসম্পন্ন এবং অতিশয় কোপনস্বভাব ছিলেন ॥২॥

শৃঙ্গীমুনি আচার্য্যের গৃহে যাইয়া তাঁহার সেবা করিয়াছিলেন, তাহার পর আচার্য্য তাঁহাকে বাড়ী যাইবার জন্য অনুমতি দিলে. তিনি বাড়ী আসিবার

শুভাচারং শুভকথং সুস্থিতং তমলোলুপম্ ।
অক্ষুদ্রমনসূয়ঞ্চ বৃদ্ধং মৌনব্রতে স্থিতম্ ।
শরণং সর্ব্বভূতানাং পিত্রা বিনিকৃতং তব ॥৭॥ (কুলকম্)
শশাপাথ মহাতেজাঃ পিতরং তে রুষান্বিতঃ ।
ঋষেঃ পুত্রো মহাতেজা বালোঽপি স্থবিরদ্যুতিঃ ॥৮॥
স ক্ষিপ্রমুদকং স্পৃষ্ট্বা রোষাদিদমুবাচ হ ।
পিতরং তেঽভিসন্ধায় তেজসা প্রজ্বলন্নিব ॥৯॥

ভারতকৌমুদী

বিশুদ্ধং নির্দোষহৃদয়ম্, কর্ম্মণি ধ্যানকার্য্যে স্থিতম্, অথ চ তপসা দ্যোতিতাত্মানম্, অতএব অদ্ভুতম্, স্বেষু অঙ্গেষু নয়নাদিষু, তদা যতং নিয়তং সর্ব্বাঙ্গেষু নিশ্চলমিত্যর্থঃ, শুভাচারম্, শুভা কথা উক্তির্যস্য তম্, সুস্থিতং নিতান্তনিশ্চলম্, অলোলুপম্ অলোভিনম্ অক্ষুদ্রম্ মহাহৃদয়ম্, অনসূয়ং পরদোষাবিষ্কাররহিতম্ বৃদ্ধং মৌনব্রতে স্থিতম্, সর্ব্বভূতানাং শরণং রক্ষকম্, হে নৃপ। জনমেজয়। তব পিত্রা পরীক্ষিতা, বিনিকৃতম্ অবজ্ঞাতম্, মুনিপ্রবরং তং শমীকং শুশ্রাব। সপ্তমপদ্যং ষট্‌চরণম্ ॥৩—৭॥

শশাপেতি। অথ তদ্‌বৃত্তান্তশ্রবণানন্তরম্, মহাতেজা অতীবোৎসাহী, পুনর্মহাতেজা অতীবতপোবলশালী, বয়সা বালোঽপি, স্থবিরস্যেব দ্যুতির্জ্ঞানদীপ্তির্যস্য সঃ, ঋষেঃ পুত্রঃ শৃঙ্গী, রুষান্বিতঃ সন্, তে তব, পিতরং পরীক্ষিতম্, শশাপ ॥৮॥

স ইতি। স ঋষেঃ, রোষাৎ, ক্ষিপ্রং শীঘ্রম্, উদকং স্পৃষ্ট্বা আচম্যেত্যর্থঃ, তেজসা প্রজ্বলন্নিব সন্, তে তব, পিতরং পরীক্ষিতম্, অভিসন্ধায় উদ্দিশ্য, ইদম্, উবাচ ॥৯॥

ভারতভাবদীপঃ

যতং নিয়তং শমদমবন্তমিত্যর্থঃ ॥৬॥ অক্ষুদ্রং গম্ভীরম্, অনসূয়ং পরগুণেষু দোষাবিষ্করণ-

---

সময়ে কোন বন্ধুর নিকট শুনিলেন যে, তাঁহার পিতা মুনিশ্রেষ্ঠ শমীক স্থাণুর ন্যায় নিশ্চলভাবে ভয়ঙ্কর তপস্যায় প্রবৃত্ত আছেন এবং তিনি জিতেন্দ্রিয়, নির্ম্মল চিত্ত, ধ্যানে নিমগ্ন, তপস্যার তেজে আলোকিত দেহ, আশ্চর্য্য মূর্ত্তি, নিশ্চলেন্দ্রিয়, শুভাচারী, শুভভাষী, অলোভী, উদারচেতা, অসূয়াশূন্য, বৃদ্ধ, মৌনব্রতী এবং সমস্ত প্রাণীরই হিতৈষী, তিনি কোন অপকার করিয়াছিলেন না, তথাপি রাজা পরীক্ষিৎ তাঁহার গলদেশে একটা মড়া সাপ ঝুলাইয়া দিয়াছেন; কিন্তু তিনি সেইভাবেই তাহা বহন করিতেছেন ॥৩—৭॥

তাহার পর, অত্যন্ত উৎসাহী মহাতেজস্বী এবং বালক হইলেও বৃদ্ধের ন্যায় জ্ঞানালোকশালী ঋষিকুমার শৃঙ্গী ক্রুদ্ধ হইয়া আপনার পিতাকে অভিসম্পাত করিলেন ॥৮॥

---

(৭)···শরণ্যং সর্ব্বভূতানাম্···।

অনাগসি গুরৌ যো মে মৃতং সর্পমবাসৃজৎ।
তং নাগস্তক্ষকঃ ক্রুদ্ধস্তেজসা প্রদহিষ্যতি ॥১০॥
আশীবিষস্তিগ্মতেজা মদ্বাক্যবলচোদিতঃ।
সপ্তরাত্রাদিতঃ পাপং পশ্য মে তপসো বলম্ ॥১১॥ (যুগ্মকম্)
ইত্যুক্ত্বা প্রযযৌ তত্র পিতা যত্রাস্য সোঽভবৎ।
দৃষ্ট্বা চ পিতরং তস্মৈ তং শাপং প্রত্যবেদয়ৎ ॥১২॥
স চাপি মুনিশার্দ্দূলঃ প্রেরয়ামাস তে পিতুঃ।
শিষ্যং গৌরমুখং নাম শীলবন্তং গুণান্বিতম্ ॥১৩॥

ভাবতকৌমুদী

অনাগসীতি। যো জনঃ, অনাগসি নিরপবাধে, মে মম, গুরৌ পিতরি তদীয়স্কন্ধে ইত্যর্থঃ, মৃতং সর্পম্, অবাসৃজৎ অর্পিতবান্, আশীবিষস্তীক্ষ্ণবিষঃ, তিগ্মতেজাস্তীক্ষ্ণতেজাঃ, ক্রুদ্ধস্তক্ষকো নাগঃ, মদ্বাক্যবলেন চোদিতঃ প্রেরিতঃ সন্, ইতোঽবধি সপ্তবাত্রাৎ সপ্তরাত্রং প্রাপ্য, তেজসা বিষপ্রভাবেণ, তং পাপং পাপিষ্ঠং জনম্, প্রদহিষ্যতি। ইড়াগম আর্ষঃ। হে সখে। মে মম তপসো বলং পশ্য ॥১০—১১॥

ইতীতি। স শৃঙ্গী, ইতি উক্ত্বা, তত্র প্রযযৌ, যত্র অস্য পিতা শমীকমুনিঃ, অভবৎ আসীৎ। স শৃঙ্গী পিতরং দৃষ্ট্বা চ, তস্মৈ পিত্রে, তং শাপম্, প্রত্যবেদয়ৎ জ্ঞাপিতবান্ ॥১২॥

স ইতি। স মুনিশার্দ্দূলা শমীকোঽপি চ, তে তব পিতুঃ পরীক্ষিতঃ সমীপে, শীলবন্তং সচ্চরিত্রম্, গুণৈর্দয়াদিভিরন্বিতঞ্চ, গৌরমুখং নাম কঞ্চিৎ শিষ্যম্, প্রেরযামাস ॥১৩॥

ভারতভাবদীপঃ

শৃণ্বম্। তব পিত্রা বিনিকৃতমপকৃতম্ ॥৭—৯॥ প্রদহিষ্যতি প্রধক্ষ্যতি ॥১০॥ পশ্য, হে মৎ-

---

শৃঙ্গী ক্রোধবশতঃ সত্বব আচমন কবিয়া, তেজে যেন জ্বলিতে থাকিয়া আপনার পিতাকে লক্ষ্য করিয়া এই কথা বলিলেন—॥৯॥

'যে ব্যক্তি আমার নিরপবাধ পিতৃদেবের কণ্ঠদেশে মৃত সর্প সমর্পণ করিয়াছে, তীক্ষ্ণবিষ ও তীক্ষ্ণতেজা ক্রুদ্ধ তক্ষকনাগ আমার বাক্যের প্রভাবে প্রণোদিত হইয়া, আজ হইতে সপ্তম দিনে বিষেব তেজে সেই পাপাত্মাকে দগ্ধ করিবে। সখে! আমার তপস্যাব ক্ষমতা দেখ' ॥১০—১১॥

শৃঙ্গী এই কথা বলিয়া সেইখানে গেলেন, যেখানে তাঁহাব পিতা ছিলেন; তিনি সেখানে যাইয়া, পিতাকে দেখিয়া, সেই অভিসম্পাতেব বিষয় পিতাকে জানাইলেন ॥১২॥

মুনিশ্রেষ্ঠ শমীকও আপনার পিতার (পরীক্ষিতের) নিকটে সচ্চবিত্র ও গুণবান্ গৌবমুখনামে কোন শিষ্যকে পাঠাইয়া দিলেন ॥১৩॥

আচখ্যৌ স চ বিশ্রান্তো রাজ্ঞঃ সর্ব্বমশেষতঃ।
শপ্তোঽসি মম পুত্রেণ যত্তো ভব মহীপতে। ॥১৪॥
তক্ষকস্ত্বাং মহারাজ। তেজসাসৌ দহিষ্যতি।
শ্রুত্বা চ তদ্বচো ঘোরং পিতা তে জনমেজয। ॥১৫॥
যত্তোঽভবৎ পরিত্রস্তস্তক্ষকাৎ পন্নগোত্তমাৎ।
ততস্তস্মিংস্তু দিবসে সপ্তমে সমুপস্থিতে ॥১৬॥
রাজ্ঞঃ সমীপে ব্রহ্মর্ষিঃ কাশ্যপো গন্তুমৈহত।
তং দদর্শাথ নাগেন্দ্রস্তক্ষকঃ কাশ্যপং তদা ॥১৭॥ (বিশেষকম্)
তমব্রবীৎ পন্নগেন্দ্রঃ কাশ্যপং ত্বরিতং দ্বিজম্।
ক্ব ভবাংস্ত্বরিতো যাতি কিঞ্চ কার্য্যং চিকীর্ষতি ॥১৮॥

ভারতকৌমুদী

আচখ্যাবিতি। স গৌরমুখশ্চ বিশ্রান্তঃ সন্, রাজ্ঞঃ পরীক্ষিতঃ সমীপে, অশেষতঃ শেষম্ অরক্ষিত্বা, সর্ব্বং বৃত্তান্তম্, আচখ্যৌ উক্তবান্। হে মহীপতে। মম পুত্রেণ শৃঙ্গিণা, ত্বং শপ্তঃ অসি, অতএবাত্মরক্ষাযাং যত্তো যত্নবান্ ভব ॥১৪॥

তক্ষক ইতি। হে মহারাজ। পরীক্ষিৎ। অসৌ তক্ষকঃ, তেজসা বিষবহ্নিনা, ত্বাং দহিষ্যতি। হে জনমেজয়। তে তব পিতা পরীক্ষিৎ তৎ ঘোরং বচঃ শ্রুত্বা চ, পন্নগোত্তমাৎ নাগশ্রেষ্ঠাৎ তক্ষকাৎ পরিত্রস্তো ভীতঃ সন্, আত্মরক্ষাযাং যত্তো যত্নবান্ অভবৎ। ততঃ তস্মিন্ সপ্তমে দিবসে সমুপস্থিতে সতি, ব্রহ্মর্ষিঃ কাশ্যপঃ, রাজ্ঞঃ পরীক্ষিতঃ সমীপে, গন্তুম্ ঐহত অচেষ্টত। অথ তদা নাগেন্দ্রস্তক্ষকঃ, তং কাশ্যপং দদর্শ ॥১৫—১৭॥

তমিতি। পন্নগেন্দ্রস্তক্ষকঃ, ত্বরিতং দ্বিজং তং কাশ্যপম্ অব্রবীৎ। হে দ্বিজ। ভবান্ ত্বরিতঃ সন্, ক্ব কুত্র যাতি? কিং কার্য্যঞ্চ চিকীর্ষতি কর্ত্তুমিচ্ছতি? ॥১৮॥

গৌরমুখ বিশ্রাম করিয়া রাজা পরীক্ষিতের নিকট সমস্ত বৃত্তান্ত বলিলেন—(আমার গুরু বলিয়া দিয়াছেন যে,) 'মহারাজ! আমার পুত্র শৃঙ্গী আপনাকে অভিসম্পাত করিয়াছে; অতএব আপনি আত্মরক্ষায় যত্নবান্ হউন ॥১৪॥

মহারাজ! তক্ষকনাগ আপন বিষবহ্নিদ্বারা আপনাকে দগ্ধ করিবে'। মহারাজ জনমেজয! আপনার পিতা সেই ভয়ঙ্কর কথা শুনিয়া, নাগশ্রেষ্ঠ তক্ষক হইতে অত্যন্ত ভীত হইয়া, আত্মরক্ষায় যত্নবান্ হইলেন। তাহার পর, সেই সপ্তম দিন উপস্থিত হইলে, কাশ্যপ নামে কোন ব্রহ্মর্ষি, রাজা পরীক্ষিতের নিকট যাইবার চেষ্টা করিলেন, তখন নাগশ্রেষ্ঠ তক্ষক তাঁহাকে দর্শন করিল ॥১৫—১৭॥

তখন তক্ষক, দ্রুতগতি সেই ব্রাহ্মণ কাশ্যপকে বলিল—'মহাশয! আপনি এত তাড়াতাড়ি কোথায় যাইতেছেন? এবং কি কার্য্যই বা করিবার ইচ্ছা করিতেছেন'? ॥১৮॥

কাশ্যপ উবাচ।

যত্র রাজা কুরুশ্রেষ্ঠঃ পরীক্ষিন্নাম বৈ দ্বিজ।।
তক্ষকেণ ভুজঙ্গেন ধক্ষ্যতে কিল সোঽদ্য বৈ ॥১৯॥
গচ্ছাম্যহং তং ত্বরিতঃ সদ্যঃ কর্ত্তুমপজ্বরম্।
ময়াভিপন্নং তঞ্চাপি ন সর্পো ধর্ষয়িষ্যতি ॥২০॥

তক্ষক উবাচ।

কিমর্থং তং ময়া দষ্টং সঞ্জীবয়িতুমিচ্ছসি।
অহং স তক্ষকো ব্রহ্মন্! পশ্য মে বীর্য্যমদ্ভূতম্ ॥২১॥
ন শক্তস্ত্বং ময়া দষ্টং তং সঞ্জীবয়িতুং নৃপম্।
ইত্যুক্ত্বা তক্ষকস্তত্র সোঽদশদ্বৈ বনস্পতিম্ ॥২২॥

ভাবতকৌমুদী

যত্রেতি। তদানীং তক্ষকো ব্রাহ্মণরূপধারী আসীদিতি পূর্ব্বমুক্তত্বাৎ দ্বিজেতি তস্যৈব সম্বোধনম্। পরীক্ষিন্নাম কুরুশ্রেষ্ঠো রাজা যত্র তিষ্ঠতি, তত্র যামীতি শেষঃ। অদ্য স পরীক্ষিৎ তক্ষকেণ ভুজঙ্গেন ধক্ষ্যতে দগ্ধঃ করিষ্যতে ॥১৯॥

গচ্ছামীতি। মদ্‌গমনাৎ পূর্ব্বমেব তক্ষকেণ দষ্টশ্চেত্তদা তং পরীক্ষিতম্, সদ্য এব অপজ্বরং বিষসন্তাপহীনং কর্ত্তুম্, অহং ত্বরিতো গচ্ছামি। ময়া অভিপন্নং প্রাপ্তঞ্চ তম্, সর্পস্তক্ষকঃ, ন ধর্ষয়িষ্যতি দষ্টুং ন শক্ষ্যতি ॥২০॥

কিমিতি। ময়া দষ্টং তং পরীক্ষিতম্, ত্বং কিমর্থং সঞ্জীবয়িতুমিচ্ছসি। ননু ব্রাহ্মণেন ত্বয়া কথং স দশ্যত ইত্যাহ—হে ব্রহ্মন্! অহমেব স তক্ষকঃ। মে মম অদ্ভুতং বীর্য্যং পশ্য ॥২১॥

নেতি। ত্বম্, ময়া দষ্টং তং নৃপম্, সঞ্জীবয়িতুং শক্তো ন ভবিষ্যসি। ইত্যুক্ত্বা স তক্ষকঃ তত্র তদানীমেব, বনস্পতিং কঞ্চিদ্বটবৃক্ষম্, অদশৎ তৎপরীক্ষার্থং দষ্টবান্ ॥২২॥

ভারতভাবদীপঃ

পিতৃদ্রোহিন্। ॥১১—১৪॥ দহিষ্যতি ধক্ষ্যতি ॥১২—১৯॥ অভিপন্নং প্রাপ্তম্। ধর্ষয়িষ্যত্যভি-

---

কাশ্যপ বলিলেন—'ব্রাহ্মণ। কুরুকুলশ্রেষ্ঠ রাজা পরীক্ষিৎ যেখানে আছেন, আমি সেইখানে যাইতেছি। আজ তক্ষকনাগ আপন বিষবহ্নিদ্বারা তাঁহাকে দগ্ধ করিবে ॥১৯॥

আমি যাইবার পূর্ব্বে যদি তক্ষক পরীক্ষিৎকে দংশন করে, তবে আমি যাইয়া তৎক্ষণাৎ তাঁহাকে সন্তাপশূন্য করিয়া দিব; এই জন্যই সত্বর যাইতেছি। আর, আমি উপস্থিত হইলে, তক্ষক তাঁহাকে দংশনই করিতে পারিবে না' ॥২০॥

তক্ষক বলিল—'আমি দংশন করিলে, আপনি কি জন্য তাঁহাকে বাঁচাইতে ইচ্ছা করিতেছেন? ব্রাহ্মণ! আমিই সেই তক্ষক; আমার অদ্ভুত ক্ষমতা দেখুন ॥২১॥

স দষ্টমাত্রো নাগেন ভস্মীভূতোঽভবন্নগঃ।
কাশ্যপশ্চ ততো রাজন্। অজীবয়ত তং নগম্ ॥২৩॥
ততস্তং লোভয়ামাস কামং ব্রূহীতি তক্ষকঃ।
স এবমুক্তস্তং প্রাহ কাশ্যপস্তক্ষকং পুনঃ ॥২৪॥
ধনলিপ্সুরহং তত্র যামীত্যুক্তশ্চ তেন সঃ।
তমুচে মহাত্মানং তক্ষকঃ শ্লক্ষ্ণয়া গিরা ॥২৫॥
যাবদ্ধনং প্রার্থয়সে রাজ্ঞস্তস্মাত্ততোঽধিকম্।
গৃহাণ মত্ত এব ত্বং সন্নিবর্ত্তস্ব চানঘ। ॥২৬॥
স এবমুক্তো নাগেন কাশ্যপো দ্বিপদাং বরঃ।
লব্ধ্বা বিত্তং নিববৃতে তক্ষকাদ্‌যাবদীপ্সিতম্ ॥২৭॥

ভারতকৌমুদী

স ইতি। নাগেন তক্ষকেণ, দষ্টমাত্রঃ স নগো বৃক্ষঃ, ভস্মীভূতঃ অভবৎ। হে রাজন্! জনমেজয়! ততঃ পরঞ্চ কাশ্যপঃ তং নগং বৃক্ষম্, অজীবয়ত ॥২৩॥

তত ইতি। ততশ্চ কামং তবাভিলাষং ব্রূহি ইতি ইত্থম্ তক্ষকঃ, তং কাশ্যপং লোভয়ামাস লুব্ধং চকার। এবমুক্তঃ স কাশ্যপঃ, পুনস্তং তক্ষকম্, প্রাহ ব্রবীতি স্ম ॥২৪॥

ধনেতি। অহং ধনলিপ্সুঃ সন্ তত্র পরীক্ষিতঃ সমীপে যামি ইতি তেন কাশ্যপেন উক্তশ্চ স তক্ষকঃ, শ্লক্ষ্ণয়া কোমলয়া, গিরা বাচা, মহাত্মানং তং কাশ্যপম্, উবাচ ॥২৫॥

যাবদিতি। হে অনঘ! নিষ্পাপ! ত্বং তস্মাৎ রাজ্ঞঃ পরীক্ষিতঃ সকাশাৎ, যাবৎ যৎ পরিমাণং ধনং প্রার্থয়সে, ততঃ অধিকং ধনম্, মত্তো মম সকাশাদেব গৃহাণ; ততশ্চ সন্নিবর্ত্তস্ব তত্র গমনান্নিবৃত্তো ভব ॥২৬॥

ভারতভাবদীপঃ

ভবিষ্যতি ॥২০—২৩॥ কামং কাম্যমানমর্থম্ ॥২৪—২৬॥ দ্বিপদাং পুরুষাণাম্, নিববৃতে

আমি দংশন করিলে, আপনি সে রাজাকে বাঁচাইতে পারিবেন না;' এই কথা বলিয়া তক্ষক তখনই একটা বটবৃক্ষকে দংশন করিল ॥২২॥

তক্ষক দংশন করিবামাত্রই সে বটবৃক্ষটা ভস্ম হইয়া গেল। মহারাজ! তাহার পর, কাশ্যপও তখনই সে বটবৃক্ষটাকে বাঁচাইয়া দিলেন ॥২৩॥

তাহার পর তক্ষক এই বলিয়া কাশ্যপকে লুব্ধ করিল যে, 'আপনি কি চান'? এই কথা বলিলে, কাশ্যপ পুনরায় তক্ষককে বলিলেন—॥২৪॥

'আমি ধন লাভ করিবার জন্য সেখানে যাইতেছি'। কাশ্যপ এই কথা বলিলে, তক্ষক কোমল বাক্যে সেই মহাত্মাকে বলিল—॥২৫॥

'হে নিষ্পাপ ব্রাহ্মণ! আপনি রাজা পরীক্ষিতের নিকট হইতে যে পরিমাণে ধন প্রার্থনা করিবেন, তদপেক্ষা অধিক ধন আমার নিকট হইতেই গ্রহণ করুন, তাহার পর ফিরিয়া যান' ॥২৬॥

তস্মিন্ প্রতিগতে বিপ্রে ছদ্মনোপেত্য তক্ষকঃ।
তং নৃপং নৃপতিশ্রেষ্ঠং পিতরং ধার্ম্মিকং তব ॥২৮॥
প্রাসাদস্থং যত্তমপি দগ্ধবান্ বিষবহ্নিনা।
ততস্ত্বং পুরুষব্যাঘ্র! বিজয়ায়াভিষেচিতঃ ॥২৯॥ (যুগ্মকম্)
এতদ্দৃষ্টং শ্রুতঞ্চাপি যথাবন্নৃপসত্তম!।
অস্মাভির্নিখিলং সর্বং কথিতং তেঽতিদারুণম্ ॥৩০॥
শ্রুত্বা চৈনং নবশ্রেষ্ঠ। পার্থিবস্য পরাভবম্।
অস্য চর্ষেরুতঙ্কস্য বিধৎস্ব যদনন্তরম্ ॥৩১॥

ভারতকৌমুদী

স ইতি। ব্রাহ্মণত্বাৎ দ্বিপদাং মনুষ্যাণাং ববঃ স কাশ্যপঃ, নাগেন তক্ষকেণ, এবমুক্তঃ সন্, যাবৎ যৎপরিমাণম্, ঈপ্সিতম্ তাবদেব বিত্তং ধনম্, তক্ষকাৎ লব্ধ্বা নিববৃতে ॥২৭॥

তস্মিন্নিতি। তস্মিন্ বিপ্রে কাশ্যপে, প্রতিগতে নিবৃত্তে সতি, তক্ষকঃ, ছদ্মনা চ্ছলেন ফলনিবিষ্টসূক্ষ্মরূপেণেত্যর্থঃ, উপেত্য গত্বা, নৃপতিশ্রেষ্ঠং ধার্ম্মিকম্, প্রাসাদস্থম্, অতএব যত্তমপি আত্মরক্ষায়াং যত্নবন্তমপি, তব পিতবং তং নৃপং পরীক্ষিতম্, বিষবহ্নিনা দগ্ধবান্। হে পুরুষব্যাঘ্র! ততঃ পরম্ অস্মাভিস্ত্বং বিজযায় রাজ্যে মুনিভিরভিষেচিতঃ ॥২৮—২৯॥

এতদিতি। হে নৃপসত্তম! জনমেজয়! অস্মাভিঃ, তক্ষকস্য স্বরূপপ্রকাশাদিকং নিখিলং কার্য্যম্, দৃষ্টম্, বনস্পতিদংশনাদিকার্য্যঞ্চ শ্রুতম্, অতিদারুণম্, তৎ সর্ব্বম্, এতৎ, তে তব সমীপে, যথাবদেব কথিতম্ ॥৩০॥

শ্রুত্বেতি। হে নবশ্রেষ্ঠ! পার্থিবস্য রাজ্ঞঃ পরীক্ষিত', এনং পবাভবং অস্য চ ঋষেঃ উতঙ্কস্য উক্তিং শ্রুত্বা, অনন্তরং যৎ বিধেয়ম্, তৎ বিধৎস্ব কুরুষ ॥৩১॥

তক্ষক এইরূপ বলিলে, মনুষ্যশ্রেষ্ঠ কাশ্যপ তক্ষকেব নিকট হইতে ইচ্ছানুরূপ ধন লাভ কবিয়া ফিবিয়া গেলেন ॥২৭॥

সেই ব্রাহ্মণ চলিযা গেলে তক্ষক ছল কবিয়া উপস্থিত হইল, এদিকে বাজশ্রেষ্ঠ ও ধার্ম্মিক আপনাব পিতৃদেব পবীক্ষিৎ নবনির্ম্মিত প্রাসাদে অবস্থান পূর্ব্বক আত্মবক্ষায় বিশেষ যত্নবান্ ছিলেন, তথাপি তক্ষক বিষবহ্নিদ্বারা তাঁহাকে দগ্ধ কবিল। হে পুরুষশ্রেষ্ঠ। তাহার পর, বিজযলাভেব জন্য আমবা মুনিগণদ্বাবা আপনাকে বাজ্যে অভিষিক্ত কবাইযাছিলাম ॥২৮—২৯॥

মহাবাজ। আমবা যে সকল ঘটনা প্রত্যক্ষ দেখিয়াছিলাম অথবা শুনিযা ছিলাম, সেই ভয়ঙ্কব ঘটনা সকল এই আপনাব নিকট বলিলাম ॥৩০॥

নবশ্রেষ্ঠ! বাজা পবীক্ষিতের এই মৃত্যু এবং এই উতঙ্ক মুনিব উক্তি শুনিয়া পবে যাহা কর্ত্তব্য বলিযা বিবেচনা কবেন, তাহা করুন ॥৩১॥

---

(৩১) শ্রুত্বা চৈতম্।

সৌতিরুবাচ।

এতস্মিন্নেব কালে তু স রাজা জনমেজয়ঃ।
উবাচ মন্ত্রিণঃ সর্বানিদং বাক্যমরিন্দমঃ ॥৩২॥

জনমেজয় উবাচ।

অথ তৎ কথিতং কেন যদ্‌বৃত্তং তদ্বনস্পতৌ।
আশ্চর্য্যভূতং লোকস্য ভস্মরাশীকৃতং তদা ॥৩৩॥
যদ্‌বৃক্ষং জীবয়ামাস কাশ্যপস্তক্ষকেণ বৈ।
নূনং মন্ত্রৈর্হতবিষো ন প্রণশ্যেত কাশ্যপাৎ ॥৩৪॥ (যুগ্মকম্)
চিন্তয়ামাস পাপাত্মা মনসা পন্নগাধমঃ।
দষ্টং যদি ময়া বিপ্রঃ পার্থিবং জীবয়িষ্যতি ॥৩৫॥
তক্ষকঃ সংহৃতবিষো লোকে যাস্যতি হাস্যতাম্।
বিচিন্ত্যৈবং কৃতা তেন ধ্রুবং তুষ্টির্দ্বিজস্য বৈ ॥৩৬॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

এতস্মিতি। এতস্মিন্নেব কালে, অরিন্দমঃ স রাজা জনমেজয়ঃ, সর্ব্বান্ মন্ত্রিণঃ, ইদং বাক্যম্, উবাচ ॥৩২॥

অথেতি। অথ প্রশ্নে। তদা তদ্বনস্পতৌ তস্মিন্ বটবৃক্ষে, লোকস্য আশ্চর্য্যভূতং যৎ তক্ষকস্য দংশনম্, বৃত্তং জাতম্, তক্ষকেণ ভস্মরাশীকৃতং বৃক্ষম্, কাশ্যপো যচ্চ জীবয়ামাস তৎ সর্বং যুষ্মাকমন্তিকে কেন জনেন কথিতম্? কাশ্যপস্যৈব মন্ত্রৈঃ, হৃতং বিষং যস্য স তাদৃশো বটবৃক্ষঃ, তস্মাৎ কাশ্যপাদেব, ন প্রণশ্যেত ন বিনষ্টোঽভূদিতি নূনং সম্ভাবয়ামীত্যর্থঃ। প্রণশ্যেতেতি সম্ভাবনায়াং বিধিলিঙ্, আত্মনেপদঞ্চার্ষম্ ॥৩৩—৩৪॥

চিন্তয়ামাসেতি। পাপাত্মা পন্নগাধমস্তক্ষকঃ, মনসা এতচ্চিন্তয়ামাস। ময়া দষ্টং পার্থিবং পরীক্ষিতম্, অয়ং বিপ্রো যদি জীবয়িষ্যতি, তদা সংহৃতং ব্রাহ্মণেন নাশিতং বিষং যস্য স

ভারতভাবদীপঃ

নিবৃত্তঃ ॥২৭—৩০॥ এনং পার্থিবস্যোতঙ্কস্য চ পরাভবং শ্রুত্বা ॥৩১—৩৫॥ সংহৃতবিষঃ সম্যক্

সৌতি বলিলেন—এই সময় শত্রুদমনকারী রাজা জনমেজয় সমস্ত মন্ত্রীকে এই কথা বলিলেন ॥৩২॥

জনমেজয় কহিলেন—'সেই বটবৃক্ষের উপরে লোকের বিস্ময়জনক যে ঘটনা ঘটিয়াছিল এবং তক্ষক সে বৃক্ষটাকে ভস্মরাশি করিল, কাশ্যপ আবার যে সে বৃক্ষটাকে বাঁচাইয়া দিলেন, এই সমস্ত বৃত্তান্ত আপনাদের নিকট কে বলিয়াছিল? আমি মনে করি—কাশ্যপের মন্ত্রেই বিষ নষ্ট করিয়া দিয়াছিল, তাই সে বৃক্ষটা নষ্ট হয় নাই ॥৩৩—৩৪॥

পাপাত্মা সর্পাধম তক্ষক মনে মনে চিন্তা করিয়াছিল যে, আমি রাজাকে

ভবিষ্যতি হ্যুপায়েন যস্য দাস্যামি যাতনাম্।
একং তু শ্রোতুমিচ্ছামি তদ্‌বৃত্তং নির্জনে বনে ॥৩৭॥
সংবাদং পন্নগেন্দ্রস্য কাশ্যপস্য চ কস্তদা।
শ্রুতবান্ দৃষ্টবাংশ্চাপি ভবৎসু কথমাগতম্।
শ্রুত্বা তস্য বিধাস্যেঽহং পন্নগান্তকরীং মতিম্ ॥৩৮॥

মন্ত্রিণ ঊচুঃ।

শৃণু রাজন্। যথাস্মাকং যেন তৎ কথিতং পুরা।
সমাগতং দ্বিজেন্দ্রস্য পন্নগেন্দ্রস্য চাধ্বনি ॥৩৯॥

ভারতকৌমুদী

তাদৃশস্তক্ষকঃ, লোকে হাস্যতাং যাস্যতি। এবং বিচিন্ত্য, তেন তক্ষকেণ, দ্বিজস্য কাশ্যপস্য, তুষ্টিঃ কৃতা তুষ্টিকরণেন নিবৃত্তিঃ কৃতেত্যর্থঃ, ইতি ধ্রুবং নিশ্চিতম্ ॥৩৫—৩৬॥

ভবিষ্যতীতি। যস্য পিতৃঘাতিনস্তক্ষকস্য যাতনাং দাস্যামি, তস্য সা যাতনা, উপায়েন হেতু-বিশেষেণ, ভবিষ্যত্যেব। কিন্তু একং বিষয়ং শ্রোতুমিচ্ছামি; নির্জনে বনে, তৎকার্য্যং বৃত্তং জাতম্, ইতি শিরশ্চালনেন প্রশ্নঃ ॥৩৭॥

সংবাদমিতি। তদা কো জনঃ, পন্নগেন্দ্রস্য তক্ষকস্য কাশ্যপস্য চ, সংবাদম্ আলাপম্, শ্রুতবান্, তয়োঃ কার্য্যকলাপং দৃষ্টবাংশ্চ, অপি চ তদ্‌বৃত্তং ভবৎসু কথমাগতম্। তৎ সর্বং শ্রুত্বা, তস্য তক্ষকস্য অপরাধাদেব, অহং পন্নগান্তকরীং সর্পকুলধ্বংসকারিণীম্, মতিং বুদ্ধিম্, বিধাস্যে করিষ্যামি। ষট্‌পদমিদং পদ্যম্ ॥৩৮॥

ভারতভাবদীপঃ

হতং নষ্টং বিষং যস্য স তথা। "সংহৃতবিষঃ" ইতি পাঠে স্পষ্টোঽর্থঃ ॥৩৬॥ যস্য দাস্যামি যাতনাং যস্য প্রযাসং কৃত্বা, যস্থ প্রযত্নে, অস্মাদসমাসেঽপ্যার্ষত্বাৎ ক্ত্বো ল্যপ্। যাতনাং

দংশন করিলে পর, এই ব্রাহ্মণ আবার যদি তাঁহাকে বাঁচাইয়া দেয়; তবে বিষ ব্যর্থ হইয়াছে বলিয়া তক্ষক লোকসমাজে হাস্যাস্পদ হইবে। এইরূপ চিন্তা করিয়াই তক্ষক সেই ব্রাহ্মণকে সন্তুষ্ট করিয়া ফিরাইয়া দিয়াছিল, ইহা নিশ্চয় ॥৩৫—৩৬॥

আমি যে তক্ষকের প্রতিশোধ দিব, কোন উপায় উদ্ভাবন করিলে তাহার সে প্রতিশোধ অবশ্যই হইবে। কিন্তু, আমি একটা বিষয় শুনিতে ইচ্ছা করি, সেই ঘটনা সকল নির্জ্জন বনের ভিতরে ঘটিয়াছিল ত? ॥৩৭॥

মন্ত্রিগণ। তখন কোন্ ব্যক্তি, কাশ্যপ ও তক্ষকের সেই আলাপ শুনিয়াছিল এবং তাঁহাদের কার্য্যকলাপ দেখিয়াছিল? আর কি প্রকারেই বা সে ঘটনাগুলি আপনাদের কাণে আসিয়াছিল, সেই সকল শুনিয়া আমি একমাত্র তক্ষকের অপরাধেই সমস্ত সর্পকুল বিনাশের বুদ্ধি করিব' ॥৩৮॥

---

(৩৮) ··কাশ্যপস্য বচস্তথা·। ভবতাং কথমাগতম্··।

তস্মিন্ বৃক্ষে নরঃ কশ্চিদিন্ধনার্থায় পার্থিব ।
বিচিন্বন্ পূর্বমারূঢ়ঃ শুষ্কশাখবনস্পতৌ ॥৪০॥
ন বুধ্যেতামুভৌ তৌ চ নগস্থং পন্নগদ্বিজৌ ।
সহ তেনৈব বৃক্ষেণ ভস্মীভূতোঽভবন্নৃপ । ॥৪১॥
দ্বিজপ্রভাবাদ্রাজেন্দ্র ! ব্যজীবৎ স বনস্পতিঃ ।
তেনাগম্য দ্বিজশ্রেষ্ঠ ! পুংসাস্মাসু নিবেদিতম্ ।
যথাবৃত্তং তু তৎ সর্বং তক্ষকস্য দ্বিজস্য চ ॥৪২॥

ভারতকৌমুদী

শৃণ্বিতি । হে রাজন্ ! যেন জনেন, অধ্বনি পথি, দ্বিজেন্দ্রস্য কাশ্যপস্য পন্নগেন্দ্রস্য তক্ষকস্য চ, তৎ সমাগতং সম্মেলনম্, অস্মাকং সমীপে, পুরা যথা কথিতম্, তৎ শৃণু ॥৩৯॥

তস্মিন্নিতি । হে পার্থিব ! রাজন্ ! শুষ্কাঃ শাখা যস্য স চাসৌ বনস্পতিশ্চেতি, তস্মিন্, তস্মিন্ বৃক্ষে , কশ্চিন্নরঃ, ইন্ধনার্থায় কাষ্ঠহরণায়, কাষ্ঠমেব বিচিন্বন্, সঞ্চিন্বন্, পূর্ব্বং তয়োরাগমনাৎ আদিত এব আরূঢ় আসীৎ ॥৪০॥

নেতি । হে নৃপ ! তৌ উভাবেব পন্নগদ্বিজৌ তক্ষককাশ্যপৌ, নগস্থং তদ্বৃক্ষারূঢ়ং তং নরম্, ন বুধ্যেতাং ন জ্ঞাতবন্তৌ । অতএব স নরঃ, তেন বৃক্ষেণ সহৈব তক্ষকদংশনাদ্ভস্মীভূতঃ অভবৎ ॥৪১॥

দ্বিজেতি । হে রাজেন্দ্র ! অতএব দ্বিজশ্রেষ্ঠ ! ক্ষত্রিয়প্রধান ! দ্বিজস্য ব্রাহ্মণস্য কাশ্যপস্য প্রভাবাৎ, স নরঃ, বনস্পতির্বটবৃক্ষশ্চ, ব্যজীবৎ বিশেষেণৈব জীবিতবান্ । তেন চ পুংসা নরেণ, আগম্য তক্ষকস্য দ্বিজস্য কাশ্যপস্য চ তৎ সর্ব্বং বৃত্তঃ বৃত্তান্তঃ, অস্মাসু, যথাবদেব নিবেদিতম্ । ইদমপি পদ্যং ষট্‌পদম্ ॥৪২॥

ভারতভাবদীপঃ

প্রতিক্রিয়াম্ ॥৩৭—৩৮॥ সমাগতং সমাগমম্ । ভাবে নিষ্ঠা ॥৩৯—৪০॥ "পুরুষং দ্বিজৌ" ইতি পাঠে দ্বিজৌ অণ্ডজঃ সর্পো বিপ্রশ্চ । "দন্তবিপ্রাণ্ডজা দ্বিজাঃ" ইত্যুক্তেরর্থভেদেঽপি সরূপত্বা- দেকশেষঃ ॥৪১॥ ব্যজীবৎ বিশেষেণাত্মলসিতেন রূপেণ জীবিতবান্ । আগম্য আগত্য ।

মন্ত্রিগণ বলিলেন—'মহারাজ ! পথে কাশ্যপ ও তক্ষকের সম্মেলনপ্রভৃতি আমাদের নিকটে যে ব্যক্তি যে ভাবে বলিয়াছিল, তাহা আপনি শ্রবণ করুন ॥৩৯॥

মহারাজ ! সেই বটগাছটার অনেক ডালই শুকাইয়া গিয়াছিল ; তাই কাঠ কুড়াইবার জন্য কোন লোক পূর্ব্বেই সেই গাছে উঠিয়া কাঠ কুড়াইতেছিল ॥৪০॥

কিন্তু কাশ্যপ ও তক্ষক—ইঁহাদের কেহই সে ব্যক্তিকে দেখিয়াছিলেন না , সুতরাং তক্ষকের দংশনেই সেই বৃক্ষের সহিত সেই ব্যক্তি ভস্ম হইয়া গিয়াছিল ॥৪১॥

(৪০)…শুষ্কশাখাবনস্পতৌ । (৪১) ন বুধ্যেতামুভৌ তৌ চ …।

এতত্তে কথিতং রাজন্! যথা দৃষ্টং শ্রুতঞ্চ যৎ।
শ্রুত্বা চ নৃপশার্দ্দূল! বিধৎস্ব যদনন্তরম্ ॥৪৩॥

সৌতিরুবাচ।

মন্ত্রিণান্তু বচঃ শ্রুত্বা স রাজা জনমেজয়ঃ।
পর্য্যতপ্যত দুঃখার্ত্তঃ প্রত্যপিংষৎ করং করে ॥৪৪॥
নিশ্বাসমুষ্ণমসকৃদ্দীর্ঘং রাজীবলোচনঃ।
মুমোচাশ্রূণি চ তদা নেত্রাভ্যাং প্ররুদন্নৃপঃ ॥৪৫॥
উবাচ চ মহীপালো দুঃখশোকসমন্বিতঃ।
দুর্দ্ধরং বাষ্পমুৎসৃজ্য স্পৃষ্ট্বা চাপো যথাবিধি ॥৪৬॥

ভারতকৌমুদী

এতদিতি। হে রাজন্! যথা দংশনাদিকং দৃষ্টম্, যচ্চ তস্মান্নরাৎ শ্রুতম্, এতত্তৎ সর্ব্বং তে তব সমীপে কথিতম্। হে নৃপশার্দ্দূল! শ্রুত্বা চ অনন্তরং যদ্বিধেয়ং তৎ বিধৎস্ব ॥৪৩॥

মন্ত্রিণামিতি। স জনমেজয়ো রাজা মন্ত্রিণাং বচঃ শ্রুত্বা তু দুঃখার্ত্তঃ সন্, পর্য্যতপ্যত অন্তর্দাহং প্রাপ্তবান্, তথা করে হস্তে, করং হস্তম্, প্রত্যপিংষৎ সংঘৃষ্টবান্। ক্রোধলক্ষণমেতৎ ॥৪৪॥

নিশ্বাসমিতি। রাজীবে পদ্মে ইব লোচনে যস্য স তাদৃশো নৃপঃ, অসকৃৎ বারং বারম্, উষ্ণং দীর্ঘঞ্চ নিশ্বাসং মুমোচ তত্যাজ; প্ররুদন্ সন্, নেত্রাভ্যাম্ অশ্রূণি চ মুমোচ ॥৪৫॥

উবাচেতি। দুঃখশোকসমন্বিতো মহীপালঃ, দুর্দ্ধরং দুর্নিবারং বাষ্পম্, উৎসৃজ্য, যথাবিধি অপো জলানি স্পৃষ্ট্বা চ, প্রতিজ্ঞাদৌ জলস্পর্শব্যবহারাদিতি ভাবঃ, উবাচ চ ॥৪৬॥

ভারতভাবদীপঃ

বা ল্যপি" ইতি পক্ষেঽনুনাসিকলোপাভাবঃ। দ্বিজশ্রেষ্ঠপুংসা ব্রাহ্মণদাসেন ॥৪২—৪৩॥

মহারাজ! তাহার পর, কাশ্যপের ক্ষমতার গুণে সে গাছটাও বাঁচিল এবং সে লোকটাও বাঁচিল। পরে সেই লোকটা আসিয়া আমাদের নিকট কাশ্যপ ও তক্ষকের সমস্ত বৃত্তান্ত যথাযথভাবে জানাইয়া গিয়াছিল ॥৪২॥

মহারাজ! আমরা যাহা দেখিয়াছিলাম বা শুনিয়াছিলাম, সে সমস্তই আপনার নিকট বলিলাম; শুনিয়া পরে যাহা কর্ত্তব্য হয়, তাহা করুন" ॥৪৩॥

সৌতি বলিলেন—রাজা জনমেজয় মন্ত্রিগণের কথা শুনিয়াই অত্যন্ত দুঃখিত হইয়া অন্তরে দগ্ধ হইতে লাগিলেন এবং হাতের উপরে হাত ঘষিতে থাকিলেন ॥৪৪॥

পদ্মনয়ন রাজা তখন বার বার উষ্ণ ও দীর্ঘ নিশ্বাস ত্যাগ করিতে লাগিলেন এবং রোদন করিতে থাকিয়া নয়নযুগল হইতে অবিরত অশ্রু মোচন করিতে থাকিলেন ॥৪৫॥

মুহূর্ত্তমিব চ ধ্যাত্বা নিশ্চিত্য মনসা নৃপঃ।
অমর্ষী মন্ত্রিণঃ সর্ব্বানিদং বচনমব্রবীৎ ॥৪৭॥

জনমেজয় উবাচ।

শ্রুত্বৈতদ্ভবতাং বাক্যং পিতুর্মে স্বর্গতিং প্রতি।
নিশ্চিতেয়ং মম মতির্যা চ তাং মে নিবোধত ॥৪৮॥
অনন্তরঞ্চ মন্যেঽহং তক্ষকায় দুরাত্মনে।
প্রতিকর্ত্তব্যমিত্যেবং যেন মে হিংসিতঃ পিতা ॥৪৯॥
শৃঙ্গিণং হেতুমাত্রং যঃ কৃত্বা দগ্ধ্বা চ পার্থিবম্।
ইয়ং দুরাত্মতা তস্য কাশ্যপং যো ন্যবর্ত্তয়ৎ ॥৫০॥

ভাবতকৌমুদী

মুহূর্ত্তমিতি। অমর্ষী ক্রুদ্ধো নৃপঃ, মুহূর্ত্তমিব ধ্যাত্বা কর্ত্তব্যবিষয়ং বিচিন্ত্য, মনসা কর্ত্তব্যং নিশ্চিত্য চ, সর্ব্বান্ মন্ত্রিণঃ, ইদং বচনম্, অব্রবীৎ ॥৪৭॥

শ্রুত্বেতি। হে মন্ত্রিণঃ। মে মম পিতুঃ, স্বর্গতিং প্রতি মৃত্যুবিষয়ে, ভবতাম্, এতদ্বাক্যং শ্রুত্বা, মম যেয়ং মতিঃ, নিশ্চিতা ; তাং মে মম সকাশাৎ, নিবোধত যূয়ং জানীত ॥৪৮॥

অনন্তরমিতি। যেন তক্ষকেণ, মে মম পিতা, হিংসিতো দংশনেন বিনাশিতঃ, তস্মৈ দুরাত্মনে তক্ষকায়, অনন্তরঞ্চ ইতঃ পরমেব, প্রতিকর্ত্তব্যম্, ইত্যেবম্ অহং মন্যে ॥৪৯॥

শৃঙ্গিণমিতি। যস্তক্ষকঃ, শৃঙ্গিণং তদাখ্যং মুনিকুমারম্, হেতুমাত্রং কৃত্বা অভিশপ্তৃতযা প্রযোজকমাত্রং বিধায, বিষবহ্নিনা পার্থিবং রপীক্ষিতং দগ্ধ্বা চ বর্ত্ততে স্ম, যশ্চ ধনং দত্ত্বা কাশ্যপং ন্যবর্ত্তযৎ ; তস্য তক্ষকস্য, ইয়ং কাশ্যপনিবর্ত্তনৈব, দুরাত্মতা দুরভিসন্ধিকতা ॥৫০॥

ভারতভাবদীপঃ

করং করে নিধায় প্রত্যপিংষৎ ক্রোধাবেশাৎ ঘর্ষিতবানিত্যর্থঃ ॥৪৪- ৪৭॥ অনন্তরমব্যবহিতম্

দুঃখ ও শোকযুক্ত বাজা অবিবত অশ্রু মোচন কবিয়া এবং যথানিয়মে জল স্পর্শ করিযা, বলিতে লাগিলেন ॥৪৬॥

ক্রুদ্ধ বাজা কিছুকাল চিন্তা কবিযা, পবে মনে মনে কর্ত্তব্য স্থিব কবিয়া, সমস্ত মন্ত্রীদিগকে এই কথা বলিলেন ॥৪৭॥

জনমেজয় কহিলেন—"আমাব পিতাব মৃত্যুব বিষযে আপনাদেব এই সকল কথা শুনিয়া, আমি যে বুদ্ধি স্থির কবিয়াছি, আমাব নিকট তাহা আপনাবা শুনুন ॥৪৮॥

যে তক্ষক আমাব পিতাকে নষ্ট কবিয়াছে, এখনই সেই দুবাত্মা তক্ষকেব প্রতিশোধ দিতে হইবে, ইহা আমি মনে কবিযাছি ॥৪৯॥

যে তক্ষক মুনিকুমাব শৃঙ্গীকে কেবল হেতু করিয়া বিষবহ্নিদ্বারা পিতৃ-

যদ্যাগচ্ছেৎ স বৈ বিপ্রো ননু জীবেৎ পিতা মম।
পরিহীয়েত কিং তস্য যদি জীবেৎ স পার্থিবঃ।
কাশ্যপস্য প্রসাদেন মন্ত্রিণাং বিনয়েন চ ॥৫১॥
স তু বারিতবান্ মোহাৎ কাশ্যপং দ্বিজসত্তমম্।
সঞ্জিজীবয়িষুং প্রাপ্তঃ রাজানমপরাজিতম্ ॥৫২॥
মহানতিক্রমো হ্যেষ তক্ষকস্য দুরাত্মনঃ।
দ্বিজস্য যোঽদদদ্দ্রব্যং মা নৃপং জীবয়েদিতি ॥৫৩॥

ভারতকৌমুদী

যদীতি। স বিপ্রঃ কাশ্যপঃ, যদি আগচ্ছেৎ, তদা মম পিতা, ননু নিশ্চিতমেব জীবেৎ। তথা চ মন্ত্রিণাং বিনয়েন অনুনয়প্রযুক্তেন, কাশ্যপস্য প্রসাদেন চিকিৎসাত্মকানুগ্রহেণ, যদি স পার্থিবো মম পিতা জীবেৎ, তদা তস্য তক্ষকস্য, কিং পরিহীয়েত কা হানির্ভবেৎ, অপি তু কাপি নেত্যর্থঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৫১॥

স ইতি। স তক্ষকঃ, মোহাৎ প্রতীকারযোগ্যঃ কোঽপি নাস্তীত্যজ্ঞানাৎ, অপরাজিতং মহাবীরত্বাৎ সর্ব্বত্র বিজয়িনম্, রাজানং পরীক্ষিতম্, সঞ্জিজীবয়িষুং সঞ্জীবয়িতুমিচ্ছুম্, উদন্ত-প্রত্যয়স্য নিষ্ঠাদিতয়া কর্ম্মণি ষষ্ঠীনিষেধাৎ রাজানমিতি দ্বিতীয়ৈব, প্রাপ্তম্ উপস্থিতম্, দ্বিজ-সত্তমং কাশ্যপম্, ধনদানেন বারিতবান্ ॥৫২॥

মহানিতি। নৃপং মা জীবয়েৎ, ইতি বিভাব্য যস্তক্ষকঃ, দ্বিজস্য দ্বিজায় কাশ্যপায় দ্রব্যং, ধনম্ অদদৎ দত্তবান্, তস্য দুরাত্মনস্তক্ষকস্য, এষ মহান্ অতিক্রমঃ সাধুনিয়মলঙ্ঘনম্ ॥৫৩॥

ভারতভাবদীপঃ

যথা স্যাত্তথা ॥৪৮—৫১॥ মোহান্মদীয়সামর্থ্যাজ্ঞানাৎ ॥৫২॥ "যদি ক্ষিতায়ুর্যদি বা পরেতো যদি মৃত্যোরন্তিকং নীত এব। তমাহরামি নির্ঋতেরুপস্থাদস্পার্ষমেনং শতশারদায় ॥" ইতি মন্ত্রবর্ণাদ্ব্রাহ্মণস্যায়ুঃপ্রদানেঽপি সামর্থ্যমস্তি। অতস্তং বহুধনদানেন নিবর্ত্তয়তস্তক্ষকস্যৈবাপ-

---

দেবকে দগ্ধ করিয়াছিল এবং যে তক্ষক কাশ্যপকে ফিরাইয়া দিয়াছিল, তাহার এ মতন দুরভিসন্ধিই বটে ॥৫০॥

সেই ব্রাহ্মণ যদি আসিতেন, তবে নিশ্চয়ই আমার পিতা বাঁচিতেন। মন্ত্রিগণের অনুনয়ে কাশ্যপ চিকিৎসা করিয়া অনুগ্রহ দেখাইলে, যদি আমার পিতা বাঁচিতেন, তবে তক্ষকের কি ক্ষতি হইত? ॥৫১॥

ব্রাহ্মণশ্রেষ্ঠ কাশ্যপ বিজয়ী রাজাকে বাঁচাইয়া দিবার জন্য আসিতেছিলেন; কিন্তু তক্ষক দুর্বুদ্ধিবশতই তাঁহাকে ফিরাইয়া দিয়াছিল ॥৫২॥

রাজাকে বাঁচাইয়া না দেন—ইহা ভাবিয়াই তক্ষক সেই ব্রাহ্মণকে ধন দান করিয়াছিল; সুতরাং এটা দুরাত্মা তক্ষকের গুরুতর সাধুনিয়ম লঙ্ঘন করা হইয়াছে ॥৫৩॥

উতঙ্কস্য প্রিয়ং কর্ত্তুম্ আত্মনশ্চ মহৎ প্রিয়ম্।
ভবতাঞ্চৈব সর্ব্বেষাং গচ্ছাম্যপচিতিঃ পিতুঃ ॥৫৪॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি
আস্তীকে পরীক্ষিন্মন্ত্রিসংবাদো নাম পঞ্চচত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

—ঃ*ঃ—

ষট্‌চত্বারিংশোঽধ্যায়ঃ।

—ঃ*ঃ—

সৌতিরুবাচ।
এবমুক্ত্বা ততঃ শ্রীমান্ মন্ত্রিভিশ্চানুমোদিতঃ।
আরুরোহ প্রতিজ্ঞাং স সর্পসত্রায় পার্থিবঃ ॥১॥

ভারতকৌমুদী

উতঙ্কস্যেতি। উতঙ্কস্য মুনেঃ প্রিয়ং কর্ত্তুম্, আত্মনশ্চ সর্ব্বেষাং ভবতাঞ্চ মহৎ প্রিয়ং কর্ত্তুম্, পিতুঃ পিতৃহত্যায়াঃ, অপচিতিং তক্ষকপ্রতীকারেণ নিষ্ক্রয়ম্, গচ্ছামি করোমি। "ভবেদপচিতিঃ পূজাব্যয়নিষ্কৃতিহানিষু" ইতি মেদিনী ॥৫৪॥
ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাদিপর্ব্বণি আস্তীকে পঞ্চচত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥

—ঃ*ঃ—

এবমিতি। শ্রীমান্ স পার্থিবো জনমেজয়ঃ, এবমুক্ত্বা ততঃ পরং মন্ত্রিভিশ্চ তদর্থে অনুমোদিতঃ সন্, সর্পসত্রায় প্রতিজ্ঞাম্ আরুরোহ চকারেত্যর্থঃ, তক্ষকবদেব সর্ব্বেষামেব সর্পাণাং বিনা কারণং লোকানিষ্টকারিত্বাদিতি ভাবঃ ॥১॥

ভারতভাবদীপঃ

রাধোঽয়মিত্যাহ—মহানিতি। দদদিতি হেতৌ শতৃপ্রত্যয়ঃ। দ্রব্যং দত্ত্বাপি তেনৈব নৃপো বলাৎ মারিত ইত্যর্থঃ ॥৫৩॥ অপচিতিং বৈরনির্যাতনম্ ॥৫৪॥
ইতি শ্রীমহাভারতে আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চচত্বারিংশোঽধ্যায় ॥৪৫॥

—ঃ*ঃ—

অতএব উতঙ্কের প্রীতির জন্য এবং আমার ও আপনাদের সকলের গুরুতর প্রীতির জন্য আমি নিশ্চয়ই পিতৃহত্যার বিষয়ে তক্ষকের প্রতিশোধ লইব" ॥৫৪॥

—ঃ*ঃ—

সৌতি বলিলেন—ঐশ্বর্য্যশালী রাজা জনমেজয় এইরূপ বলিবামাত্র সমস্ত মন্ত্রীরাই সে বিষয়ে অনুমোদন করিলেন, তাহার পর তিনি সর্পযজ্ঞ করিবার জন্য প্রতিজ্ঞা করিলেন ॥১॥

---

* '...পঞ্চাশত্তমোঽধ্যায়ঃ', '...সপ্তচত্বারিংশোঽধ্যায়ঃ' ইতি পাঠান্তরদ্বয়ম্।

ব্রহ্মন্‌। ভরতশার্দ্দূলো রাজা পারীক্ষিতস্তদা।
পুরোহিতমথাহূয় ঋত্বিজো বসুধাধিপঃ ॥২॥
অব্রবীদ্বাক্যসম্পন্নঃ কার্য্যসম্পৎকরং বচঃ।
যো মে হিংসিতবাংস্তাতং তক্ষকঃ স দুরাত্মবান্‌ ॥৩॥ (যুগ্মকম্‌)
প্রতিকুর্য্যাং যথা তস্য তদ্ভবন্তো ব্রুবন্তু মে।
অপি তৎকর্ম্ম বিদিতং ভবতাং যেন পন্নগম্‌।
তক্ষকং সম্প্রদীপ্তেঽগ্নৌ প্রক্ষিপেয়ং সবান্ধবম্‌ ॥৪॥
যথা তেন পিতা মহ্যং পূর্ব্বং দগ্ধো বিষাগ্নিনা।
তথাহমপি তং পাপং দগ্ধুমিচ্ছামি পন্নগম্‌ ॥৫॥

ঋত্বিজ ঊচুঃ।

অস্তি রাজন্‌। মহৎ সত্রং ত্বদর্থং দেবনির্ম্মিতম্‌।
সর্পসত্রমিতি খ্যাতং পুরাণে পরিপঠ্যতে ॥৬॥

ভারতকৌমুদী

ব্রহ্মন্নিতি। হে ব্রহ্মন্‌! শৌনক। অথানন্তরম্‌, রাজা প্রকৃতিরঞ্জকঃ, "রাজা প্রকৃতিরঞ্জনাৎ" ইতি রঘুবংশোক্তেঃ, বাক্যসম্পন্নো বাগ্মী, ভরতশার্দ্দূলো ভরতবংশশ্রেষ্ঠঃ, বসুধাধিপঃ, পারীক্ষিতঃ পরীক্ষিতঃ পুত্রো জনমেজয়ঃ, পুরোহিতং কুলপুরোধসম্‌, অন্যান্‌ ঋত্বিজশ্চ আহূয়, কার্য্যস্য উদ্দেশ্যস্য সম্পৎকরং নিষ্পত্তিকারকং বচঃ, অব্রবীৎ। যথা যো মে তাতং হিংসিতবান্‌, স তক্ষকঃ, দুরাত্মবান্‌ দুরভিসন্ধিশালী আসীৎ ॥২—৩॥

অতএবাহ—প্রতিকুর্য্যামিতি। যথা যেন প্রকারেণ, তস্য তক্ষকস্য, প্রতিকুর্য্যাং প্রতিকারং কর্ত্তুং শক্নুয়াম্‌, ভবন্তো মে মম সমীপে তৎ ব্রুবন্তু। যেন কর্ম্মণা, সম্প্রদীপ্তে প্রজ্বলিতে অগ্নৌ, সবান্ধবং তক্ষকং পন্নগম্‌, প্রক্ষিপেয়ং প্রক্ষেপ্তুং শক্নুয়াম্‌, তৎ কর্ম্ম, অপি কিং ভবতাং বিদিতম্‌ অস্তি? ষট্‌পদমিদং পদ্যম্‌ ॥৪॥

যথেতি। তেন তক্ষকেণ বিষাগ্নিনা যথা, মহ্যং মম আর্ষত্বাৎ ষষ্ঠ্যর্থে চতুর্থী, পিতা, পূর্ব্বং দগ্ধঃ, তথা অহমপি তং পাপং পন্নগং দগ্ধুমিচ্ছামি ॥৫॥

মহর্ষি শৌনক! তাহার পর, প্রজারঞ্জক, বাক্‌পটু ও ভরতবংশশ্রেষ্ঠ রাজা জনমেজয় কুলপুরোহিত ও অন্যান্য পুরোহিতগণকে ডাকিয়া, এই উদ্দেশ্য সিদ্ধির কথা বলিলেন—"যে আমার পিতাকে নষ্ট করিয়াছে, সে তক্ষকের নিশ্চয়ই দুরভিসন্ধি ছিল ॥২—৩॥

আমি যে প্রকারে সেই তক্ষকের প্রতিশোধ লইতে পারি, আপনারা আমার নিকট তাহা বলুন। আমি যাহাতে প্রজ্বলিত অগ্নিতে বন্ধু-বান্ধবের সহিত তক্ষকনাগকে দগ্ধ করিতে পারি, আপনাদের সে কার্য্য জানা আছে ত? ॥৪॥

তক্ষক যেমন আমার পিতাকে বিষবহ্নিদ্বারা দগ্ধ করিয়াছে, আমিও তেমনই সেই পাপাত্মা তক্ষককে দগ্ধ করিতে ইচ্ছা করি" ॥৫॥

আহর্ত্তা তস্য সত্রস্য ত্বন্নান্যোঽস্তি নরাধিপ ! ।
ইতি পৌরাণিকাঃ প্রাহুরস্মাকঞ্চাস্তি স ক্রতুঃ ॥৭॥
এবমুক্তঃ স রাজর্ষির্মেনে দগ্ধং হি তক্ষকম্ ।
হুতাশনমুখে দীপ্তে প্রবিষ্টমিতি সত্তম ! ॥৮॥
ততোঽব্রবীন্মন্ত্রবিদস্তান্ রাজা ব্রাহ্মণাংস্তদা ।
আহরিষ্যামি তৎ সত্রং সম্ভারাঃ সন্ত্রিয়ন্তু মে ॥৯॥

ভারতকৌমুদী

অস্তীতি। হে রাজন্! ত্বদর্থং দেবৈর্নির্ম্মিতং সর্পসত্রমিতি খ্যাতং মহৎ সত্রং যজ্ঞঃ অস্তি ; তচ্চ পুরাণে শাস্ত্রে পরিপঠ্যতে ॥৬॥

আহর্ত্তেতি। হে নরাধিপ! ত্বৎ ত্বত্তঃ, অন্যো জনঃ, তস্য সত্রস্য, আহর্ত্তা অনুষ্ঠাতা নাস্তি, বহুবিত্তব্যয়ায়াসসাধ্যত্বাদিতি ভাবঃ, ইতি পৌরাণিকাঃ প্রাহুঃ। স ক্রতুর্যজ্ঞশ্চ অস্মাকমস্তি বিদিত ইতি শেষঃ ॥৭॥

এবমিতি। হে সত্তম! সাধুশ্রেষ্ঠ! শৌনক। ঋত্বিগ্‌ভিঃ এবমুক্তঃ স রাজর্ষির্জনমেজয়ঃ, তক্ষকম্, দীপ্তে প্রজ্বলিতে, হুতাশনমুখে অগ্নৌ, প্রবিষ্টম্, ইতি হেতোঃ, দগ্ধমেব, মেনে সম্ভাবিতবান্ ॥৮॥

তত ইতি। ততঃ পরম্, তদা রাজা, মন্ত্রবিদস্তান্ ব্রাহ্মণান্ অব্রবীৎ।- অহং তং সত্রং যজ্ঞম্, আহরিষ্যামি অনুষ্ঠাস্যামি। অতএব মে মম, সম্ভারা তদ্‌যজ্ঞাবশ্যকদ্রব্যাণি, সন্ত্রিয়ন্তু আয়োজ্যন্তাম্। পরস্মৈপদমার্ষম্ ॥৯॥

ভারতভাবদীপঃ

এবমুক্তেতি ॥১—৪॥ মহৎ মম ॥৫—৬॥ ত্বং নান্যস্ত্বমেব নান্যঃ। যদ্বা ত্বৎ ত্বত্তো নান্যো-

---

পুরোহিতগণ বলিলেন—"মহারাজ! আপনার জন্যই দেবগণের উদ্ভাবিত 'সর্পসত্র' নামে বিখ্যাত প্রধান একটী যজ্ঞ আছে; পুরাণশাস্ত্রে তাহার উল্লেখ রহিয়াছে ॥৬॥

মহারাজ! আপনি ভিন্ন অপর কেহই সে যজ্ঞের অনুষ্ঠান করিতে সমর্থ নহে, এ কথা পৌরাণিকেরা বলিয়া থাকেন; কিন্তু সে যজ্ঞ আমাদের জানা আছে" ॥৭॥

হে সাধুশ্রেষ্ঠ শৌনক! পুরোহিতগণ এই কথা বলিলে, রাজর্ষি জনমেজয় ইহাই মনে করিলেন যে, তক্ষক প্রজ্বলিত অগ্নিমধ্যে পতিত হইয়া দগ্ধই হইয়া গিয়াছে ॥৮॥

তাহার পর রাজা জনমেজয় তখন সেই সকল মন্ত্রজ্ঞ ব্রাহ্মণকে বলিলেন—"আমি সেই যজ্ঞের অনুষ্ঠান করিব, আপনারা তাহার উপকরণ সকল আয়োজন করুন" ॥৯॥

সৌতিরুবাচ।

ততস্ত ঋত্বিজস্তস্য শাস্ত্রতো দ্বিজসত্তম।।
তং দেশং মাপয়ামাসুর্যজ্ঞায়তনকারণাৎ ॥১০॥
যথাবদ্বেদবিদ্বাংসঃ সর্ব্বে বুদ্ধেঃ পরং গতাঃ।
ঋদ্ধ্যা পরময়া যুক্তমিষ্টং দ্বিজগণৈর্যুতম্ ॥১১॥
প্রভূতধনধান্যাঢ্যমৃত্বিগ্‌ভিঃ সুনিষেবিতম্।
নির্ম্মায় চাপি বিধিবদ্‌যজ্ঞায়তনমীপ্সিতম্ ॥১২॥
রাজানং দীক্ষয়ামাসুঃ সর্পসত্রাপ্তয়ে তদা।
ইদঞ্চাসীত্তত্র পূর্ব্বং সর্পসত্রে ভবিষ্যতি ॥১৩॥
নিমিত্তং মহদুৎপন্নং যজ্ঞবিঘ্নকরং তদা।
যজ্ঞস্যায়তনে তস্মিন্ ক্রিয়মাণে বচোঽব্রবীৎ ॥১৪॥ (কুলকম্)

ভারতকৌমুদী

তত ইতি। হে দ্বিজসত্তম! শৌনক। ততঃ পরম্, বেদবিদ্বাংসঃ, বুদ্ধেঃ পরং পারং গতাশ্চ, সর্ব্বে তে ঋত্বিজঃ, তস্য রাজ্ঞঃ সম্বন্ধে, যজ্ঞায়তনকারণাৎ সর্পসত্রস্থানকরণহেতোঃ, পরময়া ঋদ্ধ্যা দ্রব্যসম্পদা যুক্তম্, যজ্ঞযোগ্যত্বাদিষ্টম্, দ্বিজগণৈর্যুতম্, প্রভূতধনধান্যাঢ্যম্, ঋত্বিগ্‌ভিঃ সুনিষেবিতম্, তং দেশং স্থানম্, শাস্ত্রতঃ শাস্ত্রানুসারেণ মাপয়ামাসুঃ। ততশ্চ বিধিবৎ ঈপ্সিতং যজ্ঞস্য আযতনং স্থানং নির্ম্মায় চ, তদা সর্পসত্রস্য তৎফলস্য আপ্তয়ে লাভায়, রাজানং জনমেজযম্, দীক্ষয়ামাসুঃ প্রবর্ত্তয়ামাসুঃ দীক্ষয়িতুমুপচক্রমিরে ইত্যর্থঃ; ঋত্বিজ ইতি সম্বন্ধঃ। ভবিষ্যতি ভাবিনি, তত্র সর্পসত্রে, তদা যজ্ঞবিঘ্নকরং তদ্‌যজ্ঞব্যাঘাতসূচকম, ইদঞ্চ মহৎ পূর্ব্বং নিমিত্তং লক্ষণম্ উৎপন্নমাসীৎ। কিং তদিত্যাহ—যৎ, তস্মিন্ যজ্ঞস্য আয়তনে স্থানে ক্রিয়মাণে অতি, কশ্চিদিদং বচঃ অব্রবীৎ ॥১০—১৪॥

ভাবতভাবদীপঃ

ইস্তি ॥৭—৮॥ আহরিষ্যামি করিষ্যামি। সন্নিযন্তু সন্নিয়ন্তাম্ ॥৯—১২॥ দীক্ষয়ামাসুর্দীক্ষাং

সৌতি বলিলেন—হে ব্রাহ্মণশ্রেষ্ঠ শৌনক! তাহাব পর বেদশাস্ত্রজ্ঞ ও মহাবুদ্ধিমান্ সেই সকল পুবোহিতেরা রাজার যজ্ঞস্থান নির্ম্মাণ কবিবাব জন্য শাস্ত্রানুসাবে সেই জায়গা মাপিলেন; সে স্থানে বহুতর দ্রব্য নিয়া রাখা হইল; ব্রাহ্মণগণ সে স্থানে অবস্থান কবিতে লাগিলেন; পুবোহিতেরাও তথায় উপস্থিত বহিলেন এবং প্রচুব ধন ও ধান্য সেখানে আনা হইল। তাহার পব পুবোহিতেরা যথাবিধানে যজ্ঞবেদি নির্ম্মাণ কবিয়া, সর্পসত্রের ফল লাভ করিবার জন্য রাজা জনমেজয়কে দীক্ষিত কবিবার উপক্রম করিলেন; কিন্তু সে সর্পসত্র হইবে, তাহাব পূর্ব্বেই তখন যজ্ঞেব বিঘ্নসূচক এই একটা গুরুতব লক্ষণ উৎপন্ন হইল; সেই যজ্ঞেব জায়গা তৈয়ারী করা হইতেছিল, এমন সময কেহ এই কথা বলিল ॥১০-১৪॥

স্থপতির্বুদ্ধিসম্পন্নো বাস্তুবিদ্যাবিশারদঃ।
ইত্যব্রবীৎ সূত্রধারঃ সূতঃ পৌরাণিকস্তদা ॥১৫॥
যস্মিন্ দেশে চ কালে চ মাপনেয়ং প্রবর্ত্তিতা।
ব্রাহ্মণং কারণং কৃত্বা নায়ং সম্পৎস্যতে ক্রতুঃ ॥১৬॥
এতচ্ছ্রুত্বা তু রাজাসৌ প্রাগ্‌দীক্ষাকালমব্রবীৎ।
ক্ষত্তারং নহি মে কশ্চিদজ্ঞাতঃ প্রবিশেদিতি ॥১৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি
আস্তীকে সর্পসত্রোপক্রমো নাম ষট্‌চত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

নন্থ কোঽব্রবীদিত্যাহ—স্থপতিরিতি। তদা পৌরাণিকঃ পুরাণশাস্ত্রবেত্তা, সূতঃ সূতজাতীয়ঃ, বুদ্ধিসম্পন্নঃ, বাস্তুবিদ্যাবিশারদশ্চ, অতএবাস্য বাক্যে বিশ্বাস ইতি ভাবঃ, সূত্রধারঃ স্থপতিঃ শিল্পী, ইতি অব্রবীৎ ॥১৫॥

অত ইতি কিং বচ ইত্যাহ—যস্মিন্নিতি। যস্মিন্ দেশে চ কালে চ ইয়ং মাপনা স্থানপরিমাণকরণম্, প্রবর্ত্তিতা আরব্ধা, এতেন কঞ্চিৎ ব্রাহ্মণং কৃত্বা, অযং ক্রতুর্যজ্ঞঃ ন সম্পৎস্যতে সমাপ্তিং ন প্রাপ্স্যতি ॥১৬॥

এতদিতি। অসৌ রাজা জনমেজয়ঃ, এতৎ স্থপতিবচনং শ্রুত্বা তু, দীক্ষাকালাৎ প্রাগিতি প্রাগ্‌দীক্ষাকালম্, ক্ষত্তারং সূতজাতীযং দ্বারপালম্, মে মম অজ্ঞাতঃ কশ্চিদপি অত্র নহি প্রবিশেৎ, ইত্যব্রবীৎ ॥১৭॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকাযাং ভারতকৌমুদীসমাখ্যায়ামাদিপর্ব্বণি আস্তীকে ষট্‌চত্বারিংশোঽধ্যাযঃ ॥০॥

ভারতভাবদীপঃ

গ্রাহিতবন্তঃ। সর্পসত্রাপ্তয়ে সর্পসত্রফলাপ্তয়ে। ভবিষ্যতি ভাবিনি ॥১৩—১৪॥ ইতি বক্ষ্যমাণং যস্মিন্ দেশে ইত্যাদি। সূতো জাত্যা। পৌরাণিকঃ শিল্পাগমবেত্তা ॥১৫॥ নায়ং সংস্থাস্যতে ন সমাপ্স্যতে ॥১৬॥ দীক্ষাকালস্য প্রাক্ ইতি প্রাগ্দীক্ষাকালম্। ক্ষত্তারং দ্বাঃস্থম্ ॥১৭॥

ইতি শ্রীমহাভারতে আদিপর্ব্বণি নৈলকণ্ঠীযে ভারতভাবদীপে ষট্‌চত্বারিংশোঽধ্যাযঃ ॥৪৬॥

পুরাণশাস্ত্রবেত্তা, সূতজাতীয, ভূতত্ত্ববিদ্যায় বিশারদ এবং বুদ্ধিমান্ শিল্পী এই কথা বলিল—॥১৫॥

"যে জায়গায় এবং যে সময়ে এই মাপা আরম্ভ করা হইযাছে, ইহাতে কোন ব্রাহ্মণকে নিমিত্ত করিয়া এই যজ্ঞ সমাপ্ত করা হইবে না" ॥১৬॥

এই কথা শুনিয়া রাজা জনমেজয দীক্ষিত হইবার পূর্ব্বে দ্বারপালকে বলিলেন যে, "আমার অজ্ঞাতভাবে কোন লোক যেন এখানে প্রবেশ না করে" ॥১৭॥

* '...একপঞ্চাশত্তমোঽধ্যাযঃ', '...একপঞ্চাশোঽধ্যায়ঃ' ইতি পাঠান্তরদ্বয়ম্।

সপ্তচত্বারিংশোঽধ্যায়ঃ ।

সৌতিরুবাচ ।

ততঃ কর্ম্ম প্রববৃতে সর্পসত্রবিধানতঃ ।
পর্য্যক্রামংশ্চ বিবিধৎ স্বে স্বে কর্ম্মণি যাজকাঃ ॥১॥
প্রাবৃত্য কৃষ্ণবাসাংসি ধূম্রসংরক্তলোচনাঃ ।
জুহুবুর্মন্ত্রবচ্চৈব সমিদ্ধং জাতবেদসম্ ॥২॥
কম্পয়ন্তশ্চ সর্ব্বেষামুরগাণাং মনাংসি চ ।
সর্পানাজুহুবুস্তত্র সর্ব্বানগ্নিমুখে তদা ॥৩॥
ততঃ সর্পাঃ সমাপেতুঃ প্রদীপ্তে হব্যবাহনে ।
বিচেষ্টমানাঃ কৃপণমাহ্বয়ন্তঃ পরস্পরম্ ॥৪॥

ভারতকৌমুদী

তত ইতি। ততঃ পরম্, সর্পসত্রবিধানতঃ, কর্ম্ম, প্রববৃতে প্রবৃত্তমাসীৎ। যাজকাঃ স্বে স্বে কর্ম্মণি হোতৃত্বাদৌ, বিধিবৎ, পর্য্যক্রামন্ প্রাবর্ত্তন্ত ॥১॥

প্রাবৃত্যেতি। তে চ যাজকাঃ, হিংসাকর্ম্মণি প্রবৃত্তত্বাৎ কৃষ্ণবাসাংসি, প্রাবৃত্য পরিধায, সমিদ্ধং প্রজ্বলিতম্, জাতবেদসম্ অগ্নিং প্রাপ্য, মন্ত্রবৎ মন্ত্রযুক্তং যথা স্যাত্তথা জুহুবুঃ ॥২॥

কম্পয়ন্ত ইতি। তে চ যাজকাঃ, সর্ব্বেষামেব উরগাণাং সর্পাণাং মনাংসি, মরণভয়োৎপাদনেন কম্পয়ন্তঃ সন্তঃ, তদা সর্ব্বান্ সর্পান্, তত্র অগ্নিমুখে, আজুহুবুঃ আহূতবন্তঃ ॥৩॥

তত ইতি। তত আহ্বানাৎ পরম্, সর্পাঃ বিচেষ্টমানাঃ স্পন্দমানশরীরাঃ, কৃপণং দীনং যথা স্যাত্তথা, পরস্পরম্ আহ্বয়ন্তশ্চ, প্রদীপ্তে প্রজ্বলিতে, হব্যবাহনে অগ্নৌ, সমাপেতুঃ ॥৪॥

ভারতভাবদীপঃ

তত ইতি। পর্য্যক্রামন্ পরাক্রান্তবন্তঃ ॥১॥ মন্ত্রবন্মন্ত্রযুক্তং যথা স্যাত্তথা ॥২॥ আজুহুবুঃ

সৌতি বলিলেন—তাহার পর সর্পসত্রের বিধান অনুসারে কার্য্য আরম্ভ হইয়া গেল, যাজ্ঞিকেরা যথাবিধানে আপন আপন কার্য্যে প্রবৃত্ত হইলেন ॥১॥

তাঁহারা কৃষ্ণবর্ণ বস্ত্র পরিধান করিয়া, ধূমে আরক্তনয়ন হইয়া, প্রজ্বলিত অগ্নিতে মন্ত্রপাঠপূর্ব্বক আহুতি দিতে লাগিলেন ॥২॥

আর সমস্ত সর্পের হৃদয় কাঁপাইয়া, তখন সেই অগ্নির মধ্যে পড়িবার জন্য সমস্ত সর্পকে আহ্বান করিতে থাকিলেন ॥৩॥

তাহার পর, সর্পগণ কাতরভাবে পরস্পর পরস্পরকে আহ্বান করতঃ, কম্পিত কলেবরে আসিয়া সেই প্রজ্বলিত অগ্নির মধ্যে পড়িতে লাগিল ॥৪॥

বিস্ফুরন্তঃ শ্বসন্তশ্চ বেষ্টয়ন্তঃ পরস্পরম্ ।
পুচ্ছৈঃ শিরোভিশ্চ ভৃশং চিত্রভানুং প্রপেদিরে ॥৫॥
শ্বেতাঃ কৃষ্ণাশ্চ নীলাশ্চ স্থবিরাঃ শিশবস্তথা ।
নদন্তো বিবিধান্ নাদান্ পেতুর্দীপ্তে বিভাবসৌ ॥৬॥
ক্রোশযোজনমাত্রা হি গোকর্ণস্য প্রমাণতঃ ।
পতন্ত্যজস্রং বেগেন বহ্নাবগ্নিমতাং বর ! ॥৭॥
এবং শতসহস্রাণি প্রযুতান্যর্বুদানি চ ।
অবশানি বিনষ্টানি পন্নগানান্তু তত্র বৈ ॥৮॥
তুরগা ইব তত্রান্যে হস্তিহস্তা ইবাপরে ।
মত্তা ইব চ মাতঙ্গা মহাকায়া মহাবলাঃ ॥৯॥

ভারতকৌমুদী

বিস্ফুরন্ত ইতি। অপরে সর্পাঃ, বিস্ফুরন্তঃ স্পন্দমানাঃ, শ্বসন্তঃ শ্বাসং ত্যজন্তঃ, পুচ্ছৈঃ শিরোভিশ্চ পরস্পরং ভৃশমত্যন্তম্, বেষ্টয়ন্তশ্চ, চিত্রভানুম্ অগ্নিম্, প্রপেদিরে প্রাপ্তাঃ ॥৫॥

শ্বেতা ইতি। শ্বেতাঃ কৃষ্ণাশ্চ নীলাশ্চ, স্থবিরা বৃদ্ধাঃ, তথা যুবানঃ শিশবশ্চ সর্পাঃ, বিবিধান্ নাদান্, শব্দান্, নদন্তঃ কুর্বন্তঃ, দীপ্তে জ্বলিতে, বিভাবসৌ অগ্নৌ, পেতুঃ পতিতবন্তঃ ॥৬॥

ক্রোশেতি। হে অগ্নিমতাং বর! সাগ্নিকশ্রেষ্ঠ। শৌনক! ক্রোশযোজনমাত্রাঃ ক্রোশপরিমিতশরীরা যোজনপরিমিতশরীরাশ্চ, গোকর্ণস্য প্রমাণতঃ শরীরধারিণশ্চ সর্পাঃ, বেগেন অজস্রং বহ্নৌ পতন্তি স্ম ॥৭॥

এবমিতি। এবম্ অনেন প্রকারেণ, তত্র সর্পসত্রে, পন্নগানাম্ অবশানি মন্ত্রাকর্ষণাদাত্মরক্ষায়ামক্ষমাণি শতসহস্রাণি, প্রযুতানি নিযুতানি, অর্বুদানি চ, বিনষ্টানি ॥৮॥

ভারতভাবদীপঃ

আহুতবন্তঃ ॥৩-৪॥ চিত্রভানুমগ্নিম্ ॥৫—৬॥ প্রমাণতঃ প্রমাণং প্রাপ্য ॥৭—৯॥ পরিঘো

অপর কতকগুলি সাপ ফোঁস ফোঁস করিতে থাকিয়া, লাঙ্গুল ও মাথা দিয়া পরস্পর পরস্পরকে বেষ্টন করিয়া, ছট্‌ফট্ করিতে করিতে আসিয়া সেই আগুনের ভিতরে পড়িতে থাকিল ॥৫॥

শ্বেতবর্ণ, কৃষ্ণবর্ণ ও নীলবর্ণ এবং বৃদ্ধ, যুবক ও বালক সর্পগণ নানাবিধ শব্দ করিতে থাকিয়া সেই প্রজ্বলিত অগ্নির ভিতরে আসিয়া প্রবেশ করিতে লাগিল ॥৬॥

হে সাগ্নিকশ্রেষ্ঠ শৌনক। কতকগুলি ক্রোশপ্রমাণ শরীর, কতকগুলি যোজনপ্রমাণ শরীর, আবার কতকগুলি গরুর কর্ণের ন্যায় ক্ষুদ্র শরীর সর্প সকল বেগে আসিয়া অনবরত অগ্নিতে পতিত হইতে থাকিল ॥৭॥

এইভাবে সেই সর্পসত্রে শত শত, সহস্র সহস্র, নিযুত নিযুত এবং অর্বুদ অর্বুদ সর্প, আত্মরক্ষায় অক্ষম হইয়া বিনষ্ট হইতে লাগিল ॥৮॥

উচ্চাবচাশ্চ বহবো নানাবর্ণা বিষোল্বণাঃ।
ঘোরাশ্চ পরিঘপ্রখ্যা দন্দশূকা মহাবলাঃ।
প্রপেতুরগ্নাবুরগা মাতৃবাগ্দণ্ডপীড়িতাঃ ॥১০॥ (যুগ্মকম্)
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি
আস্তীকে সর্পসত্রানুষ্ঠানং নাম সপ্তচত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

অষ্টচত্বারিংশোঽধ্যায়ঃ।

—:*:—

শৌনক উবাচ।
সর্পসত্রে তদা রাজ্ঞঃ পাণ্ডবেয়স্য ধীমতঃ।
জনমেজয়স্য কে ত্বাসন্নৃত্বিজঃ পরমর্ষয়ঃ ॥১॥

ভারতকৌমুদী

তুরগা ইতি। অন্যে কেচিৎ সর্পাঃ, তুরগা ইব অশ্বাকারাঃ, অপরে হস্তিহস্তা হস্তিশুণ্ডা ইব, ইতরে মত্তা মাতঙ্গা হস্তিন ইব মহাকায়া মহাবলাশ্চ, ইত্থম্ উচ্চাবচা নানাবিধাকৃতয়ঃ, বহবশ্চ নানাবর্ণাঃ, বিষেণ উল্বণা উন্মত্তাঃ, ঘোরাঃ পরিঘপ্রখ্যা দ্বারার্গলতুল্যাকারাঃ, দন্দশূকাঃ পুনঃ পুনর্দংশনশীলাঃ, মহাবলাশ্চ, উরগাঃ সর্পাঃ, মাতুঃ কদ্রোর্বাগ্দণ্ডেন অভিসম্পাতেন পীডিতাঃ সন্তঃ, অগ্নৌ প্রপেতুঃ। দশমঃ শ্লোকঃ ষট্পদঃ ॥৯—১০॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাদিপর্ব্বণি আস্তীকে সপ্তচত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

ভারতভাবদীপঃ

মহাদ্বারার্গলাদণ্ডস্তুল্যাঃ। মাতৃবাগ্দণ্ডপীডিতা ইতি বৈর্মাতুর্বচনং নানুষ্ঠিতম্, ত এব পেতুরিত্যর্থঃ ॥১০॥

ইতি শ্রীমহাভারতে আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে সপ্তচত্বারিংশোঽধ্যায়ঃ ॥৪৭॥

—:*:—

কতকগুলি অশ্বাকার, কতকগুলি হস্তিশুণ্ডাকার, কতকগুলি মত্ত হস্তীর ন্যায় বিশাল দেহ ও মহাবলবান্ সর্প, আবার অনেকগুলি নানাবিধাকৃতি, নানাবর্ণ, বিষের প্রভাবে উন্মত্ত, অর্গলের তুল্য ভয়ঙ্কর, অত্যন্ত দংশনকারী ও মহাবলবান্ সর্প, মাতা কদ্রুর অভিসম্পাতে পীড়িত হইয়া, অগ্নিতে পতিত হইতে লাগিল ॥৯—১০॥

* '...দ্বিপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ', '...দ্বিপঞ্চাশোঽধ্যায়ঃ', '...একোনপঞ্চাশোঽধ্যায়ঃ' ইতি পাঠান্তরাণি।

কে সদস্যা বভূবুশ্চ সর্পসত্রে সুদারুণে।
বিষাদজননেঽত্যর্থং পন্নগানাং মহাভয়ে ॥২॥
সর্ব্বং বিস্তরশস্তাত! ভবান্ শংসিতুমর্হতি।
সর্পসত্রবিধানজ্ঞ-বিজ্ঞেয়াঃ কে চ সূতজ! ॥৩॥
সৌতিরুবাচ।
হন্ত তে কথয়িষ্যামি নামানীহ মনীষিণাম্।
যে ঋত্বিজঃ সদস্যাশ্চ তস্যাসন্ নৃপতেস্তদা ॥৪॥
তত্র হোতা বভূবাথ ব্রাহ্মণশ্চণ্ডভার্গবঃ।
চ্যবনস্যান্বয়ে খ্যাতো জাতো বেদবিদাং বরঃ ॥৫॥

ভারতকৌমুদী

সর্পেতি। তদা ধীমতঃ পাণ্ডবেয়স্য জনমেজয়স্য রাজ্ঞঃ সর্পসত্রে, কে পরমর্ষয়ঃ, ঋত্বিজো যাজকা আসন্, তদ্ব্রূহীতি শেষঃ ॥১॥

ক ইতি। পন্নগানাম্ অত্যর্থং বিষাদজননে, মহাভয়ে চিন্তামাত্রেণাপি তেষাং মহাভয়ঙ্করে, প্রত্যক্ষতোঽপি সুদারুণে, তস্মিন্ সর্পসত্রে, কে চ সদস্যা বভূবুঃ ॥২॥

সর্ব্বমিতি। হে তাত। বৎস। সূতজ। কে চ সর্পসত্রবিধানজ্ঞেষু মধ্যে বিজ্ঞেয়াঃ প্রধানত্বেন জ্ঞাতব্যাঃ, ভবান্, তৎ সর্ব্বং বিস্তরশঃ শংসিতুং বক্তুমর্হতি ॥৩॥

হন্তেতি। হন্ত হর্ষে। তদা তস্য নৃপতের্জনমেজয়স্য, যে ঋত্বিজঃ সদস্যাশ্চ আসন্, তেষাং মনীষিণাং নামানি, ইহ ইদানীম্, তে তব সমীপে কথয়িষ্যামি ॥৪॥

তত্রেতি। অথেতি নামকথনারম্ভে। তত্র সর্পসত্রে, চ্যবনস্য অন্বয়ে বংশে জাতঃ, বেদবিদাং বরঃ খ্যাতঃ, চণ্ডভার্গবো নাম ব্রাহ্মণঃ, হোতা ঋগ্বেদীয়কর্ম্মকর্ত্তা বভূব। "অধ্বর্য্যূদ্গাতৃহোতারো যজুঃসামর্গ্বিদঃ ক্রমাৎ" ইত্যমরঃ ॥৫॥

শৌনক বলিলেন—"পাণ্ডববংশধর বুদ্ধিমান্ রাজা জনমেজয়ের সর্পসত্রে তখন কোন্ কোন্ মহর্ষি পুরোহিত হইয়াছিলেন? ॥১॥

সর্পসত্র সর্পগণের অত্যন্ত বিষাদ জন্মাইয়াছিল, স্মরণ করাতেও তাহাদের ভয় জন্মাইতেছিল এবং প্রত্যক্ষে ত অত্যন্ত ভয় জন্মাইতেছিলই; তাহাতে কে কে সদস্য ছিলেন? ॥২॥

বৎস। সৌতি। যাঁহারা সর্পসত্রের বিধি-বিধান জানিতেন, তাঁহাদের মধ্যে কে কে প্রধান ছিলেন? সেই সমস্ত তুমি আমাদের নিকট বিস্তরক্রমে বল" ॥৩॥

সৌতি বলিলেন—মহারাজ জনমেজয়ের সর্পসত্রে যাঁহারা পুরোহিত ও সদস্য ছিলেন, আমি এখন সেই মুনিগণের নাম আপনার নিকট বলিব ॥৪॥

চ্যবনের বংশে উৎপন্ন বেদজ্ঞশ্রেষ্ঠ বলিয়া বিখ্যাত চণ্ডভার্গবনামে ব্রাহ্মণ সেই যজ্ঞে হোতা ছিলেন ॥৫॥

উদ্গাতা ব্রাহ্মণো বৃদ্ধো বিদ্বান্ কৌৎসোঽথ জৈমিনিঃ।
ব্রহ্মাভবচ্ছার্ঙ্গরবোঽথাধ্বর্য্যুশ্চাপি পিঙ্গলঃ ॥৬॥
সদস্যশ্চাভবদ্ব্যাসঃ পুত্রশিষ্যসহায়বান্।
উদ্দালকঃ প্রমতকঃ শ্বেতকেতুশ্চ পিঙ্গলঃ ॥৭॥
অসিতো দেবলশ্চৈব নারদঃ পর্ব্বতস্তথা।
আত্রেয়ঃ কুণ্ডজঠরো দ্বিজঃ কালঘটস্তথা ॥৮॥
বাৎস্যঃ শ্রুতশ্রবা বৃদ্ধো জপস্বাধ্যায়শীলবান্।
কোহলো দেবশর্ম্মা চ মৌদ্গল্যঃ সমসৌরভঃ ॥৯॥
এতে চান্যে চ বহবো ব্রাহ্মণা বেদপারগাঃ।
সদস্যাশ্চাভবংস্তত্র সত্রে পারীক্ষিতস্য হ ॥১০॥ (বিশেষকম্)
জুহ্বৎস্বৃত্বিক্ষ্বথ তদা সর্পসত্রে মহাক্রতৌ।
অহয়ঃ প্রাপতংস্তত্র ঘোরাঃ প্রাণিভয়াবহাঃ ॥১১॥

ভারতকৌমুদী

উদ্গাতেতি। বৃদ্ধো বিদ্বান্ কৌৎসো নাম ব্রাহ্মণঃ, উদ্গাতা সামবেদীয়কর্ম্মকর্ত্তা অভবৎ, অথ জৈমিনিঃ শার্ঙ্গরবশ্চ, ব্রহ্মা অভবৎ, অথ পিঙ্গলো নাম ব্রাহ্মণশ্চাপি অধ্বর্য্যুঃ যজুর্ব্বেদীয়-কর্ম্মকর্ত্তা অভবৎ ॥৬॥

সদস্য ইতি। পুত্রঃ শুকঃ শিষ্যাশ্চ বৈশম্পায়নাদয়ঃ তে সহায়া অস্য সন্তীতি স তাদৃশো ব্যাসশ্চ, সদস্যোঽভবৎ। পিঙ্গলশ্চ উক্তাদন্যঃ ॥৭॥

অসিত ইতি। পর্ব্বতস্তদাখ্যো মুনিবিশেষঃ। অপরাণি মুনিনামানি। এতে চ অন্যে চ বহবো বেদপারগা ব্রাহ্মণাঃ, পারীক্ষিতস্য জনমেজয়স্য, তত্র সত্রে সর্পযজ্ঞে, সদস্যাঃ অভবন্ ॥৮—১০॥

ভারতভাবদীপঃ

সর্পসত্র ইতি। ঋত্বিজো যজ্ঞে কর্ম্মকরাঃ ॥১॥ সদস্যা উপদ্রষ্টারঃ ॥২॥ বিধানজ্ঞেষু বিজ্ঞেয়াঃ

আর, বৃদ্ধ ও বিদ্বান্ কৌৎস ছিলেন উদ্গাতা; জৈমিনি ও শার্ঙ্গরব ছিলেন ব্রহ্মা এবং পিঙ্গল ছিলেন অধ্বর্য্যু ॥৬॥

পুত্র ও শিষ্যগণের সহিত বেদব্যাস, উদ্দালক, প্রমতক এবং অন্য এক পিঙ্গল—ইঁহারা সদস্য হইয়াছিলেন ॥৭॥

অসিত, দেবল, নারদ, পর্ব্বত, আত্রেয়, কুণ্ডজঠর, কালঘট, বাৎস্য, জপ ও বেদপাঠশালী বৃদ্ধ শ্রুতশ্রবা, কোহল, দেবশর্ম্মা, মৌদ্গল্য, সমসৌরভ—ইঁহারা এবং অন্যান্য বহুতর বেদপারদর্শী ব্রাহ্মণেরা জনমেজয়ের সেই সর্পসত্রে সদস্য হইয়াছিলেন ॥৮—১০॥

তমিন্দ্রঃ প্রাহ সুপ্রীতো ন তবাস্তীহ তক্ষক!।
ভয়ং নাগেন্দ্র। তস্মাদ্বৈ সর্পসত্রাৎ কদাচন ॥১৬॥
প্রসাদিতো ময়া পূর্ব্বং তবার্থায় পিতামহঃ।
তস্মাত্তব ভয়ং নাস্তি ব্যেতু তে মানসো জ্বরঃ ॥১৭॥

সৌতিরুবাচ।

এবমাশ্বাসিতস্তেন ততঃ স ভুজগোত্তমঃ।
উবাস ভবনে তস্মিন্ শক্রস্য মুদিতঃ সুখী ॥১৮॥
অজস্রং নিপতৎস্বগ্নৌ নাগেষু ভৃশদুঃখিতঃ।
অল্পশেষপরীবারো বাসুকিঃ পর্য্যতপ্যত ॥১৯॥
কশ্মলঞ্চাবিশদ্‌ঘোরং বাসুকিং পন্নগোত্তমম্।
স ঘূর্ণমানহৃদয়ো ভগিনীমিদমব্রবীৎ ॥২০॥

ভাবতকৌমুদী

আখ্যায উক্ত্বা, আগঃ পরীক্ষিদ্বিনাশায় কাশ্যপনিবর্ত্তনরূপম্ অপরাধং কৃত্বা, সর্পসত্রাদ্ভীতঃ সন্, পুরন্দরমিন্দ্রম্, শরণমগচ্ছৎ ॥১৫॥

তমিতি। সুপ্রীত ইন্দ্রঃ, তং তক্ষকম্, প্রাহ ব্রবীতি স্ম। হে নাগেন্দ্র! তক্ষক! ইহ তিষ্ঠ, তস্মাৎ সর্পসত্রাৎ কদাচনাপি তব ভয়ং নাস্তি ॥১৬॥

প্রসাদিত ইতি। ময়া পূর্ব্বমেব তব অর্থায় পিতামহো ব্রহ্মা প্রসাদিতঃ। তস্মাদ্ধেতোঃ তব ভযং নাস্তি, তে তব, মানসো জ্বরঃ সন্তাপঃ, ব্যেতু অপগচ্ছতু ॥১৭॥

এবমিতি। তেন ইন্দ্রেণ, এবম্ আশ্বাসিতঃ স ভুজগোত্তমস্তক্ষকঃ, তত আশ্বাসনাৎ প্রভৃতি, মুদিত আনন্দিতঃ সুখী চ সন্, তস্মিন্ শক্রস্য ইন্দ্রস্য ভবনে উবাস ॥১৮॥

অজস্রমিতি। নাগেষু অজস্রম্ অগ্নৌ নিপতৎসু সৎসু, অল্পা এব শেষা অবশিষ্টাঃ পরীবারা যস্য সঃ, অতএব ভৃশদুঃখিতো বাসুকিঃ, পর্য্যতপ্যত পরিতাপং কৃতবান্ ॥১৯॥

তাহাব পব, নাগশ্রেষ্ঠ তক্ষক সর্পসত্রেব সমস্ত বৃত্তান্ত যথাযথভাবে বলিয়া পূর্ব্বে অপবাধ কবায ভীত হইয়া, ইন্দ্রেব শবণাপন্ন হইল ॥১৫॥

ইন্দ্র সন্তুষ্ট হইযা তাহাকে বলিলেন—"নাগশ্রেষ্ঠ! তক্ষক। তুমি এইখানেই থাক, সে সর্পসত্র হইতে তোমাব কখনও ভয নাই ॥১৬॥

আমি পূর্ব্বে তোমাব জন্যই ব্রহ্মাকে প্রসন্ন কবিয়াছিলাম: সুতবাং তোমাব ভয নাই; তোমাব মনেব সন্তাপ দূব হউক" ॥১৭॥

সৌতি বলিলেন—ইন্দ্র এইরূপ আশ্বাস দিলে, তাহাব পব হইতে তক্ষক আনন্দিত এবং সুখী হইযা সেই ইন্দ্রেব ভবনেই বাস কবিতে লাগিল ॥১৮॥

এদিকে সর্পগণ অনবরত অগ্নিতে পতিত হইতে থাকিলে, বাসুকির পরিজন-বর্গের মধ্যে অল্পই অবশিষ্ট রহিল; তাই তিনি অত্যন্ত দুঃখিত হইযা পরিতাপ করিতে লাগিলেন ॥১৯॥

দহ্যন্তেঽঙ্গানি মে ভদ্রে ! ন দিশঃ প্রতিভান্তি চ।
সীদামীব চ সম্মোহাদ্ঘূর্ণতীব চ মে মনঃ ॥২১॥
দৃষ্টির্ভ্রাম্যতি মেঽতীব হৃদয়ং দীর্য্যতীব চ।
পতিষ্যাম্যবশোঽদ্যাহং তস্মিন্ দীপ্তে বিভাবসৌ ॥২২॥
পারীক্ষিতস্য যজ্ঞোঽসৌ বর্ত্ততেঽস্মজ্জিঘাংসয়া।
ব্যক্তং ময়াপি গন্তব্যং প্রেতরাজনিবেশনম্ ॥২৩॥
অয়ং স কালঃ সম্প্রাপ্তো যদর্থমসি মে স্বসঃ ! ।
জরৎকারৌ ময়া দত্তা ত্রায়স্বাস্মান্ সবান্ধবান্ ॥২৪॥

ভারতকৌমুদী

কশ্মলমিতি। ঘোরং কশ্মলম্ অবসাদশ্চ, পন্নগোত্তমং বাসুকিম্, আবিশৎ। ততশ্চ ঘূর্ণমানং ভয়াৎ কম্পমানং হৃদয়ং যস্য স তাদৃশঃ, স বাসুকিঃ, ভগিনীং জরৎকারুম্, ইদমব্রবীৎ ॥২০॥

দহ্যন্ত ইতি। হে ভদ্রে। মে মম অঙ্গানি সন্তাপেন দহ্যন্ত ইব; দিশঃ, ন প্রতিভান্তি চ শোকেন নয়নে অন্ধকারোদয়াৎ ন প্রকাশন্তে চ, সীদামি অবসন্নো ভবামীব, মে মম মনঃ, সম্মোহাৎ মোহাগমাৎ ঘূর্ণতীব চ ॥২১॥

দৃষ্টিরিতি। মূর্চ্ছাগমাৎ মে মম দৃষ্টিঃ, অতীব ভ্রাম্যতি ঘূর্ণতে, বন্ধুশোকাচ্চ হৃদয়ং দীর্য্যতি বিদীর্য্যত ইব। অদ্য অহম্ অবশঃ সন্, তস্মিন্ দীপ্তে প্রজ্বলিতে, বিভাবসৌ অগ্নৌ, পতিষ্যামি ॥২২॥

পারীতি। পারীক্ষিতস্য জনমেজয়স্য অসৌ যজ্ঞঃ, অস্মাকং জিঘাংসয়া হন্তুমিচ্ছয়া বর্ত্ততে। অতএব ময়াপি প্রেতরাজস্য যমস্য নিবেশনং ভবনম্, গন্তব্যম্ ইতি ব্যক্তং স্পষ্টম্ ॥২৩॥

অয়মিতি। হে মে স্বসঃ। মদ্ভগিনি। ময়া যদর্থং ত্বং জরৎকারৌ মুনৌ, দত্তা অসি, অয়ং স

নাগরাজ বাসুকির ভয়ঙ্কর অবসাদ আসিল এবং তাঁহার হৃদয় কাঁপিতে লাগিল; তাই তিনি ভগিনী মনসাদেবীকে বললেন—॥২০॥

"ভদ্রে ! আমার অঙ্গ যেন দগ্ধ হইতেছে, দিক্ সকল দৃষ্টিগোচর হইতেছে না; আমি যেন অবসন্ন হইয়া পড়িতেছি; আর মূর্চ্ছা আসিতে থাকায় আমার মন যেন ঘুরিতেছে ॥২১॥

মূর্চ্ছা আসিতে থাকায় আমার নয়ন অত্যন্ত ঘুরিতেছে এবং বন্ধুশোকে হৃদয় যেন বিদীর্ণ হইয়া যাইতেছে। আর আমিও আজ অবশ হইয়া সেই প্রজ্বলিত অগ্নিতে পতিত হইব ॥২২॥

জনমেজয়ের ঐ যজ্ঞ আমাদের বিনাশের জন্যই চলিতেছে; অতএব আমারও নিশ্চয়ই যমের বাড়ী যাইতে হইবে ॥২৩॥

(২১)···দহ্যন্ত্যঙ্গানি মে ভদ্রে।··।

আস্তীকঃ কিল যজ্ঞং তং বর্ত্তন্তং ভুজগোত্তমে।।
প্রতিষেৎস্যতি মাং পূর্ব্বং স্বয়মাহ পিতামহঃ ॥২৫॥
তদ্বৎসে! ব্রূহি বৎসং স্বং কুমারং বৃদ্ধসম্মিতম্।
মমাদ্য ত্বং সভৃত্যস্য মোক্ষার্থং বেদবিত্তমম্ ॥২৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি আস্তীকে বাসুকিবাক্যং নাম অষ্টচত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

ভারতকৌমুদী

তৎসম্বন্ধী কালঃ, সম্প্রাপ্ত উপস্থিতঃ। অতএব সবান্ধবান্ অস্মান্, ত্রায়স্ব রক্ষ ॥২৪॥

ননু যুষ্মাকং ত্রাণে মম কা শক্তিরিত্যাহ—আস্তীক ইতি। হে ভুজগোত্তমে! আস্তীকস্তব পুত্রঃ, বর্ত্তন্তং বর্ত্তমানং তং যজ্ঞম্, প্রতিষেৎস্যতি প্রতিষেধেন নিবারয়িষ্যতি। ইতি পিতামহো ব্রহ্মা স্বয়ং পূর্ব্বমেব মাম্ আহ ব্রবীতি স্ম ॥২৫॥

তদিতি। তত্তস্মাৎ, হে বৎসে! ত্বম্, অদ্য সভৃত্যস্য মম মোক্ষার্থম্, কুমারং বালকমপি, বৃদ্ধসম্মিতং জ্ঞানাধিক্যাৎ বৃদ্ধতুল্যম্, বেদবিত্তমং বেদজ্ঞশ্রেষ্ঠম্, স্বং স্বকীয়ম্, বৎসং পুত্রম্, তৎ যজ্ঞং প্রতিষেদ্ধুং ব্রূহি ॥২৬॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাদিপর্ব্বণি আস্তীকে অষ্টচত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

শ্রেষ্ঠাঃ ॥৩—১২॥ পচ্যতাং পচ্যমানানাম্ ॥১৩—১৪॥ আগঃ অপরাধং কৃত্বা ॥১৫—২৬॥

ইতি শ্রীমহাভারতে আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে অষ্টচত্বারিংশোঽধ্যায়ঃ ॥৪৮॥

—:*:—

ভগিনি। আমি তোমাকে যে জন্য জরৎকারুমুনির হস্তে দান করিয়াছিলাম, এই তাহার সময় উপস্থিত হইয়াছে; অতএব তুমি, বন্ধুবর্গের সহিত আমাদিগকে রক্ষা কর ॥২৪॥

হে নাগশ্রেষ্ঠে! সেই যজ্ঞ চলিতে থাকিলে, আস্তীক তাহা থামাইয়া দিবে; এই কথা ব্রহ্মা নিজেই আমাকে পূর্ব্বে বলিয়াছেন ॥২৫॥

অতএব বৎসে! আজ পরিজনবর্গের সহিত আমাকে রক্ষা করিবার জন্য তুমি তোমার পুত্রটীকে বল, কেন না, সে বালক হইলেও বেদজ্ঞশ্রেষ্ঠ বলিয়া বৃদ্ধেরই তুল্য" ॥২৬॥

—:*:—

* '...ত্রিপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ', '...ত্রিপঞ্চাশোঽধ্যায়ঃ', '...পঞ্চাশোঽধ্যায়ঃ' ইতি পাঠভেদাঃ।

ঊনপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ।

—ঃ*ঃ—

সৌতিরুবাচ।

তত আহূয় পুত্রং স্বং জরৎকারুর্ভুজঙ্গমা।
বাসুকের্নাগরাজস্য বচনাদিদমব্রবীৎ ॥১॥
অহং তব পিতুঃ পুত্র। ভ্রাত্রা দত্তা নিমিত্ততঃ।
কালঃ স চায়ং সম্প্রাপ্তস্তৎ কুরুষ্ব যথাতথম্ ॥২॥

আস্তীক উবাচ।

কিং নিমিত্তং মম পিতুর্দত্তা ত্বং মাতুলেন মে।
তন্মমাচক্ষ্ব তত্ত্বেন শ্রুত্বা কর্ত্তাস্মি তত্তথা ॥৩॥

সৌতিরুবাচ।

তত আচষ্ট সা তস্মৈ বান্ধবানাং হিতৈষিণী।
ভগিনী নাগরাজস্য জরৎকারুরবিক্লবা ॥৪॥

ভারতকৌমুদী

তত ইতি। ততঃ পরম্ ভুজঙ্গমা নাগজাতীযা জরৎকারুঃ, স্বং পুত্রম্ আস্তীকম্, আহূয, নাগরাজস্য বাসুকেঃ, বচনাৎ অনুরোধবাক্যাৎ, ইদং বক্ষ্যমাণম্ অব্রবীৎ ॥১॥

অহমিতি। হে পুত্র। আস্তীক। ভ্রাত্রা বাসুকিনা, নিমিত্ততঃ কিঞ্চিৎ কারণমাশ্রিত্য, অহং তব পিতুর্জরৎকারুমুনের্হস্তে দত্তা। অযঞ্চ স তন্নিমিত্তসম্বন্ধী, কালঃ, সম্প্রাপ্ত উপস্থিতঃ, অতএব যথাতথং তৎ নিমিত্তম্, কুরুষ্ব সম্পাদয ॥২॥

কিমিতি। মে মম, মাতুলেন বাসুকিনা, কিং নিমিত্তমাশ্রিত্য, ত্বং মম পিতুর্হস্তে দত্তা? তত্ত্বেন যাথার্থ্যেন, মম সমীপে, তৎ, আচক্ষ্ব ব্রূহি। শ্রুত্বা চ, তথৈব তৎ কর্ত্তাস্মি করিষ্যামি ॥৩॥

সৌতি বলিলেন—তাহার পর নাগকন্যা মনসা, আপন পুত্র আস্তীককে ডাকিয়া, নাগরাজ বাসুকির অনুরোধে এই কথা বলিলেন—॥১॥

"আস্তীক। আমার ভ্রাতা বাসুকি কোন কারণবশতঃ আমাকে তোমার পিতার হস্তে সম্প্রদান করিয়াছিলেন; এই তাহার সময় উপস্থিত হইয়াছে; অতএব তুমি উপযুক্তভাবে সেই কার্য্য সম্পাদন কর" ॥২॥

আস্তীক বলিলেন—"মা! আমার মাতুল কি কারণে আপনাকে আমার পিতার হস্তে সম্প্রদান করিয়াছিলেন, তাহা আপনি আমার নিকট যথার্থ বলুন; আমি তাহা শুনিয়া পরে সেইরূপ করিব" ॥৩॥

জরৎকারুরুবাচ।

পন্নগানামশেষাণাং মাতা কদ্রুরিতি শ্রুতা।
তয়া শপ্তা রুষিতয়া সুতা যস্মান্নিবোধ তৎ ॥৫॥
উচ্চৈঃশ্রবাঃ সোঽশ্বরাজো যন্মিথ্যা ন কৃতো মম।
বিনতার্থায় পণিতে দাসীভাবায় পুত্রকাঃ ॥৬॥
জনমেজয়স্য বো যজ্ঞে ধক্ষ্যত্যনিলসারথিঃ।
তত্র পঞ্চত্বমাপন্নাঃ প্রেতলোকং গমিষ্যথ ॥৭॥ (যুগ্মকম্)

ভাবতকৌমুদী

তত ইতি। ততো বান্ধবানাং ভ্রাত্রাদীনাং হিতৈষিণী নাগরাজস্য ভগিনী সা জরৎকারুঃ, সর্পকুলধ্বংসাগমাৎ বৈক্লব্যসম্ভবেঽপি ধৈর্য্যাতিশয়েন অবিক্লবা অবিহ্বলা সতী, তস্মৈ আস্তীকায, আচষ্ট উক্তবতী ॥৪॥

পন্নগানামিতি। কদ্রুরিতি শ্রুতা প্রসিদ্ধা কাচিৎ স্ত্রী, অশেষাণাং সর্ব্বেষাম্, পন্নগানাং সর্পাণাম্, মাতা আস্তে। তয়া কদ্র্বা, যস্মাৎ কারণাৎ, রুষিতয়া ক্রুদ্ধযা সত্যা, সুতাঃ সর্পাঃ, শপ্তাঃ, তৎ, নিবোধ শ্রুত্বা জানীহি ॥৫॥

উচ্চৈরিতি। হে পুত্রকাঃ। বিনতৈব অর্থো বিষযো যস্য তস্মৈ, দাসীভাবায, বিনতায়াং মদ্দাস্যপ্রবর্ত্তনাযেত্যর্থঃ, মম পণিতে পণনবিষযে, যুষ্মাভির্যৎ সঃ অশ্বরাজ উচ্চৈঃশ্রবাঃ, মিথ্যা ন কৃতঃ তল্লোমরূপধারণেন ন কৃষ্ণবর্ণীকৃতঃ, তত এব জনমেজযস্য ভাবিনি যজ্ঞে, অনিল-সারথির্বহ্নিঃ, বো যুষ্মান্, ধক্ষ্যতি দগ্ধান্ করিষ্যতি, তত্র চ যূযম্, পঞ্চত্বমাপন্না মৃতাঃ সন্তঃ, প্রেতলোকং গমিষ্যথ ॥৬—৭॥

ভাবতভাবদীপঃ

তত আহূযেতি ॥১—৩॥ আচষ্ট ব্যক্তং কথিতবতী। অবিক্লবা অনাকুলা। "অবিপ্লবা"

সৌতি বলিলেন—তদনন্তর, বন্ধুবর্গের হিতৈষিণী বাসুকিভগিনী মনসাদেবী ধীর-স্থির থাকিযা আস্তীকের নিকট বলিতে লাগিলেন ॥৪॥

মনসাদেবী বলিলেন—"কদ্রুনামে প্রসিদ্ধ কোন স্ত্রী সমস্ত সর্পের মাতা; তিনি যে কারণে ক্রুদ্ধ হইয়া পুত্রগণকে অভিসম্পাত করিয়াছিলেন, তাহা শোন ॥৫॥

হে পুত্রগণ। বিনতাকে দাসী করিবার জন্য আমি যে পণ করিয়াছিলাম, সে বিষযে তোমরা যে হেতু উচ্চৈঃশ্রবার লোম হইযা তাহার শুভ্রবর্ণকে মিথ্যা করিযা দাও নাই; সেই হেতু জনমেজযরাজার যজ্ঞে অগ্নি তোমাদিগকে দগ্ধ করিবেন, তখন তোমরা মরিয়া প্রেতলোকে যাইবে ॥৬—৭॥

---

(৬) বিনতার্থায পণিতম্ ··।

তাঞ্চ শপ্তবতীং দেবঃ সাক্ষাল্লোকপিতামহঃ।
এবমস্ত্বিতি তদ্বাক্যং প্রোবাচানুমুমোদ চ ॥৮॥
বাসুকিশ্চাপি তচ্ছ্রুত্বা পিতামহবচস্তদা।
অমৃতে মথিতে তাত! দেবান্ শরণমীযিবান্ ॥৯॥
সিদ্ধার্থাশ্চ সুরাঃ সর্ব্বে প্রাপ্যামৃতমনুত্তমম্।
ভ্রাতরং মে পুরস্কৃত্য পিতামহমুপাগমন্ ॥১০॥
তে তং প্রসাদয়ামাসুঃ সুরাঃ সর্ব্বেঽজসম্ভবম্।
রাজ্ঞা বাসুকিনা সার্দ্ধং শাপোঽসৌ ন ভবেদিতি ॥১১॥

দেবা ঊচুঃ।

বাসুকির্নাগরাজোঽয়ং দুঃখিতো জ্ঞাতিকারণাৎ।
অভিশাপঃ স মাতুস্তু ভগবন্! ন ভবেৎ কথম্ ॥১২॥

ভারতকৌমুদী

তামিতি। দেবো লোকপিতামহো ব্রহ্মা চ, সাক্ষাৎ প্রত্যক্ষমেব, শপ্তবতীং তাং কদ্রুম্, এবমস্তু ইতি ইত্থম্ভাবেন তস্যাঃ কদ্রোরেব বাক্যং প্রোবাচ, অনুমুমোদ চ ॥৮॥

বাসুকিরিতি। হে তাত! বৎস! আস্তীক! অমৃতে মথিতে সতি, তদা বাসুকিশ্চাপি তৎ পিতামহবচঃ শ্রুত্বা, দেবান্ শরণমীযিবান্ রক্ষকতযা প্রাপ্তবান্ ॥৯॥

সিদ্ধার্থা ইতি। অনুত্তমং সর্ব্বোৎকৃষ্টমমৃতং প্রাপ্য, সিদ্ধার্থা নিষ্পন্নপ্রয়োজনাঃ, সর্ব্বে সুরা দেবাশ্চ, মে মম ভ্রাতরং বাসুকিম্, পুরস্কৃত্য পিতামহং ব্রহ্মাণম্, উপাগমন্ ॥১০॥

ত ইতি। অসৌ কদ্রুদত্তঃ শাপঃ, সফলো ন ভবেৎ, ইতি হেতোঃ, রাজ্ঞা সর্পাধিপতিনা বাসুকিনা সার্দ্ধম্, তে সর্ব্বে সুরা দেবাঃ, তম্ অজসম্ভবং ব্রহ্মাণম্, প্রসাদযামাসুঃ ॥১১॥

বাসুকিরিতি। অযং নাগরাজো বাসুকিঃ, জ্ঞাতিকারণাৎ ভাবিসর্পসত্রে সর্পকুলধ্বংস-

---

ব্রহ্মার সমক্ষেই কদ্রু সেই অভিসম্পাত করিয়াছিলেন; 'এবমস্তু' এই কথা বলিয়া ব্রহ্মাও কদ্রুর কথা সমর্থন করিয়াছিলেন এবং অনুমোদন করিয়াছিলেন ॥৮॥

বৎস! অমৃত মন্থন হইয়া গেলে পর, বাসুকি ব্রহ্মার সেই কথা শুনিয়া দেবগণের শরণাপন্ন হন ॥৯॥

দেবতারা (আমার ভ্রাতার সাহায্যে) সেই সর্ব্বোৎকৃষ্ট অমৃত লাভ করিয়া চরিতার্থ হইয়াছিলেন; তাই তাঁহারা আমার ভ্রাতা বাসুকিকে নিয়া ব্রহ্মার নিকট গমন করেন ॥১০॥

ঐ শাপ সফল না হয়—এই জন্য দেবতারা নাগরাজ বাসুকির সহিত মিলিত হইয়া ব্রহ্মাকে প্রসন্ন করেন" ॥১১॥

ব্রহ্মোবাচ।

জরৎকারুর্জরৎকারুং যাং ভার্য্যাং সমবাপ্স্যতি।
তত্র জাতো দ্বিজঃ শাপান্মোক্ষয়িষ্যতি পন্নগান্ ॥১৩॥
এতচ্ছ্রুত্বা তু বচনং বাসুকিঃ পন্নগোত্তমঃ।
প্রাদান্মামমরপ্রখ্য! তব পিত্রে মহাত্মনে ॥১৪॥
প্রাগেবানাগতে কালে তস্মাত্ত্বং ময্যজায়থাঃ।
অয়ং স কালঃ সম্প্রাপ্তো ভয়ান্নস্ত্রাতুমর্হসি।
ভ্রাতরঞ্চাপি মে তস্মাত্ত্রাতুমর্হসি পাবকাৎ ॥১৫॥

ভারতকৌমুদী

সম্ভাবনাবশাৎ দুঃখিতঃ। অতএব হে ভগবন্! কথং কেন প্রকারেণ, স মাতুঃ শাপঃ সফলো ন ভবেৎ ॥১২॥

জরদিতি। জরৎকারুর্নাম মুনিঃ, জরৎকারুং নাম যাং ভার্য্যাং সমবাপ্স্যতি; তত্র তস্যাং জাতঃ কশ্চিৎ দ্বিজঃ, মাতুঃ শাপাৎ পন্নগান্ মোক্ষয়িষ্যতি ॥১৩॥

এতদিতি। হে অমরপ্রখ্য! দেবতুল্য! আস্তীক! পন্নগোত্তমো বাসুকিঃ, এতৎ বচনং শ্রুত্বা তু, মহাত্মনে তব পিত্রে মাং প্রাদাৎ ॥১৪॥

প্রাগিতি। সর্পসত্রস্য কালে, অনাগতে অনুপস্থিতে তৎ প্রাগেব, ত্বং তস্মাৎ জরৎকারু-মুনিতঃ, ময়ি অজায়থাঃ; অতস্তবেদানীং সর্ব্বত্র যোগ্যতাস্তীতি ভাবঃ। অয়ঞ্চ স কালঃ সম্প্রাপ্তঃ, তেন ত্বং নঃ অস্মান্ ভয়াৎ ত্রাতুমর্হসি, তথা মে মম, ভ্রাতরং বাসুকিঞ্চাপি, তস্মাৎ সর্পসত্রস্থাৎ, পাবকাৎ অগ্নিতঃ, ত্রাতুমর্হসি। ষট্‌পদোঽয়ং শ্লোকঃ ॥১৫॥

ভারতভাবদীপঃ

ইতি পাঠে সাধ্বী ॥৪—১॥ অভিশাপঃ শাপঃ ॥১২—১৬॥ সাস্তীক ইতি পাদপূরণার্থ

দেবগণ বলিলেন—"এই নাগরাজ বাসুকি জ্ঞাতিবর্গের মৃত্যু সম্ভাবনাবশতঃ দুঃখিত হইয়াছেন; অতএব ভগবন্! কি প্রকারে মাতার সেই অভিসম্পাত সফল হইতে পারিবে না?" ॥১২॥

ব্রহ্মা বলিলেন—"জরৎকারুমুনি জরৎকারুনামে যে ভার্য্যা লাভ করিবেন, তাঁহার গর্ভে যে পুত্র জন্মিবে, সে-ই সর্পগণকে মাতৃশাপ হইতে মুক্ত করিবে" ॥১৩॥

হে দেবতুল্য পুত্র! নাগরাজ বাসুকি এই কথা শুনিয়া, তোমার পিতৃ-দেবের হস্তে আমাকে দান করিয়াছিলেন ॥১৪॥

সে সর্পসত্রের সময় আসিবার পূর্ব্বেই তুমি মহর্ষি জরৎকারু হইতে আমার গর্ভে জন্মিয়াছ; এ দিকে সে সময়ও উপস্থিত হইয়াছে; অতএব তুমি জ্ঞাতিনাশের ভয় হইতে আমাদিগকে এবং সেই অগ্নি হইতে আমার ভ্রাতা বাসুকিকে রক্ষা কর ॥১৫॥

ন মোঘং তু কৃতং তৎ স্যাদ্ যদহং তব ধীমতে।
পিত্রে দত্তা বিমোক্ষার্থং কথং বা পুত্র! মন্যসে ॥১৬॥

সৌতিরুবাচ।

এবমুক্তস্তথেত্যুক্ত্বা সাস্তীকো মাতরং তদা।
অব্রবীদ্দুঃখসন্তপ্তং বাসুকিং জীবয়ন্নিব ॥১৭॥
অহং ত্বাং মোক্ষয়িষ্যামি বাসুকে! পন্নগোত্তম!।
তস্মাচ্ছাপান্মহাসত্ত্ব! সত্যমেতদ্ব্রবীমি তে ॥১৮॥
ভব স্বস্থমনা নাগ! ন হি তে বিদ্যতে ভয়ম্।
প্রযতিষ্যে তথা রাজন্! যথা শ্রেয়ো ভবিষ্যতি ॥১৯॥

ভারতকৌমুদী

নেতি। হে পুত্র! বিমোক্ষার্থং তদগ্নিতঃ সর্পাণাং মোচনার্থম্ অহং যৎ ধীমতে তব পিত্রে দত্তা, কৃতং তদ্দানন্ত মোঘং ন স্যাৎ তব চেষ্টয়া ব্যর্থং ন ভবেৎ। অস্মিন্ বিষয়ে ত্বং কথং কিং বা মন্যসে ॥১৬॥

এবমিতি। স আস্তীক ইতি সাস্তীকঃ, বিসর্গলোপেঽপি পুনঃ সন্ধিরার্ষঃ, মাত্রা এবমুক্তঃ সন্, তথা তদেব করিষ্যামি, ইতি মাতরমুক্ত্বা, তদৈব দুঃখসন্তপ্তং বাসুকিং জীবয়ন্নিব অব্রবীৎ ॥১৭॥

অহমিতি। হে মহাসত্ত্ব! মহাবল! পন্নগোত্তম! বাসুকে। অহং ত্বাং তস্মাৎ শাপাৎ মোক্ষয়িষ্যামি, এতৎ তে তব সমীপে সত্যং ব্রবীমি ॥১৮॥

ভবেতি। হে নাগ! স্বস্থমনাঃ সুস্থচিত্তো ভব, হি যস্মাৎ, তে তব, সর্পসত্রে মরণাৎ ভয়ং ন বিদ্যতে। হে রাজন্! অহং তথা প্রযতিষ্যে, যথা যুস্মাকং শ্রেয়ো মঙ্গলং ভবিষ্যতি ॥১৯॥

পুত্র! সর্পগণের রক্ষার জন্যই বাসুকি তোমার পিতার হস্তে আমাকে যে দান করিয়াছিলেন; তুমি চেষ্টা করিলে সে দান ব্যর্থ হইবে না, এ বিষয়ে তুমি কি মনে কর?" ॥১৬॥

সৌতি বলিলেন—মনসা এইরূপ বলিলে, আস্তীক বলিলেন—"মা! তাহাই হইবে।" আস্তীক তখন মাতাকে ঐ কথা বলিয়া, যাইয়া, দুঃখসন্তপ্ত বাসুকিকে জীবিত করিতে থাকিয়াই যেন বলিতে লাগিলেন—॥১৭॥

"হে মহাবল! নাগরাজ বাসুকি। ইহা আমি আপনার নিকট সত্যই বলিতেছি যে, সেই মাতৃশাপ হইতে আমি আপনাকে মুক্ত করিব ॥১৮॥

নাগরাজ! আপনি সুস্থ হউন; আপনার ভয় নাই। আমি তেমন চেষ্টা করিব, যাহাতে আপনাদের মঙ্গল হইবে ॥১৯॥

ন মে বাগনৃতং প্রাহ স্বৈরেষ্বপি কুতোঽন্যথা।
তং বৈ নৃপবরং গত্বা দীক্ষিতং জনমেজয়ম্ ॥২০॥
বাগ্‌ভির্ম্মঙ্গলযুক্তাভিস্তোষয়িষ্যেঽদ্য মাতুল।।
যথা স যজ্ঞো নৃপতের্নিবর্ত্তিষ্যতি সত্তম। ॥২১॥ (যুগ্মকম্)
স সম্ভাবয় নাগেন্দ্র! ময়ি সর্ব্বং মহামতে!।
ন তে ময়ি মনো জাতু মিথ্যা ভবিতুমর্হতি ॥২২॥

বাসুকিরুবাচ।

আস্তীক। পরিঘূর্ণামি হৃদয়ং মে বিদীর্য্যতে।
দিশো ন প্রতিজানামি ব্রহ্মদণ্ডনিপীড়িতঃ ॥২৩॥

ভাবতকৌমুদী

সেই দুই ব্রাহ্মণ সর্ব্বদাই পরস্পর অত্যন্ত স্পর্দ্ধা করিতেন। তখন দেবতারা যুদ্ধে যে যে দানবকে বধ করিতেন, শুক্রাচার্য্য সঞ্জীবিনী বিদ্যার বলে সেই সেই দানবকে পুনরায় বাঁচাইয়া দিতেন; তাহার পর, সেই দানবেরা উঠিয়া দেবগণের সঙ্গে আবার যুদ্ধ করিত ॥৭—৮॥

এদিকে অসুরেরা যুদ্ধে যে যে দেবতাকে বধ করিত, বৃহস্পতি চেষ্টা করিয়াও তাঁহাদিগকে বাঁচাইতে পারিতেন না ॥৯॥

কারণ, শুক্র যে সঞ্জীবিনী বিদ্যা জানিতেন, বৃহস্পতি তাহা জানিতেন না। তাহাতে দেবগণ অত্যন্ত বিষণ্ণ হইয়া পড়িলেন ॥১০॥

তে তু দেবা ভয়োদ্বিগ্নাঃ কাব্যাদুশনসস্তদা।
ঊচুঃ কচমুপাগম্য জ্যেষ্ঠং পুত্রং বৃহস্পতেঃ ॥১১॥
ভজমানান্ ভজস্বাস্মান্ কুরু নঃ সাহ্যমুত্তমম্।
যা সা বিদ্যা নিবসতি ব্রাহ্মণেঽমিততেজসি ॥১২॥
শুক্রে তামাহব ক্ষিপ্রং ভাগভাঙ্ নো ভবিষ্যসি।
বৃষপর্ব্বসমীপে হি শক্যো দ্রষ্টুং ত্বয়া দ্বিজঃ ॥১৩॥ (যুগ্মকম্)
রক্ষতে দানবাংস্তত্র ন স রক্ষত্যদানবান্।
তমারাধয়িতুং শক্তো ভবান্ পূর্ব্ববয়াঃ কবিম্ ॥১৪॥

ভারতকৌমুদী

ত ইতি। তদা কাব্যাদুশনসঃ শুক্রাৎ, ভযেন উদ্বিগ্না ব্যস্তচিত্তাঃ, তে দেবাঃ, বৃহস্পতের্জ্যেষ্ঠং পুত্রং কচম্, উপাগম্য ঊচুঃ ॥১১॥

ভজমানানিতি। হে কচ! ভজমানান্ উপকারেণ যুষ্মান্ সেবমানানস্মান্, ত্বমপি ভজস্ব প্রত্যুপকারেণ সেবস্ব। নঃ অস্মাকম্, উত্তমং সাহ্যং সাহায্যং কুরু। সাহায্যার্থে সাহ্যশব্দো মুনিষু রূঢ়ঃ। অমিততেজসি শুক্রে ব্রাহ্মণে, সা সঞ্জীবিনীনাম্না প্রসিদ্ধা যা বিদ্যা নিবসতি, ক্ষিপ্রং শীঘ্রম্, তাং বিদ্যাম্, আহব শিক্ষিত্বা আনয, তথাত্বে চ যুদ্ধজয়ে লব্ধদ্রব্যাণাং নঃ অস্মাকম্, ভাগভাক্, ভবিষ্যসি। ত্বয়া বৃষপর্ব্বণঃ অসুররাজস্য সমীপে, দ্বিজঃ স শুক্রঃ দ্রষ্টুং শক্যঃ ॥১২—১৩॥

রক্ষত ইতি। তত্র যুদ্ধে, স শুক্রঃ, সঞ্জীবিন্যা বিদ্যযা দানবান্ রক্ষতে, কিন্তু অদানবান্ দেবাদীন্ ন রক্ষতি। অতএব ত্বাং প্রেষযাম ইতি ভাবঃ। পূর্ব্ববযা অল্পবযস্কশ্চ ভবান্, তং

ভারতভাবদীপঃ

জিগীষযেতি সার্দ্ধশ্লোকঃ। যাজ্যার্থে অন্যোন্যস্পর্দ্ধিনাবিতি সম্বন্ধঃ ॥৬—১৩॥ রক্ষতে কর্ম্মব্যতিহারে তঙ্। শুক্রং হি দানবা রক্ষন্ত্যযমস্মত্তো মাগাদিতি, শুক্রস্তু-তান্ রক্ষত্যের

তখন দেবগণ শুক্রের ভয়ে অস্থির হইযা, বৃহস্পতির জ্যেষ্ঠ পুত্র কচের নিকট যাইযা বলিলেন—॥১১॥

"কচ! আমার উপকার করিযা সর্ব্বদাই আপনাদের সেবা করিযা থাকি; অতএব আপনিও আমাদের প্রত্যুপকার করুন; আপনি আমাদের প্রধান একটী সাহায্য করুন। মহাতেজস্বী শুক্রাচার্য্যের নিকট সঞ্জীবিনী নামে যে সেই বিদ্যা আছে, আপনি যাইয়া শীঘ্র সেই বিদ্যা শিক্ষা করিয়া আনয়ন করুন। অসুররাজ বৃষপর্ব্বার বাড়ীতে আপনি সেই ব্রাহ্মণকে দেখিতে পাইবেন ॥১২—১৩॥

১৪ শ্লোকাৎ পরম্-'বৈশম্পায়ন উবাচ' ইতি ক্বচিদধিকঃ পাঠঃ।

দেবযানীঞ্চ দয়িতাং সুতাং তস্য মহাত্মনঃ।
ত্বমারাধয়িতুং শক্তো নান্যঃ কশ্চন বিদ্যতে ॥১৫॥
শীলদাক্ষিণ্যমাধুর্য্যৈবাচারেণ দমেন চ।
দেবযান্যাং হি তুষ্টায়াং বিদ্যাং তাং প্রাপ্স্যসি ধ্রুবম্ ॥১৬॥
তথেত্যুক্ত্বা ততঃ প্রায়াদ্‌বৃহস্পতিসুতঃ কচঃ।
তদাভিপূজিতো দেবৈঃ সমীপে বৃষপর্ব্বণঃ ॥১৭॥
স গত্বা ত্বরিতো রাজন্! দেবৈঃ সম্প্রেষিতঃ কচঃ।
অসুরেন্দ্রপুরে শুক্রং দৃষ্ট্বা বাক্যমুবাচ হ ॥১৮॥

ভারতকৌমুদী

কবিং শুক্রম্, আবাধযিতুং সন্তোষযিতুং শক্তঃ কোমলব্যবহাবাৎ। রক্ষত ইতি কর্ম্মব্যতিহাবে আত্মনেপদম্ ॥১৪॥

দেবেতি। তস্য শুক্রস্য। দযিতাং প্রিয়াম্। অন্যঃ কশ্চনাপি আবাধযিতুং শক্তো ন বিদ্যতে ॥১৫॥

শীলেতি। শীলং স্বভাবঃ, দাক্ষিণ্যমৌদার্য্যম্, মাধুর্য্যং কোমলব্যবহাবস্তৈঃ, আচাবেণ, দমেন ইন্দ্রিযনিগ্রহেণ চ, দেবযান্যাং তুষ্টাযাং সত্যাম্, তাং বিদ্যাং ধ্রুবং প্রাপ্স্যসি, তদনুরোধেন তৎপিত্রা দানাৎ ॥১৬॥

তথেতি। তদা দেবৈবভিপূজিতো বৃহস্পতিসুতঃ কচঃ, তথা ইতি উক্ত্বা, ততঃ স্থানাৎ, বৃষপর্ব্বণঃ অসুববাজস্য সমীপে, প্রাযাৎ প্রস্থিতবান্ ॥১৭॥

স ইতি। হে বাজন্! দেবৈঃ সম্প্রেষিতঃ স কচঃ, ত্ববিতঃ সন্ গত্বা, অসুরেন্দ্রস্য বৃষপর্ব্বণঃ পুবে, শুক্রং দৃষ্ট্বা, ইদং বাক্যম্ উবাচ ॥১৮॥

যুদ্ধের সময় শুক্রাচার্য্য দানবগণকেই বাঁচাইয়া দিয়া থাকেন; কিন্তু দানবভিন্ন অন্য কাহাকেও বাঁচাইয়া দেন না। আপনি অল্পবয়স্ক বলিয়া তাঁহাকে সন্তুষ্ট করিতে পারিবেন ॥১৪॥

দেবযানী নামে মহাত্মা শুক্রাচার্য্যের প্রিয়তম একটী কন্যা আছে; আপনিই তাহাকে সন্তুষ্ট করিতে পারিবেন, আর কেহ পারিবে না ॥১৫॥

আপনার স্বভাব, উদারতা, কোমলতা, আচার এবং ইন্দ্রিয়সংযমের গুণে দেবযানী সন্তুষ্ট হইলে, আপনি নিশ্চযই সেই সঞ্জীবিনী বিদ্যা লাভ করিতে পারিবেন" ॥১৬॥

'তাহাই হইবে' এই কথা বলিয়া বৃহস্পতিনন্দন কচ দেবগণকর্ত্তৃক সম্মানিত হইয়া সে স্থান হইতে অসুররাজ বৃষপর্ব্বার রাজধানীর দিকে প্রস্থান করিলেন ॥১৭॥

ঋষেরঙ্গিরসঃ পৌত্রং পুত্রং সাক্ষাদ্বৃহস্পতেঃ।
নাম্না কচ ইতি খ্যাতং শিষ্যং গৃহ্লাতু মাং ভবান্॥১৯॥
ব্রহ্মচর্য্যং চরিষ্যামি ত্বয্যহং পরমং গুরৌ।
অনুমন্যস্ব মাং ব্রহ্মন্! সহস্রং পরিবৎসরান্॥২০॥

শুক্র উবাচ।

কচ! সুস্বাগতং তেঽস্তু প্রতিগৃহ্লামি তে বচঃ।
অর্চ্চয়িষ্যেঽহমর্চ্চ্যং ত্বামর্চ্চিতোঽস্তু বৃহস্পতিঃ॥২১॥

বৈশম্পায়ন উবাচ।

কচস্তু তং তথেত্যুক্ত্বা প্রতিজগ্রাহ তদ্‌ব্রতম্।
আদিষ্টং কবিপুত্রেণ শুক্রেণোশনসা স্বয়ম্॥২২॥

ভাবতকৌমুদী

ঋষেবিতি। কচ ইতি নাম্না খ্যাতম্। অধিকপবিচযেনাধিকগৌববাদবশ্যগ্রহণসম্ভব ইতি ভাবঃ॥১৯॥

ব্রহ্মেতি। হে ব্রহ্মন্! অহং সহস্রং পবিবৎসবান্ বৎসবান্ যাবৎ, ত্বযি গুরৌ ত্বৎসন্নিধানে ইত্যর্থঃ, পরমং ব্রহ্মচর্য্যং চবিষ্যামি, তদ্বিষযে মামনুমন্যস্ব॥২০॥

কচেতি। হে কচ! তে তব সুস্বাগতং ভাবিমঙ্গলহেতুত্বাৎ অতীবশুভাগমনমস্তু। তে তব বচঃ প্রার্থনাবাক্যম্, প্রতিগৃহ্লামি অঙ্গীকবোমি। তেন চ অর্চ্চ্যম্ অঙ্গিবঃপৌত্রত্বাদ্বৃহস্পতেঃ পুত্রত্বাচ্চ সম্মাননীযং ত্বাম্, অর্চ্চযিষ্যে বিদ্যাদানেন তোষযিষ্যামি। তেন চ বৃহস্পতিঃ, অর্চ্চিত-তোষিতঃ, অস্তু॥২১॥

ভারতভাবদীপঃ

অদানবান্ দেবান্ মৃতসঞ্জীবিন্যা ন বক্ষতি॥১৪—২১॥ ভৃগোঃ পুত্রঃ কবিস্তৎপুত্রঃ শুক্রঃ

মহারাজ! দেবগণ প্রেরিত কচ সত্বর যাইযা অসুররাজের পুরীতে শুক্রাচার্য্যকে দেখিতে পাইয়া এই কথা বলিলেন—॥১৮॥

"মহাশয! আমি মহর্ষি অঙ্গিরার পৌত্র, সাক্ষাৎ বৃহস্পতির পুত্র, আমার নাম 'কচ', আপনি আমাকে শিষ্যরূপে গ্রহণ করুন॥১৯॥

মহাশয! আমি সহস্র বৎসর পর্য্যন্ত আপনার নিকটে থাকিয়া বিশেষভাবে ব্রহ্মচর্য্য ব্রত করিব আপনি এই বিষয আমাকে অনুমতি দিন"॥২০॥

শুক্র বলিলেন—"কচ! তোমার আগমন বিশেষ শুভজনক হউক, আমি তোমার প্রার্থনার অঙ্গীকার করিলাম। তুমি মাননীয; সুতরাং আমি তোমাকে শিক্ষা দিয়া সন্তুষ্ট করিব, তাহাতে তোমার পিতা বৃহস্পতিও সন্তুষ্ট হইবেন"॥২১॥

(১৯)· ·নাম্না কচমিতি খ্যাতম্।

ব্রতস্য প্রাপ্তকালং স যথোক্তং প্রত্যগৃহ্নত।
আরাধয়ন্নুপাধ্যায়ং দেবযানীঞ্চ ভারত ! ॥২৩॥
নিত্যমারাধয়িষ্যংস্তাং যুবা যৌবনগাং মুনিঃ।
গায়ন্ নৃত্যন্ বাদয়ংশ্চ দেবযানীমতোষয়ৎ ॥২৪॥
স শীলয়ন্ দেবযানীং কন্যাং সংপ্রাপ্তযৌবনাম্।
পুষ্পৈঃ ফলৈঃ প্রেষণৈশ্চ তোষয়ামাস ভারত ! ॥২৫॥
দেবযান্যপি তং বিপ্রং নিয়মব্রতধারিণম্।
গায়ন্তী চ ললন্তী চ রহঃ পর্য্যচরত্তথা ॥২৬॥

ভারতকৌমুদী

কচ ইতি। কচস্তু তং শুক্রং তথা ইত্যুক্ত্বা কবির্ভৃগুস্তৎপুত্রেণ শুক্রেণ কদ্রশুক্রভূতেন উশনসা স্বয়ম্, আদিষ্টং তৎ ব্রহ্মচর্য্যং নাম ব্রতম্, প্রতিজগ্রাহ ॥২২॥

ব্রতস্যেতি। হে ভারত! স কচঃ, উপাধ্যায়ং শুক্রম্, তৎকন্যাং দেবযানীঞ্চ, আরাধয়ন্ সন্, ব্রতস্য ব্রহ্মচর্য্যস্য, যথোক্তম্, প্রাপ্তঃ কালো যেন তং নিয়মমিত্যর্থঃ, প্রত্যগৃহ্নত ॥২৩॥

নিত্যমিতি। যুবা কচো মুনিঃ, আরাধয়িষ্যন্ গুরুং শুক্রং সন্তোষয়িষ্যন্ সন্, গায়ন্ নৃত্যন্ বাদয়ংশ্চ, যৌবনগাং যুবতিং তাং দেবযানীম্, অতোষয়ৎ ॥২৪॥

স ইতি। হে ভারত! স কচঃ, পুষ্পৈঃ ফলৈস্তদ্দানৈঃ, প্রেষণৈঃ প্রেষ্যভাবৈরাজ্ঞাপালনাদিভিঃ, শীলয়ন্ ব্যবহরন্, সংপ্রাপ্তযৌবনাং কন্যাং কুমারীং দেবযানীং তোষয়ামাস ॥২৫॥

দেবেতি। দেবযান্যপি, ললন্তী মনসা কচমীপ্সন্তী অতএব চ গায়ন্তী সতী, রহো নির্জ্জনে

ভারতভাবদীপঃ

কাব্যঃ, স কবিবিত্যপ্যুপচারাদুচ্যতে। শুক্রেণ কদ্রশুক্ররূপেণ ॥২২॥ প্রাপ্তঃ কালম্, "প্রাপ্তাপন্নে চ দ্বিতীয়যা" ইতি সমাসঃ। প্রাপ্তকালং কচম্ ॥২৩—২৪॥ প্রেষণৈঃ প্রেষ্যত্বা-

---

বৈশম্পায়ন বলিলেন—'তাহাই হউক' এই কথা শুক্রাচার্য্যকে বলিয়া কচ তাঁহার আদেশ অনুসারে ব্রহ্মচর্য্যব্রত গ্রহণ করিলেন ॥২২॥

মহারাজ! কচ অধ্যাপক শুক্রাচার্য্য এবং তাহার কন্যা দেবযানীকে সন্তুষ্ট করিতে থাকিয়া, শাস্ত্রোক্তভাবে ব্রহ্মচর্য্যব্রতের নিয়ম পালন করিতে থাকিলেন ॥২৩॥

যুবক কচ প্রত্যহ নৃত্য, গীত ও বাদ্য করিয়া গুরুদেবের সন্তোষের জন্য, যুবতি দেবযানীকে সন্তুষ্ট করিতে লাগিলেন ॥২৪॥

মহারাজ! কচ, ফল ও পুষ্প আহরণ এবং আজ্ঞাপালন প্রভৃতি দ্বারা যুবতি কুমারী দেবযানীকে বিশেষ সন্তুষ্ট করিয়া তুলিলেন ॥২৫॥

---

(২৪) নিত্যমারাধয়িষ্যংস্তৌ যুবা যৌবনগোচরে…।

গায়ন্তঞ্চৈব শুক্লঞ্চ দাতারং প্রিয়বাদিনম্।
নার্য্যো নরং কাময়ন্তে রূপিণং স্রগ্বিনং তথা ॥২৭॥
পঞ্চ বর্ষশতান্যেবং কচস্য চরতো ব্রতম্।
তত্রাতীয়ুরথো বুদ্ধ্বা দানবাস্তং ততঃ কচম্ ॥২৮॥
গা রক্ষন্তং বনে দৃষ্ট্বা রহস্যেকমমর্ষিতাঃ।
জঘ্নুর্বৃহস্পতের্দ্বেষাদ্বিদ্যারক্ষার্থমেব চ ॥২৯॥ (যুগ্মকম্)
হত্বা শালাবৃকেভ্যশ্চ প্রাযচ্ছল্লঁবশঃ কৃতম্।
ততো গাবো নিবৃত্তাস্তা অগোপাঃ স্বং নিবেশনম্ ॥৩০॥

ভারতকৌমুদী

নিয়মেন আবশ্যকভাবেন ব্রতধারিণং তং বিপ্রং কচম্, তথা কচবদেব পর্য্যচরৎ শুশ্রূষিতবতী ॥২৬॥

নন্থ দেবযানী কথং কচং ললন্তী আসীদিত্যাহ—গায়ন্তমিতি। নার্য্যঃ, গায়ন্তম্, শুক্লং পরিষ্কৃতবেশম্, স্বস্মৈ অভীষ্টবস্তুনো দাতারম্, প্রিয়বাদিনম্, রূপিণং স্বভাবসুন্দরম্, স্রগ্বিনং মালাধারিণঞ্চ অলঙ্কৃতঞ্চেত্যর্থঃ, নরম্, কাময়ন্তে। অতো দেবযান্যপি গানাদিক্ষমত্বাদেব কচং কাময়ামাসেতি ভাবঃ ॥২৭॥

পঞ্চেতি। তত্র শুক্রগৃহে, এবং ব্রতং চরতঃ কচস্য, পঞ্চ বর্ষশতানি অতীয়ুঃ। অথো অনন্তরম্, দানবাঃ কচস্য অভিসন্ধিং বুদ্ধ্বা, অমর্ষিতাঃ ক্রুদ্ধাঃ সন্তঃ, রহসি নির্জ্জনে বনে, একম্ একাকিনং কচং দৃষ্ট্বা ততো বৃহস্পতের্দ্বেষাৎ, বিদ্যায়াঃ শুক্রগতায়াঃ সঞ্জীবিন্যা রক্ষার্থমেব চ, তং কচং জঘ্নুঃ ॥২৮—২৯॥

হত্বেতি। হত্বা চ, লবশঃ কৃতং খণ্ডখণ্ডীকৃতং কচম্, শালাবৃকেভ্যঃ কুক্কুরেভ্যঃ, প্রাযচ্ছন্ ভোক্তুং দত্তবন্তঃ। ততঃ, অগোপা রক্ষকশূন্যাঃ, তা গাবঃ, স্বং নিবেশনং গৃহম্, নিবৃত্তাঃ ॥৩০॥

দেবযানীও কচকে পাইবার আশায় নির্জ্জনে গান করিয়া, ব্রতচারী কচের পরিচর্য্যা করিতে লাগিলেন ॥২৬॥

কারণ, গাননিপুণ, পরিষ্কৃতবেশ, অভীষ্টবস্তু-দাতা, প্রিয়ভাষী, রূপবান্ এবং অলঙ্কৃত পুরুষকে রমণীরা স্বভাবতই কামনা করিয়া থাকে ॥২৭॥

কচ গুরুগৃহে থাকিয়া এইরূপ ব্রত আচরণ করিতে থাকিলেন, এইভাবে তাঁহার পাঁচ শত বৎসর অতীত হইল। তাহার পর, দানবগণ তাঁহার অভিসন্ধি বুঝিতে পারিয়া অত্যন্ত ক্রুদ্ধ হইল; এদিকে কচ কোন সময়ে একাকী নির্জ্জন বনে যাইয়া গরু রাখিতেছিলেন, এই সময় দানবগণ আসিয়া বৃহস্পতির প্রতি বিদ্বেষবশতঃ এবং সঞ্জীবিনী বিদ্যা রক্ষা করিবার জন্য কচকে মারিয়া ফেলিল ॥২৮—২৯॥

২৭ শ্লোকঃ কতিপয়পুস্তকে নাস্তি।

সা দৃষ্ট্বা রহিতা গাশ্চ কচেনাভ্যাগতা বনাৎ।
উবাচ বচনং কালে দেবযান্যথ ভারত! ॥৩১॥

দেবযান্যুবাচ।

আহুতঞ্চাগ্নিহোত্রং তে সূর্য্যশ্চাস্তং গতঃ প্রভো!।
অগোপাশ্চাগতা গাবঃ কচস্তাত! ন দৃশ্যতে ॥৩২॥
ব্যক্তং হতো মৃতো বাপি কচস্তাত! ভবিষ্যতি।
তং বিনা ন চ জীবেযমিতি সত্যং ব্রবীমি তে ॥৩৩॥

শুক্র উবাচ।

অয়মেহীতি সংশব্দ্য মৃতং সঞ্জীবয়াম্যহম্।*
ততঃ সঞ্জীবিনীং বিদ্যাং প্রযুজ্য কচমাহ্বয়ৎ ॥৩৪॥

ভারতকৌমুদী

সেতি। হে ভারত! অথ সা দেবযানী, কচেন রহিতাঃ, বনাদভ্যাগতা গাঃ, দৃষ্ট্বা চ, তস্মিন্ কাল এব পিতরং শুক্রং বচনম্ উবাচ ॥৩১॥

আহুতমিতি। হে প্রভো! হে তাত! তে ত্বয়া, অগ্নিহোত্রম্, আহুতম্ আহুত্যা সম্পাদিতম্, সন্ধ্যাকালোপস্থিতেঃ "সায়ং প্রাতর্জুহোতি" ইতি শ্রুতেরিতি ভাবঃ। অগোপা রক্ষকশূন্যা গাবশ্চ আগতাঃ, কিন্তু কচো ন দৃশ্যতে ॥৩২॥

ব্যক্তমিতি। হে তাত! কচঃ ব্যক্তং ধ্রুবমেব, কেনাপি হতঃ, আকস্মিকরোগাদিনা মৃতো বাপি ভবিষ্যতি। তং কচং বিনা চাহং ন জীবেযম্, ইতি তে সত্যং ব্রবীমি ॥৩৩॥

ভারতভাবদীপঃ

দিভিঃ ॥২৫—২৭॥ অতীযুঃ ব্রাহ্মণস্যাবধ্যত্বমতিক্রান্তবন্ত ইত্যর্থঃ ॥২৮—৩০॥ •উবাচ শুক্রং

দানবেরা কচকে মারিযা, তাঁহার শরীরটাকে খণ্ড খণ্ড করিযা কুকুরদিগকে খাইতে দিল। তাহার পর, গরুগুলি রক্ষকশূন্য হইযা বাডীতে ফিরিযা আসিল ॥৩০॥

মহারাজ! তাহার পর, গরুগুলি কচকে ছাডিয়া ফিরিযা আসিযাছে ইহা দেখিযা দেবযানী সেই সময়েই তাঁহার পিতা শুক্রাচার্য্যকে বলিলেন ॥৩১॥

দেবযানী বলিলেন—"বাবা! আপনিও হোম করিয়াছেন, সূর্য্যও অস্ত গিয়াছেন, গরুগুলিও রক্ষকশূন্য অবস্থায আসিয়াছে; কিন্তু কচকে ত দেখিতেছি না ॥৩২॥

সুতরাং, নিশ্চয়ই কেহ কচকে মারিযা ফেলিয়াছে; অথবা অন্য কোন কারণে সে মরিয়াছে। বাবা! আমি তাহাকে ছাড়া বাঁচিব না, ইহা আপনাকে সত্য বলিতেছি" ॥৩৩॥

* ইতঃ পরং 'বৈশম্পায়ন উবাচ' ইতি ক্বচিৎ পাঠঃ।

ভিত্ত্বা ভিত্ত্বা শরীরাণি বৃকাণাং স বিনির্গতঃ।
আহূতঃ প্রাদুরভবৎ কচো হৃষ্টোঽথ বিদ্যয়া ॥৩৫॥
কস্মাচ্চিরায়িতোঽসীতি পৃষ্টস্তামাহ ভার্গবীম্। *
সমিধশ্চ কুশাদীনি কাষ্ঠভারঞ্চ ভাবিনি। ॥৩৬॥
গৃহীত্বা শ্রমভারার্ত্তো বটবৃক্ষং সমাশ্রিতঃ।
গাবশ্চ সহিতাঃ সর্ব্বা বৃক্ষচ্ছায়ামুপাশ্রিতাঃ ॥৩৭॥ (যুগ্মকম্)
অসুরাস্তত্র মাং দৃষ্ট্বা কস্ত্বমিত্যভ্যচোদয়ন্।
বৃহস্পতিসুতশ্চাহং কচ ইত্যভিবিশ্রুতঃ ॥৩৮॥

ভারতকৌমুদী

অযমিতি। অযং ত্বমেহি, ইতি সংশব্দ্য শব্দং কৃত্বা, অহং মৃতমপি কচং সঞ্জীবয়ামি। ততঃ শুক্রঃ সঞ্জীবিনীং বিদ্যাম্, প্রযুজ্য কচমাহ্বয়ৎ ॥৩৪॥

ভিত্ত্বেতি। অথ বিদ্যযা সঞ্জীবিনীবিদ্যাপ্রভাবেণ শুক্রেণাহূত এব স কচঃ, বৃকাণাং কুক্কুরাণাম্, শরীরাণি ভিত্ত্বা ভিত্ত্বা, বিনির্গতো হৃষ্টশ্চ সন্, প্রাদুরভবৎ ॥৩৫॥

কস্মাদিতি। হে কচ! ত্বং কস্মাৎ, চিরাযিতঃ কৃতবিলম্বোঽসি, ইতি দেবযান্যা পৃষ্টঃ কচঃ, তাং ভার্গবীং ভৃগুপৌত্রীং দেবযানীম্, আহ স্ম। হে ভাবিনি! কল্যাণি! সমিধঃ কুশাদীনি চ আদিপদাৎ পুষ্পাদীনাং গ্রহণম্, কাষ্ঠভারঞ্চ, গৃহীত্বা, শ্রমভারেণ পরিশ্রমাতি-রেকেণ আর্ত্তোঽহম্, কঞ্চিদ্বটবৃক্ষং সমাশ্রিতঃ। সর্ব্বা গাবশ্চ ময়া সহিতা এব বৃক্ষচ্ছায়া-মুপাশ্রিতাঃ ॥৩৬—৩৭॥

ভারতভাবদীপঃ

প্রতি ॥৩১—৩৩॥ সংশব্দ্য শব্দং কৃত্বা ॥৩৪—৩৬॥ ভাবিনি! হে শুভভাববতি! ॥৩৭—৩৮॥

শুক্রাচার্য্য বলিলেন—"কচ মরিযা থাকিলেও 'এখনই আইস' বলিযা, ডাকিয়াই আমি তাহাকে বাঁচাইযা দিব।' এই বলিযা তিনি সঞ্জীবিনী বিদ্যা প্রযোগপূর্ব্বক কচকে ডাকিলেন ॥৩৪॥

ডাকিবামাত্রই কচ সঞ্জীবিনী বিদ্যার প্রভাবে কুকুরগুলির শরীর ভেদ করিয়া নির্গত হইয়া, প্রফুল্ল মূর্ত্তিতে সেখানে উপস্থিত হইলেন ॥৩৫॥

তখন দেবযানী জিজ্ঞাসা করিলেন—'কচ! তুমি বিলম্ব করিলে কেন?' তখন কচ তাঁহাকে বলিলেন—"কল্যাণি! আমি সমিধ্, কুশ, পুষ্প ও কাষ্ঠ লইয়া আসিবার সমযে অত্যন্ত পরিশ্রান্ত হইযা একটা বটবৃক্ষের ছায়ায় বসিয়াছিলাম; গরুগুলিও আমার সঙ্গে সঙ্গেই বৃক্ষের ছাযা আশ্রয করিয়াছিল ॥৩৬—৩৭॥

---

* ইতঃ পরং 'কচ উবাচ' ইত্যাদি পাঠান্তরম্। (৩৬) 'সমিধশ্চ কুশাদীনি' ইত্যাদ্য-সার্দ্ধশ্লোকচতুষ্টয়ং কচিন্ন দৃশ্যতে। (৩৭ গৃহীত্বা শ্রমভারার্ত্তঃ [illegible]

ইত্যুক্তমাত্রে মাং হত্বা পেষীকৃত্বা তু দানবাঃ।
দত্ত্বা শালাবৃকেভ্যশ্চ সুখং জগ্মুঃ স্বমালয়ম্ ॥৩৯॥
আহূতো বিদ্যয়া ভদ্রে! ভার্গবেণ মহাত্মনা।
ত্বৎসমীপমিহায়াতঃ কথঞ্চিৎ প্রাপ্তজীবিতঃ ॥৪০॥
হতোঽহমিতি চাচখ্যৌ পৃষ্টো ব্রাহ্মণকন্যয়া।
স পুনর্দেবযান্যোক্তঃ পুষ্পাণ্যাহব মে দ্বিজ! ॥৪১॥
বনং যযৌ কচো বিপ্রো দদৃশুর্দানবাশ্চ তম্।
পুনস্তং পেষয়িত্বা তু সমুদ্রাম্ভস্যমিশ্রয়ন্ ॥৪২॥

ভারতকৌমুদী

অসুরা ইতি। অসুরাঃ, তত্র বটবৃক্ষমূলে, মাং দৃষ্ট্বা, কস্ত্বম্ ইতি অভ্যচোদযন্ অপৃচ্ছন্। অহং কচ ইতি নাম্না অভিবিশ্রুতো বৃহস্পতিসুত ইত্যবোচমিতি শেষঃ ॥৩৮॥

ইতীতি। মযা ইত্যুক্তমাত্রে সত্যেব, দানবা মাং হত্বা, পিষ্যত ইতি পেষঃ পিষ্টঃ অপেষং পেষং কৃত্বেতি পেষীকৃত্বা, ক্ত্বো যবভাব আর্ষঃ, শালাবৃকেভ্যঃ কুক্কুরেভ্যশ্চ দত্ত্বা, সুখং স্বমালযং জগ্মুঃ। পেষীকবণাদিকন্তু তদানীং যোগবলাজ্জ্ঞাতম্ ॥৩৯॥

আহূত ইতি। হে ভদ্রে! দেবযানি! মহাত্মনা ভার্গবেণ শুক্রেণ, বিদ্যযা সঞ্জীবিন্যা, আহূতোঽহম্, কথঞ্চিৎ কষ্টেন প্রাপ্তজীবিতঃ সন্ ইহ ত্বৎসমীপমাযাতঃ ॥৪০॥

উপসংহবতি হত ইতি। ব্রাহ্মণকন্যযা দেবযান্যা, পৃষ্টঃ কচঃ, ইত্থমহং হত ইত্যাচখ্যৌ চ। হে দ্বিজ! কচ! পুষ্পাণি মে আহব, ইতি পুনঃ স কচঃ কদাচিদ্দেবযান্যা উক্তঃ ॥৪১॥

ভারতভাবদীপঃ

পেষঃ পিষ্টম্, পিষ্টীকৃত্যেত্যর্থঃ। পেষীকৃত্বেতি সমাসেঽপি ক্ত্বো ল্যবাদেশাভাব আর্ষঃ ॥৩৯॥ সমং সম্পূর্ণং জীবিতং যস্য সঃ অন্তবা মবণে হ্যপ্রাপ্তবিদ্যত্বাদ্ব্যর্থং জীবনমিতি ভাবঃ ॥৪০॥

অসুরেরা আমাকে সেই বটবৃক্ষের মূলে দেখিয়া জিজ্ঞাসা করিল—"তুমি কে?" আমি বলিলাম—"আমি বৃহস্পতির পুত্র; আমার নাম কচ" ॥৩৮॥

এই কথা বলিবামাত্রই তাহারা আমাকে মারিযা, খণ্ড খণ্ড করিয়া কুকুরগণকে খাইতে দিয়া, আনন্দিত চিত্তে আপন আপন ভবনে চলিয়া গেল ॥৩৯॥

ভদ্রে! তাহার পর মহাত্মা ভার্গব (শুক্রাচার্য্য) আবার সঞ্জীবিনী বিদ্যা প্রয়োগপূর্ব্বক আমাকে ডাকিলে, আমি কোন রকমে জীবন লাভ করিযা আপনার নিকট আসিয়াছি" ॥৪০॥

দেবযানীর জিজ্ঞাসায কচ এইরূপ উত্তর দিযাছিলেন যে, "আমি নিহত হইযাছিলাম"। অন্য কোন সমযে দেবযানী আবার কচকে বলিয়াছিলেন যে, 'আমার জন্য পুষ্প আনযন কর' ॥৪১॥

চিরং গতং পুনঃ কন্যা পিত্রে তং সংন্যবেদয়ৎ।
বিপ্রেণ পুনরাহূতো বিদ্যয়া গুরুদেহজঃ।
পুনরাবৃত্য তদ্‌বৃত্তং ন্যবেদয়ত তদ্‌যথা ॥৪৩॥
ততস্তৃতীয়ং হত্বা তং দগ্ধ্বা কৃত্বা চ চূর্ণশঃ।
প্রায়চ্ছন্ ব্রাহ্মণায়ৈব সুরায়ামসুরাস্তথা ॥৪৪॥
অপিবৎ সুরয়া সার্দ্ধং কচভস্ম ভৃগূদ্বহঃ।
সা সায়ন্তনবেলাযামগোপা গাঃ সমাগতাঃ ॥৪৫॥

ভারতকৌমুদী

বনমিতি। কচো বিপ্রঃ পুষ্পাণ্যাহর্ত্তুং বনং যযৌ। দানবাশ্চ তং দদৃশুঃ। পবঞ্চ তে পুনস্তং কচম্, পেষযিত্বা খণ্ডযিত্বা, সমুদ্রাম্ভসি অমিশ্রযন্ ॥৪২॥

চিরমিতি। কন্যা দেবযানী, পিত্রে শুক্রায, পুনরপি তং কচম্, চিরং গতম্, সংন্যবেদযৎ। বিপ্রেণ শুক্রেণ, বিদ্যযা সঞ্জীবিন্যা, পুনরাহূতঃ সন্নেব, গুরোর্বৃহস্পতের্দেহজঃ পুত্রঃ কচঃ, পুনরাবৃত্য আগত্য, তৎ পূর্ব্বং যথা, তথৈব তৎ বৃত্তমপি ন্যবেদযত। ষট্‌পদমিদং পদ্যম্ ॥৪৩॥

তত ইতি। ততঃ অসুরাঃ, তৃতীযং বারম্, তথা পূর্ব্ববদেব, তং কচং হত্বা, দগ্ধ্বা, তদ্ভস্ম চ চূর্ণশো লবশঃ কৃত্বা, সুরাযাং মিশ্রযিত্বা, ব্রাহ্মণায শুক্রাযৈব প্রাযচ্ছন্ দত্তবন্তঃ, স্বভক্ষণে পুনরুজ্জীবনে স্বমরণসম্ভবাৎ শুক্রেণ পুনরুজ্জীবনাসম্ভব ইত্যবধারণাদিতি ভাবঃ ॥৪৪॥

অপিবদিতি। ভৃগূদ্বহঃ শুক্রঃ, সুরযা সার্দ্ধং কচভস্ম অপিবৎ, "ব্রাহ্মণস্তু সুরাং পীত্বা অগ্নিবর্ণাং সুরাং পিবেৎ" ইতি মন্বাদিনা নিষেধেঽপি "সৌত্রামণীষ্টৌ বাজপেযযাগে চ সুরা গ্রহান্ গৃহ্লাতি" ইতি শ্রুতেস্তন্মাত্রে প্রতিপ্রসবাদিতি ভাবঃ। অথ সা দেবযানী, সাযন্তন-

ভারতভাবদীপঃ

গুরুদেহজঃ কচঃ, আবৃত্য আগত্য। তদ্‌বৃত্তমসুরচেষ্টিতম্ ॥৪১—৪৩॥ ব্রাহ্মণায শুক্রায

তদনুসারে কচ ফুল আনিবার জন্য বনে গেলেন, দানবেরাও তাঁহাকে দেখিল; দেখিযা, আবার খণ্ড খণ্ড করিয়া সমুদ্রের জলে মিশাইয়া দিল ॥৪২॥

দেবযানী শুক্রাচার্য্যের নিকট আবার জানাইলেন যে 'কচ বহু সময গিয়াছে, কিন্তু এখনও আসিতেছে না।' তাহাতে শুক্রাচার্য্যও আবার সঞ্জীবিনী বিদ্যা প্রযোগ করিযা কচকে ডাকিলেন; কচও আবার ফিরিযা আসিযা, পূর্ব্বের মতই সেই বৃত্তান্ত জানাইলেন ॥৪৩॥

তাহার পর, অসুরেরা তৃতীয বার কচকে মারিয়া, দগ্ধ করিয়া, সেই ভস্মচূর্ণ সুরার সঙ্গে মিশাইযা, তাহা শুক্রাচার্য্যকে পান করিতে দিল ॥৪৪॥

শুক্রাচার্য্যও সুরার সঙ্গে কচের সেই ভস্ম পান করিযা ফেলিলেন। এদিকে সন্ধ্যাকালে গরুগুলি রক্ষকশূন্য হইযা ফিরিযা আসিয়াছে দেখিয়া দেবযানী

---

৪৫ শ্লোকঃ কতিপযপুস্তকে নাস্তি।

দেবযানী শঙ্কমানা দৃষ্ট্বা পিতরমব্রবীৎ।
পুষ্পাহারঃ প্রেষণকৃৎ কচস্তাত। ন দৃশ্যতে ॥৪৬॥ (যুগ্মকম্)
ব্যক্তং হতো মৃতো বাপি কচস্তাত। ভবিষ্যতি।
তং বিনা ন চ জীবেয়ং কচং সত্যং ব্রবীমি তে ॥৪৭॥

বৈশম্পায়ন উবাচ। *

শ্রুত্বা পুত্রীবচঃ কাব্যো মন্ত্রেণাহূতবান্ কচম্।
জ্ঞাত্বা বহিষ্ঠমজ্ঞাত্বা স্বকুক্ষিস্থং কচং নৃপ! ॥৪৮॥

শুক্র উবাচ।

বৃহস্পতেঃ সুতঃ পুত্রি। কচঃ প্রেতগতিং গতঃ।
বিদ্যয়া জীবিতোঽপ্যেবং হন্যতে করবাম কিম্ ॥৪৯॥

ভারতকৌমুদী

বেলায়াং সন্ধ্যাকালে, অগোপা রক্ষকশূন্যাঃ, গাঃ সমাগতাঃ, দৃষ্ট্বা, কচমৃত্যুং শঙ্কমানা সতী, পিতরমব্রবীৎ। হে তাত! প্রেষণেন করোতি কার্য্যং সম্পাদয়তীতি প্রেষণকৃৎ, পুষ্পাণ্যাহরতীতি পুষ্পাহারঃ কর্ম্মণ্যণ্, কচঃ ন দৃশ্যতে ॥৪৫—৪৬॥

অতএবাহ—ব্যক্তমিতি। পূর্ব্বং ব্যাখ্যাতমিদম্ ॥৪৭॥

শ্রুত্বেতি। হে নৃপ। কাব্যঃ শুক্রঃ, পুত্র্যাস্তনয়ায়া দেবযান্যা বচঃ শ্রুত্বা, কচং বহিষ্ঠং পূর্ব্ববদেব বহির্দেশস্থং জ্ঞাত্বা স্বকুক্ষিস্থঞ্চ অজ্ঞাত্বা, মন্ত্রেণ সঞ্জীবিনীবিদ্যয়া, কচমাহূতবান্ ॥৪৮॥

বৃহস্পতেরিতি। হে পুত্রি। বৃহস্পতেঃ সুতঃ কচঃ, প্রেতগতিং গতঃ মৃতান্তরতুল্যামবস্থাং প্রাপ্তঃ, পুনরাগমনাদর্শনাদিতি মন্যত ইতি ভাবঃ। ময়া সঞ্জীবিন্যা বিদ্যয়া জীবিতোঽপি অসুবৈরেবং হন্যতে, অত্র বয়ং কিং করবাম ॥৪৯॥

কচের মৃত্যুর আশঙ্কা করিয়া, পিতাকে বলিলেন—"পিতঃ! আজ্ঞাবহ কচ পুষ্প আনয়ন করিতে গিয়াছিল; কিন্তু তাহাকে ত দেখিতেছি না ॥৪৫—৪৬॥

অতএব নিশ্চয়ই তাহাকে কেহ মারিয়া ফেলিয়াছে, অথবা সে কোন কারণে মরিয়া গিয়াছে। কচকে ছাড়িয়া আমি কিন্তু বাঁচিব না, ইহা আমি আপনাকে সত্য বলিতেছি" ॥৪৭॥

বৈশম্পায়ন বলিলেন—মহারাজ। শুক্রাচার্য্য দেবযানীর কথা শুনিয়া, কচ বাহিরেই আছেন ইহা বুঝিয়া, নিজের উদরের ভিতরে যে আছেন ইহা না বুঝিয়া সঞ্জীবিনী বিদ্যা প্রয়োগ করিয়া তাঁহাকে আহ্বান করিলেন ॥৪৮॥

শুক্রাচার্য্য বলিলেন—"দেবযানি! বৃহস্পতির পুত্র কচ অন্যান্য ব্যক্তির মতই মরিয়া গিয়াছে; আমি সঞ্জীবিনী বিদ্যার প্রভাবে তাহাকে বাঁচাইয়া

---

(৪৬) দেবযান্যথ ভূয়োঽপি পিতরং বাক্যমব্রবীৎ। * ইদং বাক্যং ৪৮ পদ্যঞ্চ পুস্তকান্তরে ন দৃশ্যতে।

মৈবং শুচো মা রুদ দেবযানি! ন ত্বাদৃশী মর্ত্ত্যমনুপ্রশোচতে।
যস্মাত্তব ব্রহ্ম চ ব্রাহ্মণাশ্চ সেন্দ্রা দেবা বসবোঽথাশ্বিনৌ চ ॥৫০॥
সুরদ্বিষশ্চৈব জগচ্চ সর্ব্বমুপস্থানে সন্নমন্তি প্রভাবাৎ।
অশক্যোঽসৌ জীবয়িতুং দ্বিজাতিঃ সঞ্জীবিতো বধ্যতে চৈব ভূয়ঃ ॥৫১।
(যুগ্মকম্)

দেবযান্যুবাচ।

যস্যাঙ্গিরা বৃদ্ধতমঃ পিতামহো বৃহস্পতিশ্চাপি পিতা তপোনিধিঃ।
ঋষেঃ পুত্রং তমথো বাপি পৌত্রং কথং ন শোচেয়মহং ন রুদ্যাম্ ॥৫২।

ভারতকৌমুদী

মেতি। হে দেবযানি! এবং মা শুচঃ শোকং ন কুরু, মা রুদ রোদনঞ্চ ন কুরু। যে হি ত্বাদৃশী জ্ঞানশালিনী নারী, মর্ত্ত্যং মরণধর্ম্মাণং জনম্, অনু লক্ষ্যীকৃত্য, ন প্রশোচতে মর্ত্ত্যস্য মরণাবশ্যম্ভাবাৎ তদজ্ঞাত্বা শোকাদৌ তু জ্ঞাননৈষ্ফল্যাদিতি ভাবঃ। কিঞ্চ যস্মাত্ত প্রভাবাৎ জ্ঞানমাহাত্ম্যাৎ, ব্রহ্ম ব্রহ্মজ্ঞানী জনঃ, ব্রাহ্মণাশ্চ, সেন্দ্রা দেবাঃ, বসবঃ, অথ অশ্বিনে চ, সুরদ্বিষঃ অসুরাশ্চ, কিং বহুনা, সর্ব্বং জগচ্চ, উপস্থানে উপাসনাকালে, সন্নমন্তি অবনতী ভবন্তি। আস্তাং তাবৎ, পুনরপি জীবয়ত্বমুমিত্যাহ—অশক্য ইতি। অসৌ দ্বিজাতির্ব্রাহ্মণ কচঃ, জীবয়িতুং জীবয়িত্বা রক্ষিতুম্, অশক্য এব। যেন হি সঞ্জীবিতোঽপি ভূয়ঃ পুনরসুরৈ র্বধ্যতে ॥৫০—৫১॥

যস্যেতি। বৃদ্ধতমঃ অঙ্গিরা যস্য পিতামহঃ, তপোনিধির্বৃহস্পতিশ্চ যস্য পিতা, ঋষে পুত্রম্, অথো বাপি ঋষেঃ পৌত্রং তং কচম্, অহং কথং ন শোচেয়ম্, কথং বা তচ্ছোকেন ন রুদ্যাম্ ॥৫২॥

ভারতভাবদীপঃ

॥৪৪—৪৫॥ প্রেষণকৃৎ কার্য্যকর্ত্তা ॥৪৬—৪৯॥ মর্ত্ত্যম্, ত্বন্তু মৎপ্রভাবাদমরকল্পাসি। ব্রহ্ম দেবঃ

দিতেছি; তথাপি অসুরেরা মারিযা ফেলিতেছে; সুতরাং আমরা কি করিব ॥৪৯॥

দেবযানি! তুমি এরূপ শোকও করিও না, রোদনও করিও না। কারণ, তোমার মত নারী, মৃত্যুশীল লোকের জন্য শোক করেন না। বিশেষতঃ, যে তোমার প্রভাবে জ্ঞানী লোক, ব্রাহ্মণগণ, ইন্দ্রাদি দেবগণ, বসুগণ, অশ্বিনীকুমারদ্বয় অসুরগণ, এমন কি সমস্ত জগৎ, উপাসনার সময অবনত হইয়া থাকে। দেখ, ঐ ব্রাহ্মণকে বাঁচাইযা রাখা অসম্ভব হইযাছে, কেন না, বাঁচাইযা দিলেও অসুরেরা আবার মারিযা ফেলিতেছে" ॥৫০—৫১॥

দেবযানী বলিলেন—"অত্যন্ত বৃদ্ধ অঙ্গিরা যাহার পিতামহ এবং মহাতপস্বী বৃহস্পতি যাহার পিতা, ঋষির পুত্র এবং ঋষিরই পৌত্র সেই কচের জন্য, কি প্রকারে আমি শোক না করিযা বা রোদন না করিয়া পারিব ॥৫২॥

স ব্রহ্মচারী চ তপোধনশ্চ সদোত্থিতঃ কর্ম্মসু চৈব দক্ষঃ।
কচস্য মার্গং প্রতিপৎস্যে ন মোক্ষ্যে প্রিয়ো হি মে তাত! কচোঽভিরূপঃ ॥৫৩॥

শুক্র উবাচ।*

অসংশয়ং মামসুরা দ্বিষন্তি যে শিষ্যং মেঽনাগসং সূদয়ন্তি।
অব্রাহ্মণং কর্ত্তুমিচ্ছন্তি রৌদ্রাস্তে মাং যথা ব্যভিচরন্তি নিত্যম্।
অপ্যস্য পাপস্য ভবেদিহান্তঃ কং ব্রহ্মহত্যা ন দহেদপীন্দ্রম্ ॥৫৪॥

ভারতকৌমুদী

অথ স্বয়মনুৎকৃষ্টঃ পিতৃপিতামহগুণৈর্নোৎকৃষ্যতে, তৎ কথং কচং প্রতি শোকো রোদনং বেত্যাহ—স ইতি। স কচঃ। সদা উত্থিত উদ্‌যোগী। দক্ষো নিপুণঃ। হে তাত! কচস্য মার্গং পন্থানম্, প্রতিপৎস্যে প্রাপ্স্যামি, কিন্তু ন মোক্ষ্যে তৎপথং ন পরিত্যক্ষ্যামি। হি যস্মাৎ, অভিরূপঃ সুন্দরঃ পণ্ডিতশ্চ কচঃ, মে মম প্রিয়ঃ ॥৫৩॥

দেবযানীবাক্যমশৃণ্বন্নিব অসুরচরিত্রং পর্য্যালোচয়তি অসংশয়মিতি। অসুরা মাং দ্বিষন্তি, অসংশয়ম্ অত্র সংশয়ো নাস্তি। তত্র হেতুমাহ—যে অসুরাঃ, মে মম, অনাগসং নিরপরাধম্, শিষ্যং কচম্, সূদয়ন্তি পুনঃ পুনর্বিনাশয়ন্তি। তথা রৌদ্রা উগ্রস্বভাবাঃ, তে অসুরাঃ, মাম্ অব্রাহ্মণং কর্ত্তুমিচ্ছন্তি, ব্রহ্মহত্যাপতিতৈঃ স্বৈঃ সংসর্গেণ পাতিত্যোৎপাদনপ্রবৃত্তত্বাদিতি ভাবঃ। যথা যতশ্চ নিত্যং ব্যভিচরন্তি অন্যথা ব্যবহরন্তি, আনুকূল্যকর্ত্তব্যে প্রাতিকূল্যকরণাদিত্যাশয়ঃ। অপি চ অস্য পাপস্য ফলেন, ইহ ইদানীমেব, অন্তঃ অসুরাণাং বিনাশো ভবেৎ। ব্রহ্মহত্যা কং ন দহেৎ, অপি তু ইন্দ্রমপি দহেৎ। অয়ং শ্লোকোঽপি ষট্‌চরণশ্লোকত্বে প্রমাণম্ ॥৫৪॥

ভারতভাবদীপঃ

তস্য নমনং স্বার্থপ্রকাশেন ॥৫০॥ প্রভাবান্মমেতি শেষঃ। উপস্থানে সন্ধ্যোপস্থানকালে, ত্রিসন্ধ্যমিত্যর্থঃ ॥৫১—৫৩॥ (পাঠান্তরে) সমাহ্বয়দাক্রোশং কৃতবান্। সংরম্ভাৎ ক্রোধাৎ। সর্ব্বান্

কচ ব্রহ্মচারী, তপস্বী, উদ্‌যোগী এবং কার্য্যদক্ষ ছিলেন; সুতরাং আমি কচের পথে যাইব, সে পথ ছাড়িব না। কারণ, বিদ্বান্ ও সুন্দর কচ আমার প্রীতির পাত্র ছিলেন” ॥৫৩॥

শুক্রাচার্য্য বলিলেন—“নিশ্চয়ই অসুরগণ আমার বিদ্বেষ করে; যে হেতু তাহারা আমার নিরপরাধ শিষ্যটীকে বার বার হত্যা করিতেছে। বিশেষতঃ অসুরেরা আমাকে অব্রাহ্মণ করিবার ইচ্ছা করিতেছে, আর, সর্ব্বদাই আমার প্রতিকূলতাচরণ করিতেছে। যাহা হউক, এই পাপের ফলে শীঘ্রই উহাদের ধ্বংস হইবে; ব্রহ্মহত্যার পাপ কাহাকে দগ্ধ না করে? ইন্দ্রকেও দগ্ধ করিয়া থাকে” ॥৫৪॥

* অত্র যাবন্তি পুস্তকানি পর্য্যালোচ্যন্তে, প্রায়েণ তাবন্ত এব পাঠভেদাঃ পরিলক্ষ্যন্তে। বিস্তরভয়াচ্চ তে নোল্লিখিতাঃ।

বৈশম্পায়ন উবাচ।

সঞ্চোদিতো দেবযান্যা মহর্ষিঃ পুনরাহ্বয়ৎ।
সংরম্ভেণৈব কাব্যো হি বৃহস্পতিসুতং কচম্ ॥৫৫॥

কচোঽপি রাজন্! স মহানুভাবো বিদ্যাবলাল্লব্ধমতির্মহাত্মা।
গুরোর্হি ভীতো বিদ্যয়া চোপহূতঃ শনৈর্বাক্যং জঠরে ব্যাজহার ॥৫৬॥

প্রসীদ ভগবন্! মহ্যং কচোঽহমভিবাদয়ে।
যথা বহুমতঃ পুত্রস্তথা মন্যতু মাং ভবান্ ॥৫৭॥

বৈশম্পায়ন উবাচ।

তমব্রবীৎ কেন পথোপনীতস্ত্বং চোদরে তিষ্ঠসি ব্রূহি বিপ্র।।
অস্মিন্ মুহূর্ত্তে হ্যসুবান্ বিনাশ্য গচ্ছামি দেবানহমদ্য বিপ্র। ॥৫৮॥

ভারতকৌমুদী

সঞ্চোদিত ইতি। মহর্ষিঃ কাব্যঃ শুক্রঃ, দেবযান্যা সঞ্চোদিতঃ পুনঃ পুনরনুরুদ্ধঃ সন্, সংরম্ভেণৈব তাবস্বরেণৈব অসুবান্ প্রত্যাক্রোশেনৈব বা, বৃহস্পতিসুতং কচং পুনরাহ্বয়ৎ ॥৫৫॥

কচ ইতি। হে রাজন্! মহাত্মা, মহানুভাবো বিশেষতপঃপ্রভাবশালী চ কচঃ, বিদ্যাবলাৎ শুক্রপ্রযুক্তসঞ্জীবিনীমাহাত্ম্যাৎ লব্ধমতিঃ প্রাপ্তসংজ্ঞঃ সন্, উদরে স্থিতত্বাৎ গুরোঃ শুক্রাদ্ভীতঃ, বিদ্যয়া উপহূত আহূতশ্চেতি জঠরে শুক্রোদরে স্থিত এব, শনৈরিদং বাক্যং ব্যাজহার উবাচ ॥৫৬॥

প্রসীদেতি। হে ভগবন্! ত্বং মহ্যং প্রসীদ, অহং কচো ভবন্তমভিবাদয়ে। পুত্রো যথা লোকানাং বহুমত অত্যাদৃতঃ স্যাৎ, তথা ভবান্ মাং মন্যতু মন্যতাম্ ॥৫৭॥

ভারতভাবদীপঃ

দৈত্যানেকব্রাহ্ম্যোপালব্ধবানিত্যর্থঃ। উপালম্ভমেবাহ—অসংশয়মিতি। দ্বিষন্তীতি মধ্যমপুরুষাপ্রযোগঃ ক্রোধাবেশসূচনার্থঃ। মামব্রাহ্মণমুদরে কচস্য পাকেন ব্রহ্মহত্যাপ্রসঞ্জনেন কর্ত্তুমিচ্ছন্তি। ব্যভিচরন্তি বিরুদ্ধমাচরন্তি, মদুদরে ব্রাহ্মণপ্রবেশনেন। অন্তঃ পরিপাকঃ

বৈশম্পায়ন বলিলেন—মহর্ষি শুক্রাচার্য্য দেবযানীর বার বার অনুরোধে উচ্চস্বরে পুনরায় কচকে আহ্বান করিলেন ॥৫৫॥

মহারাজ! মহাত্মা ও মহাপ্রতাপশালী কচ সঞ্জীবিনী বিদ্যার প্রভাবে সংজ্ঞা লাভ করিলেন, কিন্তু গুরুর উদরের ভিতরে আছেন বলিয়া ভীত হইলেন, তথাপি বিদ্যাপ্রয়োগপূর্ব্বক আহূত হইতেছেন বলিয়া, গুরুর উদরের ভিতরে থাকিয়াই আস্তে আস্তে এই কথা বলিলেন—॥৫৬॥

"ভগবন্! আপনি আমার প্রতি প্রসন্ন হউন, আমি আপনাকে অভিবাদন করিতেছি। লোকে পুত্রকে যেমন আদর করে, আপনিও তেমনই আমাকে মনে করুন" ॥৫৭॥

শুক্র উবাচ।

তব প্রসাদান্ন জহাতি মাং স্মৃতিঃ স্মরামি সর্ব্বং যচ্চ যথা চ বৃত্তম্।
ন ত্বেবং স্যাত্তপসঃ সংক্ষয়ো মে ততঃ ক্লেশং ঘোরমিমং সহামি ॥৫৯॥
অসুরৈঃ সুরায়াং ভবতোঽস্মি দত্তো হত্বা দগ্ধ্বা চূর্ণয়িত্বা চ কাব্য।।
ব্রাহ্মীং মায়াং চাসুরীং বিপ্র! মায়াং ত্বয়ি স্থিতে কথমেবাতিবর্ত্তেৎ ॥৬০॥

ভারতকৌমুদী

তমিতি। তং কচমব্রবীৎ, শুক্র ইতি শেষঃ। হে বিপ্র! ত্বং কেন পথা অসুরৈরুপনীতঃ সন্, উদরে তিষ্ঠসি, তদ্ব্রূহি। হে বিপ্র! অস্মিন্নেব মুহূর্ত্তে, অসুরান্ শাপেন বিনাশ্য, অদ্য অহং দেবান্ দেবপক্ষং গচ্ছামি ॥৫৮॥

তবেতি। তব প্রসাদাৎ স্মৃতির্মাং ন জহাতি ত্যজতি। তেন চ যচ্চ যথা চ বৃত্তং জাতম্, তৎ সর্ব্বং স্মরামি। এবম্ অবৈধমরণেনাপি মে তপসঃ সংক্ষয়ো ন স্যাৎ, তব প্রসাদাদেবেতি ভাবঃ। ততঃ কারণাদেব, ইমং তবোদরবাসরূপং ঘোরং ক্লেশং সহামি সহে ॥৫৯॥

অসুরৈরিতি। হে কাব্য! শুক্র! অসুরৈঃ, হত্বা দগ্ধ্বা চূর্ণয়িত্বা চ, ভবতঃ সুরায়াং দত্তোঽস্মি। নন্বু পূর্ব্বপূর্ব্বহত্যাস্মরণাদস্মিন্ বারে পূর্ব্বমেব ত্বং কথং সাবধানো নাভব ইত্যাহ—ব্রাহ্মীমিতি। হে বিপ্র! ত্বয়ি অসুরেষু দুর্নিবারমায়াশিক্ষয়িতরি স্থিতে সতি, ব্রাহ্মীং ত্বদীয়াং মায়ামিব, ত্বচ্ছিক্ষিতামাসুরীং মায়াম্, কথমেব অতিবর্ত্তেৎ অতিক্রামেৎ অযং জন ইতি শেষঃ। অসুরা হি প্রাঙ্ মায়যা মাং মোহয়িত্বা হতবন্ত ইতি ভাবঃ ॥৬০॥

ভারতভাবদীপঃ

॥৫৪—৫৮॥ তপসঃ সংক্ষয়ো গুরূদরবিদারণাৎ। ক্লেশং সঙ্কীর্ণোদরে বাসজম্ ॥৫৯॥ চাৎ দৈবীং মায়াম্। মায়াত্রয়বিদি ত্বয়ি সতি কো দেবোঽসুরো ব্রাহ্মণো বা অতিক্রামেদতস্ত-

বৈশম্পায়ন বলিলেন—তখন শুক্রাচার্য্য জিজ্ঞাসা করিলেন,—"কচ! তুমি কোন্ পথে যাইয়া আমার উদরে বাস করিতেছ, বল। আমি এই মুহূর্ত্তেই অসুরদিগকে বিনষ্ট করিয়া, অদ্যই দেবগণের পক্ষে যাইব" ॥৫৮॥

কচ কহিলেন—"গুরুদেব! আপনার অনুগ্রহে আমার স্মৃতিশক্তি নষ্ট হয় নাই; সুতরাং যে ভাবে যাহা হইয়াছিল, সে সমস্তই আমি স্মরণ করিতেছি। আর, এইরূপ অপমৃত্যুতেও আমার তপস্যার ক্ষয় হয় নাই; তাহাতেই আমি এই দারুণ কষ্ট সহ্য করিতে পারিতেছি ॥৫৯॥

দেব! অসুরেরা আমাকে মারিয়া, দগ্ধ করিয়া, সেই ভস্ম চূর্ণ করিয়া, তাহা সুরার ভিতরে মিশাইয়া আপনাকে দিয়াছিল; কিন্তু আপনি অসুরদিগকে মায়া শিখাইয়াছেন, সুতরাং আপনি থাকিতে, আমি আপনার মায়ারই তুল্য অসুরদিগের মায়া কি করিয়া অতিক্রম করিব" ॥৬০॥

শুক্র উবাচ।

কিং তে প্রিয়ং করবাণ্যদ্য বৎসে! বধেন মে জীবিতং স্যাৎ কচস্য।
নান্যত্র কুক্ষের্মম ভেদনেন দৃশ্যেৎ কচো মদ্‌গতো দেবযানি! ॥৬১॥

দেবযান্যুবাচ।

দ্বৌ মাং শোকবগ্নিকল্পৌ দহেতাং কচস্য নাশস্তব চৈবোপঘাতঃ।
কচস্য নাশে মম শর্ম্ম নাস্তি তবোপঘাতে জীবিতুং নাস্মি শক্তা ॥৬২॥

শুক্র উবাচ।

সংসিদ্ধরূপোঽসি বৃহস্পতেঃ সুত! যত্ত্বাং ভক্তং ভজতে দেবযানী।
বিদ্যামিমাং প্রাপ্নুহি জীবনীং ত্বং ন চেদিন্দ্রঃ কচরূপী ত্বমদ্য ॥৬৩॥
ন নিবর্ত্তেৎ পুনর্জীবন্ কশ্চিদন্যো মমোদরাৎ।
ব্রাহ্মণং বর্জ্জয়িত্বৈকং তস্মাদ্বিদ্যামবাপ্নুহি ॥৬৪॥

ভারতকৌমুদী

কিমিতি। হে বৎসে! দেবযানি! অদ্য কিং তে প্রিয়ং করবাণি, মে মম বধেন বিনাশনেন কচস্য জীবিতং জীবনং স্যাৎ, মদুদরবিদারণেন তদ্বহিষ্কারাদিতি ভাবঃ। নন্বন্যোঽপ্যুপায়ো ভবিতুমর্হতীত্যাহ—মম কুক্ষের্ভেদনেন, অন্যত্র বিনা, মদ্‌গতো মদুদরস্থিতঃ কচঃ, ন দৃশ্যেৎ নহি দৃশ্যেত। এবঞ্চ মম বধ এব স্যাদিত্যাশয়ঃ ॥৬১॥

দ্বাবিতি। অগ্নিকল্পৌ দ্বৌ শোকাবেব মাং দহেতাম্। ননু কুতঃ কুতো, জাতৌ তৌ শোকাবিত্যাহ—কচস্যেতি। উপঘাত উপঘাতেন মৃত্যুঃ। শর্ম্ম সুখম্। শক্তা নাস্মি। এতেন শুক্রমরণ এব দুঃখাতিরেকঃ সূচিতঃ ॥৬২॥

সংসিদ্ধেতি। হে বৃহস্পতেঃ সুত! কচ! ত্বং সংসিদ্ধরূপোঽসি সম্যক্ তপঃসিদ্ধোঽসি। যদ্‌যস্মাৎ, দেবযানী, ভক্তং ত্বাং ভজতে নিতরাং স্নিহ্যতি। চেদ্‌যদি ত্বং কচরূপী ইন্দ্রো ন স্যাঃ, তদা ত্বমদ্যৈব জীবনীং নাম ইমাং বিদ্যাং প্রাপ্নুহি ॥৬৩॥

শুক্রাচার্য্য বলিলেন—"বৎসে! দেবযানি! তোমার কোন্ প্রিয় কার্য্য করিব, বল। আমাকে মারিয়া কচকে রক্ষা করা যাইতে পারে, কেন না, আমার উদর বিদারণ ব্যতীত, আমার উদরস্থিত কচকে দেখা যাইবে না" ॥৬১॥

দেবযানী কহিলেন—"পিতঃ! আপনার মৃত্যু ও কচের মৃত্যু—এই দুই মৃত্যু-জনিত অগ্নিতুল্য দুইটা শোকই আমাকে দগ্ধ করিবে। কারণ, কচের মৃত্যু হইলে আমার বাঁচিয়া থাকায় সুখ নাই, আর, আপনার মৃত্যু হইলে ত আমি বাঁচিতেই পারিব না" ॥৬২॥

শুক্রাচার্য্য বলিলেন—"কচ! তুমি তপস্যায় সম্পূর্ণ সিদ্ধি লাভ করিয়াছ, যে হেতু ভক্ত বলিয়া দেবযানী তোমার প্রতি গুরুতর স্নেহ করিতেছে; অতএব তুমি যদি কচরূপী ইন্দ্র না হও, তবে তুমি এই সঞ্জীবিনী বিদ্যা লাভ কর" ॥৬৩॥

পুত্রো ভূত্বা ভাবয় ভাবিতো মাম্ অস্মদ্দেহাদুপনিষ্ক্রম্য তাত ! ।
সমীক্ষেথা ধর্ম্মবতীমবেক্ষাং গুরোঃ সকাশাৎ প্রাপ্য বিদ্যাং সবিদ্যঃ ॥৬৫॥

বৈশম্পায়ন উবাচ ।

গুরোঃ সকাশাৎ সমবাপ্য বিদ্যাং ভিত্ত্বা কুক্ষিং নির্বিচক্রাম বিপ্রঃ ।
কচোঽভিরূপস্তৎক্ষণাদ্‌ব্রাহ্মণস্য শুক্লাত্যয়ে পৌর্ণমাস্যামিবেন্দুঃ ॥৬৬॥
দৃষ্ট্বা চ তং পতিতং ব্রহ্মরাশিম্ উত্থাপয়ামাস মৃতং কচোঽপি ।
বিদ্যাং সিদ্ধাং তামবাপ্যাভিবাদ্য ততঃ কচস্তং গুরুমিত্যুবাচ ॥৬৭॥

ভারতকৌমুদী

তব ইন্দ্রত্বেঽপি ন হানিরিত্যাহ—নেতি। একং ব্রাহ্মণং বর্জ্জয়িত্বা অন্যঃ কশ্চিদপি, পুনর্জীবন্ মমোদরাৎ ন নিবর্ত্তেৎ, লব্ধবিদ্যোঽপি ম্রিয়েতেতি ভাবঃ। তস্মাত্বং বিদ্যামবাপ্নুহি ॥৬৪॥

পুত্র ইতি। হে তাত। ভাবিতো ময়া জীবিতস্ত্বং পুত্রো ভূত্বা অস্মদ্দেহাদুপনিষ্ক্রম্য, উদরবিদারণেন মৃতং মাম্, ভাবয় জীবয়। গুরোঃ সকাশাৎ, ত্বং বিদ্যাং সঞ্জীবিনীং প্রাপ্য সবিদ্যঃ সন্, ধর্ম্মবতীম্ অবেক্ষাং দৃষ্টিমাশ্রিত্য, সমীক্ষেথাঃ পশ্যেঃ কৃতজ্ঞতামাশ্রয়েথাঃ, মামজীবয়িত্বা ন গচ্ছেরিতি ভাবঃ ॥৬৫॥

গুরোরিতি। অভিরূপো বিদ্বান্ বিপ্রঃ কচঃ, গুরোঃ শুক্রস্য সকাশাৎ, বিদ্যাং সঞ্জীবিনীং প্রাপ্য, ব্রাহ্মণস্য শুক্রস্য কুক্ষিং ভিত্ত্বা, শুক্লস্য আবরকতুষারস্য অত্যয়ে অপগমে, পৌর্ণমাস্যাম্, ইন্দুশ্চন্দ্র ইব, তৎক্ষণাৎ, নির্বিচক্রাম বিনির্গতোঽভূৎ ॥৬৬॥

দৃষ্ট্বেতি। কচোঽপি চ দৃষ্ট্বা, মৃতং পতিতম্, ব্রহ্মরাশিং মূর্ত্তিমন্তম্ অধ্যাত্মজ্ঞানপুঞ্জমিব স্থিতম্, তং শুক্রম্, উত্থাপয়ামাস সঞ্জীবিনীবিদ্যাপ্রয়োগেণ জীবয়িত্বা উত্তোলয়ামাস। ততঃ কচঃ, তাং সিদ্ধাং বিদ্যাম্, অবাপ্য, তং গুরুমভিবাদ্য ইতি উবাচ ॥৬৭॥

ভারতভাবদীপঃ

ত্বদরভেদনং মম দুঃসাধ্যমেবেতি ভাবঃ ॥৬০—৬৫॥ ন চেদিন্দ্রঃ, ইন্দ্রশ্চেৎ ত্বং তর্হি ত্বামুদরে জীর্ণং করিষ্যাম্যেবেতি ভাবঃ ॥৬৩॥ নেতি। ত্বং তু ব্রাহ্মণত্বাদবধ্যো মমেত্যর্থঃ ॥৬৪॥ ভাবয় জীবয়, ভাবিতো ময়া জীবিতঃ, কৃতঘ্নো মাভূরিতি ভাবঃ ॥৬৫॥ শুক্লস্যাহ্নো বর্বেরী

অথবা ব্রাহ্মণ ভিন্ন অন্য কেহই আমার উদর হইতে জীবিত অবস্থায় ফিরিতে পারিবে না ; সুতরাং তুমি সঞ্জীবিনী বিদ্যা গ্রহণ কর ॥৬৪॥

বাবা কচ ! আমি তোমাকে বাঁচাইয়া দিলাম , তুমিও পুত্ররূপে আমার উদর হইতে নির্গত হইয়া, আমাকে বাঁচাইয়া দিও । দেখ, গুরুর নিকট হইতে বিদ্যালাভ করিয়া, বিদ্বান্ হইয়া, ধর্ম্মের দিকে দৃষ্টি রাখিও” ॥৬৫॥

বৈশম্পায়ন বলিলেন—বিদ্বান্ কচ গুরুর নিকট হইতে বিদ্যা লাভ করিয়া, তাঁহার উদর বিদারণপূর্ব্বক আবরক হিম সরিয়া গেলে পূর্ণিমার চন্দ্রের ন্যায় নির্গত হইলেন ॥৬৬॥

যঃ শ্রোত্রয়োরমৃতং সন্নিষিঞ্চেদ্বিদ্যামবিদ্যস্য যথা ত্বমার্য্যঃ।
তং মন্যেঽহং পিতরং মাতরঞ্চ তস্মৈ ন দ্রুহ্যে কৃতমস্য জানন্ ॥৬৮॥
ঋতস্য দাতারমনুত্তমস্য নিধিং নিধীনামপি লব্ধবিদ্যাঃ।
যে নাদ্রিয়ন্তে গুরুমর্চ্চনীয়ং পাপাল্লোঁকাংস্তে ব্রজন্ত্যপ্রতিষ্ঠাঃ ॥৬৯॥

ভারতকৌমুদী

য ইতি। যথা আর্য্যঃ পূজনীয়স্ত্বম্, তথা যো জনঃ, অবিদ্যস্য শিষ্যস্য, শ্রোত্রয়োঃ কর্ণয়োঃ, অমৃতম্ অমৃতবদেব পরমোপকারিণীম্, বিদ্যাং মন্ত্রাদিম্, নিষিঞ্চেদর্পয়েৎ, অহং তং জনম্, পিতরং মাতরঞ্চ মন্যে, অতএব অস্য গুরোঃ, কৃতমুপকারম্, জানন্ সন্, তস্মৈ গুরবে, ন দ্রুহ্যে দ্রোহং ন করোমি ॥৬৮॥

ঋতস্যেতি। লব্ধবিদ্যা যে শিষ্যাঃ, অনুত্তমস্য সর্ব্বোৎকৃষ্টস্য, ঋতস্য সত্যস্য তত্ত্বজ্ঞানস্যেত্যর্থঃ, দাতারম্, অপি চ নিধীনাং জ্ঞানাকরাণাং বেদানাম্, নিধিম্ আধারম্, অতএব অর্চ্চনীয়ং গুরুম্, নাদ্রিয়ন্তে, তে শিষ্যাঃ, ইহলোকে অপ্রতিষ্ঠা অরূঢ়গৌরবাঃ সন্তঃ, পাপান্ লোকান্ নরকান্, ব্রজন্তি ॥৬৯॥

ভারতভাবদীপঃ

অত্যয়ে শুক্রাত্যয়ে। ব্রহ্মরাশিং বেদরাশিম্ ॥৬৭॥ যঃ শ্রোত্রয়োরিতি। যথা মম শ্রোত্রয়োরয়ং গুরোঽমৃতমমরণসাধনীং বিদ্যাং নিষিক্তবান্, তথান্যোঽপি যো মে মম নবিদ্যস্য বিদ্যাশূন্যস্য, সমাসেঽপি নঞো নভ্রাজাদিবৎ প্রকৃতিভাবঃ, শ্রোত্রয়োঃ সদ্বস্তু নিষিঞ্চেৎ, যো যৎ সৎ পুংস্ত্বমার্যম্, অমৃতং মোক্ষরূপম্। তং নিষেক্তারমহং পিতরং মাতরঞ্চ মন্যে, তস্মৈ নিষেক্ত্রে, ন দ্রুহ্যেৎ, অস্য কৃতমনেনোপকৃতং জানন্ন দ্রুহ্যেঽহম্। "ক্রুধদ্রুহের্ষে"তি সম্প্রদানত্বম্ ॥৬৮॥ ঋতস্য কর্ম্মোপাস্তিজ্ঞানকাণ্ডাত্মকস্য বেদস্য। নিধীনাং বিদ্যানাং নিধিমাশ্রয়ম্। বিদ্যায়া নিধিত্বং "গোপায় মা শেবধিষ্টেঽহমস্মি" ইতি বিদ্যাবচনাৎ। মা মাম্। শেবধির্নিধিঃ। প্রতিষ্ঠা বিদ্যাফলং তৎ শূন্যা অপ্রতিষ্ঠাঃ "নিধীনাং চতুরবরাণাম্" ইতি পাঠে অধ্যয়ন-

নির্গত হইয়া কচ দেখিলেন—মূর্ত্তিমান্ অধ্যাত্মজ্ঞানপুঞ্জের ন্যায় শুক্রাচার্য্য মৃত অবস্থায় ভূতলে পড়িয়া রহিয়াছেন; তখন কচ সঞ্জীবিনী বিদ্যা প্রয়োগ করিয়া শুক্রাচার্য্যকে বাঁচাইয়া উঠাইলেন। তাহার পর, কচ সিদ্ধ বিদ্যা লাভ করিয়াছেন বলিয়া গুরুদেবকে অভিবাদন করিয়া এই কথা বলিলেন—॥৬৭॥

"দেব। আপনার ন্যায় যে লোক, বিদ্যাশূন্য শিষ্যের কর্ণে অমৃতের তুল্য বিদ্যা দান করেন, আমি তাঁহাকে পিতা ও মাতা বলিয়া মনে করি; সুতরাং আমি তৎকৃত উপকার স্মরণ করিয়া, কখনও তাঁহার অনিষ্টের চেষ্টা করিব না ॥৬৮॥

যে সকল শিষ্য বিদ্যা লাভ করিয়া, উৎকৃষ্ট তত্ত্বজ্ঞানদাতা এবং বেদের নিধি পরমপূজনীয় গুরুদেবের আদর করে না, তাহারা ইহলোকেও প্রতিষ্ঠা লাভ করিতে পারে না, পরলোকেও নরকগামী হয়" ॥৬৯॥

(৬৮) যো মে নবিদ্যস্য যথা মমায়ম্ ইতি নীলকণ্ঠসম্মতস্তৃতীয়পাদঃ।

বৈশম্পায়ন উবাচ।

সুরাপানাদ্বঞ্চনাং প্রাপ্য বিদ্বান্ সংজ্ঞানাশঞ্চৈব মহাতিঘোরম্।
দৃষ্ট্বা কচঞ্চাপি তথাভিরূপং পীতং তথা সুরয়া মোহিতেন ॥৭০॥
সমন্যুরুত্থায় মহানুভাবস্তদোশনা বিপ্রহিতং চিকীর্ষুঃ।
সুরাপানং প্রতি সঞ্জাতমন্যুঃ কাব্যঃ স্বয়ং বাক্যমিদং জগাদ ॥৭১॥ (যুগ্মকম্)
যো ব্রাহ্মণোঽদ্যপ্রভৃতীহ কশ্চিন্মোহাৎ সুরাং পাস্যতি মন্দবুদ্ধিঃ।
অপেতধর্ম্মা ব্রহ্মহা চৈব স স্যাদস্মিন্ লোকে গর্হিতঃ স্যাৎ পরে চ ॥৭২॥
ময়া চৈতাং বিপ্রধর্ম্মোক্তিসীমাং মর্য্যাদাং বৈ স্থাপিতাং সর্ব্বলোকে।
সন্তো বিপ্রা শুশ্রুবাংসো গুরূণাং দেবা লোকাশ্চোপশৃণ্বন্তু সর্ব্বে ॥৭৩॥

ভারতকৌমুদী

সুরেতি। বিদ্বান্ জ্ঞানী, অতএব মহানুভাবো বিশেষপ্রভাবশালী, উশনা কাব্যশ্চ নাম শুক্রঃ, তদা সুরাপানাৎ বঞ্চনাং কচভস্মপানরূপাং প্রতারণাম্ মহাতিঘোরং সংজ্ঞানাশঞ্চ প্রাপ্য, তথা মোহিতেন স্বয়মাত্মনা, সুরয়া সহ পীতম্, তথাভিরূপং তাদৃশবিদ্বাংসম্, কচঞ্চ দৃষ্ট্বা, সমন্যু-দৈন্যযুক্তঃ সন্নুত্থায়, সুরাপানং প্রতি সঞ্জাতমন্যুঃ সঞ্জাতক্রোধঃ বিপ্রাণাং ব্রাহ্মণানাং হিতং চিকীর্ষুঃ কর্ত্তুমিচ্ছুশ্চ সন্, ইদং বাক্যং জগাদ ॥৭০—৭১॥

য ইতি। ইহ জগতি, মন্দবুদ্ধির্যঃ কশ্চিদ্ব্রাহ্মণঃ, অদ্যপ্রভৃতি মোহাৎ সুরাং পাস্যতি, স ব্রাহ্মণঃ অপেতো নষ্টো ধর্ম্মো যস্য স তাদৃশঃ, ব্রহ্মহা ব্রহ্মহত্যাকারিতুল্যপাপী চ সন্, অস্মিন্ লোকে গর্হিতঃ স্যাৎ, পরে লোকে চ গর্হিতঃ স্যাৎ ॥৭২॥

ময়েতি। গুরূণাং শুশ্রুবাংসঃ শুশ্রূষাকারিণঃ, কসুপ্রত্যয়স্য নিষ্ঠাদিতয়া কর্ম্মণি ষষ্ঠীনিষেধেঽপি গুরূণামিতি ষষ্ঠী আর্ষত্বাৎ, অতএব সন্তঃ সাধবো বিপ্রাঃ, দেবাঃ, অন্য সর্ব্বে ক্ষত্রিয়াদয়ো লোকাশ্চ, ময়া সর্ব্বলোকে স্থাপিতাম্ এতাম্, বিপ্রধর্ম্মোক্তীনাং ব্রাহ্মণ্যধর্ম্মপ্রতিপাদকশাস্ত্রাণাং সীমাম্ উৎকর্ষেণ চরমীভূতাম্, মর্য্যাদাং নিয়মম্, উপশৃণ্বন্তু ॥৭৩॥

ভারতভাবদীপঃ

মর্থজ্ঞানমনুষ্ঠানং শিষ্যেভ্যঃ প্রতিপাদনঞ্চেতি চত্বারি কর্ম্মাণি, তেম্বন্বয়ঃ সম্বন্ধো যেষাং নিধীনাং

জ্ঞানী ও মহাত্মা শুক্রাচার্য্য সুরাপান করার দোষ এবং দারুণ সংজ্ঞালোপ অনুভব করিয়া এবং মোহিত অবস্থায় নিজেই সুরার সহিত যাহাকে পান করিয়া ফেলিয়াছিলেন, সেই জ্ঞানী কচকে সম্মুখে দেখিয়া দুঃখিত হইয়া, গাত্রোত্থান করিলেন; তাহার পর সুরাপানের প্রতি ক্রুদ্ধ হইয়া এবং ব্রাহ্মণদিগের হিত সাধনের ইচ্ছা করিয়া এই কথা বলিলেন—॥৭০—৭১॥

"এই জগতে অল্পবুদ্ধি যে কোন ব্রাহ্মণ আজ হইতে ভ্রমক্রমেও সুরাপান করিবে; সে ধর্ম্মহীন এবং ব্রহ্মঘাতীর তুল্য পাপী হইয়া, ইহলোকেও নিন্দিত হইবে, পরলোকেও নিন্দিত হইবে ॥৭২॥

বৈশম্পায়ন উবাচ।

ইতীদমুক্ত্বা স মহানুভাবস্তপোনিধীনাং নিধিবপ্রমেয়ঃ।
তান্ দানবান্ দৈববিমূঢ়বুদ্ধীন্ ইদং সমাহূয় বচোঽভ্যুবাচ ॥৭৪॥
আচক্ষে বো দানবা বালিশাঃ স্থ সিদ্ধঃ কচো বৎস্যতি মৎসকাশে।
সঞ্জীবনীং প্রাপ্য বিদ্যাং মহাত্মা তুল্যপ্রভাবো ব্রাহ্মণো ব্রহ্মভূতঃ ॥৭৫॥
এতাবদুক্ত্বা বচনং বিররাম স ভার্গবঃ।
দানবা বিস্ময়াবিষ্টাঃ প্রযযুঃ স্বং নিবেশনম্ ॥৭৬॥

ভারতকৌমুদী

ইতীতি। মহানুভাবঃ, তপোনিধীনাং মধ্যে নিধিঃ বত্নাধাবস্বরূপঃ, অপ্রমেয়ঃ প্রভাবে প্রমাতুমশক্যঃ, অন্যথা কথমসৌ জগন্মর্য্যাদাং স্থাপযিতুং প্রভবতীতি ভাবঃ, স শুক্রঃ, ইতি এবম্প্রকাবেণ ইদমুক্ত্বা, দৈববিমূঢ়বুদ্ধীন্ তান্ দানবান্, সমাহূয়, ইদং বচঃ, অভ্যুবাচ ॥৭৪॥

আচক্ষ ইতি। হে দানবাঃ! বো যুষ্মান্, আচক্ষে ব্রবীমি, যেন হি যূযং বালিশা মূর্খাঃ স্থ, অসকৃৎকচবধরূপদুষ্কার্য্যকবণাদিতি ভাবঃ। মহাত্মা ব্রাহ্মণঃ কচঃ, সঞ্জীবনীং বিদ্যাং প্রাপ্য, সিদ্ধঃ, অতএব মমৈব তুল্যপ্রভাবঃ, কিঞ্চ ব্রহ্মভূতঃ পিতামহতুল্য এব সন্, মৎসকাশে বৎস্যতি চিবং স্থাস্যতি, তত্র যাবচ্ছক্যং যুষ্মাভিঃ কার্য্যমিতি ভাবঃ ॥৭৫॥

এতাবদিতি। ভার্গবঃ শুক্রঃ। বিস্ময়াবিষ্টাঃ, উক্তবিধহত্যাযামপি কচজীবনাৎ ॥৭৬॥

গুরুশুশ্রূষাপরায়ণ সাধু ব্রাহ্মণগণ, দেবগণ এবং ক্ষত্রিয়প্রভৃতি অন্যান্য সমস্ত লোক শ্রবণ করুন; আমি সমস্ত জগতে এই ব্রাহ্মণধর্ম্মের নিয়ম স্থাপন করিলাম" ॥৭৩॥

বৈশম্পাযন বলিলেন—তপস্বিশ্রেষ্ঠ ও অসাধারণপ্রভাবশালী মহাত্মা শুক্রাচার্য্য এই কথা বলিয়া, দৈববশতঃ মুগ্ধমতি দানবগণকে আহ্বান করিয়া তাহাদিগকে এই কথা বলিলেন—॥৭৪॥

"দানবগণ! তোমরা বড়ই মূর্খ, তাই তোমাদিগকে বলিতেছি; মহাত্মা কচ সঞ্জীবনী বিদ্যা লাভ করিয়া সিদ্ধ হইযাছেন, সুতরাং কচ এখন আমারই তুল্য প্রভাবশালী, এমন কি ব্রহ্মারই তুল্য ক্ষমতাপন্ন হইযা দাঁড়াইয়াছেন এবং আমার নিকট দীর্ঘকাল বাস করিবেন" ॥৭৫॥

শুক্রাচার্য্য এই সকল কথা বলিয়া বিরত হইলেন, দানবগণও বিস্ময়াপন্ন হইযা আপন আপন গৃহে চলিয়া গেল ॥৭৬॥

---

(৭৫)·· সঞ্জীবিনীং প্রাপ্য বিদ্যাং মহার্থাম্।

৭৫—৭৬ শ্লোকযোর্মধ্যে 'যোঽকার্ষীদদুষ্করং কর্ম্ম দেবানাং কাবণাৎ কচঃ। ন তৎকীর্ত্তির্জবাং গচ্ছেদ্‌যাজ্ঞীযশ্চ ভবিষ্যতি॥ বৈশম্পাযন উবাচ।' ইতি দাক্ষিণাত্যপুস্তকে অধিকঃ পাঠঃ।

গুরোরুষ্য সকাশে তু দশ বর্ষশতানি সঃ।
অনুজ্ঞাতঃ কচো গন্তুমিয়েষ ত্রিদশালয়ম্ ॥৭৭॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি
সম্ভবে যযাত্যুপাখ্যানে চতুঃষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥*

—:*:—

পঞ্চষষ্টিতমোঽধ্যায়ঃ।

—:*:—

বৈশম্পায়ন উবাচ।
সমাবৃত্তব্রতং তং তু বিসৃষ্টং গুরুণা কচম্।
প্রস্থিতং ত্রিদশাবাসং দেবযান্যব্রবীদিদম্ ॥১॥

ভারতকৌমুদী

গুরোরিতি। স কচঃ, গুরোঃ শুক্রস্য সকাশে দশ বর্ষশতানি, উষ্য উষিত্বা স্থিত্বেতি যাবৎ, গুরুণা অনুজ্ঞাতঃ সন্, ত্রিদশালযং স্বর্গং গন্তুমিযেষ ॥৭৭॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতাযাং মহাভারত-টীকাযাং ভারতকৌমুদীসমাখ্যাযামাদিপর্ব্বণি সম্ভবে চতুঃষষ্টিতমোঽধ্যাযঃ ॥০॥

—:*:—

সমাবৃত্তেতি। দেবযানী, সমাবৃত্তব্রতং সমাপ্তব্রহ্মচর্য্যাদিনিযমম্, গুরুণা শুক্রেণ বিসৃষ্টম্, ত্রিদশাবাসং স্বর্গলোকং প্রতি প্রস্থিতম্, তং কচম্ ইদমব্রবীৎ ॥১॥

ভারতভাবদীপঃ

বিদ্যানামিত্যর্থঃ ॥৬৯—৭৪॥ বালিশা মমোদরে কচং পাতযিত্বা শীঘ্রং তৎকার্য্যং সিদ্ধং কৃতবন্তঃ ॥৭৫—৭৬॥ উষ্য উষিত্বা ॥৭৭॥

ইতি শ্রীমহাভারতে আদিপর্ব্বণি নৈলকণ্ঠীযে ভারতভাবদীপে চতুঃষষ্টিতমোঽধ্যাযঃ ॥৬৪॥

—:*:—

এদিকে কচও সহস্র বৎসর পর্য্যন্ত শুক্রাচার্য্যের নিকটে থাকিয়া, তাঁহার অনুমতিক্রমে স্বর্গলোকে যাইবার ইচ্ছা করিলেন ॥৭৭॥

—:*:—

বৈশম্পায়ন বলিলেন—কচ ব্রত সমাপ্ত করিলেন, শুক্রাচার্য্যও তাঁহাকে বিদায় দিলেন; তাই কচ স্বর্গলোকে চলিয়া যাইবার উপক্রম করিলে, দেবযানী তাঁহাকে এই কথা বলিলেন—॥১॥

---

* '·ষট্সপ্ততিতমোঽধ্যাযঃ', '··ত্রিসপ্ততিতমোঽধ্যাযঃ', 'সপ্ততিতমোঽধ্যায়ঃ' ইতি পাঠভেদাঃ।

(১) সমাবৃত্তব্রতং···গুরুণা তদা···।

ঋষেরঙ্গিরসঃ পৌত্র! বৃত্তেনাভিজনেন চ।
ভ্রাজসে বিদ্যয়া চৈব তপসা চ দমেন চ ॥২॥
ঋষির্যথাঙ্গিরা মান্যঃ পিতুর্মম মহাযশাঃ।
তথা মান্যশ্চ পূজ্যশ্চ মম ভূয়ো বৃহস্পতিঃ ॥৩॥
এবং জ্ঞাত্বা বিজানীহি যদ্‌ব্রবীমি তপোধন।।
ব্রতস্থে নিয়মোপেতে যথা বর্ত্তাম্যহং ত্বয়ি ॥৪॥
স সমাবৃতবিদ্যো মাং ভক্তাং ভজিতুমর্হসি।
গৃহাণ পাণিং বিধিবন্মম মন্ত্রপুরস্কৃতম্ ॥৫॥

কচ উবাচ।

পূজ্যো মান্যশ্চ ভগবান্ যথা তব পিতা মম।
তথা ত্বমনবদ্যাঙ্গি! পূজনীয়তরা মম ॥৬॥

ভারতকৌমুদী

ঋষেরিতি। হে অঙ্গিরস ঋষেঃ পৌত্র! এতেন গৌরবিতত্ত্বং দ্যোতিতম্, ত্বং বৃত্তেন চরিত্রেণ, অভিজনেন কুলেন, বিদ্যয়া, তপসা, দমেন ইন্দ্রিয়নিগ্রহেণ চ, ভ্রাজসে অলঙ্কৃতঃ শোভসে ॥২॥

ঋষিরিতি। মম পিতুঃ শুক্রস্য যথা মহাযশা অঙ্গিরা ঋষির্মান্যঃ, জ্ঞানবয়োবৃদ্ধত্বাৎ; তথা মমাপি তব পিতা বৃহস্পতিঃ, ভূয়ো বহুলমেব, মান্যঃ সৎকর্ত্তব্যঃ পূজ্যশ্চ ॥৩॥

এবমিতি। হে তপোধন! এবং মান্যত্বাদিসম্বন্ধং জ্ঞাত্বা, যদহং ব্রবীমি, তৎ বিজানীহি শৃণু। অহং ব্রতস্থে নিয়মোপেতে উপবাসাদিযুক্তে ত্বয়ি, যথা ভক্তিভাবেন, বর্ত্তামি ব্যবহৃতবতী ॥৪॥

স ইতি। সমাবৃতা সমাপ্তা বিদ্যা যেন সঃ, স ত্বম্, ভক্তাম্ অনুরক্তাং মাম্, ভজিতুং প্রত্যনুরাগবিষয়ীকর্ত্তুমর্হসি। তেন চ মন্ত্রপুরস্কৃতং মম পাণিং বিধিবদ্‌গৃহাণ ॥৫॥

"হে মহর্ষি অঙ্গিরার পৌত্র! তুমি ব্যবহার, কুল, বিদ্যা, তপস্যা এবং ইন্দ্রিয়সংযমদ্বারা অলঙ্কৃত হইয়াছ ॥২॥

আমার পিতার নিকট যেমন মহর্ষি অঙ্গিরা মাননীয়, আমার নিকটেও তেমনই তোমার পিতা বৃহস্পতি মাননীয় এবং পূজনীয় ॥৩॥

হে তপোধন! আমি এইরূপ জানিয়া যাহা বলিতেছি, তাহা শোন। তুমি যখন ব্রত-নিয়ম পালনে ব্যাপৃত ছিলে, তখন আমি ভক্তিপূর্ব্বক তোমার পরিচর্য্যা করিয়াছি ॥৪॥

তুমি এখন বিদ্যাশিক্ষা সমাপ্ত করিয়াছ, আমি তোমার প্রতি সেই অনুরক্তাই আছি; অতএব তোমারও আমার প্রতি অনুরক্ত হওয়া উচিত; সুতরাং তুমি মন্ত্রপাঠপূর্ব্বক যথাবিধানে আমার পাণিগ্রহণ কর" ॥৫॥

প্রাণেভ্যোঽপি প্রিয়তরা ভার্গবস্য মহাত্মনঃ।
ত্বং ভদ্রে! ধর্ম্মতঃ পূজ্যা গুরুপুত্রী সদা মম ॥৭॥
যথা মম গুরুর্নিত্যং মান্যঃ শুক্রঃ পিতা তব।
দেবযানি! তথৈব ত্বং নৈবং মাং বক্তুমর্হসি ॥৮॥

দেবযান্যুবাচ।

গুরুপুত্রস্য পুত্রো বৈ ন ত্বং পুত্রশ্চ মে পিতুঃ।
তস্মাৎ পূজ্যশ্চ মান্যশ্চ মমাপি ত্বং দ্বিজোত্তম! ॥৯॥
অসুরৈর্হন্যমানে চ কচ! ত্বয়ি পুনঃ পুনঃ।
তদা প্রভৃতি যা প্রীতিস্তাং ত্বমদ্য স্মরস্ব মে ॥১০॥

ভারতকৌমুদী

পূজ্য ইতি। হে অনবদ্যাঙ্গি! অনিন্দনীয়গাত্রি! দেবযানি! যথা ভগবান্ তব পিতা মম পূজ্যঃ, মান্যঃ সৎকর্ত্তব্যশ্চ গুরুত্বাৎ, তথা ত্বমপি মম পূজনীয়তরা, গুরুকন্যাত্বাৎ ॥৬॥

প্রাণেভ্য ইতি। হে ভদ্রে! ত্বং মহাত্মনো ভার্গবস্য শুক্রস্য প্রাণেভ্যোঽপি প্রিয়তরা, মম চ গুরুপুত্রী, অতএব সদৈব ত্বং ধর্ম্মতো ন্যায়তঃ পূজ্যা। পাণিগ্রহণঞ্চ স্বসমানায়া এবেতি ভাবঃ ॥৭॥

যথেতি। তব পিতা শুক্রঃ, মম গুরুঃ, অতএব নিত্যং মান্যঃ পূজ্যঃ। হে দেবযানি! ত্বমপি তথৈব পূজ্যা তদাত্মজত্বাৎ। ততশ্চ এবং মাং বক্তুং নার্হসি ॥৮॥

গুর্বিতি। মে মম পিতুঃ শুক্রস্য, গুরুবঙ্গিরাঃ, তৎপুত্রস্য বৃহস্পতেরেব ত্বং পুত্রঃ, ন তু মে পিতুরপি পুত্রঃ। তস্মাৎ, হে দ্বিজোত্তম! ত্বমপি মম পূজ্যশ্চ মান্যশ্চ। অতশ্চাবযোঃ সমানত্বমিত্যাশয়ঃ ॥৯॥

ভারতভাবদীপঃ

সমাবৃত্তব্রতমিতি। সমাবৃত্তব্রতং সমাপ্তব্রতম্ ॥১—৮॥ গুরুঃ পুত্রো যস্য অঙ্গিরসঃ,

কচ বলিলেন—"শোভনে! আপনার পিতা যেমন আমার পূজনীয় ও মাননীয়; আপনিও তেমনই আমার পূজনীয় ॥৬॥

ভদ্রে! আপনি মহাত্মা শুক্রাচার্য্যের প্রাণ অপেক্ষাও প্রিয়তরা এবং আমার গুরুপুত্রী, অতএব আপনি ন্যায় অনুসারে সর্ব্বদাই আমার পূজনীয়া ॥৭॥

আপনার পিতা শুক্রাচার্য্য গুরু বলিয়া সর্ব্বদাই যেমন আমার পূজনীয়, দেবযানি! আপনিও গুরুপুত্রী বলিয়া তেমনই পূজনীয়া; অতএব আপনি আমাকে এরূপ বলিতে পারেন না" ॥৮॥

দেবযানী বলিলেন—"কচ! তুমি আমার পিতার গুরুপুত্রের পুত্র, কিন্তু আমার পিতার পুত্র নহ; অতএব তুমিও আমার পূজনীয় এবং মাননীয় ॥৯॥

(৯)…পুত্রো বৈ ন ত্বমপি মে পিতুঃ ·।

সৌহার্দ্দে চানুরাগে চ বেত্থ মে ভক্তিমুত্তমাম্।
ন মামর্হসি ধর্ম্মজ্ঞ! ত্যক্তুং ভক্তামনাগসম্ ॥১১॥

কচ উবাচ।

অনিযোজ্যে নিযোক্তুং মাং দেবযানি! ন চার্হসি।
প্রসীদ সুভ্রু! ত্বং মহ্যং গুরোর্গুরুতরা শুভে! ॥১২॥
যত্রোষিতং বিশালাক্ষি! ত্বয়া চন্দ্রনিভাননে!।
তত্রাহমুষিতো ভদ্রে! কুক্ষৌ কাব্যস্য ভাবিনি! ॥১৩॥

ভারতকৌমুদী

অসুরৈরিতি। হে কচ! অসুরৈঃ পুনঃ পুনর্হন্যমানে ত্বয়ি, তদাপ্রভৃতি মে যা প্রীতির্জাতা, ত্বমদ্য তাং প্রীতিমনুরাগং স্মরস্ব। সর্ব্বথা সমানত্বাভাবেঽপি অনুরাগাদেব বিবাহঃ স্যাৎ ॥১০॥

সৌহার্দ্দ ইতি। সৌহার্দ্দে ভ্রাতৃবৎ স্নেহে অনুরাগে চ, মে মম উত্তমাং ভক্তিং সেবনাগ্রহম্, বেত্থ জানাসি, অতএব হে ধর্ম্মজ্ঞ! অনাগসং নিরপরাধাম্, অথ চ ভক্তাং মাং ত্যক্তুং নার্হসি ॥১১॥

অনিযোজ্য ইতি। হে দেবযানি! অনিযোজ্যে অনাদেশ্যে বিষয়ে, মাং নিযোক্তুং নার্হসি। হে সুভ্রু! ত্বং মহ্যং প্রসীদ, হে শুভে! ত্বং মে গুরোরপি গুরুতরা; অতএবাসমানত্বান্ন বিবাহ্যা ॥১২॥

যত্রেতি। হে বিশালাক্ষি! বিস্তৃতলোচনে! হে চন্দ্রনিভাননে! এতৎসম্বোধনদ্বয়েন দেবযান্যাঃ সৌন্দর্য্যাতিশয়সূচনেন দৃষ্টদোষাভাবঃ সূচিতঃ। ত্বয়া যত্র উষিতং স্থিতম্, হে ভদ্রে! ভাবিনি! ভাবসূচিকে! অহমপি তত্রৈব কাব্যস্য শুক্রস্য কুক্ষৌ উষিতঃ সুরায়াং মিশ্রিততয়া তৎপানাৎ পরং স্থিতঃ ॥১৩॥

কচ! অসুররা তোমাকে বার বার হত্যা করিতে থাকিলে, তখন তোমার প্রতি আমার যে অনুরাগ জন্মিয়াছে; তাহা তুমি আজ স্মরণ কর ॥১০॥

স্নেহ ও অনুরাগ এই দুই বিষয়েই তোমার প্রতি আমার যে অচলা ভক্তি আছে, তাহা তুমি জান; অতএব হে ধর্ম্মজ্ঞ! আমি তোমার ভক্ত, অথচ আমার কোন অপরাধ নাই; এ অবস্থায় তুমি আমাকে ত্যাগ করিতে পার না" ॥১১॥

কচ বলিলেন—"দেবযানি! যে বিষয়ে আদেশ করা উচিত নহে, সে বিষয়ে. আপনি আমাকে আদেশ করিতে পারেন না। আপনি আমার প্রতি প্রসন্ন হউন. আপনি আমার নিকট গুরু হইতেও গুরুতরা ॥১২॥

দেবযানি! আপনি যাহাতে বাস করিয়াছিলেন, আমিও সেই শুক্রাচার্য্যের উদরেই বাস করিয়াছিলাম ॥১৩॥

(১২) অনিযোজ্যে নিযোগে মাং নিযুনঙ্ক্ষি শুভব্রতে!··।

ভগিনী ধর্ম্মতো মে ত্বং মৈবং বোচঃ সুমধ্যমে ! ।
সুখমস্ম্যুষিতো ভদ্রে ! ন মন্যুর্বিদ্যতে মম ॥১৪॥
আপৃচ্ছে ত্বাং গমিষ্যামি শিবমাশংস মে পথি ।
অবিবোধেন ধর্ম্মস্য স্মর্ত্তব্যোঽস্মি কথান্তরে ।
অপ্রমত্তোত্থিতা নিত্যমারাধয় গুরুং মম ॥১৫॥

দেবযান্যুবাচ ।

যদি মাং ধর্ম্মকামার্থে প্রত্যাখ্যাস্যসি যাচিতঃ ।
ততঃ কচ ! ন তে বিদ্যা সিদ্ধিমেষা গমিষ্যতি ॥১৬॥

ভারতকৌমুদী

তেন কিমিত্যাহ—ভগিনীতি। হে সুমধ্যমে। তেন চ ধর্ম্মতো ন্যায়তো মে ত্বং ভগিনী ভবসি। অতএব এবং পাণিগ্রহণবিষয়ম্, মা বোচঃ ন ব্রূহি, ভগিন্যা বিবাহনিষেধাদিতি ভাবঃ। হে ভদ্রে! যুষ্মদ্গৃহে সুখম্ উষিতঃ স্থিতঃ অস্মি, তত্র চ মম, মন্যুঃ কিমপি দৈন্যম্, ন বিদ্যতে ॥১৪॥

আপৃচ্ছ ইতি। অহং গমিষ্যামি ইত্যর্থে ত্বাম্ আপৃচ্ছে অনুমতিং প্রার্থয়ে। "আঙি নুপ্রচ্ছ্যো" ইতি কচাদিত্বাদাত্মনেপদম্। পথি মে শিবং মঙ্গলম্, আশংস আশীর্বিষয়ং কুরু। কথান্তরে আলাপাবসরে, ধর্ম্মস্য অবিবোধেন ত্বয়া অস্মি অহং স্মর্ত্তব্যঃ। কথান্তরে প্রণয়-প্রাত্রত্বেন মামুল্লিখ্য ধর্ম্মবিবোধং মা কুরু ভ্রাতৃভগিনীসম্বন্ধাদিতি ভাবঃ। অপ্রমত্তা সাবধানা উত্থিতা উদ্যোগিনী চ সতী ত্বম্, নিত্যমেব মম গুরুং শুক্রম্ আরাধয়। ষট্পদমিদং পদ্যম্ ॥১৫॥

যদীতি। হে কচ! ত্বং ময়া যাচিতোঽপি সন্, পাণিগ্রহণসাধ্যে ধর্ম্মকামার্থে যদি মাং প্রত্যাখ্যাস্যসি, ততস্তদা এষা তে সঞ্জীবিনী বিদ্যা, সিদ্ধিং সাফল্যং ন গমিষ্যতি ॥১৬॥

সুতরাং ধর্ম্মানুসারে আপনি আমার ভগিনী হন; অতএব আপনি এরূপ আর বলিবেন না, আমি আপনাদের গৃহে সুখে বাস করিয়াছি, তাহাতে আমার কোন কষ্ট হয় নাই ॥১৪॥

আমি এখন চলিয়া যাইব, আপনার নিকট তাহার অনুমতি চাহিতেছি; আপনি আশীর্ব্বাদ করুন, পথে যেন আমার মঙ্গল হয়। কথার প্রসঙ্গে ধর্ম্মের অবিরোধে আমাকে যেন স্মরণ করেন; আর সর্ব্বদা উদ্যোগী ও সাবধান হইয়া আমার গুরুদেবের যেন পরিচর্য্যা করেন" ॥১৫॥

দেবযানী বলিলেন—"কচ! আমি তোমার নিকট পাণিগ্রহণের প্রার্থনা করিলাম, তথাপি তুমি যদি সে বিষয়ে আমাকে প্রত্যাখ্যান কর, তবে তোমার এই সঞ্জীবিনী বিদ্যা কখনও সফলতা লাভ করিবে না" ॥১৬॥

কচ উবাচ।

গুরুপুত্ত্রীতি কৃত্বাহং প্রত্যাচক্ষে ন দোষতঃ।
গুরুণা চাননুজ্ঞাতঃ কামমেবং শপস্ব মাম্ ॥১৭॥
আর্ষং ধর্ম্মং ব্রুবাণোঽহং দেবযানি! যথা ত্বয়া।
শপ্তো হ্যনর্হঃ শাপস্য কামতোঽদ্য ন ধর্ম্মতঃ ॥১৮॥
তস্মাদ্ভবত্যা যঃ কামো ন তথা স ভবিষ্যতি।
ঋষিপুত্ত্রো ন তে কশ্চিজ্জাতু পাণিং গ্রহীষ্যতি ॥১৯॥ (যুগ্মকম্)
ফলিষ্যতি ন তে বিদ্যা যত্ত্বং মামাত্থ তত্তথা।
অধ্যাপয়িষ্যামি তু যং তস্য বিদ্যা ফলিষ্যতি ॥২০॥

ভারতকৌমুদী

গুর্ব্বিতি। ত্বং মম গুরুপুত্ত্রী ইতি কৃত্বা, অহং ত্বাং প্রত্যাচক্ষে, কিন্তু দোষতো ব্যঙ্গত্বাদি-দৃষ্টদোষতো ন। কিঞ্চ তব পাণিগ্রহণে গুরুণা শুক্রেণ অহম্ অননুজ্ঞাতঃ, তথাপি কামম্ ইচ্ছানুরূপম্, এবং মাং শপস্ব শপসি, এতচ্চাতীবানুচিতমিতি ভাবঃ ॥১৭॥

আর্ষমিতি। হে দেবযানি! আর্ষম্ ঋষিসম্মতং ধর্ম্মাং ব্রুবাণঃ, অতএব শাপস্য অনর্হঃ অযোগ্যঃ অহম্, কামত এব ন পুনর্ধর্ম্মতঃ, যথা যস্মাৎ, ত্বয়া শপ্তঃ, তস্মাদ্ভবত্যা অপি যঃ কামোঽভিলাষঃ, স কামঃ, তথা ঋষিকুমারসম্পাদিতো ন ভবিষ্যতি। যেন হি কশ্চিদপি ঋষিপুত্ত্রঃ, জাতু কদাচিদপি তে তব পাণিং ন গ্রহীষ্যতি, ইত্যপি প্রতিশাপ ইতি ভাবঃ ॥১৮—১৯॥

আত্মানং প্রতি জাতস্য শাপস্য সমাধানমাহ—ফলিষ্যতীতি। তে তব সঞ্জীবিনী বিদ্যা ন ফলিষ্যতি ইতি যৎ ত্বং মাম্ আত্থ ব্রবীষি, তৎ তথৈব অস্তু, তেন মে কাচিদপি বিশেষ-

ভারতভাবদীপঃ

পুত্ত্রঃ পৌত্ত্রঃ ॥৯—১৪॥ উত্থিতা অনলসা ॥১৫—১৬॥ অননুজ্ঞাতস্ত্বদুক্তকার্য্যে ॥১৭॥ আর্ষমৃষি-

---

কচ বলিলেন—“দেবযানি! তুমি আমার গুরুর কন্যা; তাই আমি তোমাকে প্রত্যাখ্যান করিতেছি; কিন্তু কোন প্রত্যক্ষ দোষে নহে; বিশেষতঃ, গুরুদেব এ বিষয়ে আমাকে অনুমতি দেন নাই; তথাপি তুমি আমাকে ইচ্ছা করিয়া এইরূপ অভিসম্পাত করিলে! ॥১৭॥

দেবযানি! আমি মুনিগণের অভিমত ধর্ম্মের কথাই বলিতেছিলাম, সুতরাং আমি অভিসম্পাতের যোগ্য নহি, তথাপি তুমি ধর্ম্ম প্রণোদিত নহে—কাম প্রণোদিত হইয়াই যে হেতু আমাকে অভিসম্পাত করিলে; সে হেতু তোমারও যে অভিলাষ হইয়াছে, তাহা সে ভাবে সম্পন্ন হইবে না; কোন ঋষিপুত্ত্র কখনও তোমার পাণিগ্রহণ করিবেন না ॥১৮—১৯॥

বৈশম্পায়ন উবাচ।

এবমুক্ত্বা দ্বিজশ্রেষ্ঠো দেবযানীং কচস্তদা।
ত্রিদশেশালয়ং শীঘ্রং জগাম দ্বিজসত্তমঃ ॥২১॥
তমাগতমভিপ্রেক্ষ্য দেবা ইন্দ্রপুরোগমাঃ।
বৃহস্পতিং সভাজ্যেদং কচং বচনমব্রুবন্ ॥২২॥

দেবা ঊচুঃ।

যত্ত্বয়াঽস্মদ্ধিতং কর্ম্ম কৃতং বৈ পরমাদ্ভুতম্।
ন তে যশঃ প্রণশিতা ভাগভাক্ ত্বং ভবিষ্যসি ॥২৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি সম্ভবে যাযাতে পঞ্চষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

হানিরিতি ভাবঃ। যেন হি যং জনং তাং বিদ্যামধ্যাপয়িষ্যামি, তস্য সা বিদ্যা ফলিষ্যত্যেব তেনৈবাস্মদিষ্টসিদ্ধিরিত্যাশয়ঃ ॥২০॥

এবমিতি। দ্বিজশ্রেষ্ঠঃ কচঃ, দেবযানীম্ এবমুক্ত্বা তদৈব শীঘ্রং ত্রিদশেশালয়ম্ ইন্দ্রভবনং জগাম। দ্বিজশ্রেষ্ঠদ্বিজসত্তমপদয়োরার্ষপৌনরুক্ত্যমার্ষত্বাৎ সোঢ়ব্যম্ ॥২১॥

তমিতি। ইন্দ্রপুরোগমা দেবাঃ, আগতং তৎ কচম্ অভিপ্রেক্ষ্য, বৃহস্পতিং সভাজ্য কচস্য পিতৃত্বাৎ প্রযোজকত্বাচ্চ সম্মান্য, তং কচম্, ইদং বচনম্ অব্রুবন্ ॥২২॥

ভারতভাবদীপঃ

প্রণীতম্, সোদরয়োরবিবাহম্। কামতঃ শপ্তোঽস্মি ন ধর্ম্মতঃ ॥১৮—২২॥ প্রণশিতা প্রণংক্ষ্যতি। ভাগভাক্ ভাগঃ। অয়মেব কচো বেদে শংযুশব্দেনোচ্যতে—"যদেব ব্রাহ্মণোক্তোঽশ্রদ্দধানো যজতে শংযুমেব তস্য বার্হস্পত্যং যজ্ঞস্যাশীর্গচ্ছতি এতন্মে মেত্যব্রবীৎ কিং মে প্রজায়া ইতি যোঽপগুরেত্তং শতেন যাতয়াদ্যো নিহনৎ সহস্রেণ যাতয়াদ্যো লোহিতং

'তোমার সঞ্জীবিনী বিদ্যা ফলিবে না' তুমি যে আমাকে এই কথা বলিয়াছ, তাহা সেইরূপই হউক, তাহাতে আমার বিশেষ ক্ষতি নাই। কেন না, আমি যাহাকে সে বিদ্যা পড়াইব, তাহার ত ফলিবে" ॥২০॥

বৈশম্পায়ন বলিলেন—ব্রাহ্মণশ্রেষ্ঠ কচ দেবযানীকে এই কথা বলিয়া সত্বরই ইন্দ্রভবনে চলিয়া গেলেন ॥২১॥

ইন্দ্রপ্রভৃতি দেবগণ কচকে আগত দেখিয়া, বৃহস্পতির অভিনন্দন করিয়া, কচকে এই কথা বলিলেন ॥২২॥

* '...একসপ্ততিতমোঽধ্যায়ঃ', '...সপ্তসপ্ততিতমোঽধ্যায়ঃ', '...চতুঃসপ্ততিতমোঽধ্যায়ঃ' ইতি পাঠভেদাঃ।

ষট্ষষ্টিতমোঽধ্যায়ঃ।

—ঃ*ঃ—

বৈশম্পায়ন উবাচ।

কৃতবিদ্যে কচে প্রাপ্তে হৃষ্টরূপা দিবৌকসঃ।
কচাদধীতং তাং বিদ্যাং কৃতার্থা ভবতর্ষভ ! ॥১॥
সর্ব্ব এব সমাগম্য শতক্রতুমথাব্রুবন্।
কালস্তে বিক্রমস্যাদ্য জহি শত্রূন্ পুরন্দর ! ॥২॥

ভারতকৌমুদী

যদিতি। হে কচ। যদ্যস্মাৎ ত্বয়া পরমাদ্ভুতম্ অস্মাকং দেবানাং হিতং কর্ম্ম কৃতম্; তস্মাত্তে তব যশঃ, ন প্রণশিতা কদাচিদপি ন নঙ্ক্ষ্যতি, ত্বং যজ্ঞাদৌ অস্মাকম্, ভাগভাক্ চ ভবিষ্যসি ॥২৩॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাদিপর্ব্বণি সম্ভবে পঞ্চষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥

—ঃ*ঃ—

কৃতেতি। দিবৌকসো দেবাঃ। তাং সঞ্জীবনীম্। কৃতার্থা বভূবুঃ ॥১॥

সর্ব্ব ইতি। অথ সর্ব্ব এব দিবৌকসঃ সমাগম্য, শতক্রতুম্ ইন্দ্রম্ অব্রুবন্। হে পুরন্দর ! অদ্য ইদানীং তে বিক্রমস্য তৎপ্রকাশস্য কালঃ, অতএব শত্রূন্ জহি ॥২॥

ভারতভাবদীপঃ

কবরদ্যাবতঃ প্রস্কন্দ্য পাংসূন্ সংগৃহ্ণাৎ তাবতঃ সংবৎসরান্ পিতৃলোকং ন প্রাজানাদিতি তস্মাদ্ব্রাহ্মণায় নাপগুরেৎ ন নিহন্যান্ন লোহিতং কুর্য্যা"দিতি শ্রুতৌ বরস্তত্রাক্। অপগুরেৎ ন গালয়েৎ। শতাদয়ো নরকবিশেষাঃ ॥২৩॥

ইতি শ্রীমহাভারতে আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চষষ্টিতমোঽধ্যায়ঃ ॥৬৫॥

—ঃ*ঃ—

দেবগণ বলিলেন—"কচ ! আপনি যখন আমাদের হিতকর এই অদ্ভুত কার্য্য করিয়াছেন, তখন আপনার যশ কখনও নষ্ট হইবে না; বিশেষতঃ, আপনি যজ্ঞাদিকার্য্যে আমাদের অংশভাগী হইবেন" ॥২৩॥

—ঃ*ঃ—

বৈশম্পায়ন বলিলেন—মহারাজ ! কচ বিদ্যা অভ্যাস করিয়া উপস্থিত হইলে, দেবতারা আনন্দিত হইয়া, কচের নিকট সেই সঞ্জীবনী বিদ্যা শিক্ষা করিয়া কৃতার্থ হইলেন ॥১॥

তাহার পর, সকলে যাইয়া ইন্দ্রকে বলিলেন—"দেবরাজ ! এখন আপনার

এবমুক্তস্তু সহিতৈস্ত্রিদশৈর্মঘবাংস্তদা।
তথেত্যুক্ত্বা প্রচক্রাম সোঽপশ্যত বনে স্ত্রিয়ঃ ॥৩॥
ক্রীড়ন্তীনাস্তু কন্যানাং বনে চৈত্ররথোপমে।
বায়ুভূতঃ স বস্ত্রাণি সর্ব্বাণ্যেব ব্যমিশ্রয়ৎ ॥৪॥
ততো জলাৎ সমুত্তীর্য্য কন্যাস্তাঃ সহিতাস্তদা।
বস্ত্রাণি জগৃহুস্তানি যথাসন্নান্যনেকশঃ ॥৫॥
তত্র বাসো দেবযান্যাঃ শর্ম্মিষ্ঠা জগৃহে তদা।
ব্যতিমিশ্রমজানন্তী দুহিতা বৃষপর্বণঃ ॥৬॥

ভারতকৌমুদী

এবমিতি। এবমুক্তো মঘবানিন্দ্রঃ, তথা ইতি উক্ত্বা, সহিতৈশ্চিরসহচরৈঃ, ত্রিদশৈর্দেবৈঃ সহ অভিগন্তুং প্রচক্রাম; ততশ্চ স মঘবা, বনে কস্মিংশ্চিদুদ্যানে, স্ত্রিয়ঃ অপশ্যত ॥৩॥

ক্রীড়ন্তীনামিতি। স ইন্দ্রঃ, বায়ুভূতো বায়ুরূপধারী সন্, চৈত্ররথোপমে কুবেরোদ্যানতুল্যে, বনে তদুপবনবর্ত্তিসরোবর ইত্যর্থঃ ক্রীড়ন্তীনাং জলকেলিং কুর্বতীনাং কন্যানাম্, সর্ব্বাণ্যেব বস্ত্রাণি, ব্যমিশ্রয়ৎ একত্র কৃতবান্ ॥৪॥

তত ইতি। ততঃ, সহিতা মিলিতাঃ তাঃ কন্যাঃ, তদা জলাৎ সমুত্তীর্য্য, যথাসন্নানি আসন্নক্রমেণেত্যর্থঃ, অনেকশস্তানি বস্ত্রাণি জগৃহুঃ ॥৫॥

তত্রেতি। তত্র তাসু মধ্যে বৃষপর্ব্বণস্তদাখ্যস্য অসুররাজস্য দুহিতা শর্ম্মিষ্ঠা, ব্যতিমিশ্রং পরস্পরমিলিতং দেবযান্যা বাসো বস্ত্রম্, অজানন্তী পরকীয়ত্বেন অবুধ্যমানা সতী, সদা তদেব জগৃহে ॥৬॥

ভারতভাবদীপঃ

কৃতবিদ্য ইতি ॥১—২॥ মঘবানিন্দ্রঃ। "মঘেষু মঘবানসৌ" ইতি ভট্টিঃ। প্রচক্রাম

বিক্রম প্রকাশ করিবার সময় উপস্থিত হইয়াছে; অতএব শত্রু সংহার করিতে প্রবৃত্ত হউন" ॥২॥

দেবতারা এইরূপ বলিলে, তখনই ইন্দ্র 'তাহাই হউক' এই কথা বলিয়া শত্রুর অভিযান করিতে আরম্ভ করিলেন। তখন একটী উদ্যানের ভিতরে কতকগুলি স্ত্রীলোক দেখিতে পাইলেন ॥৩॥

কুবেরের উদ্যানের তুল্য সেই উদ্যানের ভিতরে কতকগুলি কন্যা সরোবরে নামিয়া জলকেলি করিতেছিল; তখন ইন্দ্র বায়ুরূপ ধারণ করিয়া তাহাদের বস্ত্রগুলিকে পরস্পর মিশাইয়া দিলেন ॥৪॥

তাহার পর, সেই কন্যারা মিলিত হইয়া জল হইতে উঠিয়া, সন্নিধানক্রমে সেই সকল বস্ত্র লইতে লাগিল ॥৫॥

ততস্তয়োর্মিথস্তত্র বিরোধঃ সমজায়ত।
দেবযান্যাশ্চ রাজেন্দ্র! শর্ম্মিষ্ঠায়াশ্চ তৎকৃতে ॥৭॥

দেবযান্যুবাচ।

কস্মাদ্‌গৃহ্লাসি মে বস্ত্রং শিষ্যা ভূত্বা মমাসুরি!।
সমুদাচারহীনায়া ন তে সাধু ভবিষ্যতি ॥৮॥

শর্ম্মিষ্ঠোবাচ।

আসীনঞ্চ শয়ানঞ্চ পিতা তে পিতরং মম।
স্তৌতি বন্দীব চাভীক্ষ্ণং নীচৈঃ স্থিত্বা বিনীতবৎ ॥৯॥
যাচতস্ত্বং হি দুহিতা স্তবতঃ প্রতিগৃহ্লতঃ।
সুতাহং স্তূয়মানস্য দদতোঽপ্রতিগৃহ্লতঃ ॥১০॥

ভারতকৌমুদী

তত ইতি। হে রাজেন্দ্র! ততঃ, তত্র তদানীম্, তৎকৃতে বস্ত্রনিমিত্তে, তয়োর্দেবযান্যাঃ শর্ম্মিষ্ঠায়াশ্চ, মিথঃ পরস্পরম্, বিরোধঃ সমজায়ত ॥৭॥

কস্মাদিতি। হে অসুরি! অসুরপুত্রি! এতেনৌদ্ধত্যং ব্যজ্যতে, ত্বং মম শিষ্যা ভূত্বা, কস্মাৎ মে বস্ত্রং গৃহ্লাসি। অতএব সমুদাচারহীনায়াঃ সদাচাররহিতায়াস্তে সাধু ভদ্রং ন ভবিষ্যতি ॥৮॥

আসীনমিতি। হে দেবযানি! তে তব পিতা, বন্দীব বৈতালিক ইব, নীচৈর্নিম্নে স্থিত্বা, বিনীতবৎ সবিনয়বৎ, আসীনঞ্চ শয়ানঞ্চ মম পিতরম্, অভীক্ষ্ণং পুনঃ পুনঃ, স্তৌতি ॥৯॥

কিঞ্চ যাচত ইতি। ত্বম্, স্তবতো যাচতঃ প্রতিগৃহ্লতশ্চ জনস্য দুহিতা, অহন্তু স্তূয়মানস্য

ভারতভাবদীপঃ

ভূতলং প্রতীতি শেষঃ ॥৩॥ বায়ুভূত ইন্দ্রঃ কন্যাদ্বয়দ্বারা শুক্রদানবয়োর্বিরোধোৎপাদনার্থম্

তাহাদের মধ্যে অসুররাজ বৃষপর্ব্বার কন্যা শর্ম্মিষ্ঠা, পরস্পর মিলিত রহিয়াছে বলিয়া বুঝিতে না পারিয়া, দেবযানীর বস্ত্রখানি পরিধান করিলেন ॥৬॥

মহারাজ! তাহার পর, কাপড়খানার জন্য তখনই দেবযানী ও শর্ম্মিষ্ঠার পরস্পর বিবাদ লাগিয়া গেল ॥৭॥

দেবযানী বলিলেন—"অসুরের মেয়ে! তুই আমার শিষ্য হইয়া আমারই কাপড় লইয়াছিস্ কেন? তোর সদাচার নাই; সুতরাং তোর ভাল হইবে না" ॥৮॥

শর্ম্মিষ্ঠা বলিলেন—"দেবযানি! তোর পিতা নীচে থাকিয়া স্তুতিপাঠকের মত বিনীতভাবে কি বসিবার সময়ে, কি শয়ন করিয়া থাকার সময়ে সর্ব্বদাই আমার পিতার স্তব করিয়া থাকে ॥৯॥

আতুন্বস্ব বিতুন্বস্ব দ্রুহ্য কুপ্যস্ব যাচকি ! ।
অনায়ুধা সায়ুধায়া রিক্তা ক্ষুভ্যসি ভিক্ষুকি ! ।
লপ্স্যসে প্রতিযোদ্ধারং নহি ত্বাং গণয়াম্যহম্ ॥১১॥

বৈশম্পায়ন উবাচ ।

সমুচ্ছ্রয়ং দেবযানীং গতাং সক্তাঞ্চ বাসসি ।
শর্ম্মিষ্ঠা প্রাক্ষিপৎ কূপে ততঃ স্বপুরমাগমৎ ॥১২॥

ভারতকৌমুদী

দদতঃ অপ্রতিগৃহ্নতশ্চ জনস্য সুতা। অতশ্চাবযোঃ কতবস্যাঃ প্রাধান্যমিতি স্বয়মেবাবধাবযেতি ভাবঃ ॥১০॥

আতুন্বস্বেতি। হে যাচকি! প্রার্থিকে! ত্বম্, আতুন্বস্ব ললাটাঘাতেন সন্তাপং কুরু, বিতুন্বস্ব ভূতলবিলুণ্ঠনেন সন্তাপং কুরু, দ্রুহ্য অপকাবায প্রবর্ত্তস্ব, কুপ্যস্ব চ। তেন মে কিমিতি ভাবঃ। তথা হে ভিক্ষুকি! অনাযুধা নিবস্ত্রা, বিক্তা ধনহীনা চ ত্বম্, সাযুধায়া বাজপুত্র্যাশ্চ মম সম্বন্ধে ক্ষুভ্যসি ক্রোধেনোদ্বেলিতা ভবসি। তেন চ প্রতিযোদ্ধাবং মন্নিযুক্তং প্রতিভটম্, লপ্স্যসে। অহং ত্বাং প্রতিপক্ষত্বেন নহি গণযামি। অত্র বহব এবার্ষপ্রয়োগা উন্নেযাঃ। ষট্‌চবণমিদং পদ্যম্ ॥১১॥

সমুচ্ছ্রযমিতি। শর্ম্মিষ্ঠা, সমুচ্ছ্রযং গতাং যুক্তিপ্রদর্শনৈঃ প্রাধান্যং প্রাপ্তাম্ ; বাসসি সক্তাঞ্চ তদ্বস্ত্রাকর্ষিণীঞ্চেত্যর্থঃ, দেবযানীম্, কূপে প্রাক্ষিপৎ, ততশ্চ স্বপুবমাগমৎ ॥১২॥

ভারতভাবদীপঃ

॥৪—৭॥ সমুদাচাবঃ সদাচাবঃ ॥৮—১০॥ আতুন্বস্বেতি। অত্র যথা "ইন্দ্রেণ যুজা তরুষেম বৃত্রম্" ইত্যত্র উঃ, সিপ শপ্ চেতি বহুলং ছন্দসীতি বাহুলকাদ্বিকবণত্রযমেবমিহাপ্যার্ষত্বাৎ শ্নুঃ শপ চেতি বিকবণদ্বযম্। আতুন্বস্ব আভিমুখ্যেন বক্ষস্তাড়নাদিনা সন্তাপং প্রাপ্নুহি। বিতুন্বস্ব পাংসুষু লুণ্ঠনাদিনা। দ্রুহ্য দ্রোহং চিবকালিকং ক্রোধং কুরু। কুপ্যস্ব সদ্যঃ পবানিষ্টফলো যত্নঃ কোপস্তং কুরু। বিক্তা দবিদ্রা। প্রতিযোদ্ধাবং প্রহর্ত্তাবং শত্রুং মামেব ॥১১॥

এবং যে স্তব করে, প্রার্থনা করে ও প্রতিগ্রহ করে, তুই তাহার কন্যা ; আর যাঁহার স্তব করা হয় এবং যিনি দান করেন ও প্রতিগ্রহ করেন না, আমি তাঁহার কন্যা ॥১০॥

সুতরাং ভিখারিণি ! তুই কপাল কুটিযা বা মাটীতে পড়িয়া সন্তাপ কব্, কিংবা অপকারের চেষ্টা কর্, অথবা ক্রোধ করিতে থাক্, তাহাতে আমার কি হইবে ; তুই নিরস্ত্রা ও দরিদ্রা ; আর আমি সশস্ত্রা ও রাজকন্যা ; তথাপি তুই আমার উপরে ক্রোধে অধীর হইয়া উঠিযাছিস্ ; তুই প্রতিযোদ্ধা পাইবি ; তোকে আমি গ্রাহ্য করি না" ॥১১॥

দেবযানী যুক্তি দেখাইয়া নিজের প্রাধান্য লাভ করিলেন এবং সেই কাপড়-

হতেয়মিতি বিজ্ঞায় শর্ম্মিষ্ঠা পাপনিশ্চয়া।
অনবেক্ষ্য যযৌ বেশ্ম ক্রোধবেগপরায়ণা ॥১৩॥
অথ তং দেশমভ্যাগাদ্‌যযাতির্নহুষাত্মজঃ।
শ্রান্তযুগ্যঃ শ্রান্তহয়ো মৃগলিপ্সুঃ পিপাসিতঃ ॥১৪॥
স নাহুষঃ প্রেক্ষমাণ উদপানং গতোদকম্‌।
দদর্শ রাজা তাং তত্র কন্যামগ্নিশিখামিব ॥১৫॥
তামপৃচ্ছৎ স দৃষ্ট্বৈব কন্যামমরবর্ণিনীম্‌।
সান্ত্বয়িত্বা নৃপশ্রেষ্ঠঃ সাম্না পরমবল্গুনা ॥১৬॥

ভারতকৌমুদী

হতেতি। ক্রোধবেগপরায়ণা, অতএব পাপে দেবযানীবধে নিশ্চয়ঃ কর্ত্তব্যতাবধারণং যস্যাঃ সা তাদৃশী শর্ম্মিষ্ঠা, ইয়ং দেবযানী হতা ইতি বিজ্ঞায়, তেনৈব তামনবেক্ষ্য, বেশ্ম গৃহং যযৌ ॥১৩॥

অথেতি। অথ শ্রান্তো হয়ো ঘোটকো যস্য সঃ অতএব শ্রান্তং যুগ্যং বাহনং যস্য সঃ, মৃগলিপ্সুঃ স্বাহতহরিণমাদিৎসুঃ, পিপাসিতশ্চ, নহুষাত্মজো যযাতিঃ, তং দেশম্‌, অভ্যাগাৎ। তৎ কিমস্থবরাজ্যং ভাবত এবাসীৎ, কথমন্যথা মৃগয়াক্রমেণ যযাতিস্তত্র যাতি স্ম ॥১৪॥

স ইতি। স নাহুষো রাজা যযাতিঃ গতোদকং শুষ্কজলম্‌, উদপানং তং কূপং প্রেক্ষমাণঃ সন্‌, তত্র অগ্নিশিখামিব উজ্জ্বলাকৃতিম্‌, তাং দেবযানীং নাম কন্যাং দদর্শ ॥১৫॥

তামিতি। স নৃপশ্রেষ্ঠো যযাতিঃ, দৃষ্ট্বৈব, পরমবল্গুনা সুমধুরেণ, সাম্না কোমলবাচা, সান্ত্বয়িত্বা, অমরবর্ণিনীং দেবতাতুল্যবর্ণাং তাং কন্যাম্‌ অপৃচ্ছৎ ॥১৬॥

ভারতভাবদীপঃ

সমুচ্ছ্রয়ং সত্যবচনেন মহত্ত্বম্‌ ॥১২—১৩॥ যুগ্যা রথবাহকাঃ। হয়াঃ কেবলাশ্বাঃ ॥১৪॥ উদকং

খানি ধরিয়া টানিতে থাকিলেন; তাই শর্ম্মিষ্ঠা তাঁহাকে একটা কূপের ভিতরে ফেলিয়া দিয়া আপন ভবনে চলিয়া গেলেন ॥১২॥

ক্রোধে অধীরা এবং দেবযানীর হত্যায় কৃতনিশ্চয়া শর্ম্মিষ্ঠা, 'দেবযানী মরিয়া গিয়াছে' ইহা বুঝিয়া, তাহার দিকে দৃষ্টিপাত না করিয়াই আপন ভবনে চলিয়া গেলেন ॥১৩॥

এদিকে যযাতি রাজা অশ্বারোহণে মৃগয়ায় আসিয়াছিলেন, তাই একটা আহত মৃগের অনুসরণ করিতে থাকায় তাঁহার অশ্বটী পরিশ্রান্ত হইয়াছিল, তিনিও পিপাসার্ত্ত হইয়াছিলেন, তাই তিনি জলের অন্বেষণে সেখানে উপস্থিত হইলেন ॥১৪॥

যযাতি জলশূন্য কূপের ভিতরে দৃষ্টিপাত করিয়া সেখানে অগ্নিশিখার ন্যায় উজ্জ্বলাকৃতি একটী কন্যাকে দেখিতে পাইলেন ॥১৫॥

কা ত্বং তাম্রনখী শ্যামা সুমৃষ্টমণিকুণ্ডলা।
দীর্ঘং ধ্যায়সি চাত্যর্থং কস্মাচ্ছোচসি চাতুরা ॥১৭॥
কথঞ্চ পতিতাস্যস্মিন্ কূপে বীরুত্তৃণাবৃতে।
দুহিতা চৈব কস্য ত্বং বদ সত্যং সুমধ্যমে! ॥১৮॥

দেবযান্যুবাচ।

যোঽসৌ দেবৈর্হতান্ দৈত্যানুত্থাপয়তি বিদ্যয়া।
তস্য শুক্রস্য কন্যাহং স মাং নূনং ন বুধ্যতে ॥১৯॥
এষ মে দক্ষিণো রাজন্! পাণিস্তাম্রনখাঙ্গুলিঃ।
সমুদ্ধর গৃহীত্বা মাং কুলীনস্ত্বং হি মে মতঃ ॥২০॥

ভারতকৌমুদী

কেতি। তাম্রনখী, শ্যামা তপ্তকাঞ্চনবর্ণা "তপ্তকাঞ্চনবর্ণাভা সা স্ত্রী শ্যামেতি কথ্যতে" ইতি রূঢেঃ, সুমৃষ্টে বিশেষমার্জিতে মণিকুণ্ডলে যস্যাঃ সা তাদৃশী কা ত্বম্, দীর্ঘমত্যর্থঞ্চ ধ্যায়সি চিন্তয়সি, আতুরা পীড়িতেব চ কস্মাৎ শোচসি ॥১৭॥

কথমিতি। হে সুমধ্যমে। বীরুদ্ভির্লতাভিস্তৃণৈশ্চ আবৃতে অস্মিন্ কূপে কথঞ্চ পতিতাসি, ত্বং কস্য চ দুহিতা, এতৎ সর্ব্বং সত্যং বদ ॥১৮॥

য ইতি। যোঽসৌ দেবৈর্হতান্ দৈত্যান্ সঞ্জীবন্যা বিদ্যয়া জীবয়িত্বা উত্থাপযতি, অহং তস্য শুক্রস্য কন্যা। স শুক্রঃ নূনং নিশ্চিতমেব, মামত্র পতিতাং ন বুধ্যতে, তথাত্বেঽবশ্য-মেবোদ্ধরেদিতি ভাবঃ ॥১৯॥

এষ ইতি। হে রাজন্। অসাধারণাকারদর্শনাদেব রাজত্বেনানুমানম্। অস্মিন্ পাণৌ গৃহীত্বা। ত্বং কুলীনঃ সৎকুল এবোৎপন্নে, মে মতঃ, অতঃ স্পর্শে ন দোষ ইত্যাশয়ঃ ॥২০॥

ভারতভাবদীপঃ

পীযতেঽস্মাদিত্যুদপানং কূপম্ ॥১৫॥ বল্গুনা মঞ্জুনা ॥১৬॥ শ্যামা ষোড়শবার্ষিকী যৌবনা-

---

দেখিয়াই তিনি মধুর বাক্যে আশ্বস্ত করিয়া, দেবীরূপিণী সেই কন্যাটীর নিকট জিজ্ঞাসা করিলেন—॥১৩॥

"তুমি কে? তোমার নখগুলি তাম্রবর্ণ, শরীরের বর্ণ তপ্ত সুবর্ণের মত, মণিময় কুণ্ডল দুইটী পরিমার্জিত, তুমি গুরুতর চিন্তা করিতেছ কেন? আর পীড়িতের ন্যায় শোকই বা করিতেছ কেন? ॥১৭॥

লতা ও তৃণে পরিপূর্ণ এই কূপের ভিতরে তুমি কি করিয়া পড়িয়া গেলে? তুমি কাহার কন্যা? সুন্দরি! এই সকল বিষয় সত্য বল" ॥১৮॥

দেবযানী বলিলেন—"যিনি সঞ্জীবনী বিদ্যার বলে দেবগণনিহত দৈত্যগণকে বাঁচাইয়া উঠাইয়া থাকেন; আমি সেই শুক্রাচার্য্যের কন্যা, তিনি নিশ্চয়ই আমাকে কূপে পতিত বলিয়া জানিতে পারেন নাই ॥১৯॥

জানামি ত্বামহং শান্তং বীর্য্যবন্তং মনস্বিনম্।
তস্মান্মাং পতিতামস্মাৎ কূপাদুর্দ্ধর্ত্তুমর্হসি ॥২১॥
বৈশম্পায়ন উবাচ।
তামথো ব্রাহ্মণীং কন্যাং বিজ্ঞায় নহুষাত্মজঃ।
গৃহীত্বা দক্ষিণে পাণাবুজ্জহার ততোঽবটাৎ ॥২২॥
উদ্ধৃত্য চৈনাং তরসা তস্মাৎ কূপান্নরাধিপঃ। *
আমন্ত্রয়িত্বা সুশ্রোণীং যযাতিঃ স্বপুরং যযৌ ॥২৩॥
গতে তু নাহুষে তস্মিন্ দেবযান্যপ্যনিন্দিতা।
উবাচ শোকসন্তপ্তা ঘূর্ণিকামাগতাং পুরঃ ॥২৪॥

ভারতকৌমুদী

জানামীতি। শান্তং শমগুণান্বিতম্, অতঃ স্পর্শেঽপি নাশঙ্কা, বীর্য্যবন্তম্, অত উদ্ধরণে শক্তিঃ, মনস্বিনং প্রশস্তমনসম্, অতশ্চ দয়াস্তীতি ভাবঃ ॥২১॥

তামিতি। অথো নহুষাত্মজো যযাতিঃ, তাম্, ব্রাহ্মণস্যেয়মিতি ব্রাহ্মী তাং কন্যাং বিজ্ঞায়, দক্ষিণে পাণৌ গৃহীত্বা, ততঃ অবটাদ্‌গর্ত্তাৎ তামুজ্জহার। "গর্ত্তাঽবটৌ" ইত্যমরঃ ॥২২॥

উদ্ধৃত্যেতি। নরাধিপো যযাতিঃ, তরসা বলেন, তস্মাৎ কূপাৎ, এনাং সুশ্রোণীং শোভননিতম্বাং দেবযানীমুদ্ধৃত্য, আমন্ত্রয়িত্বা 'যামি' ইত্যাপৃচ্ছ্য স্বপুরং যযৌ ॥২৩॥

গত ইতি। তস্মিন্ নাহুষে যযাতৌ গতে সতি, দারিদ্র্যাৎ শোকেন সন্তপ্তা অনিন্দিতা দেবযানী, পুরঃ সম্মুখে আগতাং স্বান্বেষণার্থমেবোপস্থিতাম্, ঘূর্ণিকাং তদাখ্যাং দাসীমুবাচ ॥২৪॥

ভারতভাবদীপঃ

রুচা। সুমৃষ্টানি দিব্যানি ॥১৭॥ বীরুধো লতাঃ ॥১৮—২১॥ অবটাৎ গর্ত্তাৎ। ॥২২—২৩॥

রাজা। এই আমার রক্তবর্ণ দক্ষিণ হস্ত; আপনি এই হাতখানি ধরিয়া আমাকে তুলুন; আমি মনে করি, আপনি নিশ্চয়ই সৎকুলোৎপন্ন হইবেন ॥২০॥

আরও আমি অনুমান করি, আপনি শান্ত, বলবান্ ও মনস্বীই হইবেন: সুতরাং আপনিই আমাকে এই কূপ হইতে তুলিবার যোগ্য" ॥২১॥

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর যযাতি, তাঁহাকে ব্রাহ্মণের কন্যা জানিয়া তাঁহার দক্ষিণ হস্ত ধারণ করিয়া, সেই গর্ত্ত হইতে তাঁহাকে উত্তোলন করিলেন ॥২২॥

যযাতি রাজা সেই কূপ হইতে বলপূর্ব্বক সুন্দরনিতম্বা দেবযানীকে উদ্ধার করিয়া, তাঁহার অনুমতি লইয়া আপন রাজধানীতে চলিয়া গেলেন ॥২৩॥

* অতঃ পরম্ একাদশ শ্লোকাঃ দাক্ষিণাত্যপুস্তকে অধিকা দৃশ্যন্তে।

দেবযান্যুবাচ।

ত্বরিতং ঘূর্ণিকে ! গচ্ছ শীঘ্রমাচক্ষ্ব মে পিতুঃ।
নেদানীং সম্প্রবেক্ষ্যামি নগরং বৃষপর্ব্বণঃ ॥২৫॥

বৈশম্পায়ন উবাচ।

সা তত্র ত্বরিতং গত্বা ঘূর্ণিকাঽসুরমন্দিরম্।
দৃষ্ট্বা কাব্যমুবাচেদং সম্ভ্রমাবিষ্টচেতনা ॥২৬॥
আচক্ষে তে মহাব্রহ্মন্ ! দেবযানীং বনে হতাম্।
শর্ম্মিষ্ঠয়া মহাভাগ ! দুহিত্রা বৃষপর্ব্বণঃ ॥২৭॥
শ্রুত্বা দুহিতরং কাব্যস্তত্র শর্ম্মিষ্ঠয়া হতাম্।
ত্বরয়া নির্যযৌ দুঃখান্মার্গমাণঃ সুতাং বনে ॥২৮॥

ভারতকৌমুদী

ত্বরিতমিতি। হে ঘূর্ণিকে। ত্বরিতং গচ্ছ, পিতুঃ সমীপে মে বৃত্তান্তম্, শীঘ্রমাচক্ষ ব্রূহি। অহমিদানীমেব বৃষপর্ব্বণো নগরং ন সম্প্রবেক্ষ্যামি ॥২৫॥

সেতি। সা ঘূর্ণিকা, তত্র তদানীমেব ত্বরিতম্ অসুরমন্দিরং গত্বা, কাব্যং শুক্রং দৃষ্ট্বা, সম্ভ্রমেণ ব্যস্ততয়া আবিষ্টচেতনা আক্রান্তচিত্তা সতী, ইদমুবাচ ॥২৬॥

আচক্ষ ইতি। হে মহাব্রহ্মন্! প্রশস্তব্রাহ্মণ! "পুণ্যো মহাব্রহ্মসমূহজুষ্টঃ" ইতি ভট্টিকাব্যাদাবপি দর্শনাৎ "শঙ্খে তৈলে তথা মাংসে বৈদ্যে জ্যোতিষিকে দ্বিজে। যাত্রায়াং পথি নিদ্রায়াং মহচ্ছব্দো ন দীয়তে ॥" ইত্যুক্তিস্তু প্রায়িকা। মহাভাগ! বৃষপর্ব্বণো দুহিত্রা শর্ম্মিষ্ঠয়া বনে উদ্যানে দেবযানীং হতাং তাড়িতাম্, তে তুভ্যমাচক্ষে ব্রবীমি ॥২৭॥

শ্রুত্বেতি। কাব্যঃ শুক্রঃ, দুহিতরং দেবযানীম্, শর্ম্মিষ্ঠয়া হতাং তাড়িতাং শ্রুত্বা, তত্র তদানীমেব তাং সুতাং মার্গমাণঃ অন্বিষ্যন্ সন্, দুঃখাৎ ত্বরয়া বনে নির্যযৌ ॥২৮॥

যযাতি চলিয়া গেলে, ঘূর্ণিকানামে একটী দাসী দেবযানীর অন্বেষণে আসিয়া তাঁহার সম্মুখে উপস্থিত হইল; তখন দারিদ্র্যদুঃখে দুঃখিতা দেবযানী তাহাকে বলিলেন ॥২৪॥

দেবযানী বলিলেন—"ঘূর্ণিকা! সত্বর যাও, যাইয়া পিতৃদেবের নিকট আমার এই বৃত্তান্ত শীঘ্র বল। আমি এখনই বৃষপর্ব্বার ভবনে প্রবেশ করিব না" ॥২৫॥

বৈশম্পায়ন বলিলেন—ঘূর্ণিকা তখনই অসুররাজের বাড়ী যাইয়া, শুক্রাচার্য্যকে দেখিয়া, ব্যস্ত চিত্তে এই কথা বলিল—॥২৬॥

"মহাশয়! আপনাকে বলিতেছি শুনুন, রাজা বৃষপর্ব্বার কন্যা শর্ম্মিষ্ঠা উদ্যানের ভিতরে দেবযানীকে আহত করিয়াছে ॥২৭॥

---

(২৭) আচচক্ষে মহাপ্রাজ্ঞং দেবযানীম্...।

দৃষ্ট্বা দুহিতরং কাব্যো দেবযানীং ততো বনে।
বাহুভ্যাং সম্পরিষ্বজ্য দুঃখিতো বাক্যমব্রবীৎ ॥২৯॥
আত্মদোষৈর্নিয়চ্ছন্তি সর্ব্বে দুঃখসুখে জনাঃ।
মন্যে দুশ্চরিতং তেঽস্তি যস্যেয়ং নিষ্কৃতিঃ কৃতা ॥৩০॥
দেবযান্যুবাচ।
নিষ্কৃতির্মেঽস্তু বা মাস্তু শৃণুষ্বাবহিতো মম।
শর্ম্মিষ্ঠয়া যদুক্তাস্মি দুহিত্রা বৃষপর্ব্বণঃ ॥৩১॥

ভারতকৌমুদী

দৃষ্ট্বেতি। ততঃ কাব্যঃ শুক্রঃ, বনে তস্মিন্নুদ্যানে, দুহিতরং দেবযানীং দৃষ্ট্বা, দুঃখিতঃ সন্, বাহুভ্যাং সম্পরিষ্বজ্য আলিঙ্গ্য, বাক্যমব্রবীৎ ॥২৯॥

আত্মেতি। হে দেবযানি! সর্ব্বে জনাঃ, আত্মদোষৈর্নিজদোষগুণৈঃ, দোষপদং গুণস্যাপ্যুপলক্ষণং সুখস্যাপি নিয়মনোক্তেঃ, দুঃখসুখে, নিয়চ্ছন্তি নিয়তীকুর্ব্বন্তি। অতএব তে দুশ্চরিতং কিঞ্চিদস্তীতি মন্যে, যস্য দুশ্চরিতস্য, ইয়ং নিষ্কৃতিঃ কূপপাতনরূপঃ প্রায়শ্চিত্তম্, শর্ম্মিষ্ঠয়া কৃতা অনুষ্ঠাপিতা ॥৩০॥

নিষ্কৃতিরিতি। মে মম নিষ্কৃতিঃ কষ্টভোগেন প্রায়শ্চিত্তম্, অস্তু বা মা অস্তু, তত্র ন কিঞ্চিদ্বদামীতি ভাবঃ। বৃষপর্ব্বণো দুহিত্রা শর্ম্মিষ্ঠয়া যৎ উক্তাস্মি, অবহিতঃ সন্, মম মুখাৎ তৎ শৃণুষ্ব ॥৩১॥

ভারতভাবদীপঃ

ঘূর্ণিকাং দাসীম্ ॥২৪—২৬॥ হতাং তাড়িতাম্ ॥২৭—২৯॥ নিযচ্ছন্তি প্রযচ্ছন্তি। আত্মদোষৈর্হেতুভিঃ স্বকর্ম্মভিরেব সুখদুঃখে জনাৎ প্রাপ্যেতে, ন তু জনস্যাপরাধ ইত্যর্থঃ। এতদেবাহ—মন্যে ইতি। নিষ্কৃতিঃ ফলভোগেন নিরসনম্ ॥৩০—৩১॥ তীক্ষ্ণং মর্ম্মভিৎ,

---

শুক্রাচার্য্য আপন কন্যা দেবযানীকে শর্ম্মিষ্ঠা আহত করিয়াছে শুনিয়া, তখনই দুঃখের সহিত তাহার অন্বেষণে সত্বর উদ্যানে চলিয়া গেলেন ॥২৮॥

তাহার পর, শুক্রাচার্য্য উদ্যানের ভিতরে কন্যা দেবযানীকে দেখিয়া, দুঃখিত হইয়া, বাহুযুগল দ্বারা তাঁহাকে আলিঙ্গন করিয়া এই কথা বলিলেন—॥২৯॥

"সকল লোকই নিজের দোষ ও গুণে দুঃখ ও সুখ ভোগ করে; সুতরাং দেবযানি! আমি মনে করি—তোমার কোন দোষ ছিল; যাহার এই প্রায়শ্চিত্ত শর্ম্মিষ্ঠা করাইয়া দিয়াছে" ॥৩০॥

দেবযানী বলিলেন—"আমার প্রায়শ্চিত্ত হউক বা না হউক, বৃষপর্ব্বার কন্যা শর্ম্মিষ্ঠা আমাকে যাহা বলিয়াছে, আপনি মনোযোগ দিয়া তাহা শুনুন ॥৩১॥

সত্যং কিলৈতৎ সা প্রাহ দৈত্যানামসি গায়নঃ।
এবং হি মে কথয়তি শর্ম্মিষ্ঠা বার্ষপর্ব্বণী।
বচনং তীক্ষ্ণপরুষং ক্রোধরক্তেক্ষণা ভৃশম্ ॥৩২॥
স্তুবতো দুহিতা নিত্যং যাচতঃ প্রতিগৃহ্নতঃ।
অহন্তু স্তূয়মানস্থ দদতোঽপ্রতিগৃহ্নতঃ ॥৩৩॥
ইতি মামাহ শর্ম্মিষ্ঠা দুহিতা বৃষপর্ব্বণঃ।
ক্রোধসংরক্তনয়না দর্পপূর্ণা পুনঃ পুনঃ ॥৩৪॥
যদ্যহং স্তুবতস্তাত! দুহিতা প্রতিগৃহ্নতঃ।
প্রসাদয়িষ্যে শর্ম্মিষ্ঠামিত্যুক্তা তু সখী ময়া ॥৩৫॥

ভারতকৌমুদী

সত্যমিতি। সা শর্ম্মিষ্ঠা এতৎ কিল সত্যং প্রাহ কিমিতি কাকুঃ, যত্ত্বং দৈত্যানাং গায়নঃ স্তুতিপাঠকঃ অসি। গায়ন ইতি শিল্পার্থে "ণ্যুট্ চ" ইতি ণ্যুট্। বৃষপর্ব্বণঃ অপত্যমিতি বার্ষপর্ব্বণী শর্ম্মিষ্ঠা, ভৃশং ক্রোধরক্তেক্ষণা সতী, তীক্ষ্ণং মর্ম্মবিদারকঞ্চ তৎ পরুষং নিষ্ঠুরঞ্চেতি তত্তা-দৃশম্, এবং হি বচনং মে কথয়তি। ষট্পদমিদং পদ্যম্ ॥৩২॥

কিং তদ্বচনমিত্যাহ—স্তুবত ইতি। হে দেবযানি! ত্বম্, নিত্যং স্তুবতো যাচতঃ প্রতিগৃহ্নতশ্চ জনস্থ দুহিতা, অহন্তু স্তূয়মানস্থ দদতঃ অপ্রতিগৃহ্নতশ্চ জনস্থ দুহিতা ॥৩৩॥

ইতীতি। বৃষপর্ব্বণো দুহিতা শর্ম্মিষ্ঠা, ক্রোধসংরক্তনয়না দর্পপূর্ণা চ সতী, ইতি পুনঃ পুনর্মাম্ আহ ব্রবীতি স্ম ॥৩৪॥

যদীতি। হে তাত! অহং যদি স্তুবতঃ প্রতিগৃহ্নতশ্চ দুহিতা স্থাম্, তদা অনুনয়েন তাং শর্ম্মিষ্ঠাং প্রসাদয়িষ্যে, ময়া তু তস্যাঃ কাচিৎ সখী ইত্যুক্তা ॥৩৫॥

সে কি একথা সত্যই বলিয়াছে যে, "আপনি দৈত্যগণের স্তুতিপাঠক?।" বৃষপর্ব্বার কন্যা শর্ম্মিষ্ঠা ক্রোধে আরক্তনয়ন হইয়া, আমার মর্ম্মবিদারক এইরূপ নিষ্ঠুর বাক্য বলিয়াছে ॥৩২॥

"যে লোক সর্ব্বদা স্তব করে, প্রার্থনা করে এবং প্রতিগ্রহ করে, তুই তাহার কন্যা; আর, যাঁহার স্তব করা হয়, যিনি দান করেন এবং প্রতিগ্রহ করেন না, আমি তাঁহার কন্যা" ॥৩৩॥

বৃষপর্ব্বার কন্যা শর্ম্মিষ্ঠা ক্রোধে আরক্তনয়ন ও দর্পে পরিপূর্ণ হইয়া বার বার আমাকে এই কথা বলিযাছে ॥৩৪॥

"বাবা! আমি যদি স্তাবক ও প্রতিগ্রহোপজীবীর কন্যাই হই, তবে আমি অনুনয় করিয়া শর্ম্মিষ্ঠাকে প্রসন্ন করিব, এই কথা আমি তাহার সখীকে বলিয়া দিয়াছি ॥৩৫॥

উক্ত্বাপ্যেবং ভৃশং মাং সা নিগৃহ্য বিজনে বনে।
কূপে প্রক্ষেপয়ামাস প্রক্ষিপ্য গৃহমাগমৎ ॥৩৬॥

শুক্র উবাচ।

স্তবতো দুহিতা ন ত্বং যাচতঃ প্রতিগৃহ্নতঃ।
অস্তোতুঃ স্তূয়মানস্য দুহিতা দেবযান্যসি ॥৩৭॥
বৃষপর্ব্বৈব তদ্বেদ শক্রো রাজা চ নাহুষঃ।
অচিন্ত্যং ব্রহ্ম নির্দ্বন্দ্বমৈশ্বরং হি বলং মম ॥৩৮॥
জানামি জীবিনীং বিদ্যাং লোকেঽস্মিন্ শাশ্বতীং ধ্রুবম্।
মৃতঃ সঞ্জীবতে জন্তুর্যযা কমললোচনে! ॥৩৯॥

ভারতকৌমুদী

উক্ত্বেতি। সা শর্ম্মিষ্ঠা বিজনে বনে এবমুক্ত্বা, ভৃশং নিগৃহ্যাপি অত্যন্তমপমান্যাপি কূপে মাং প্রক্ষেপয়ামাস, প্রক্ষিপ্য চ নিরপেক্ষমেব গৃহমাগমৎ ॥৩৬॥

স্তবত ইতি। হে দেবযানি! ত্বং স্তবতো যাচতঃ প্রতিগৃহ্নতশ্চ জনস্য ন দুহিতা ইতি শর্ম্মিষ্ঠাবাঙ্‌মাত্রনিষেধঃ। অপি তু সর্ব্বত্রৈব অস্তোতুঃ সর্ব্বৈরেব চ স্তূয়মানস্য জনস্য দুহিতৈবাসীতি তত্ত্বমুক্তম্ ॥৩৭॥

বৃষেতি। যমাশ্রিত্য শর্ম্মিষ্ঠায়া গর্ব্বঃ স বৃষপর্ব্বৈব, শক্র ইন্দ্রঃ, রাজা নাহুষো যযাতিশ্চ, তৎ, বেদ জানাতি, দেবাসুরযুদ্ধে শক্রবৃষপর্ব্বণোঃ শক্রপক্ষীযযযাতেশ্চ প্রত্যক্ষীকরণাদিতি ভাবঃ। যৎ, অচিন্ত্যং "যন্মনসা ন মনুতে" ইতি শ্রুতেঃ, নির্দ্বন্দ্বম্ অদ্বিতীয়ম্, "একমেবাদ্বিতীয়ম্" ইতি শ্রুতেঃ, ঐশ্বরং স্বার্থে অণ্‌প্রত্যযাজ্জগদীশ্বরস্বরূপঞ্চ, ব্রহ্ম হি মম বলম্, ব্রহ্মজ্ঞত্বাৎ। এবঞ্চ অসাধারণবলবান্ ন কঞ্চিৎ স্তৌতি সর্ব্বৈরেব চ স স্তূযত ইতি ভাবঃ ॥৩৮॥

নহু ব্রহ্ম বলং তাবদদৃষ্টম্, দৃষ্টন্তু তে কিং নাম বলমস্তীত্যাহ—জানামীতি। অস্মিন্ লোকে অহমেব, শাশ্বতীং চিরস্থায়িনীম্, জীবিনীং সঞ্জীবনীং নাম বিদ্যাম্, ধ্রুবং জানামি। হে কমললোচনে! যযা বিদ্যয়া মৃতো জন্তুঃ প্রাণিমাত্রমেব সঞ্জীবতে ॥৩৯॥

ভারতভাবদীপঃ

মতঃ পরুষং নিষ্ঠুরাক্ষরম্ ॥৩২—৩৩॥ ইদং পূর্ব্বোক্তম্ ॥৩৪—৩৭॥ নাহুষো যযাতিঃ। মম

শর্ম্মিষ্ঠা এই নির্জ্জন উদ্যানে এইরূপ বলিযা অপমানিত করিযা, তাহার পরেও আবার আমাকে কূপের ভিতরে ফেলিয়া দিয়া চলিযা গিয়াছে" ॥৩৬॥

শুক্রাচার্য্য বলিলেন—"দেবযানি! তুমি স্তাবক, যাচক ও প্রতিগ্রহোপজীবীর কন্যা নহ; কিন্তু যিনি কাহারও স্তব করেন না এবং সকলেই যাঁহার স্তব করে, তুমি তাঁহারই কন্যা ॥৩৭॥

অসুররাজ বৃষপর্ব্বা, দেবরাজ ইন্দ্র এবং মনুষ্যরাজ যযাতি—ইহারাই তাহা জানেন যে, অচিন্তনীয়, অদ্বিতীয় এবং জগদীশ্বর ব্রহ্মই আমার বল ।৩৮।

কথনং স্বগুণানাঞ্চ কৃত্বা তপ্যতি সজ্জনঃ।
ততো বক্তুমশক্তোঽহস্মি ত্বং মে জানাসি যদ্বলম্ ॥৪০॥
তস্মাদুত্তিষ্ঠ গচ্ছামঃ স্বগৃহং কুলনন্দিনি!।
ক্ষমাং কৃত্বা বিশালাক্ষি। ক্ষমাসারা হি সাধবঃ ॥৪১॥
যচ্চ কিঞ্চিৎ সর্ব্বগতং ভূমৌ বা যদি বা দিবি।
তস্যাহমীশ্বরো নিত্যং তুষ্টেনোক্তঃ স্বয়ম্ভুবা ॥৪২॥
অহং জলং বিমুঞ্চামি প্রজানাং হিতকাম্যয়া।
পুষ্ণাম্যোষধয়ঃ সর্ব্বা ইতি সত্যং ব্রবীমি তে ॥৪৩॥

ভারতকৌমুদী

কথনমিতি। সজ্জনঃ স্বগুণানাং কথনং শ্লাঘাং কৃত্বা তপ্যতি। তত এবাহং স্বগুণান্ বক্তুমশক্তোঽহস্মি, বিশেষতশ্চ যদ্‌যস্মাৎ ত্বমেব মে বলং জানাসি ॥৪০॥

তস্মাদিতি। হে কুলনন্দিনি! বংশানন্দকারিণি! হে বিশালাক্ষি! তস্মাৎ, উত্তিষ্ঠ, ক্ষমাং কৃত্বা স্বগৃহমেব গচ্ছামঃ, হি যস্মাৎ, সাধবঃ, ক্ষমা এব সারা শ্রেষ্ঠা বৃত্তির্যেষাং তে ॥৪১॥

যদিতি। ভূমৌ মর্ত্ত্যে বা, যদি বা দিবি স্বর্গে, সর্ব্বগতং সর্ব্বত্র স্থিতং যচ্চ কিঞ্চিৎ বস্তু অস্তি, নিত্যং সর্ব্বদৈব, অহং তস্য ঈশ্বরঃ, ইত্যহং তপসা তুষ্টেন স্বয়ম্ভুবা ব্রহ্মণৈবোক্তঃ। এতচ্চ পরস্তাদ্ব্যক্তীভবিষ্যতি ॥৪২॥

ব্রহ্মজ্ঞানেন ব্রহ্মৈকাত্ম্যবোধাদাহ—অহমিতি। অহং প্রজানাং হিতকাম্যযা মেঘো ভূত্বা জলং বিমুঞ্চামি, তথা চন্দ্রো ভূত্বা সর্ব্বা ওষধয় ওষধীঃ পুষ্ণামি, ইতি তে সত্যং ব্রবীমি ॥৪৩॥

ভারতভাবদীপঃ

ঐশ্বরং নির্দ্বন্দ্বমপ্রতিপক্ষং বলমস্তি ॥৩৮—৪১॥ ঈশ্বরত্বমেবাহ—যচ্চেতি। স্বয়ম্ভুবা "তত্ত্বমসী"ত্যা-

---

বিশেষতঃ, এই জগতে আমিই কেবল চিরস্থায়িনী সঞ্জীবনী বিদ্যা জানি। কমলনয়নে! যে বিদ্যার প্রভাবে মৃত প্রাণী পুনরায় জীবন লাভ করে ॥৩৯॥

সাধু লোক আপন গুণের প্রশংসা করিযা দুঃখিত হইয়া থাকেন। তাই আমি আপন গুণ বলিতে অসমর্থ হইতেছি, বিশেষতঃ, তুমি আমার শক্তি জান ॥৪০॥

অতএব দেবযানি! উঠ, চল, আমরা ক্ষমা করিযা নিজ গৃহে যাই। কেন না, সাধু লোকের ক্ষমাই প্রধান গুণ ॥৪১॥

মর্ত্ত্যলোকে অথবা স্বর্গলোকে সর্ব্বত্র যে কিছু পদার্থ আছে, আমি সর্ব্বদাই তাহার ঈশ্বর, আমার তপস্যায সন্তুষ্ট হইয়া স্বয়ং ব্রহ্মাই এই কথা বলিয়াছেন ॥৪২॥

৩৯, ৪০, ৪১ শ্লোকাঃ কেষুচিৎ পুস্তকেষু ন দৃশ্যন্তে।

বৈশম্পায়ন উবাচ।

এবং বিষাদমাপন্নাং মন্যুনা সম্প্রপীড়িতাম্।
বচনৈর্ম্মধুরৈঃ শ্লক্ষ্ণৈঃ সান্ত্বয়ামাস তাং পিতা ॥৪৪॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি
সম্ভবে যাযাতে ষট্ষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

সপ্তষষ্টিতমোঽধ্যায়ঃ।

—:*:—

শুক্র উবাচ।

যঃ পরেষাং নরো নিত্যমতিবাদাংস্তিতিক্ষতে।
দেবযানি! বিজানীহি তেন সর্ব্বমিদং জিতম্ ॥১॥

ভারতকৌমুদী

এবমিতি। পিতা শুক্রঃ, এবমিত্থম্, মধুরৈঃ, শ্লক্ষ্ণৈঃ কোমলৈশ্চ, বচনৈঃ, মন্যুনা দৈন্যেন বিষাদমাপন্নাং বিষাদেন চ সম্প্রপীড়িতাম্, তাং দেবযানীম্ সান্ত্বয়ামাস ॥৪৪॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাদিপর্ব্বণি সম্ভবে ষট্ষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

য ইতি। হে দেবযানি। যো নরঃ, নিত্যমেব পরেষাম্, অতিবাদান্ বাক্যেনাতি-

ভারতভাবদীপঃ

দিনা বেদেন কবণেন তুষ্টেন গুরুণেতি শেষঃ ॥৪২॥ অহং মনুরভবং সূর্য্যশ্চেতি বদন্ বামদেব ইব স্বস্য সার্ব্বাত্ম্যানুভবমাহ—অহমিতি ॥৪৩—৪৪॥

ইতি শ্রীমহাভারতে আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষট্ষষ্টিতমোঽধ্যায়ঃ ॥৬৬॥

—:*:—

আমি লোকের মঙ্গলের জন্য মেঘ হইয়া জল বর্ষণ করিয়া থাকি, এই কথা তোমাকে সত্য বলিতেছি" ॥৪৩॥

বৈশম্পায়ন বলিলেন—শুক্রাচার্য্য এইরূপ মধুর ও কোমল বাক্যে দৈন্যবশতঃ বিষণ্ণা ও দুঃখার্ত্তা দেবযানীকে আশ্বস্ত করিলেন ॥৪৪॥

* '...অষ্টসপ্ততিতমোঽধ্যায়ঃ', '...পঞ্চসপ্ততিতমোঽধ্যায়ঃ', '...দ্বিসপ্ততিতমোঽধ্যায়ঃ' ইতি পাঠভেদাঃ।

যঃ সমুৎপতিতং ক্রোধং নিগৃহ্লাতি হয়ং যথা।
স যন্তেত্যুচ্যতে সদ্ভির্ন যো রশ্মিষু লম্বতে ॥২॥
যঃ সমুৎপতিতং ক্রোধমক্রোধেন নিবস্যতি।
দেবযানি! বিজানীহি তেন সর্ব্বমিদং জিতম্ ॥৩॥
যঃ সমুৎপতিতং ক্রোধং ক্ষময়েহ নিরস্যতি।
যথোরগস্ত্বচং জীর্ণাং স বৈ পুরুষ উচ্যতে ॥৪॥
যঃ সন্ধারয়তে মন্যুং যোঽতিবাদাংস্তিতিক্ষতে।
যশ্চ তপ্তো ন তপতি দৃঢ়ং সোঽর্থস্য ভাজনম্ ॥৫॥

ভারতকৌমুদী

ক্রমণানি তিবস্কাবানিত্যর্থঃ, তিতিক্ষতে সহতে, তেন ইদং সর্ব্বং জগৎ জিতম্ জগজ্জয় ইব ক্রোধজয় ইত্যাশয়ঃ, ইতি ত্বং বিজানীহি। ইত্থমন্যত্রাপি জ্ঞেয়ম্ ॥১॥

য ইতি। যো নবঃ, হযং যথা অশ্বমিব, সমুৎপতিতং সম্যগুৎপন্নং ক্রোধং নিগৃহ্লাতি দময়তি; সদ্ভিঃ স যন্তা সাবথিরিত্যুচ্যতে, কিন্তু যঃ বশ্মিষু অশ্ববজ্জুষু লম্বতে সংসজতি, কেবলং স যন্তেতি নোচ্যতে ॥২॥

য ইতি। অক্রোধেন ক্রোধবিপবীতযা ক্ষময়া। অসুবাদিবদ্বিবোধে নঞ্ ॥৩॥

য ইতি। উবগঃ সর্পো যথা জীর্ণাং ত্বচং নিবস্যতি, তথা যো নবঃ, ইহ জগতি, ক্ষময়া, সমুৎপতিতং ক্রোধম্, নিবস্যতি দূবীকবোতি, স বৈ স এব পুরুষ উচ্যতে ॥৪॥

য ইতি। যো নবঃ, মন্যুং ক্রোধম্, সন্ধাবযতে নিবাবযতি, যশ্চ অতিবাদান্ তিতিক্ষতে যশ্চ পরেণ তপ্তোঽপি পবং ন তপতি, স সর্ব্ব এব অর্থস্য পুরুষার্থস্য দৃঢ়ং ভাজনং ভবতি ॥৫॥

ভারতভাবদীপঃ

য ইতি। অতিবাদান্নিন্দাবচনানি ॥১॥ বশ্মিষু ক্রোধফলভূতাস্বাপৎসু। পক্ষে স্পষ্টোঽর্থঃ ॥২॥ অক্রোধেন ক্রোধবিরোধিন্যা ক্ষময়া ॥৩—৪॥ অর্থস্য পুরুষার্থচতুষ্টয়স্য ॥৫॥ যজেৎ

শুক্রাচার্য্য বলিলেন—"দেবযানি! তুমি ইহা জানিও যে, যে লোক সর্ব্বদাই অন্যের তিরস্কার সহ্য করে, সে লোক সমস্ত জগৎ জয় করিয়াছে ॥১॥

যে লোক অশ্বেরই তুল্য উদ্রিক্ত ক্রোধকে দমন করিতে পারে, সাধু লোকেরা তাহাকেও সারথি বলিযা থাকেন; কিন্তু যে লাগাম ধরিয়া থাকে, কেবল তাহাকে নহে ॥২॥

দেবযানি! তুমি ইহা জানিও যে, যে লোক ক্ষমাগুণে ক্রোধকে দূর করিতে পারে, সেই লোকই সমগ্র জগৎকে জয় করিয়াছে ॥৩॥

সাপ যেমন আপন খোলস দূর করিয়া ফেলে, তেমন যে লোক ক্ষমাগুণে ক্রোধকে দূর করিতে পারে, তাহাকেই প্রকৃত পুরুষ বলা হয় ॥৪॥

যো যজেদপরিশ্রান্তো মাসি মাসি শতং সমাঃ।
ন ক্রুধ্যেদ্‌যশ্চ সর্ব্বস্য তয়োরক্রোধনোঽধিকঃ ॥৬॥
তস্মাদক্রোধনঃ শ্রেষ্ঠঃ কামক্রোধৌ বিগর্হিতৌ।
ক্রুদ্ধস্য নিষ্ফলান্যেব দানযজ্ঞতপাংসি চ ॥৭॥
তস্মাদক্রোধনে যজ্ঞ-তপোদানফলং মহৎ।
ভবেদসংশয়ং ভদ্রে! নেতরস্মিন্ কদাচন ॥৮॥
ন যতির্ন তপস্বী চ ন যজ্বা ন চ ধর্ম্মভাক্।
ক্রোধস্য যো বশং গচ্ছেত্তস্য লোকদ্বয়ং ন চ ॥৯॥

ভারতকৌমুদী

য ইতি। যো নবঃ অপবিশ্রান্তঃ সন্, শতং সমা বৎসবান্ যাবৎ, মাসি মাসি যজেৎ পিতৃভ্যো দদ্যাৎ "মাসি মাস্যপবপক্ষস্যাপবাহ্লঃ শ্রেযান্" ইত্যাপস্তম্ববচনাৎ, যশ্চ সর্ব্বস্যৈব সম্বন্ধে ন ক্রুধ্যেৎ, তয়োর্মধ্যে অক্রোধনঃ, অধিকঃ শ্রেয়ান্ ॥৬॥

তস্মাদিতি। ক্রুদ্ধস্যেতি কামুকস্যাপ্যুপলক্ষণং কামক্রোধাবিত্যুক্তত্বাৎ। নিষ্ফলান্যেবেতি চিত্তস্য বিশেষবিক্ষেপাদিতি ভাবঃ ॥৭॥

তস্মাদিতি। হে ভদ্রে! অক্রোধনে অকামুকে চ জনে। ইতবস্মিন্ ক্রোধনে কামুকে চ ॥৮॥

নেতি। যো জনঃ ক্রোধস্য বশং গচ্ছেৎ, স যতির্জিতেন্দ্রিযো ন, তপস্বী ন, যজ্ব যাজ্ঞিকো ন, তীর্থস্নানাদিনা ধর্ম্মভাক্ চ ন ভবতি। লোকদ্বয়ং সুখকরং ন ভবতীত্যর্থঃ ॥৯॥

ভারতভাবদীপঃ

পিতৃযজ্ঞেন, "তস্মান্মাসি মাসি পিতৃভ্যঃ ক্রিয়তে" ইতি শ্রুতেঃ। এতেন অন্যযজ্ঞেভ্যঃ

যে লোক ক্রোধ নিরুদ্ধ রাখে, যে লোক পরের তিরস্কার সহ্য করে এবং যে লোক অন্য দ্বারা উৎপীড়িত হইয়াও অন্যকে উৎপীড়িত না করে, তাহারাই প্রকৃত পুরুষার্থ-চতুষ্টয়ের পাত্র ॥৫॥

যে লোক পরিশ্রান্ত না হইয়া, শত বৎসর যাবৎ প্রত্যেক মাসে পিতৃশ্রাদ্ধ করে এবং যে লোক কাহারও উপরে ক্রোধ করে না; এই দু'য়ের মধ্যে ক্রোধহীন লোকই প্রধান ॥৬॥

অতএব ক্রোধহীন লোকই শ্রেষ্ঠ; কিন্তু কাম ও ক্রোধ অত্যন্ত নিন্দিত। সুতরাং ক্রুদ্ধ ও কামুক লোকের যজ্ঞ, দান ও তপস্যা নিষ্ফল হইয়া যায় ॥৭॥

ভদ্রে! কাম ও ক্রোধহীন লোকের যজ্ঞ, তপস্যা ও দানে নিশ্চয়ই বিশেষ ফল হইয়া থাকে; কিন্তু কামুক ও ক্রোধশীল লোকের কখনও সে ফল হয় না ॥৮॥

৭ ইতঃ প্রভৃতি পঞ্চ শ্লোকাঃ কতিপয়পুস্তকে ন দৃশ্যন্তে।

পুত্রো ভৃত্যঃ সুহৃদ্‌ভ্রাতা ভার্য্যা ধর্ম্মশ্চ সত্যতা।
তস্যৈতান্যপযাস্যন্তি ক্রোধশীলস্য নিশ্চিতম্ ॥১০॥
যৎ কুমারাঃ কুমার্য্যশ্চ বৈরং কুর্য্যুরচেতসঃ।
ন তৎ প্রাজ্ঞোঽনুকুর্বীত ন বিদুস্তে বলাবলম্ ॥১১॥

দেবযান্যুবাচ।

বেদাহং তাত! বালাপি ধর্ম্মাণাং যদিহান্তরম্।
অক্রোধে চাতিবাদে চ বেদ চাপি বলাবলম্ ॥১২॥
স্ববৃত্তিমননুষ্ঠায় ধর্ম্মমুৎসৃজ্য তত্ত্বতঃ।
শিষ্যস্যাশিষ্যবৃত্তেস্তু ন ক্ষন্তব্যং বুভূষতা ॥১৩॥

ভারতকৌমুদী

পুত্র ইতি। সত্যতা সত্যপরায়ণতা। এতানি পুত্রাদীনি, তস্য ক্রোধশীলস্য, নিশ্চিতমেব অপযাস্যন্তি স্বস্বকর্ত্তব্যভ্রষ্টানি ভবন্তীত্যর্থঃ ॥১০॥

যদিতি। অচেতসো বিবেকশূন্যাঃ, কুমারা বালকাঃ, কুমার্য্যো বালিকাশ্চ, পরস্পরং যৎ বৈরং কুর্য্যুঃ, প্রাজ্ঞো জনস্তন্নানুকুর্বীত। যেন হি তে কুমারাদয়ঃ, বৈরস্য বলাবলং ন বিদুঃ ॥১১॥

বেদেতি। হে তাত! বালাপ্যহম্, ইহ ধর্ম্মাণাং যৎ আন্তরং তত্ত্বমস্তি, তৎ, বেদ জানামি। অক্রোধে ক্ষমায়াম্, অতিবাদে তন্নিবন্ধনক্রোধে চ, বলাবলমপি চ বেদ ॥১২॥

স্বেতি। স্ববৃত্তিং গুরুজনসন্নিধানে নম্রতাদিব্যবহারম্, অননুষ্ঠায়, অতএব তত্ত্বতো যথার্থত

ভারতভাবদীপঃ

পিতৃযজ্ঞঃ শ্রেষ্ঠ ইতি সূচিতম্ ॥৬—১০॥ যদিতি। অচেতসো মূঢ়াঃ। বাল্যাৎ শর্ম্মিষ্ঠয়া কৃতমস্মাভিঃ ক্ষন্তব্যমেবেত্যর্থঃ ॥১১—২৬॥

ইতি শ্রীমহাভারতে আদিপর্ব্বণি নৈলকণ্ঠীযে ভাবতভাবদীপে সপ্তষষ্টিতমোঽধ্যায়ঃ ॥৬৭॥

যে লোক ক্রোধের বশবর্ত্তী হয়, সে লোক জিতেন্দ্রিয়, তপস্বী, যাজ্ঞিক এবং অন্য প্রকারে ধার্ম্মিক হইতে পারে না এবং তাহার ইহলোক বা পরলোক সুখজনক হয় না ॥৯॥

ক্রোধী লোকের পুত্র, ভৃত্য, সুহৃদ্, ভ্রাতা, ভার্য্যা, ধর্ম্ম ও সত্যপরায়ণতা—এ সমস্তই নিষ্ফল হইয়া যায় ॥১০॥

বুদ্ধিহীন বালক ও বালিকারা পরস্পর যে বিরোধ করে, বুদ্ধিমান্ লোক তাহার অনুকরণ করিবেন না। কেন না, সে বালকপ্রভৃতি সে বিরোধের কোন দোষ-গুণ বোঝে না” ॥১১॥

দেবযানী বলিলেন—“পিতঃ! আমি বালিকা হইলেও ধর্ম্মের নিগূঢ় তত্ত্ব জানি এবং ক্ষমা ও ক্রোধের দোষ-গুণও জানি ॥১২॥

প্রেষ্যঃ শিষ্যঃ স্ববৃত্তিং হি বিসৃজ্য বিফলং গতঃ।
তস্মাৎ সঙ্কীর্ণবৃত্তেষু বাসো মম ন রোচতে ॥১৪॥
পুমাংসো যে হি নিন্দন্তি বৃত্তেনাভিজনেন চ।
ন তেষু নিবসেৎ প্রাজ্ঞঃ শ্রেয়োঽর্থী পাপবুদ্ধিষু ॥১৫॥
যে ত্বেনমভিজানন্তি বৃত্তেনাভিজনেন বা।
তেষু সাধুষু বস্তব্যং স বাসঃ শ্রেষ্ঠ উচ্যতে ॥১৬॥
সুযন্ত্রিতপরা নিত্যং বিহীনাশ্চ ধনৈর্ব্বরাঃ।
দুর্ব্বৃত্তাঃ পাপকর্ম্মাণশ্চণ্ডালা ধনিনোঽপি চ ॥১৭॥

ভারতকৌমুদী

এব ধর্ম্মমুৎসৃজ্য বর্ত্তমানস্য, অতএব চ অশিষ্যবৃত্তেঃ শিষ্যস্য সম্বন্ধে, বুভূষতা গুরুভবিতুমিচ্ছতা জনেন, ন ক্ষন্তব্যম্। অতএবাস্মাভিরপি মহোদ্ধতায়াং শর্ম্মিষ্ঠায়াং ন ক্ষন্তব্যমিতি ভাবঃ ॥১৩॥

প্রেষ্য ইতি। প্রেষ্যো ভৃত্যঃ শিষ্যশ্চ, স্ববৃত্তিং কর্ত্তব্যাং প্রভুগুরুসেবাম্, বিসৃজ্য, বিফলং বৈফল্যং গতো ভবতি। তস্মাৎ সঙ্কীর্ণবৃত্তেষু বিনয়োদ্ধত্যাদিমিশ্রিতব্যবহারেষু বৃষপর্ব্বাদিষু, বাসো মম ন রোচতে ॥১৪॥

পুমাংস ইতি। যে হি পুমাংসঃ, বৃত্তেন ব্যবহারেণ, অভিজনেন কুলেন চ প্রতিবেশিনং নিন্দন্তি; শ্রেয়োঽর্থী মঙ্গলার্থী প্রাজ্ঞো জনঃ, পাপবুদ্ধিষু তেষু ন নিবসেৎ। অতএব বয়মপি নিন্দৎসু শর্ম্মিষ্ঠাদিষু ন নিবসাম ইত্যাশয়ঃ ॥১৫॥

য ইতি। যে তু জনাঃ, বৃত্তেন ব্যবহারেণ, অভিজনেন কুলেন চ, এনং বাসার্থিনম্, অভিজানন্তি; তেষু সাধুষু জনেষু মধ্যে, বস্তব্যং বাসঃ কর্ত্তব্যঃ। স এব চ বাসঃ শ্রেষ্ঠ উচ্যতে ততশ্চ অস্মদ্‌বৃত্তাভিজনয়োরনভিজ্ঞত্বাদেষু নাস্মাভির্বস্তব্যমিত্যভিপ্রায়ঃ ॥১৬॥

সুযন্ত্রিতেতি। চণ্ডালা ধনিনোঽপি চ জনাঃ, নিত্যমেব, সুযন্ত্রিতা উৎপীড়িতাঃ পরে জনা যৈস্তে তাদৃশাঃ, বিহীনাঃ সৎকর্ম্মরহিতাঃ, ধনৈর্ব্বরাঃ স্বয়ং প্রাধান্যাভিমানিনঃ দুর্ব্বৃত্তাঃ, পাপকর্ম্মাণশ্চ ভবন্তি। অতএব চণ্ডালতুল্যেষু এষু ধনিষু ন বস্তব্যমিতি ভাবঃ ॥১৭॥

যে শিষ্য হইয়াও শিষ্যের মত ব্যবহার না করিয়া ধর্ম্ম বিসর্জ্জন করে, সে শিষ্যের প্রতি গুরুজনের ক্ষমা করা উচিত নহে ॥১৩॥

যে ভৃত্য ও শিষ্য, আপন কর্ত্তব্য প্রভুসেবা ও গুরুসেবা করে না, তাহারা নিষ্ফল; সুতরাং সে রূপ মিশ্রবৃত্তি শিষ্যের মধ্যে আমার বাস করিতে ইচ্ছা হয় না ॥১৪॥

যে সকল লোক প্রতিবেশীর ব্যবসায় ও বংশ উল্লেখ করিয়া তাহাকে নিন্দা করে, আপন মঙ্গলার্থী বুদ্ধিমান্ লোক, পাপবুদ্ধি সেই সকল লোকের মধ্যে বাস করিবেন না ॥১৫॥

আর, যে সকল লোক ব্যবসায় ও বংশের মর্য্যাদা জানে, সেই সাধুপ্রকৃতি লোকদিগের মধ্যেই বাস করিবে। সেই বাসই শ্রেষ্ঠ বাস ॥১৬॥

নৈব জাত্যা হি চণ্ডালাঃ স্বকর্ম্মবিহিতৈর্বিনা।
ধনাভিজনবিদ্যাসু সক্তাশ্চণ্ডালধর্ম্মিণঃ ॥১৮॥
অকারণাশ্চ দ্বেক্ষ্যন্তি পরিবাদং বদন্তি তে।
সাধোস্তত্র ন বাসোঽস্তি পাপিভিঃ পাপতাং ব্রজেৎ ॥১৯॥
সুকৃতে দুষ্কৃতে বাপি যত্র সজ্জতি যো নরঃ।
ধ্রুবং রতির্ভবেত্তস্য তস্মাদ্দেশং ন রোচয়েৎ ॥২০॥
বাগ্‌দুরুক্তং মহাঘোরং দুহিতুর্বৃষপর্ব্বণঃ।
মম মথ্নাতি হৃদয়মগ্নিকাম ইবারণিম্ ॥২১॥

ভারতকৌমুদী

নেতি। জাত্যা হি কেবলজাতিমাত্রেণৈব চণ্ডালা নৈব ভবন্তি, অপি তু স্বকর্ম্মবিহিতৈঃ স্বোপদিষ্টকর্ম্মানুষ্ঠানৈর্বিনা, ধনাভিজনবিদ্যাসু সক্তাঃ সর্ব্বদা নিবতা অপি জনাঃ, চণ্ডালধর্ম্মিণো ভবন্তি। অত এবপি চণ্ডালধর্ম্মিষু বাসো নোচিত ইত্যাশযঃ ॥১৮॥

অকাবণা ইতি। তে পাপিনঃ প্রতিবেশিনঃ, যত্র অকাবণা এব সাধুং দ্বেক্ষ্যন্তি দ্বিষন্তি সাধোঃ পবিবাদং বদন্তি চ, তত্র দেশে পাপিভিঃ সহ সাধোর্বাসো নাস্তি নোচিতঃ। যেন হি তৎসংসর্গাৎ সাধুরপি পাপতাং ব্রজেৎ ॥১৯॥

সুকৃত ইতি। যো নবঃ, যত্র দেশে, সুকৃতে পুণ্যবতি, দুষ্কৃতে পাপবতি বাপি জনে, সজ্জতি সংসর্গং করোতি, তস্য নরস্য ধ্রুবমেব তস্মিন্ সুকৃতে দুষ্কৃতে বা রতিবনুরাগো ভবেৎ, তস্মাদ্বাসায় তং দেশং ন বোচয়েৎ ॥২০॥

বাগিতি। বৃষপর্ব্বণো দুহিতুঃ শর্ম্মিষ্ঠাযাঃ মহাঘোবং বাচা দুরুক্তং কটূক্তম্, অগ্নিকামো জনঃ, অরণিম্ অগ্ন্যুৎপাদনকাষ্ঠমিব, মম হৃদযং মথ্নাতি দহতি ॥২১॥

চণ্ডাল ও ধনী লোক সর্ব্বদাই পরের উৎপীড়ন করে, কোন সৎকর্ম্ম করে না, ধনের বলে বড় হইতে চায় এবং দুর্বৃত্ত ও পাপাচারী হইয়া থাকে ॥১৭॥

কেবল জাতি দ্বারাই চণ্ডাল হয় না; যাহারা আপনাদের কর্ত্তব্য না করিয়া, সর্ব্বদা ধন, বংশ ও বিদ্যাতে আসক্ত থাকে, তাহারাও ন্যায়ানুসারে চণ্ডাল ॥১৮॥

পাপিষ্ঠ প্রতিবেশীরা যেখানে বিনা কারণে সজ্জনের বিদ্বেষ ও অপবাদ করে, সেই পাপিষ্ঠদের সহিত সজ্জনের সেখানে বাস করা উচিত নহে। কারণ, তাহাতে সে সজ্জন ক্রমে পাপী হইযা উঠেন ॥১৯॥

যে লোক, যেখানে পুণ্যবান্ বা পাপীর সঙ্গে মিলিয়া বাস করিতে থাকে; সে লোকের ক্রমে সেই পুণ্যে বা পাপে অনুরাগ জন্মিতে থাকে; সুতরাং পাপীর দেশে বাস করিবে না ॥২০॥

১৯-২০ শ্লোকৌ ক্বচিন্ন দৃশ্যেতে। (২০) তস্মাদ্দ্বেষং ন বোচযেৎ।

নহ্যতো দুষ্করতরং মন্যে লোকেষ্বপি ত্রিষু।
যৎ সপত্নশ্রিয়ং দীপ্তাং হীনশ্রীঃ পর্য্যুপাসতে ॥২২॥
মরণং শোভনং তস্য ইতি বিদ্বজ্জনাঃ বিদুঃ।
অবমানমবাপ্নোতি শনৈর্নীচসমাগমাৎ ॥২৩॥
অতিবাদা বক্ত্রতো নিঃসরন্তি যৈরাহতঃ শোচতি রাত্র্যহানি।
পরস্য বৈ মর্ম্মসু তে পতন্তি তস্মাদ্বীরো নৈব মুচ্যেৎ পরেষু ॥২৪॥
নিরোহেদায়ুধৈশ্ছিন্নং সংরোহেদ্দগ্ধমগ্নিনা।
বাক্‌ক্ষতঞ্চ ন সংরোহেদাশরীরং শরীরিণাম্ ॥২৫॥

ভারতকৌমুদী

নেতি। ত্রিষ্বপি লোকেষু, অতো দুষ্করতরং নিরতিশয়দুঃখকরম্, নহি অস্তীতি মন্যে, যৎ হীনশ্রীর্দরিদ্রো জনঃ, দীপ্তামুজ্জ্বলাম্, সপত্নশ্রিয়ং বিপক্ষসমৃদ্ধিম্, পর্য্যুপাসতে কিঞ্চিল্লাভায় সেবতে ॥২২॥

মরণমিতি। যো নরঃ, নীচসমাগমাদ্ধেতোঃ, শনৈর্নীচেভ্য এব অবমানম্, অবাপ্নোতি, তস্য মরণমেব শোভনম্, ইতি বিদ্বজ্জনা বিদুর্মন্যন্তে ॥২৩॥

অতিবাদা ইতি। দুর্জ্জনানাং বক্ত্রতঃ, অতিবাদাস্তিরস্কারবাক্যানি, নিঃসরন্তি, যৈরতিবাদৈঃ আহতস্তাড়িতো জনঃ, রাত্র্যহানি শোচতি। তে চ দুর্জ্জনাঃ পরস্য মর্ম্মসু পতন্তি আঘাতায় চেষ্টন্তে, তস্মাদ্বীর উৎসাহী জনঃ, পরেষু শত্রুভূতেষু দুর্জ্জনেষু, নৈব মুচ্যেৎ সংসৃজেৎ। সংসর্গার্থে মুচিরয়ং দৈবাদিক আর্ষঃ ॥২৪॥

নিরোহেদিতি। আয়ুধৈশ্ছিন্নম্ অঙ্গম্, নিরোহেৎ পুনরুৎপদ্যেত, অগ্নিনা দগ্ধমপ্যঙ্গং সংরোহেৎ। কিন্তু বাচা ক্ষতং শরীরিণাং চিত্তম্, আশরীরং শরীরস্থিতিপর্য্যন্তম্, ন সংরোহেৎ ॥২৫॥

অগ্নি প্রজ্বলিত করিবার জন্য মানুষ যেমন অরণি (কাষ্ঠ) মন্থন করে, তেমনই শর্ম্মিষ্ঠার দারুণ কটুবাক্য আমার হৃদয় মন্থন করিতেছে ॥২১॥

দরিদ্র লোক কিছু লাভের আশায় যে বিদ্বেষী ধনীর উপাসনা করে, ইহা অপেক্ষা ত্রিভুবনেই কিছু দুঃখকর আছে বলিযা আমি মনে করি না ॥২২॥

যে লোক নীচ লোকের সহিত সংসর্গবশতঃ ক্রমে অপমানিত হইতে থাকে, তাহার মরণই ভাল, ইহা পণ্ডিতেরা মনে করেন ॥২৩॥

দুর্জ্জনের মুখ হইতে তিরস্কার বাক্য নির্গত হয়, তাহাতে তাড়িত হইয়া মানুষ দিবারাত্রি শোক করিতে থাকে, আবার দুর্জ্জনেরা পরের মর্ম্মপীড়া জন্মাইবার জন্যও চেষ্টা করে; অতএব উৎসাহী লোক দুর্জ্জনের সহিত সংসর্গ করিবে না ॥২৪॥

---

(২২) …যঃ সপত্নশ্রিয়ম্ ·। ২৪ ইত্যাদযস্ত্রয়ঃ শ্লোকাঃ কতিপয়পুস্তকে ন দৃশ্যন্তে।

সংরোহতি শরৈর্বিদ্ধং নবং পরশুনা হতম্ ।
বাচা দুরুক্তং বীভৎসং ন সংরোহেত বাক্ক্ষতম্ ॥২৬॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি
সম্ভবে যাযাতে সপ্তষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

অষ্টষষ্টিতমোঽধ্যায়ঃ ।

—:*:—

বৈশম্পায়ন উবাচ ।
ততঃ কাব্যো ভৃগুশ্রেষ্ঠঃ সমন্যুরুপগম্য হ ।
বৃষপর্ব্বাণমাসীনমিত্যুবাচাবিচারয়ন্ ॥১॥
নাধর্ম্মশ্চরিতো রাজন্ । সদ্যঃ ফলতি গৌরিব ।
শনৈরাবর্ত্ত্যমানো হি কর্ত্তুর্ম্মূলানি কৃন্ততি ॥২॥

সংরোহতীতি। শরৈর্বিদ্ধম্ অঙ্গম্, পুনঃ সংরোহতি, পরশুনা হতং ছিন্নঞ্চাঙ্গম্, পুনর্নবং সৎ সংরোহতি। কিন্তু বাচা দুরুক্তমেব বাক্ক্ষতম্, অতএব বীভৎসং কুৎসিতীভূতং চিত্তম্, ন পুনঃ সংরোহেত ॥২৬॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাদিপর্ব্বণি সম্ভবে সপ্তষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

তত ইতি। ততো ভৃগুশ্রেষ্ঠঃ কাব্যঃ শুক্রঃ, সমন্যুর্দেবযান্যুত্তেজনয়া সক্রোধ এবোপগম্য সাধু অসাধু বা অবিচারয়ন্, সিংহাসনে আসীনং বৃষপর্ব্বাণম্ ইত্যুবাচ ॥১॥

অস্ত্রে ছিন্ন কিংবা অগ্নিতে দগ্ধ অঙ্গ পুনরায় উৎপন্ন হয় ; কিন্তু প্রাণিগণের প্রাণ থাকা পর্য্যন্ত বাক্ক্ষত অঙ্গ আর উৎপন্ন হয় না ॥২৫॥

শরবিদ্ধ অথবা কুঠারচ্ছিন্ন অঙ্গ আবার নূতন জন্মে , কিন্তু কটুবাক্যে বিকলীকৃত চিত্ত আর সুস্থ হয় না" ॥২৬॥

—:০:—

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর, ভৃগুবংশশ্রেষ্ঠ শুক্রাচার্য্য ক্রুদ্ধ অবস্থাতেই উপস্থিত হইয়া, ভাল-মন্দ বিবেচনা না করিযাই, সিংহাসনোপবিষ্ট বৃষপর্ব্বাকে এই কথাগুলি বলিলেন—॥১॥

---

* '...ঊনাশীতিতমোঽধ্যায়ঃ,' '. ষট্সপ্ততিতমোঽধ্যায়ঃ', ' ত্রিসপ্ততিতমোঽধ্যায়ঃ' ইতি পাঠান্তরাণি।

পুত্রেষু বা নপ্তৃষু বা ন চেদাত্মনি পশ্যতি।
ফলত্যেব ধ্রুবং পাপং গুরু ভুক্তমিবোদরে ॥৩॥
যদঘাতয়থা বিপ্রং কচমাঙ্গিরসং তদা।
অপাপশীলং ধর্ম্মজ্ঞং শুশ্রূষুং মদ্‌গৃহে রতম্ ॥৪॥
শর্ম্মিষ্ঠয়া দেবযানী ক্রূরমুক্তা বহু প্রভো!।
বিপ্রকৃত্য চ সংরম্ভাৎ কূপে ক্ষিপ্তা মনস্বিনী ॥৫॥

ভারতকৌমুদী

নেতি। হে রাজন্! চরিতো বিহিতঃ, অধর্ম্মঃ, পাপম্, গৌরিব সদ্যো ন ফলতি সন্তানং দুঃখঞ্চ ন জনয়তি। কিন্তু আবর্ত্ত্যমানঃ পুনঃ পুনঃ ক্রিয়মাণঃ অধর্ম্মঃ শনৈর্ম্মন্দং মন্দম্, কর্ত্তু-র্মূলানি কৃন্ততি ছিনত্তি ॥২॥

পুত্রেষ্বিতি। চেদ্‌যদ্যপি, কর্ত্তা পূর্ব্বপুণ্যাৎ আত্মনি পাপফলং ন পশ্যতি, তথাপি মুখেন ভুক্তং গুরু গুরুপাকং দ্রব্যম্, উদর ইব, পাপম্, পুত্রেষু বা নপ্তৃষু পৌত্রেষু বা, ধ্রুবং ফলত্যেব ॥৩॥

কথমেবং ব্রবীষীত্যাহ—যদিতি। তদা অপাপশীলম্, ধর্ম্মজ্ঞং শুশ্রূষুং মৎপরিচর্য্যাপরায়ণম্, মদ্‌গৃহ এব রতং স্থিতম্, আঙ্গিরসম্ অঙ্গিরসঃ পৌত্রম্, বিপ্রং কচম্, অনুচরৈর্যদ্‌ঘাতযথাঃ ॥৪॥

শর্ম্মিষ্ঠয়েতি। হে প্রভো! ত্বৎকন্যযা শর্ম্মিষ্ঠযা, মনস্বিনী মৎকন্যা দেবযানী, প্রথমং বহু ক্রূরং নিষ্ঠুরমুক্তা, পরঞ্চ বিপ্রকৃত্য প্রতার্য্য, সংরম্ভাৎ ক্রোধাৎ, বধায় কূপে যৎ ক্ষিপ্তা। এতদুভয়-মেব মহৎ পাপমিত্যর্থঃ ॥৫॥

ভারতভাবদীপঃ

তত ইতি। কাব্যঃ কবিপুত্রঃ। সমন্যু সক্রোধঃ ॥১—২॥ পুত্রেষ্বিতি। ননু পিতৃকৃতং পুত্রেণ ভুজ্যতে চেৎ, "শাস্ত্রফলং প্রযোক্তরি" ইতি ন্যায়বিরোধাপত্তিরিতি চেৎ? ন, "যো বৈ ভাগিনং ভাগান্নুদতে চযতে বৈনং স যদি বৈনং ন চযতেঽথ পুত্রমথ পৌত্রং চযত ইতি ধনমানভাগিনাং দূরীকরণাদরক্ষং স্বয়ং পুত্রঃ পৌত্রো বা নশ্যতী"তি শ্রুতেঃ। ন্যায়স্য তু জাতেষ্ট্যাদিবৎ পুত্রগতমপি ফলং তদৈকাত্ম্যাভিমানাৎ পিতর্য্যপি বক্তুং শক্যমতো ন ব্যাকোপঃ। মৃতেঽপি পিতরি পুত্রাণাং দারিদ্র্যদৌর্জন্যাদিনা শ্রাদ্ধলোপাদিকৃতং দুঃখাদি-

মহারাজ! গরু যেমন সদ্য প্রসব করে না, পাপও তেমন সদ্যই ফল জন্মায় না; কিন্তু বার বার পাপ করিলে, সে পাপ আস্তে আস্তে কর্ত্তার মূলচ্ছেদই করিয়া থাকে ॥২॥

পাপকারী যদিও আপনার উপরে কোন পাপের ফল দেখিতে পায় না, তথাপি মুখ দ্বারা ভুক্ত গুরুপাক দ্রব্য যেমন উদরে যাইয়া ফল জন্মায়, তেমন সেই পাপও পুত্রে বা পৌত্রে যাইযা নিশ্চয়ই ফল জন্মাইবে ॥৩॥

সচ্চরিত্র, ধার্ম্মিক, গুরুশুশ্রূষাপরায়ণ এবং আমারই গৃহে অবস্থিত অঙ্গিরার পৌত্র ব্রাহ্মণ কচকে তুমি হত্যা করাইয়াছিলে ॥৪॥

সা ন কল্পেত বাসায় ত্বয়াহং রহিতঃ কথম্ ।
বসেয়মিহ তস্মাত্তে ত্যজামি বিষয়ং নৃপ ! ॥৬॥
বধাদনর্হতস্তস্য বধাচ্চ দুহিতুর্মম ।
বৃষপর্ব্বন্ ! নিবোধেদং ত্যক্ষ্যামি ত্বাং সবান্ধবম্ ॥৭॥
স্থাতুং ত্বদ্বিষয়ে রাজন্ ! ন শক্ষ্যামি ত্বয়া সহ ।
মা শোচ বৃষপর্ব্বন্ ! ত্বং মা ক্রুধ্যস্ব বিশাংপতে ! ॥৮॥
স্থাতুং তে বিষয়ে রাজন্ ! ন শক্ষ্যামি তয়া বিনা ।
অস্যা গতির্গতির্মহ্যং প্রিয়মস্যাঃ প্রিয়ং মম ॥৯॥

ভারতকৌমুদী

সেতি। সা দেবযানী, তব রাজ্যে বাসায় ন কল্পেত তদপমানান্ন শক্নুয়াৎ, ত্বয়া রহিতশ্চাহম্, ইহ কথং বসেয়ম্। হে নৃপ। তস্মাদেব হেতোঃ, তে তব বিষয়ং রাজ্যম্, ত্যজামি ॥৬॥

বধাদিতি। হে বৃষপর্ব্বন্। অনর্হতো বধাযোগ্যস্য তস্য কচস্য বধাৎ, মম দুহিতুর্বধাদ্ বধোদ্যমাচ্চ, অহং সবান্ধবং ত্বাং ত্যক্ষ্যামি, ইদং নিবোধ জানীহি ॥৭॥

স্থাতুমিতি। হে রাজন্। ত্বয়া সহ তব বিষয়ে দেশে, স্থাতুং ন শক্ষ্যামি, সর্ব্বদৈব মমানিষ্টচেষ্টনাদিতি ভাবঃ। হে বৃষপর্ব্বন্। অত্র ত্বং মা শোচ, হে বিশাংপতে। প্রজাপালক। মা ক্রুধ্যস্ব চ ॥৮॥

স্থাতুমিতি। হে রাজন্। তয়া দেবযান্যা বিনা অহং তে বিষয়ে দেশে, স্থাতুং ন শক্ষ্যামি। যেন হি অস্যা দেবযান্যাঃ, গতিরুপায এব, মহ্যং মমাপি গতিঃ। আর্ষত্বাৎ ষষ্ঠ্যর্থে চতুর্থী ॥৯॥

আবার, তোমার কন্যা শর্ম্মিষ্ঠা, আমার কন্যা শুদ্ধচিত্তা দেবযানীকে প্রথমে অনেক নিষ্ঠুর কথা বলিয়াছে, পরে আবার ক্রোধবশতঃ প্রতারণা করিয়া কূপের ভিতরে ফেলিয়া দিয়াছে ॥৫॥

এই কারণে দেবযানী তোমার রাজ্যে বাস করিবে না; সুতরাং তাহাকে ছাড়িয়া আমি বাস করি কি করিয়া? অতএব আমি তোমার রাজ্য ত্যাগ করিলাম ॥৬॥

বৃষপর্ব্বা। বধের অযোগ্য কচকে বধ করায় এবং আমার কন্যা দেবযানীকে বধ করিবার চেষ্টা করায়, আমি বন্ধুবর্গের সহিত তোমাকে ত্যাগ করিব, ইহা নিশ্চয় জানিও ॥৭॥

রাজা! আমি তোমার রাজ্যে বাস করিতে পারিব না। সুতরাং বৃষপর্ব্বা! তুমি আমার জন্য শোক করিও না এবং আমার উপরে ক্রোধও করিও না ॥৮॥

---

৮ ইত্যাদয়স্ত্রয়ঃ শ্লোকাঃ কতিপয়পুস্তকে ন দৃশ্যন্তে।

বৃষপৰ্ব্বোবাচ।

যদি ব্রহ্মন্! ঘাতয়ামি যদি বাক্রোশয়াম্যহম্।
শৰ্ম্মিষ্ঠয়া দেবযানীং তেন গচ্ছাম্যসদ্‌গতিম্ ॥১০॥

শুক্র উবাচ।

অহো! মামভিজানাসি দৈত্য! মিথ্যাপ্রলাপিনম্।
যথেমমাত্মনো দোষং ন নিয়চ্ছস্যুপেক্ষসে ॥১১॥

বৃষপৰ্ব্বোবাচ।

নাধৰ্ম্মং ন মৃষাবাদং ত্বয়ি জানামি ভার্গব।।
ত্বয়ি ধৰ্ম্মশ্চ সত্যঞ্চ তৎ প্রসীদতু নো ভবান্ ॥১২॥

ভারতকৌমুদী

যদীতি। হে ব্রহ্মন্! অহং যদি অনুচরৈঃ কচং ঘাতযামি, যদি বা শৰ্ম্মিষ্ঠয়া দেবযানীম্ আক্রোশযামি নিষ্ঠুরং বাচযামি, তদা তেন কৰ্ম্মণাহম্ অসদ্‌গতিং গচ্ছামি ॥১০॥

অহো ইতি। অহো দৈত্য! মাং মিথ্যাপ্রলাপিনম্, অভিজানাসি। যথা যেন হেতুনা, ইমং ব্রহ্মহত্যাব্রাহ্মীহত্যোত্তমপ্রবর্ত্তনরূপম্ আত্মনো দোষম্, ন নিযচ্ছসি প্রাযশ্চিত্তেন ন নিবর্ত্তযসি, অথ চ উপেক্ষসে ॥১১॥

নেতি। হে ভার্গব! ত্বযি অধৰ্ম্মং ন, মৃষাবাদঞ্চ ন জানামি, অপি তু ত্বযি ধৰ্ম্মশ্চ সত্যঞ্চাস্তীতি জানামি। তত্তস্মাৎ, নঃ অস্মাকমুপরি ভবান্ প্রসীদতু ॥১২॥

ভারতভাবদীপঃ

ফলমন্বেত্যেবেতি সুষ্ঠূক্তং পুত্রেষু বেত্যাদি ॥৩—১০॥ উপেক্ষসে শপথমাত্রেণ মাং সান্ত্বযসি, ন

রাজা! আমি দেবযানীকে ছাড়া তোমার রাজ্যে বাস করিতে পারিব না। কারণ, দেবযানীর যে গতি, আমারও সেই গতি এবং দেবযানীর যাহা প্রিয়, আমারও তাহাই প্রিয়” ॥৯॥

বৃষপৰ্ব্বা বলিলেন—“ব্রাহ্মণ! আমি যদি কচকে হত্যা করাইয়া থাকি এবং শৰ্ম্মিষ্ঠাদ্বারা দেবযানীকে কটু বলাইযা থাকি, তবে আমার যেন অসদ্‌গতি হয়” ॥১০॥

শুক্রাচার্য্য বলিলেন—“দৈত্য! তুমি আমাকে মিথ্যাবাদী মনে করিতেছ; যে হেতু নিজের এই দোষগুলির নিবৃত্তি করিতেছ না, বরং উপেক্ষাই করিতেছ” ॥১১॥

বৃষপৰ্ব্বা বলিলেন—“ভৃগুনন্দন! আপনাতে অধৰ্ম্ম বা মিথ্যাবাদিতা আছে বলিয়া আমি মনে করি না, কিন্তু ধৰ্ম্ম ও সত্য আছে বলিযাই মনে করি; সুতরাং আপনি আমাদের উপরে প্রসন্ন হউন ॥১২॥

যদ্যস্মানপহায় ত্বমিতো গচ্ছসি ভার্গব।।
সমুদ্রং সম্প্রবেক্ষ্যামো নান্যদস্তি পরায়ণম্ ॥১৩॥

শুক্র উবাচ।

সমুদ্রং প্রবিশধ্বং বা দিশো বা দ্রবতাসুরাঃ।।
দুহিতুর্নাপ্রিয়ং সোঢ়ং শক্তোঽহং দয়িতা হি মে ॥১৪॥
প্রসাদ্যতাং দেবযানী জীবিতং যত্র মে স্থিতম্।
যোগক্ষেমকরস্তেঽহমিন্দ্রস্যেব বৃহস্পতিঃ ॥১৫॥

বৃষপর্ব্বোবাচ।

যৎকিঞ্চিদসুরেন্দ্রাণাং বিদ্যতে বসু ভার্গব।।
ভুবি হস্তিগবাশ্বঞ্চ তস্য ত্বং মম চেশ্বরঃ ॥১৬॥

শুক্র উবাচ।

যৎ কিঞ্চিদস্তি দ্রবিণং দৈত্যেন্দ্রাণাং মহাসুর।।
তস্যেশ্বরোঽস্মি যদ্যেষা দেবযানী প্রসাদ্যতাম্ ॥১৭॥

ভারতকৌমুদী

যদীতি। অন্যৎ পরায়ণং বিশেষাশ্রয়ো নাস্তি ॥১৩॥

সমুদ্রমিতি। হে অসুরাঃ! যূযং দ্রবত গচ্ছত। দয়িতা অতীবস্নেহপাত্রী ॥১৪॥

প্রসাদ্যতামিতি। যত্র দেবযান্যাম্, জীবিতং জীবনম্। অনাগতস্যানয়নং যোগঃ, আগতস্য রক্ষণং ক্ষেমং তৎকরঃ, সর্ব্বথা হিতৈষীত্যর্থঃ। তেনৈবং ব্রবীমীতি ভাবঃ ॥১৫॥

যদিতি। বসু ধনম্। হস্তিনশ্চ গাবশ্চ অশ্বাশ্চেতি হস্তিগবাশ্বম্, গোঃ সেনাঙ্গত্বাভাবেঽপি আদ্যন্তয়োঃ সেনাঙ্গত্বাৎ সমাহারদ্বন্দ্বৈকবদ্ভাবঃ। ঈশ্বরঃ প্রভুঃ ॥১৬॥

ভৃগুনন্দন! আপনি যদি আমাদিগকে পরিত্যাগ করিয়া এ স্থান হইতে চলিয়া যান, তবে আমরা সমুদ্রে যাইয়া প্রবেশ করিব। কেন না, তখন সমুদ্র ভিন্ন আমাদের অন্য কোন আশ্রয় থাকিবে না" ॥১৩॥

শুক্রাচার্য্য বলিলেন—"অসুরগণ! তোমরা সমুদ্রেই প্রবেশ কর, অথবা দিক্প্রান্তেই চলিয়া যাও, আমি দেবযানীর দুঃখ সহ্য করিতে পারিব না। কারণ, সে আমার অত্যন্ত স্নেহের পাত্র ॥১৪॥

তবে, তোমরা দেবযানীকে প্রসন্ন কর; কেন না, তাহার উপরেই আমার জীবনের ভার রহিয়াছে। বৃহস্পতি যেমন ইন্দ্রের হিতৈষী, আমিও তোমার তেমনই হিতৈষী" ॥১৫॥

বৃষপর্ব্বা বলিলেন—"ভৃগুনন্দন। অসুরগণের যে কিছু সম্পত্তি আছে, কিংবা হাতী, গরু ও ঘোড়া আছে, তাহার এবং আমাদের সকলের আপনিই প্রভু" ॥১৬॥

১৩ ইতঃ পরং দাক্ষিণাত্যপুস্তকে ষট্পদং পদ্যান্তরমধিকং দৃশ্যতে।

বৈশম্পায়ন উবাচ।

এবমুক্তস্তথেত্যাহ বৃষপর্ব্বা মহাকবিম্।
দেবযান্যন্তিকং গত্বা তমর্থং প্রাহ ভার্গবঃ ॥১৮॥

দেবযান্যুবাচ।

যদি ত্বমীশ্বরস্তাত! রাজ্ঞো বিত্তস্য ভার্গব!।
নাভিজানামি তত্তেঽহং রাজা তু বদতু স্বয়ম্ ॥১৯॥

বৈশম্পায়ন উবাচ।

শুক্রস্য বচনং শ্রুত্বা বৃষপর্ব্বা সবান্ধবঃ।
দেবযানি! প্রসীদেতি পপাত ভুবি পাদয়োঃ ॥২০॥

বৃষপর্ব্বোবাচ।

যং কামমভিকামাসি দেবযানি! শুচিস্মিতে!।
তং তেঽহং সম্প্রদাস্যামি যদি বাপি হি দুর্লভম্ ॥২১॥

ভারতকৌমুদী

যদিতি। দ্রবিণং ধনম্। প্রসাদ্যতাম্ অনুনয়াদিনা প্রসন্নীক্রিয়তাম্ ॥১৭॥

এবমিতি। এবমুক্তো বৃষপর্ব্বা, মহাকবিং শুক্রম্, তথা প্রসাদ্যতে, ইত্যাহ স্ম ॥১৮॥

যদীতি। হে তাত! ভার্গব। ত্বং যদি রাজ্ঞো বৃষপর্ব্বণঃ, বিত্তস্য ধনস্য, ঈশ্বরঃ প্রভু বসি, তত্তদা অহং তে বচনমিদং নাভিজানামি ন বিশ্বসিমি, রাজা ত্বাগত্য স্বয়মেতদ্বদতু ॥১৯॥

শুক্রস্যেতি। শুক্রস্য মুখাদ্দেবযান্যা বচনং শ্রুত্বেত্যর্থঃ। ইতি ব্রুবন্নিতি শেষঃ ॥২০॥

শুক্রাচার্য্য বলিলেন—"অসুররাজ। দৈত্যগণের যে কিছু সম্পত্তি আছে, আমিই যদি তাহার প্রভু হই, তবে আমি বলিতেছি—তোমরা দেবযানীকে প্রসন্ন কর" ॥১৭॥

বৈশম্পায়ন বলিলেন—শুক্রাচার্য্য এই আদেশ করিলে, বৃষপর্ব্বা বলিলেন—"তাহাই হইবে"। তখন শুক্রাচার্য্য দেবযানীর নিকটে যাইয়া সেই বিষয় বলিলেন ॥১৮॥

দেবযানী বলিলেন—"বাবা। আপনি যদি রাজার সমস্ত সম্পত্তিরই প্রভু হন, তবে তিনি নিজে আসিয়া এ কথা বলুন, আমি আপনার কথা বিশ্বাস করি না" ॥১৯॥

বৈশম্পাযন বলিলেন—শুক্রাচার্য্যেব মুখে দেবযানীর এই কথা শুনিযা বৃষপর্ব্বা বন্ধুবর্গের সহিত যাইয়া, "দেবযানি! প্রসন্ন হও" এই কথা বলিতে বলিতে ভূতলে দেবযানীর চরণযুগলে পতিত হইলেন ॥২০॥

---

(১৮) ··বৃষপর্ব্বা মহাকবিঃ ··ইতি নীলকণ্ঠসম্মতঃ পাঠঃ।

দেবযান্যুবাচ।

দাসীং কন্যাসহস্রেণ শর্ম্মিষ্ঠামভিকাময়ে।
অনু মাং তত্র গচ্ছেৎ সা যত্র দাস্যতি মে পিতা ॥২২॥

বৃষপর্ব্বোবাচ।

উত্তিষ্ঠ ত্বং গচ্ছ ধাত্রি! শর্ম্মিষ্ঠাং শীঘ্রমানয়। *
যঞ্চ কাময়তে কামং দেবযানী করোতু তম্ ॥২৩॥

বৈশম্পায়ন উবাচ।

ততো ধাত্রী তত্র গত্বা শর্ম্মিষ্ঠাং বাক্যমব্রবীৎ।
উত্তিষ্ঠ ভদ্রে! শর্ম্মিষ্ঠে! জ্ঞাতীনাং সুখমাবহ ॥২৪॥
ত্যজতি ব্রাহ্মণঃ শিষ্যান্ দেবযান্যা প্রচোদিতঃ।
সা যং কাময়তে কামং স কার্য্যোঽদ্য ত্বয়ানঘে! ॥২৫॥

ভারতকৌমুদী

যমিতি। কাম্যত ইতি কামস্তম্, অভি লক্ষ্যীকৃত্য কামো যস্যাঃ সা ॥২১॥

দাসীমিতি। দাসী ভূত্বা চ শর্ম্মিষ্ঠা কিং কুর্য্যাদিত্যাহ—অন্বিতি। মে পিতা যত্র পাত্রে মাং দাস্যতি, সা শর্ম্মিষ্ঠ তত্রৈব মাম্ অনু গচ্ছেৎ, দাস্যকরণায়েতি ভাবঃ ॥২২॥

উত্তিষ্ঠেতি। হে ধাত্রি! ত্বমুত্তিষ্ঠ, গচ্ছ। দেবযানী যং কামং বিষয়ম্, কাময়তে, শর্ম্মিষ্ঠা তং করোতু ॥২৩॥

তত ইতি। আবহ জনয়, পিতুরাদেশপালনেনেতি ভাবঃ ॥২৪॥

ভারতভাবদীপঃ

তু দৃষ্টং দোষং নিগৃহ্লাসি ॥১১—১৭॥ মহাকবিবিত্যাদি পৃথগ্বাক্যম্ ॥১৮—২১॥ দাসীমিতি। ইদং

বৃষপর্ব্বা বলিলেন—"দেবযানি! তুমি যাহা চাহিবে, তাহা যদি দুর্লভও হয়, তথাপি তাহা আমি তোমাকে দিব" ॥২১॥

দেবযানী বলিলেন—"এক হাজার কন্যার সহিত শর্ম্মিষ্ঠাকে আমি দাসী রাখিতে চাহি, পিতা আমাকে যে পাত্রে দান করিবেন, শর্ম্মিষ্ঠা আমার পিছনে পিছনে সেখানে যাইবে" ॥২২॥

বৃষপর্ব্বা বলিলেন—"ধাত্রি। ওঠ, যাও, শর্ম্মিষ্ঠাকে শীঘ্র আন। দেবযানী যাহা চাহিতেছে, শর্ম্মিষ্ঠা আসিয়া তাহাই করুক" ॥২৩॥

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর, ধাত্রী সেখানে যাইয়া শর্ম্মিষ্ঠাকে বলিল—"শর্ম্মিষ্ঠা! ওঠ, চল জ্ঞাতিবর্গের আনন্দ সম্পাদন কর ॥২৪॥

* অতঃ পরম্ "স্তুত্যো বন্দ্যশ্চ সততং ময়া তাতশ্চ তে শুভে।" ইত্যর্দ্ধমধিকং ক্বচিৎ।

২৩ পরম্ "ত্যজেদেকং কুলস্যার্থে গ্রামার্থে চ কুলং ত্যজেৎ। গ্রামং জনপদস্যার্থে আত্মার্থে পৃথিবীং ত্যজেৎ॥" ইতি দাক্ষিণাত্যানামধিকঃ পাঠঃ।

শর্ম্মিষ্ঠোবাচ।

যং সা কাময়তে কামং করবাণ্যহমদ্য তম্।
যদ্যেবমাহ্বয়েচ্ছুক্রো দেবযানীকৃতে হি মাম্।
মদ্দোষান্মাগমচ্ছুক্রো দেবযানী চ মৎকৃতে ॥২৬॥

বৈশম্পায়ন উবাচ।

ততঃ কন্যাসহস্রেণ বৃতা শিবিকয়া তদা।
পিতুর্নিয়োগাত্ত্বরিতা নিশ্চক্রাম পুরোত্তমাৎ ॥২৭॥

শর্ম্মিষ্ঠোবাচ।

অহং দাসীসহস্রেণ দাসী তে পরিচারিকা।
অনু ত্বাং তত্র যাস্যামি যত্র দাস্যতি তে পিতা ॥২৮॥

ভারতকৌমুদী

ত্যজতীতি। দেবযান্যা প্রচোদিতঃ প্রণোদিতঃ, ব্রাহ্মণঃ শুক্রঃ, শিষ্যান্ বৃষপর্ব্বাদীন, ত্যজতি। অতএব সা দেবযানী, যং কামং কাম্যং বিষয়ম্ ॥২৫॥

যমিতি। শুক্রো যদি দেবযান্যাঃ কৃতে নিমিত্তে, মাম্ আহ্বয়েৎ, তদাপ্যেবমহং করবাণীত্যর্থঃ। মদ্দোষাৎ শুক্রঃ, মৎকৃতে চ দেবযানী মা গমৎ। ষট্পাদমিদং পদ্যম্ ॥২৬॥

তত ইতি। ততঃ পিতুর্নিয়োগাত্তদৈব শর্ম্মিষ্ঠা, কন্যাসহস্রেণ বৃতা ত্বরিতা চ সতী, পুরোত্তমাৎ রাজভবনাৎ নিশ্চক্রাম, দেবযানীসমীপং গন্তুমিতি শেষঃ ॥২৭॥

অহমিতি। হে দেবযানি! দাসীসহস্রেণ সহ অহং তে পরিচারিকা পরিচর্য্যাকারিকা দাসী জাতা। তে পিতা যত্র স্থানে ত্বাং দাস্যতি, অহং তত্রৈব ত্বামনুযাস্যামি ॥২৮॥

দেবযানীর উত্তেজনায় শুক্রাচার্য্য শিষ্যগণকে পরিত্যাগ করিতেছেন। অতএব দেবযানী যাহা চাহিবে, আজ হইতে তাহাই তোমার করিতে হইবে" ॥২৫॥

শর্ম্মিষ্ঠা বলিলেন—"দেবযানী যাহা চাহিবে, আজ হইতে আমি তাহা করিব এবং শুক্রাচার্য্যও যদি দেবযানীর জন্য কিছু করিতে আমাকে ডাকেন, তাহা হইলে আমি তাহাও করিব। তথাপি আমার দোষে শুক্রাচার্য্য ও দেবযানী যেন চলিয়া যান না" ॥২৬॥

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর, পিতার আদেশে শর্ম্মিষ্ঠা তখনই সহস্র কন্যায় পরিবেষ্টিত হইয়া, শিবিকায় আরোহণ করিয়া, সত্বর রাজবাটী হইতে নির্গত হইলেন ॥২৭॥

শর্ম্মিষ্ঠা দেবযানীর নিকট যাইয়া বলিলেন—'দেবযানি! সহস্র দাসীর সহিত আমি তোমার পরিচর্য্যাকারিণী দাসী হইলাম; তোমার পিতা তোমাকে যে স্থানে দান করিবেন, আমি সেই স্থানেই তোমার পিছনে পিছনে যাইব' ॥২৮॥

দেবযান্যুবাচ ।

স্তবতো দুহিতাঽহং তে যাচতঃ প্রতিগৃহ্ণতঃ ।
স্তূয়মানস্য দুহিতা কথং দাসী ভবিষ্যসি ॥২৯॥

শর্ম্মিষ্ঠোবাচ ।

যেন কেনচিদার্ত্তানাং জ্ঞাতীনাং সুখমাবহেৎ ।
অতস্ত্বামনুযাস্যামি যত্র দাস্যতি তে পিতা ॥৩০॥

বৈশম্পায়ন উবাচ ।

প্রতিশ্রুতে দাসভাবে দুহিত্রা বৃষপর্ব্বণঃ ।
দেবযানী নৃপশ্রেষ্ঠ ! পিতরং বাক্যমব্রবীৎ ॥৩১॥

দেবযান্যুবাচ ।

প্রবিশামি পুরং তাত ! তুষ্টাস্মি দ্বিজসত্তম ! ।
অমোঘং তব বিজ্ঞানমস্তি বিদ্যাবলঞ্চ তে ॥৩২॥

ভারতকৌমুদী

স্তবত ইতি। হে শর্ম্মিষ্ঠে! তে তব মতে, অহং স্তবতো যাচতঃ প্রতিগৃহ্ণতশ্চ জনস্য দুহিতা, কিন্তু স্তূয়মানস্য দুহিতা ত্বং কথং মম দাসী ভবিষ্যসীতি সোল্লুণ্ঠনোক্তিঃ ॥২৯॥

যেনেতি। যেন কেনচিদপি নিতান্তনিকৃষ্টেনাপি কর্ম্মণেত্যর্থং, আর্ত্তানাং বিপৎপীড়িতানাং জ্ঞাতীনাম্, সুখং তদ্বিপৎপ্রতীকারেণানন্দম্, আবহেজ্জনযেল্লোক ইতি শেষঃ। তথা চ শুক্রনির্গমে দেবহতানাম্ অসুরাণাম্ উজ্জীবনাসম্ভবাত্তেষাং মহত্যেব বিপৎ, তৎপ্রতীকারায়ৈব নিতান্ত-নিকৃষ্টেঽপি তব দাস্যে মম প্রবৃত্তির্জাতা। বস্তুতস্তু ত্বমুক্তরূপৈবেতি ভাবঃ ॥৩০॥

প্রতিশ্রুত ইতি। হে নৃপশ্রেষ্ঠ! জনমেজয়!। দাসভাবে দেবযান্যা দাস্যে ॥৩১॥

প্রবিশামীতি। বিজ্ঞানং বিশেষেণ ব্রহ্মজ্ঞানমস্তি। তদ্বলাচ্চাসুরাণামীদৃশী নম্রতেতি ভাবঃ। অমোঘং বিদ্যাবলং সঞ্জীবনীবিদ্যাপ্রভাবশ্চাস্তি। তৎফলপ্রত্যাশয়া চ রাজকন্যায়া মম দাস্যাঙ্গীকার ইত্যাশয়ঃ ॥৩২॥

দেবযানী বলিলেন—"শর্ম্মিষ্ঠা! তোমার মতে আমি স্তাবক, যাচক ও প্রতিগ্রহোপজীবীর কন্যা, আর, তুমি স্তূয়মানের কন্যা; সুতরাং তুমি আমার দাসী হইবে কি করিয়া"! ॥২৯॥

শর্ম্মিষ্ঠা বলিলেন—"যে কোন কার্য্য করিয়াই বিপন্ন জ্ঞাতিবর্গের বিপদের প্রতীকার করিবে; এইরূপ যুক্তিবশতই তোমার পিতা তোমাকে যেখানে দান করিবেন, সেইখানেই আমি তোমার অনুসরণ করিব" ॥৩০॥

বৈশম্পায়ন বলিলেন—মহারাজ! শর্ম্মিষ্ঠা দেবযানীর দাস্যবৃত্তি স্বীকার করিলে, দেবযানী শুক্রাচার্য্যকে বলিলেন ॥৩১॥

বৈশম্পায়ন উবাচ।

এবমুক্তো দুহিত্রা স দ্বিজশ্রেষ্ঠো মহাযশাঃ।
প্রবিবেশ পুরং হৃষ্টঃ পূজিতঃ সর্ব্বদানবৈঃ ॥৩৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি সম্ভবে যাযাতে অষ্টষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

ঊনসপ্ততিতমোঽধ্যায়ঃ।

—:*:—

বৈশম্পায়ন উবাচ।

অথ দীর্ঘস্য কালস্য দেবযানী নৃপোত্তম!।
বনং তদেব নির্যাতা ক্রীড়ার্থং বরবর্ণিনী ॥১॥

ভারতকৌমুদী

এবমিতি। দুহিত্রা দেবযান্যা, এবমুক্তঃ মহাযশাঃ স দ্বিজশ্রেষ্ঠঃ শুক্রঃ, সর্ব্বদানবৈঃ পূজিতঃ, অতএব হৃষ্টঃ সন্, পুরং প্রবিবেশ ॥৩৩॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাদিপর্ব্বণি সম্ভবে অষ্টষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

অথেতি। দীর্ঘস্য কালস্য অতিক্রমে সতি। যত্র পূর্ব্বং যযাতিনা উদ্ধৃতা তদেব ॥১॥

ভারতভাবদীপঃ

দেবযান্যা প্রার্থিতং দাসীসহস্রং শর্ম্মিষ্ঠাপরিবারভূতদাসীসহস্রাদন্যৎ। তাভ্যাং কন্যাসহস্রাভ্যা-মিতি বাক্যশেষাৎ ॥২২—৩১॥ দ্বিজানাং ব্রহ্মতত্ত্বজ্ঞঃ। বিদ্যা মৃতসঞ্জীবিনী ॥৩২—৩৩॥

ইতি শ্রীমহাভারতে আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে অষ্টষষ্টিতমোঽধ্যায়ঃ ॥৬৮॥

দেবযানী বলিলেন—"পিতঃ! আমি সন্তুষ্ট হইয়াছি; সুতরাং এখন নগরে প্রবেশ করিব। আপনার জ্ঞানও অব্যর্থ, সঞ্জীবনী বিদ্যার প্রভাবও অব্যর্থ" ॥৩২॥

বৈশম্পায়ন বলিলেন—দেবযানী এইরূপ বলিলে, দানবগণ শুক্রাচার্য্যের বিশেষ সম্মান করিল; তখন তিনি নগরে প্রবেশ করিলেন ॥৩৩॥

—:*:—

বৈশম্পায়ন বলিলেন—মহারাজ! তদনন্তর দীর্ঘকাল অতীত হইলে পর, কোন সময়ে বরবর্ণিনী দেবযানী বিহার করিবার জন্য সেই বনেই যাইয়া উপস্থিত হইলেন ॥১॥

---

* '...ষষ্টিতমোঽধ্যায়ঃ', '...সপ্তষষ্টিতমোঽধ্যায়ঃ', [illegible] পাঠান্তরাঃ।

তেন দাসীসহস্রেণ সার্দ্ধং শর্ম্মিষ্ঠয়া তদা।
তমেব দেশং সম্প্রাপ্তা যথাকামং চচার সা ॥২॥
তাভিঃ সখীভিঃ সহিতা সর্ব্বাভির্মুদিতা ভৃশম্।
ক্রীড়ন্ত্যোঽভিরতাঃ সর্ব্বাঃ পিবন্ত্যো মধুমাধবীম্।
খাদন্ত্যো বিবিধান্ ভক্ষ্যান্ বিদশন্ত্যঃ ফলানি চ ॥৩॥
পুনশ্চ নাহুষো রাজা মৃগলিপ্সুর্যদৃচ্ছয়া।
তমেব দেশং সম্প্রাপ্তো জলার্থী শ্রমকর্ষিত ॥৪॥
দদর্শ দেবযানীং স শর্ম্মিষ্ঠাং তাশ্চ যোষিতঃ।
পিবন্তীর্ললমানাশ্চ দিব্যাভরণভূষিতাঃ ॥৫॥
আসনপ্রবরে দিব্যে সর্ব্বরত্নবিভূষিতে।
উপবিষ্টাঞ্চ দদৃশে দেবযানীং শুচিস্মিতাম্ ॥৬॥

ভারতকৌমুদী

তেনেতি। শর্ম্মিষ্ঠয়াপি তমেব দেশমাগত্য সম্প্রাপ্তা স্বসংযোগং নীতা, সা দেবযানী ॥২॥
তাভিরিতি। মুদিতা দেবযানী আনন্দিতা বভূব। মধুমাধবীং বসন্তপুষ্পমদ্যম্। বিদশন্ত্যো দশনৈঃ খণ্ডয়ন্ত্যঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৩॥
পুনরিতি। নাহুষো যযাতিঃ। শ্রমেণ কর্ষিতঃ পীড়িতঃ ॥৪॥
দদর্শেতি। স যযাতিঃ, দেবযানীম্, শর্ম্মিষ্ঠাম্, পুষ্পাসবাদি পিবন্তীঃ, ললমানা বিহরন্তীঃ, দিব্যাভরণভূষিতাঃ, তাঃ, সখীভূতা যোষিতশ্চ, দদর্শ ॥৫॥

ভারতভাবদীপঃ

অথেতি ॥১॥ তেন স্বয়ংবৃতেন, শর্ম্মিষ্ঠয়া স্বীয়দাসীসহস্রোপেতয়া ॥২॥ মধুমাধবীং

তখন শর্ম্মিষ্ঠাও সেই সহস্র সখীর সঙ্গে সেই স্থানে যাইয়া দেবযানীর সহিত মিলিত হইলেন; তখন দেবযানী ইচ্ছানুসারে বিচরণ করিতে থাকিলেন ॥২॥

দেবযানী সেই সখীগণের সহিত মিলিত হইয়া বিশেষ আনন্দ অনুভব করিতে লাগিলেন, এদিকে সখীদের মধ্যে কেহ কেহ খেলা করিতে থাকিল এবং কেহ কেহ পুষ্পমধু পান করিতে লাগিল; কেহ কেহ নানাবিধ খাদ্য খাইতে থাকিল এবং কেহ কেহ ফল চর্ব্বণ করিতে লাগিল ॥৩॥

এই সময়ে মৃগয়াবিহারী রাজা যযাতি পিপাসার্ত্ত ও পরিশ্রান্ত হইয়া ঈশ্বরেচ্ছানুসারে পুনরায় সেই স্থানে উপস্থিত হইলেন ॥৪॥

তিনি উপস্থিত হইয়া দেখিলেন—দেবযানী ও শর্ম্মিষ্ঠার সহিত দিব্য অলঙ্কারে অলঙ্কৃত সেই রমণীগণ মধু পান করিতেছে এবং খেলা করিতেছে ॥৫॥

---

(৫) দদৃশে দেবযানী সঃ...।

রূপেণাপ্রতিমাং তাসাং স্ত্রীণাং মধ্যে বরাঙ্গনাম্।
আসনাচ্চ ততঃ কিঞ্চিদ্বিহীনাং হেমভূষিতাম্ ॥৭॥ *
অসুরেন্দ্রসুতাঞ্চাপি নিবদ্ধাং চারুহাসিনীম্।
দদর্শ পাদৌ বিপ্রায়াঃ সংবহন্তীমনিন্দিতাম্ ॥৮॥ (যুগ্মকম্)
গায়ন্ত্যোঽথ প্রনৃত্যন্ত্যো বাদয়ন্ত্যোঽথ ভারত!।
দৃষ্ট্বা যযাতিমতুলং লজ্জয়াঽবনতাঃ স্থিতাঃ ॥৯॥

যযাতিরুবাচ।

দ্বাভ্যাং কন্যাসহস্রাভ্যাং দ্বে কন্যে পরিবারিতে।
গোত্রে চ নামনী চৈব দ্বয়োঃ পৃচ্ছাম্যহং শুভে! ॥১০॥

ভারতকৌমুদী

আসনেতি। দদৃশে দদর্শ, স যযাতিরিতি সম্বন্ধঃ ॥৬॥

রূপেণেতি। অপ্রতিমাং জগতি নিরুপমাম্। বরাঙ্গনাং প্রধানস্ত্রিয়ম্। ততো দেবযানীনিষ্ঠা-দাসনাচ্চ কিঞ্চিদ্বিহীনাং নিম্নতয়া নিকৃষ্টাসনস্থাম্। বিপ্রায়া দেবযান্যাঃ। অনিন্দিতাম্, অসুরেন্দ্রসুতাং শর্ম্মিষ্ঠাম্ ॥৭—৮॥

গায়ন্ত্য ইতি। হে ভারত! তাঃ সর্ব্বা এব স্ত্রিয়ঃ অতুলম্ অতুলরূপং যযাতিং দৃষ্ট্বা, লজ্জয়া অবনতাঃ সত্যঃ স্থিতাঃ ॥৯॥

